




ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ২০০৫-২০০৬



অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যাংক ও আর্থিক
প্রতিষ্ঠানসমূহের
কার্যাবলী
২০০৫-২০০৬



অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



এম. সাইফুর রহমান

মন্ত্রী

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

একটি দেশের আর্থিক ব্যবস্থা টেকসই উচ্চতর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। উন্নত ব্যাংকিং ও আর্থিক পরিসেবা বিনিয়োগ পরিবেশ উন্নয়নে এবং অর্থনীতিকে উচ্চতর প্রবৃদ্ধির ধারায় উন্নীতকরণের জন্য অপরিহার্য। অর্থনৈতিক বিশ্বায়ন প্রক্রিয়ার প্রেক্ষাপটে বাজারমুখী অর্থনৈতিক ব্যবস্থায় দেশের আর্থিক ঝোঁটে অধিকতর দক্ষতা, স্থিতিশীলতা, সচ্ছলতা ও স্বচ্ছতার লক্ষ্যে চলমান সংস্কার কার্যক্রম ২০০৫-২০০৬ অর্থবছরে গতিশীল থাকে; আর্থিক ঝোঁটের অগ্রগতির প্রাসঙ্গিক সূচকগুলোর গতিধারায় অব্যাহত উন্নতি অর্জিত হয়। বিকাশমান অর্থনৈতিক কর্মকাণ্ডে ঋণ যোগানে প্রবৃদ্ধির সূত্রে ব্যাংকগুলোর তারল্য উৎকৃষ্টের সমস্যা বহুলাংশে প্রশমিত হয় (ডিসেম্বর ২০০৪ শেষের শতকরা ৮.৭ ভাগ থেকে ত্রাস পেয়ে ডিসেম্বর ২০০৫ শেষে শতকরা ৫.৩ ভাগে দাঁড়ায়) যা মুনাফা ও উপার্জনশীলতা বৃদ্ধি করে; ব্যাংকগুলোর সম্পদের উপর আয় হার (ROA) ডিসেম্বর ২০০৪ শেষের শতকরা ০.৬ ভাগ থেকে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০০৫ শেষে শতকরা ১.২ ভাগে দাঁড়ায়। আমানতকারীদের স্বার্থ সুরক্ষার এবং ব্যাংকগুলোর মূলধন ভিত্তি সুদৃঢ় করার অব্যাহত প্রচেষ্টার ফলশ্রুতিতে সার্বিক মূলধন পর্যাপ্ততার হার (Capital Adequacy) ডিসেম্বর ২০০৪ শেষের শতকরা ৬.৯২ ভাগ থেকে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০০৫ শেষে শতকরা ৭.৩০ ভাগে দাঁড়ায়। ব্যাংকগুলোর ঋণ আদায় ব্যবস্থা ও প্রক্রিয়া উন্নয়ন এবং বিধিগত ও আইনানুগ সংস্কারের ফলে ব্যাংকিং ঝোঁটে খেলাপী ঋণের স্থিতি মোট ঋণ স্থিতির গ্রস ভিত্তিতে পূর্ববর্তী বছরের ডিসেম্বর শেষের শতকরা ১৭.৬৩ ভাগ (নীট ভিত্তিতে শতকরা ৯.৭৯ ভাগ) থেকে ত্রাস পেয়ে ২০০৫ সালের ডিসেম্বর শেষে শতকরা ১৩.৫৫ ভাগে (নীট ভিত্তিতে শতকরা ৭.১৫ ভাগ) দাঁড়ায়।

উৎপাদন ও কর্মসংস্থানের দুরাশিত প্রবৃদ্ধি দ্বারা দ্রুত দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সম্প্রসারণ ও বিকাশ জরুরী। এ ঝোঁটে অর্থায়নে ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করতে ২০০৪-২০০৫ অর্থবছরের শুরুতে বাংলাদেশ ব্যাংকের তহবিল থেকে ১০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম প্রবর্তন করা হয়, যাতে পরবর্তীতে ঐ অর্থবছরেই বিশ্ব ব্যাংক আরও ১০ (দশ) মিলিয়ন মার্কিন ডলার যোগান দেয়। এ স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের জন্য এ পর্যন্ত ১০টি ব্যাংক ও ১৪টি আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণ চুক্তি স্বাক্ষর করেছে। ২০০৫-২০০৬ অর্থবছরে সরকারের সাথে এক চুক্তির মাধ্যমে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঝোঁটের জন্য ৩০ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা দিয়েছে।

সূত্র আর্থিক ব্যবস্থাপনায় মানি লন্ডারিং প্রতিরোধের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যাংকিং সেক্টর যাতে মানি লন্ডারিং তৎপরতার বাহন হিসেবে ব্যবহৃত হতে না পারে সে ব্যাপারে সরকার ও সংশ্লিষ্ট মহল সদা সতর্ক। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন এবং নগদ লেনদেন সীমিত করা এবং অপরাধ প্রবণতায় সম্পাদিতব্য নগদ লেনদেন চিহ্নিত করার উদ্দেশ্যে ব্যাংকের দৈনিক লেনদেনে একটি হিসাবে ৫ লক্ষ টাকা বা তদুর্ধ্ব পরিমাণ নগদ জমা বা উত্তোলন সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের নিকট রিপোর্ট করার জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে নির্দেশ প্রদান করা হয়েছে। বিদ্যমান মানি লন্ডারিং আইন অধিকতর কার্যকর ও সমন্বয়যোগ্য করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং একটি অধিক উপযোগী আইনের (মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০০৬/ প্রস্তাবিত) খসড়া সরকারের বিবেচনাদীনে আছে। এছাড়া, মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম অধিক কার্যকরভাবে প্রয়োগের সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের অধীনে ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (FIU) গঠন করার প্রক্রিয়া চলছে।


আর্থিক ঝোঁটে ষ্ট্রিক্ট্রাসের লক্ষ্যে ঋণ ব্যবস্থাপনা, সম্পদ-দায় ব্যবস্থাপনা, বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন প্রভৃতি ক্ষেত্রে গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহ জোরদার করা হয়েছে। অ-শ্রেণীকৃত ঋণসমূহকে চিহ্নিত করা এবং একই সাথে নতুন ঋণ মঞ্জুরী/নবায়ন/পুনঃঅর্থায়ন/পুনঃসম্পর্কিত কার্যক্রম এর ক্ষেত্রে ব্যাংকসমূহ যাতে অধিকতর সতর্কতা অবলম্বনপূর্বক ঋণ কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়ন করতে পারে সে লক্ষ্যে সকল ঋণের জন্য (স্বল্পমেয়াদি কৃষিঋণ এবং মাইক্রো ক্রেডিট ব্যতীত) Credit Risk Grading পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। অপরদিকে, তথ্য প্রযুক্তি স্থাপন ও তথ্য প্রযুক্তি পরিচালনার নিরাপত্তা নিশ্চিতকরণ এবং গ্রাহকের স্বার্থ সংরক্ষণার্থে ব্যাংকসমূহের অনুসরণ ও বাস্তবায়নকল্পে একটি IT গাইড লাইন প্রস্তুত করা হয়েছে।

দেশের মুদ্রা ব্যবস্থা ও ব্যাংকিং ঝোঁটের নিয়ন্ত্রণকারী ও তদারকি কর্তৃপক্ষ হিসেবে যথাযথ ভূমিকা পালন নিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংককে একটি আধুনিক ও কার্যকরী কেন্দ্রীয় ব্যাংক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ) এর আর্থিক সহায়তায় কেন্দ্রীয় ব্যাংক শক্তিশালীকরণ প্রকল্পের (CBSP) বাস্তবায়ন কার্যক্রম এগিয়ে চলেছে। এছাড়া, চলমান সংস্কার প্রক্রিয়ার ধারাবাহিকতায় রট্টায়ত্ত বাণিজ্যিক ব্যাংকসমূহের দক্ষতা বৃদ্ধি, আর্থিক সচ্ছলতা আনয়ন এবং ব্যবস্থাপনা ও কার্য সম্পাদনের মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত আছে। রট্টায়ত্ত ব্যাংকগুলোর ৪টিই তাদের সার্বিক কার্যক্রম উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের সাথে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর করেছে। রূপালী ব্যাংক এর বেসরকারিকরণ প্রক্রিয়া দ্রুত এগিয়ে চলেছে এবং এ ব্যাপারে প্রাইভেটাইজেশন কমিশন অগ্রাধী বিনিয়োগকারীদের নিকট হতে অগ্রাহপত্র (expression of interest) দাখিলের জন্য ইতোমধ্যে গণবিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এছাড়া, অপর তিনটি রট্টায়ত্ত ব্যাংককে (সোনালী, জনতা ও অগ্রাধী) পুনর্গঠন ও আধুনিকায়নের অংশ হিসেবে অগ্রাধী ব্যাংকের সার্বিক ব্যবস্থাপনা ও আর্থিক অবস্থার মানোন্নয়নের জন্য প্রধান নির্বাহীসহ একটি ব্যবস্থাপনা দল নিয়োগ করা হয়েছে এবং সোনালী ও জনতা ব্যাংকের ব্যবস্থাপনায় গতিশীলতা এবং দক্ষতা প্রতিষ্ঠার লক্ষ্যে ব্যাংকদ্বয়ে ব্যবস্থাপনা সহায়ক দল নিয়োগ করা হয়েছে।

প্রবাসী বাংলাদেশীদের দেশে ব্যাংকিং চ্যানেলে দ্রুত অর্থ প্রেরণ এবং সার্বিকভাবে রেমিট্যান্স প্রবাহে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বেশকিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেয়া হয়েছে। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে অধিক সংখ্যক বিদেশী এক্সচেঞ্জ হাউজের সাথে বাংলাদেশী ব্যাংকগুলোর ড্রয়িং ব্যবস্থা সম্প্রসারণ, প্রায় রেমিট্যান্স দেশের অভ্যন্তরে বেনিফিশিয়ারীদের কাছে দ্রুত পৌঁছানো এবং সংশ্লিষ্ট ব্যাংক ও এক্সচেঞ্জ হাউজগুলোর এতদসম্পর্কিত কার্যক্রম নিবিড় তত্ত্বাবধান করা, সময়ে সময়ে ব্যাংকগুলোতে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে ডেলিভারী সার্ভিস উন্নতকরণসহ সার্বিক বিষয় মনিটরিং করা, ইত্যাদি। এসব পদক্ষেপের ফলশ্রুতিতে ২০০৫-২০০৬ অর্থবছরের প্রথম নয় মাসে (জুলাই ২০০৫ - মার্চ ২০০৬) প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় শতকরা ২৩.১৫ ভাগ বৃদ্ধি পায়।

উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের ভূমিকা অনস্বীকার্য। আর্থিক ঝোঁটে সুশাসন ও উদ্ভাবনী চিন্তাধারার মাধ্যমে সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রয়াসে দেশে একটি দক্ষ ও গতিশীল আর্থিক ব্যবস্থা গড়ে তোলা সম্ভব।

পৃথিবীতে প্রণয়নে অর্থ বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের গবেষণা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অত্র প্রবন্ধে পরিচয় করেছেন। আমি তাঁদের সকলকে অসীম আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।


(এম, সাইফুর রহমান)

মন্ত্রী

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচিপত্র

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী, ২০০৫-২০০৬	পৃষ্ঠা
<input type="checkbox"/> ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর সংক্ষিপ্ত পর্যালোচনা	i
<input type="checkbox"/> বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ	iii
কেন্দ্রীয় ব্যাংক	
<input type="checkbox"/> বাংলাদেশ ব্যাংক	১
রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক	
<input type="checkbox"/> সোনালী ব্যাংক	১৯
<input type="checkbox"/> জনতা ব্যাংক	২৭
<input type="checkbox"/> অগ্রণী ব্যাংক	৩৩
<input type="checkbox"/> রূপালী ব্যাংক লিমিটেড	৪০
স্থানীয় বেসরকারী ব্যাংক	
<input type="checkbox"/> পূবালী ব্যাংক লিমিটেড	৪৫
<input type="checkbox"/> উত্তরা ব্যাংক লিমিটেড	৪৯
<input type="checkbox"/> আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড	৫৫
<input type="checkbox"/> ন্যাশনাল ব্যাংক লিমিটেড	৫৯
<input type="checkbox"/> দি সিটি ব্যাংক লিমিটেড	৬৪
<input type="checkbox"/> ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	৬৯
<input type="checkbox"/> ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	৭৪
<input type="checkbox"/> ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	৭৮
<input type="checkbox"/> দি ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেড (আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড)	৮২
<input type="checkbox"/> ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৮৬
<input type="checkbox"/> ন্যাশনাল ক্রেডিট এন্ড স্মার্স ব্যাংক লিমিটেড	৯০
<input type="checkbox"/> প্রাইম ব্যাংক লিমিটেড	৯৫
<input type="checkbox"/> সাউথইস্ট ব্যাংক লিমিটেড	১০০
<input type="checkbox"/> ঢাকা ব্যাংক লিমিটেড	১০৪
<input type="checkbox"/> আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড	১০৮
<input type="checkbox"/> সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড	১১২
<input type="checkbox"/> ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	১১৭
<input type="checkbox"/> মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড	১২২
<input type="checkbox"/> স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড	১২৬
<input type="checkbox"/> ওয়ান ব্যাংক লিমিটেড	১৩০
<input type="checkbox"/> এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড	১৩৪
<input type="checkbox"/> বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড	১৩৯
<input type="checkbox"/> মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১৪৩
<input type="checkbox"/> ফাস্ট সিকিউরিটি ব্যাংক লিমিটেড	১৪৭
<input type="checkbox"/> দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড	১৫২
<input type="checkbox"/> ব্যাংক এশিয়া লিমিটেড	১৫৬
<input type="checkbox"/> দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১৬০
<input type="checkbox"/> শাহজালাল ব্যাংক লিমিটেড	১৬৪
<input type="checkbox"/> যমুনা ব্যাংক লিমিটেড	১৬৮
<input type="checkbox"/> ব্র্যাক ব্যাংক লিমিটেড	১৭২
বিদেশী বেসরকারী ব্যাংক	
<input type="checkbox"/> স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	১৭৬
<input type="checkbox"/> হাবিব ব্যাংক লিমিটেড	১৮১
<input type="checkbox"/> স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	১৮৫

<input type="checkbox"/> কমার্শিয়াল ব্যাংক অব সিলোন লিমিটেড	১৮৯
<input type="checkbox"/> ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	১৯৪
<input type="checkbox"/> সিটিব্যাংক এন.এ.	১৯৯
<input type="checkbox"/> উরি ব্যাংক	২০৪
<input type="checkbox"/> দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড	২০৮
<input type="checkbox"/> ব্যাংক আলফালাহ লিমিটেড	২১৩

বিশেষায়িত ব্যাংক

<input type="checkbox"/> বাংলাদেশ কৃষি ব্যাংক	২১৭
<input type="checkbox"/> রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২২২
<input type="checkbox"/> বাংলাদেশ শিল্প ব্যাংক	২২৮
<input type="checkbox"/> বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা	২৩৩
<input type="checkbox"/> বেসিক ব্যাংক লিমিটেড	২৩৮

আর্থিক প্রতিষ্ঠান

<input type="checkbox"/> আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	২৪৩
<input type="checkbox"/> বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড	২৪৭
<input type="checkbox"/> গ্রামীণ ব্যাংক	২৫০
<input type="checkbox"/> কর্মসংস্থান ব্যাংক	২৫৪
<input type="checkbox"/> ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ	২৫৮
<input type="checkbox"/> বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন	২৬৭
<input type="checkbox"/> সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	২৭০
<input type="checkbox"/> ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লিজিং কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড	২৭৫
<input type="checkbox"/> জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড	২৭৯
<input type="checkbox"/> বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	২৮২
<input type="checkbox"/> লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড	২৮৬
<input type="checkbox"/> দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	২৮৯
<input type="checkbox"/> ফিনিক্স লিজিং কোম্পানি লিমিটেড	২৯৩
<input type="checkbox"/> বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২৯৬
<input type="checkbox"/> প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২৯৯
<input type="checkbox"/> ডেল্টা ব্যাংক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড	৩০৩
<input type="checkbox"/> ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	৩০৬
<input type="checkbox"/> ওমান বাংলাদেশ লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড	৩১০
<input type="checkbox"/> ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড	৩১৩
<input type="checkbox"/> উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩১৬
<input type="checkbox"/> ইউনাইটেড লিজিং কোম্পানি লিমিটেড	৩১৯
<input type="checkbox"/> ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড	৩২২
<input type="checkbox"/> পিপলস লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	৩২৬
<input type="checkbox"/> ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড	৩৩০
<input type="checkbox"/> ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড	৩৩৩
<input type="checkbox"/> মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড	৩৩৭
<input type="checkbox"/> ফার্স্ট লীজ ইন্টারন্যাশনাল লিমিটেড	৩৪১
<input type="checkbox"/> বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	৩৪৫
<input type="checkbox"/> ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	৩৪৮
<input type="checkbox"/> ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩৫২
<input type="checkbox"/> ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩৫৬
<input type="checkbox"/> ফিডেলিটি এসেটস এন্ড সিকিউরিটিজ কোম্পানি লিমিটেড	৩৫৯
<input type="checkbox"/> প্রিমিয়ার লিজিং ইন্টারন্যাশনাল লিমিটেড	৩৬৩
<input type="checkbox"/> সেলফ এমপ্রয়মেন্ট ফাইন্যান্স লিমিটেড	৩৬৭
<input type="checkbox"/> ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড	৩৭০
<input type="checkbox"/> চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড	৩৭২

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর (২০০৫-২০০৬) সংক্ষিপ্ত পর্যালোচনা

বর্তমান বিশ্বায়নের প্রেক্ষাপটে প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার চ্যালেঞ্জ মোকাবিলা করে দেশের অর্থনৈতিক উন্নয়নের গতি অব্যাহত রাখতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দেশে একটি সুষ্ঠু ও দক্ষ আর্থিক খাত প্রতিষ্ঠায় সরকার দৃঢ়প্রতিজ্ঞ। এ লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংকসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম অব্যাহত রয়েছে। গৃহীত সংস্কার কার্যক্রমের ফলে ব্যাংক ও আর্থিক খাতে উল্লেখযোগ্য গতি সঞ্চারিত হয়েছে। ব্যাংকসমূহ বর্তমানে অনলাইন ব্যাংকিংসহ প্রযুক্তিনির্ভর (Technology driven) ব্যাংকিং সেবা প্রদানে দ্রুত অগ্রগতি অর্জন করছে। দেশের ব্যাংকিং ব্যবস্থায় বেসরকারি খাতের অবদান ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর সংক্ষিপ্ত পর্যালোচনা এবং হালনাগাদ তথ্য সামগ্রিক আর্থিক খাতের অগ্রগতি অনুধাবন করতে সহায়ক হবে।

১। ২০০৫-২০০৬ অর্থ বছরের মার্চ মাস শেষে বাংলাদেশে মোট তফসিলী ব্যাংকের সংখ্যা দাঁড়ায় ৪৮টি। তন্মধ্যে, রাষ্ট্রায়ত্ত্ব খাতে ৪টি বাণিজ্যিক ব্যাংক ও ৫টি বিশেষায়িত ব্যাংক, ৩০টি স্থানীয় বেসরকারি বাণিজ্যিক ব্যাংক এবং ৯টি বিদেশী বাণিজ্যিক ব্যাংক অন্তর্ভুক্ত আছে। ৩০টি স্থানীয় বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৭টি এবং ৯টি বিদেশী ব্যাংকের মধ্যে ১টি ব্যাংক ইসলামী শরীয়াহ মোতাবেক পরিচালিত। মার্চ ২০০৬ শেষে বাংলাদেশে কার্যরত তফসিলী ব্যাংকসমূহের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ৬৪১২টি, যার মধ্যে ৩৭৬৭টি (মোট ব্যাংক শাখার ৫৮.৭৫%) গ্রামীণ এলাকায় অবস্থিত। মোট ব্যাংক শাখার মধ্যে রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের শাখা ৩৩৮৬টি, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের শাখা ১৬৪৩টি, বিদেশী ব্যাংকের শাখা ৪১টি এবং বিশেষায়িত ব্যাংকের শাখা ১৩৪২টি। উল্লেখ্য, মার্চ ২০০৫ এর তুলনায় মার্চ ২০০৬ এ রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের শাখা ২টি হ্রাস পেলেও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের ৯১টি, বিশেষায়িত ব্যাংকের ১২টি এবং বিদেশী ব্যাংকের ৩টি শাখা বৃদ্ধি পায়। উল্লিখিত তফসিলী ব্যাংক ছাড়াও দেশে ১টি জাতীয় সমবায় ব্যাংক, ১টি আনসার-ডিভিডিপি উন্নয়ন ব্যাংক, ১টি কর্মসংস্থান ব্যাংক ও ১টি গ্রামীণ ব্যাংক রয়েছে। রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের শাখা সুসমকরণ কর্মসূচি বাস্তবায়নের আওতায় ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ১৬৪টি শাখা একীভূতকরণের কাজ সম্পন্ন হয়েছে এবং এ কর্মসূচি বাস্তবায়ন অব্যাহত রয়েছে।

২। ব্যাংকিং খাতের পাশাপাশি বেশ কিছু অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানও (non-bank financial institutions) দেশের শিল্প, বাণিজ্য, গৃহায়ন, পরিবহন, আধুনিক তথ্য প্রযুক্তি ইত্যাদি খাতে অর্থায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান অব্যাহত রেখেছে। ২০০৫-২০০৬ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক ২৮টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে তাদের কর্মকাণ্ড পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করেছে। উল্লিখিত লাইসেন্সপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর ৩০ জুন ২০০৫ পর্যন্ত পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ১২৪৬১.৭৫ মিলিয়ন টাকা, যা ৩১ ডিসেম্বর ২০০৪ শেষে ছিল ১১৯৭৩.৫০ মিলিয়ন টাকা। ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত দেশে কার্যরত আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন খাতে ব্যবসায়িক বিনিয়োগের পরিমাণ ৫৭৯৩১.৯৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ঋণ পরিস্থিতির পর্যালোচনা ও আদায় জোরদারকরণের জন্য ডিসেম্বর ২০০০ থেকে তফসিলী ব্যাংকগুলোর ন্যায় আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ঋণ ও লীজের ক্ষেত্রেও শ্রেণীকরণ ও প্রতিশোধ-এর নিয়ম চালু আছে।

৩। ২০০৫-২০০৬ অর্থ বছরের প্রথম আট মাসে অর্থাৎ ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত সময়কালে ব্যাংকসমূহের আমানত (আন্তঃব্যাংক আমানত বাদে) ও ঋণের পরিমাণ পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ের তুলনায় বেশ কিছুটা বৃদ্ধি পায়। উপরোক্ত সময়কালে ব্যাংকসমূহের মোট আমানত ১২৪৪০০.০০ মিলিয়ন টাকা বা শতকরা ৮.৭২ ভাগ বৃদ্ধি পেয়ে ১৫৫০৫৮৫.০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য সময়কালে ব্যাংকসমূহের মোট ঋণের স্থিতি ১৪৫৬৭৮.০০ মিলিয়ন টাকা বা শতকরা ১২.১৬ ভাগ বৃদ্ধি পেয়ে ১৩৪৩৩৪২.০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

৪। কৃষি খাতের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে রাষ্ট্রায়ত্ত্ব কৃষি ও বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক কৃষি ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকসমূহ এবং বাংলাদেশ পল্টী উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড ২০০৫-২০০৬ অর্থ বছরের জন্য ৫৫৪২২.১০ মিলিয়ন টাকার কৃষি ঋণ কর্মসূচি গ্রহণ করেছে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল ৫৫৩৭৯.১০ মিলিয়ন টাকা। সামগ্রিক তথ্যানুযায়ী আলোচ্য অর্থ বছরের প্রথম আট মাসে অর্থাৎ ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত মোট ৩৫৩০৮.৩০ মিলিয়ন টাকা কৃষি ঋণ বিতরণ এবং ২৫৯৯৩.০০ মিলিয়ন টাকা আদায় করা হয়। পূর্ববর্তী বছরের একই সময়ে কৃষি ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩০৩৫৬.৪০ মিলিয়ন টাকা এবং ১৬৪৪৮.৭০ মিলিয়ন টাকা। আলোচ্য সময়কালে পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় কৃষি ঋণ বিতরণ ও আদায় যথাক্রমে শতকরা ১৬.৩১ ভাগ ও ৫৮.০২ ভাগ বৃদ্ধি পেয়েছে। এছাড়াও ২০০৪ সালে সংঘটিত বন্যা ক্ষতিগ্রস্ত কৃষি ঋণগ্রহীতাদের দুর্দশা লাঘব ও কৃষি পুনর্বাসনের লক্ষ্যে বন্যা পূর্ববর্তী সময়ে বিআরডিবি ও সমবায় ব্যাংকসহ রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ও কৃষি ব্যাংকসমূহ কর্তৃক প্রদত্ত কৃষি ঋণের সকল অনাদায়ী ও আদায়যোগ্য পাওনা (বেলাপী কৃষি ঋণসহ) পরবর্তী এক বছরের জন্য পুনঃতফসিল করা হয়েছিল এবং বেলাপী ঋণগ্রহীতাদের বিরুদ্ধে দায়েরকৃত ও দায়েরযোগ্য সার্টিফিকেট মামলাও এক বছরের জন্য স্থগিত করা হয়েছিল যার মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে।

৫। অর্থনৈতিক কর্মকাণ্ড চাঙ্গা করার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে দেশের সার্বিক শিল্পায়ন অতীব জরুরী বিধায় ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ বিভিন্ন ধরনের শিল্পের উৎপাদন বৃদ্ধির জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ঋণ প্রদান তথা সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রেখেছে। ২০০৫-২০০৬ অর্থ বছরের প্রথম ছয় মাসে অর্থাৎ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত শিল্প খাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিতরণকৃত মেয়াদী ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় ৭১১৫.৭০ মিলিয়ন টাকা বা শতকরা ১৬.৮০ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৯৪৬১.৫০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য সময়কালে শিল্প খাতে মেয়াদী ঋণ আদায়ের পরিমাণ ৮৪৪০.০০ মিলিয়ন টাকা বা শতকরা ২০.০০ ভাগ হ্রাস পেয়ে ৩৩৬৭৯.০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য সময়কালে অর্থাৎ ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে শিল্প খাতে মোট মেয়াদোত্তীর্ণ ঋণের (চলতি মূলধনসহ) পরিমাণ ছিল ৭৩৪৩৭.২০ মিলিয়ন টাকা, যা মোট ঋণ স্থিতির (৫২৬০৩৬.২০ মিলিয়ন টাকা) শতকরা ১৩.৯৬ ভাগ। পূর্ববর্তী অর্থ বছরের একই সময়কালে এ হার ছিল শতকরা ২৩.০২ ভাগ।

৬। গ্রামীণ ব্যাংক, ব্র্যাক ও আশাসহ এনজিওসমূহ, ৪টি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং কর্মসংস্থান ব্যাংক হাঁস-মুরগীর খামার, পশুপালন, গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, নার্সারী ও মৎস্যচাষসহ বিভিন্ন আয়বর্ধক ও কর্মসংস্থানমূলক কর্মকাণ্ড চাঙ্গা করার মানসে ক্ষুদ্রঋণ (Microcredit) প্রদান কার্যক্রম অব্যাহত রেখেছে। ৪টি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং বাংলাদেশ পল্টী উন্নয়ন বোর্ড ২০০৫-২০০৬ অর্থ বছরের প্রথম ছয় মাসে দারিদ্র্য বিমোচন কর্মসূচির আওতায় মোট ৬৩৭৬.৮০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। উক্ত উদ্যোগ গ্রামীণ দারিদ্র্য দূরীকরণ ও পল্টী অঞ্চলের আয় বৃদ্ধি ও দরিদ্র লোকদের কর্মসংস্থান ও জীবনযাত্রার মানোন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রেখে চলেছে। ব্র্যাক ও আশাসহ দেশে কর্মরত প্রায় ১,০০০ এনজিও-এমএফআই এর ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত বিতরণকৃত ঋণের স্থিতি ৫৪৬৯২.৯০ মিলিয়ন টাকা। এনজিও-এমএফআইসমূহের সদস্যদের নিকট থেকে উক্ত সময় পর্যন্ত প্রাপ্ত সঞ্চয়ের পরিমাণ ২০১৫৫.৯০ মিলিয়ন টাকা; মোট সদস্য সংখ্যা ১৮.৬০ মিলিয়ন এবং এর মধ্যে ঋণগ্রহীতার সংখ্যা ১৩.৭০ মিলিয়ন। গ্রামীণ ব্যাংকের ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত বিতরণকৃত ঋণের স্থিতি ২৭৯৭০.৩১ মিলিয়ন টাকা। এর মোট সদস্য সংখ্যা ৫.৫৮ মিলিয়ন এবং সদস্যদের সঞ্চয়ের পরিমাণ ২০১৩৮.৪০ মিলিয়ন টাকা।

৭। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকসমূহের মন্দ ঋণ অবলোপনের নীতিমালা জারী করার পর এ নীতিমালা অনুযায়ী ঋণ মন্দ/ক্ষতি হিসেবে শ্রেণীকৃত হওয়ার পর ১০০ ভাগ সঞ্চিত (Provision) সংরক্ষিত আছে এরূপ হিসাবসমূহের বিপরীতে ব্যাংকসমূহ ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত ১০৩২২৬.৩০ মিলিয়ন টাকা ঋণ অবলোপন করেছে। বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকসমূহের যৌথ প্রচেষ্টার ফলে ২০০৫ সালের ডিসেম্বর শেষে এস ভিত্তিতে খেলাপী ঋণের স্থিতি মোট ঋণ স্থিতির শতকরা ১৩.৫৫ ভাগে (নীট ভিত্তিতে শতকরা ৭.১৫ ভাগ) হ্রাস পায়, যা পূর্ববর্তী বছরের ডিসেম্বর শেষে এস ভিত্তিতে ছিল শতকরা ১৭.৬৩ ভাগ (নীট ভিত্তিতে শতকরা ৯.৭০ ভাগ)। এছাড়াও কেন্দ্রীয় ব্যাংকের পূর্বানুমতি সাপেক্ষে কোর্টে মামলা দায়ের করার পূর্বেই ক্ষেত্র বিশেষে মন্দ ঋণ অবলোপন করা যাবে মর্মে সিদ্ধান্ত বলবৎ আছে।

৮। দেশের সার্বিক রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার পূর্ববর্তী বছরের ন্যায় আলোচ্য অর্থ বছরেও বিভিন্ন পণ্যের রপ্তানির বিপরীতে নগদ সহায়তা/ভর্তুকি প্রদান অব্যাহত রেখেছে। চলতি অর্থ বছরে রপ্তানিকৃত পণ্যের হ্যাণ্ডলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরণের নির্বাহকৃত ব্যয় এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিবহন এবং ফ্রেইট চার্জ পরিশোধজনিত ব্যয় নির্বাহের জন্য কৃষিপণ্য (শাকসজি ও ফলমূল) রপ্তানির বিপরীতে শতকরা ৩০ ভাগ হারে ভর্তুকি প্রদান অব্যাহত রাখা ছাড়াও এম্ব্রোসেসিং কৃষিপণ্য রপ্তানির ক্ষেত্রে অন্যান্য শতকরা ৮০ ভাগ স্থানীয় উপকরণ ব্যবহৃত হলে নীট প্রত্যাভাসিত এফওবি মূল্যের শতকরা ৩০ ভাগ হারে এবং অন্যান্য শতকরা ৭০ ভাগ স্থানীয় উপকরণ ব্যবহৃত হলে নীট প্রত্যাভাসিত এফওবি মূল্যের শতকরা ২০ ভাগ হারে ভর্তুকি প্রাপ্যতার হার নির্ধারণ করা হয়েছে। আলোচ্য অর্থ বছরে হাক্সা প্রকৌশল পণ্য রপ্তানির বিপরীতে শতকরা ১০ ভাগ এবং ঈশ্বরদী ইঞ্জিনেড হুইল শিল্প প্রতিষ্ঠান কর্তৃক লিকুইড গ্যুজোজ রপ্তানির বিপরীতে শতকরা ২০ ভাগ হারে রপ্তানি ভর্তুকি পরিশোধের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহের ফলে রপ্তানি আয় আলোচ্য অর্থ বছরের জুলাই-ফেব্রুয়ারি সময়কালে পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় শতকরা ১৭.৯১ ভাগ বৃদ্ধি পায়।

৯। আন্তঃব্যাংক বৈদেশিক মুদ্রা বাজারের গতিশীলতা আনয়নের লক্ষ্যে ফরওয়ার্ড ও সোয়াপ কার্যক্রমে পরিপালনীয় শর্তাবলী উদার করা হয়েছে। মানি লভারিং প্রতিরোধ কার্যক্রম জোরদার ও সুসংহত করা হয়েছে। প্রবাসীদের উপার্জিত অর্থ দেশে আনয়নের জন্য বিদেশস্থ এক্সচেঞ্জ হাউজের সাথে বাংলাদেশী ব্যাংকের ড্রয়িং ব্যবস্থা স্থাপন সহজীকরণ ও প্রবাসীদের প্রেরিত অর্থ যথাসময়ে প্রাপকের নিকট পৌঁছানোর নিমিত্ত কার্যকর ব্যবস্থা গ্রহণ করার ফলে ২০০৫-২০০৬ অর্থ বছরের জুলাই-মার্চ সময়কালে রেমিটেন্সের পরিমাণ পূর্ববর্তী অর্থ বছরের একই সময়কালের তুলনায় শতকরা ২৩.১৫ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৪৭৬.৩৬ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। বাংলাদেশ ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা মজুদের পরিমাণ ৩০ জুন ২০০৫ এর ২৯৩০ মিলিয়ন মার্কিন ডলার থেকে ১৪১ মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে ১৮ এপ্রিল ২০০৬ তারিখে ৩০৭১ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়।

১০। দেশের সুখম উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে কৃষি, শিল্প, বাণিজ্য, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঋণসহ দারিদ্র্য বিমোচনমূলক বিভিন্ন কর্মকাণ্ডে ব্যাংকিং সুবিধা তথা ঋণ প্রবাহ জোরদার করা হয়েছে। ব্যাংক শাখা সুখমকরণের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের কাছে ব্যাংকিং সেবা পৌঁছে দেয়ার কর্মসূচি অব্যাহত আছে। দেশের সকল তফসিলী ব্যাংকে ইলেকট্রনিক ব্যাংকিং পদ্ধতি সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন প্রকার সহযোগিতা প্রদান করা হচ্ছে। মার্চ ২০০৬ পর্যন্ত দেশের বাণিজ্যিক ব্যাংকগুলো ১৬২টি স্বয়ংক্রিয় মেশিনের (ATM) মাধ্যমে অর্থ লেনদেন ব্যবস্থা চালু করেছে। তাছাড়া, বিভিন্ন ব্যাংক ইলেকট্রনিক ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ইস্যুসহ অত্যাধুনিক অনলাইন ব্যাংকিং সেবা প্রদানে দ্রুত অগ্রগতি অর্জন করেছে।

১১। দেশের আর্থসামাজিক উন্নয়নে একটি দক্ষ ও গতিশীল ব্যাংকিং ব্যবস্থা অপরিহার্য শর্ত। দেশে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকিং বাতের গুরুত্ব অনুধাবন করে সরকার এ বাতের প্রয়োজনীয় সংস্কার সাধনে ব্যাপক গুরুত্ব আরোপ করেছে। আর্থিক ঋণ সংস্কার কর্মসূচির আওতায় বিশ্বব্যাংকের সহায়তায় রূপালী ব্যাংক শিঃ এর বেসরকারিকরণ প্রক্রিয়া চালু করাসহ রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপনা উন্নয়নের প্রক্রিয়া অব্যাহত রয়েছে। আশা করা যায় গৃহীত এসব সংস্কার কর্মসূচির মাধ্যমে দেশে একটি আধুনিক ও গতিশীল ব্যাংকিং ব্যবস্থা প্রতিষ্ঠা করা সম্ভব হবে।


(সিদ্দিকুর রহমান চৌধুরী)

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশের আর্থ-সামাজিক
নির্দেশকসমূহ

সাধারণ		
ভৌগোলিক অবস্থান/বৈশিষ্ট্যাবলী		
১	আয়তন (বর্গ কিলোমিটারে)	১৪৭৫৭০
২	প্রমাণ সময়	জিএমটি + ৬ ঘণ্টা
জনমিতিক পরিসংখ্যান		
সাধারণ জনমিতিক পরিসংখ্যান		
৩	জনসংখ্যা-২০০১ সালে (সমন্বয়ভিত্তিক)	১৩.০৩ কোটি
৪	জনসংখ্যা-২০০৬ সালে (প্রক্ষেপিত)	১৩.৮৮ কোটি
৫	জনসংখ্যা বৃদ্ধির হার-২০০৪ সালে	১.৪৮%
৬	পুরুষ-মহিলা (১০০ জন)-এর অনুপাত-২০০২ সালে	১০৫.৪০ জন
৭	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটার)-২০০৬ (প্রক্ষেপিত)	৯৪১ জন
মৌলিক জনমিতিক পরিসংখ্যান		
৮	স্থূল জন্ম হার-২০০৩ সালে (প্রতি ১০০০ জনে)	২০.০৯ জন
৯	স্থূল মৃত্যু হার-২০০২ সালে (প্রতি ১০০০ জনে)	৫.১০ জন
১০	শিশু মৃত্যু হার-২০০২ সালে (এক বছরের কম) (প্রতি ১০০০ জীবিত জন্মে)	৫৩.২৭ জন
১১	মহিলা প্রতি উর্বরতা হার-২০০৩ সালে	২.৫৭%
১২	গর্ভ নিরোধক ব্যবহারের হার -২০০৩ সালে	৫৫.১০%
প্রত্যাশিত গড় আয়ুষ্কাল-২০০২ সালে		
১৩	সাধারণ গড়	৬৪.৯ বছর
১৪	পুরুষ	৬৪.৫ বছর
১৫	মহিলা	৬৫.৪ বছর
প্রথম বিবাহে গড় বয়স-২০০২ সালে		
১৬	পুরুষ	২৫.৬ বছর
১৭	মহিলা	২০.৬ বছর
স্বাস্থ্য ও সামাজিক সেবা		
১৮	সরকারি হাসপাতালের শয্যা প্রতি রোগী-২০০৩ সালে (ডিসপেনসারিসহ)	৪১০৯ জন
১৯	রেজিস্টার্ড ডাক্তার প্রতি জনসংখ্যা -২০০৩ সালে	৩৮৬৬ জন

২০	সুপেয় পানি গ্রহণকারী -২০০৪ সালে	৯৬.৩%
২১	স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী -২০০৪ সালে	৫২.৬%
২২	স্বাক্ষরতার হার-২০০২ সালে	৬২.৬৬%
শ্রম শক্তি ও কর্মসংস্থান (লেবার ফোর্স সার্ভে, ২০০২-০৩)		
শ্রমশক্তি		
২৩	মোট	৪.৪৩ কোটি
২৪	পুরুষ	৩.৪৫ কোটি
২৫	মহিলা	০.৯৮ কোটি
মোট শ্রমশক্তির শতকরা হার হিসাবে		
২৬	কৃষি	৫১.৬৯%
২৭	শিল্প	১৩.৫৬%
২৮	সেবা	৩৪.৭৫%
দারিদ্র্য পরিবীক্ষন জরিপ-২০০৪ অনুযায়ী দারিদ্র্যের হার		
খাদ্যশক্তি গ্রহণ (FEI) পদ্ধতিতে		
২৯	জাতীয়	৪২.১
৩০	পল্লী	৪৩.৩
৩১	শহর	৩৭.৯
প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ (DCI) পদ্ধতিতে		
৩২	জাতীয়	৪০.৯
৩৩	পল্লী	৪০.১
৩৪	শহর	৪৩.৬
মোট দেশজ উৎপাদন (জিডিপি) ২০০৫-'০৬ (সাময়িক)		
৩৫	চলতি মূল্যে জিডিপি (কোটি টাকায়)	৪১৬১৫৫
৩৬	স্থির মূল্যে জিডিপি (কোটি টাকায়) (ভিত্তি বছর-১৯৯৫-'৯৬)	২৮৪৮৯৮
৩৭	স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার (শতকরা)	৬.৭১%
৩৮	চলতি মূল্যে মাথা পিছু জাতীয় আয় (টাকায়)	৩১৬৬৯
৩৯	চলতি মূল্যে মাথা পিছু জাতীয় আয় (মার্কিন ডলারে)	৪৮২

৪০	চলতি মূল্যে মাথা পিছু জিডিপি (টাকায়)	২৯৯৮৬
৪১	চলতি মূল্যে মাথা পিছু জিডিপি (মার্কিন ডলারে)	৪৫৬
	সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র %) ২০০৪-'০৫ (সাময়িক)	
৪২	দেশজ সঞ্চয়	২০.২৬ %
৪৩	জাতীয় সঞ্চয়	২৬.৬১ %
৪৪	মোট বিনিয়োগ	২৪.৯৭%
৪৫	সরকারী	৬.৩০%
৪৬	বেসরকারী	১৮.৬৭%
	সরকারী রাজস্ব আয়/ব্যয় ২০০৫-'০৬ (মূল বাজেটভিত্তিক)	কোটি টাকায়
৪৭	মোট রাজস্ব আয়	৪৫৭২২
৪৮	মোট রাজস্ব ব্যয়	৬৪,৩৮৩
৪৯	মোট রাজস্ব আয় (জিডিপি'র %)	১০.৯৯%
৫০	মোট ব্যয় (জিডিপি'র %)	১৫.৪৭%
৫১	বাজেট ঘাটতি (বৈদেশিক অনুদান ব্যতীত)	৪.৫%
৫২	বাজেট ঘাটতি (বৈদেশিক অনুদানসহ)	৩.৭%
	বাণিজ্যিক লেনদেনের ভারসাম্য	মিলিয়ন মার্কিন ডলারে
৫৩	রপ্তানি আয় (জুলাই '০৫-মার্চ '০৬)	৭৫১৭
৫৪	আমদানি ব্যয় (জুলাই '০৫-মার্চ '০৬)	১০৬১২
৫৫	চলতি হিসাবের ভারসাম্য (জুলাই '০৫-মার্চ '০৬)	২৩১
৫৬	সার্বিক ভারসাম্য (জুলাই '০৫-মার্চ '০৬)	(৩৭)
৫৭	বৈদেশিক মুদ্রার মজুদ (Foreign Exchange Reserve) (৩০ এপ্রিল ২০০৬)	৩১৩৯.৭০
৫৮	প্রবাসীদের প্রেরিত অর্থ (জুলাই '০৫-এপ্রিল '০৬)	৩৮৮৯.৭৪
৫৯	বৈদেশিক মুদ্রার গড় বিনিময় হার টাকা/মার্কিন ডলার (মার্চ '০৬)	৬৬.১৯
	আর্থিক পরিসংখ্যান : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (৩০ এপ্রিল ২০০৬)	
৬০	মোট ব্যাংকের সংখ্যা	৪৯
৬১	দেশীয় ব্যাংক	৪০

৬২	বৈদেশিক ব্যাংক	৯
৬৩	আর্থিক প্রতিষ্ঠান	৩৩
৬৪	মোট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা	৮২
	পুঁজি বাজার	
	সার্বিক শেয়ার মূল্যসূচক (৩০ মার্চ '০৬)	টাকায়
৬৫	ঢাকা স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি-১০০)	১১৪৬.৩১
৬৬	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি-১০০)	৩১১৯.০০
	অর্থ সরবরাহ (মার্চ '০৬) (সাময়িক)	কোটি টাকায়
৬৭	সংকীর্ণ অর্থ (M-1)	৩৯২৮৭.৫০
৬৮	ব্যাপক অর্থ (M-2) (মার্চ '০৬)	১৬৮২৩৮.১০
৬৯	ব্যাংক আমানতের স্থিতি (Bank Deposit) (মার্চ '০৬)	১৪৬৩৫১.৪০
৭০	ব্যাংক ঋণের স্থিতি (Bank Credit) (মার্চ '০৬)	১৩৭৫২০.০০
৭১	রিজার্ভ মানির স্থিতি (Reserve Money) (৩০ মার্চ '০৬)	৩৪১২১.৯০
	কৃষি ঋণ প্রদান ও আদায়	কোটি টাকায়
৭২	কৃষি ঋণ প্রদানের টার্গেট ২০০৫-'০৬	৫৫৪২.২১
৭৩	কৃষি ঋণ প্রদান (জুলাই '০৫- মার্চ '০৬)	৪০১০.৩৫
৭৪	কৃষি ঋণ আদায় (জুলাই '০৫-মার্চ '০৬)	২৮৭৫.৮০
৭৫	কৃষি ঋণ আদায় হার (%) (জুলাই '০৫-মার্চ '০৬)	৩১.৮০%
৭৬	কৃষি ঋণ গ্রহীতার সংখ্যা (জুলাই '০৫-মার্চ '০৬)	১৩০৪৩৭২৫ জন
	পরিবহন (৩০ জুন '০৫)	কিলোমিটারে
৭৭	জাতীয় মহাসড়ক	৩৫৭০
৭৮	আঞ্চলিক মহাসড়ক	৪৩২৩
৭৯	ফিডার/জেলা রোড	১৩৬৭৮
৮০	মোট সড়ক পথ	২২৫৭১
৮১	রেল পথ	২৮৫৪.৯৬

তথ্য উৎস : (১) বাংলাদেশ ব্যাংক। (২) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, অর্থবিভাগ। (৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে আর্থ-ব্যবস্থাপনাসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সার্বিক তদারকির দায়িত্বে নিয়োজিত

রয়েছে। নোট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং সরকারের যাবতীয় লেনদেন ছাড়াও বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রা ও ঋণনীতি প্রণয়ন ও তা বাস্তবায়নের দায়িত্ব

পালন করে থাকে। বাংলাদেশে মুদ্রা নীতির মূল লক্ষ্য হলো মূল্যস্তর স্থিতিশীলতার মাধ্যমে টাকার অভ্যন্তরীণ ও বৈদেশিক মূল্যমান যুক্তিসংগত পর্যায়ে রাখা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা। গভর্নরসহ ৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি পরিচালক পর্ষদ বাংলাদেশ ব্যাংকের সার্বিক কর্মকাণ্ড পরিচালনার মূল কেন্দ্রবিন্দু। প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ঢাকায় দু'টি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বগুড়া, সিলেট, রংপুর ও বরিশালে একটি করে শাখা রয়েছে। এসব শাখার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক আর্থ-ব্যবস্থাপনাসহ দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সার্বিক তদারকির গুরুদায়িত্ব পালন করেছে। ২০০৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত অর্থ বছরের বাংলাদেশ ব্যাংকের স্থিতিপত্রের একটি সংক্ষিপ্তসার সংযোজনী-১-এ দেয়া হয়েছে এবং অন্যান্য আর্থিক চলকসমূহের বর্ণনা নিম্নবর্ণিত অনুচ্ছেদে দেয়া হয়েছে।



বাংলাদেশ ব্যাংক ভবন।

২০০৫-'০৬ অর্থ বছরে আমদানি চাহিদার জোরালো প্রবৃদ্ধির কারণে বৈদেশিক বিনিময় হারে উর্ধ্বমুখী

চাপ পরিলক্ষিত হয়। এছাড়া অর্থ বছরের প্রথমার্ধ পর্যন্ত মূল্যস্ফীতির চাপ বেশ প্রবল ছিল। বৈদেশিক বিনিময় হার ও মূল্যস্ফীতির উর্ধ্বমুখী চাপ পরিমিত রাখার লক্ষ্যে আলোচ্য অর্থ বছরে মুদ্রানীতির সতর্ক, সংযত ভংগী অবলম্বন করা হয়। সুদের হার, নগদ জমা সংরক্ষণের হার এবং তরল সম্পদ সংরক্ষণের আবশ্যিকীয় হার বৃদ্ধি বেসরকারি খাতে ঋণের যোগান পরিমিত রাখতে সহায়ক হয় এবং বৈদেশিক বিনিময় হার ও মূল্যস্ফীতির উর্ধ্বমুখী চাপ প্রশমনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

মুদ্রা যোগান (Money Supply)

২০০৫-'০৬ অর্থ বছরের প্রথম আট মাসে (ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত) সংকীর্ণ মুদ্রা (Narrow Money-M1) ৩৩.২৮ বিলিয়ন টাকা (৯.৩৬%) বৃদ্ধি পেয়ে ২০০৬ সালের ফেব্রুয়ারি শেষে ৩৮৮.৭৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের একই সময়ে বৃদ্ধি পেয়েছিল ২২.৮৬ বিলিয়ন টাকা (৭.৪৯%)। আলোচ্য অর্থ বছরের এ সময়ে ব্যাপক মুদ্রা (Broad Money-M2) ১৫০.৫১ বিলিয়ন টাকা (৯.৯৩%) বৃদ্ধি পেয়ে ১৬৬৬.৩৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়,

পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে যা বৃদ্ধি পেয়েছিল ১১৩.১২ বিলিয়ন টাকা (৮.৭২%)। একই সময়ে রিজার্ভ মুদ্রা ৪৮.৭৫ বিলিয়ন টাকা (১৬.৫০%) বৃদ্ধি পেয়ে ৩৪৪.২৩ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে বৃদ্ধি পেয়েছিল ১৬.১৭ বিলিয়ন টাকা (৬.১৬%)। আলোচ্য অর্থ বছরে অর্থের গুণক (Money Multiplier) জুন ২০০৫ শেষের ৫.১৩০ হতে হ্রাস পেয়ে ফেব্রুয়ারি ২০০৬ শেষে ৪.৮৪১-এ দাঁড়ায়। মুদ্রা/আমানত অনুপাত জুন ২০০৫ শেষের ০.১৩৯ হতে বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০০৬ শেষে ০.১৪৮-এ দাঁড়ায় এবং রিজার্ভ/আমানত অনুপাত ০.০৮২ হতে বৃদ্ধি পেয়ে ০.০৮৭-এ দাঁড়ায়।

আলোচ্য অর্থ বছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রার উপাদানসমূহের মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ২৯.৯৬ বিলিয়ন টাকা (১৬.১৮%) বৃদ্ধি পেয়ে ২১৫.১৪ বিলিয়ন টাকায়, মেয়াদি আমানত ১১৭.২৩ বিলিয়ন টাকা (১০.১০%) বৃদ্ধি পেয়ে ১২৭৭.৬৬ বিলিয়ন টাকায়, তলবি আমানত ২.৩৬ বিলিয়ন টাকা (১.৪০%) বৃদ্ধি পেয়ে ১৭০.৮৬ বিলিয়ন টাকায় এবং রাষ্ট্রায়ত্ত্ব খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত ০.৯৬ বিলিয়ন টাকা

সারণি-১								
মুদ্রা যোগান								
(বিলিয়ন টাকায়)								
বছর/মাস	জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	রাষ্ট্রায়ত্ত্ব খাতসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	সংকীর্ণ মুদ্রা (এম _১)	পরিবর্তন	মেয়াদি আমানত	ব্যাপক মুদ্রা (এম _২)	পরিবর্তন
১	২	৩	৪	৫=(২+৩+৪)	৬	৭	৮=(৫+৭)	৯
২০০৪								
মার্চ	১৫৩.০৩	১২৭.৫৫	০.২১	২৮০.৮০	৬.৭৮	৯৪২.৭৮	১২২৩.৫৭	১৪.৪২
জুন	১৫৮.১১	১৪৬.১৩	০.৭৭	৩০৫.০০	২৪.২০	৯৯২.৭৪	১২৯৭.৭৪	৭৪.১৭
সেপ্টেম্বর	১৬৭.০৬	১৩৭.৭৩	০.৮১	৩০৫.৬০	০.৬০	১০২৯.১০	১৩৩৪.৭০	৩৬.৯৬
ডিসেম্বর	১৭০.০০	১৫২.০২	০.৮৮	৩২২.৯০	১০.৩০	১০৮৩.৫৩	১৪০৬.৪৩	৭১.৭৩
২০০৫								
মার্চ	১৭৬.০০	১৪৮.৪১	১.৪৬	৩২৫.৮৭	২.৯৭	১০৮৬.০১	১৪১১.৮৮	৪.৪৫
জুন	১৮৫.১৮	১৬৮.৫০	১.৭৮	৩৫৫.৪৬	২৯.৫৯	১১৬০.৪২	১৫১৫.৮৮	১০৪.০০
সেপ্টেম্বর	১৯৩.৫১	১৬৪.৬৬	২.০৮	৩৬০.২৫	৪.৭৯	১১৯৮.৫২	১৫৫৮.৭৭	৪২.৮৯
ডিসেম্বর	২০৫.২৫	১৭৪.৩৯	২.৩৯	৩৮২.০৪	২১.৭৯	১২৬৫.৭৭	১৬৪৭.৮১	৮৯.০৪
২০০৬								
ফেব্রুয়ারি	২১৫.১৪	১৭০.৮৬	২.৭৪	৩৮৮.৭৪	৬.৭	১২৭৭.৬৫	১৬৬৬.৩৯	১৮.৫৮

নোট ও তলবি ও মেয়াদি আমানতে ব্যাংকসমূহে গচ্ছিত সরকারি আমানত এবং আন্তঃব্যাংক লেনদেন অন্তর্ভুক্ত নয়। তলবি আমানতে বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত অ-তফসিলী ব্যাংকসমূহের আমানত অন্তর্ভুক্ত। উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ব্যাপক মুদ্রা (এম২) ও এর বিভিন্ন উপাদানের শতকরা হার

(বিলিয়ন টাকায়)

বছর/মাস	ব্যাপক মুদ্রা (এম২)	ব্যাপক মুদ্রার শতকরা অংশ			
		জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	রাষ্ট্রায়ত্ত্ব খাতসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	মেয়াদি আমানত
২০০৪					
মার্চ	১২২৩.৫৭	১২.৫১	১০.৪২	০.০২	৭৭.০৫
জুন	১২৯৭.৭৪	১২.১৮	১১.২৬	০.০৬	৭৬.৫০
সেপ্টেম্বর	১৩৩৪.৭০	১২.৫২	১০.৩২	০.০৬	৭৭.১০
ডিসেম্বর	১৪০৬.৪৩	১২.০৯	১০.৮১	০.০৬	৭৭.০৪
২০০৫					
মার্চ	১৪১১.৮৮	১২.৪৭	১০.৫১	০.১০	৭৬.৯২
জুন	১৫১৫.৮৮	১২.২২	১১.১১	০.১২	৭৬.৫৫
সেপ্টেম্বর	১৫৫৮.৭৭	১২.৪২	১০.৫৬	০.১৩	৭৬.৮৯
ডিসেম্বর	১৬৪৭.৮১	১২.৪৬	১০.৫৮	০.১৪	৭৬.৮২
২০০৬					
ফেব্রুয়ারি	১৬৬৬.৩৯	১২.৯১	১০.২৫	০.১৭	৭৬.৬৭

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

(৫৩.৯৩%) বৃদ্ধি পেয়ে ২.৭৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ২০.৮৮০ বিলিয়ন টাকা (১৩.২১%), তলবি আমানত ১.৪৫ বিলিয়ন টাকা (০.৯৯%), মেয়াদি আমানত ৯০.২৬ বিলিয়ন টাকা (৯.০৯%) এবং রাষ্ট্রায়ত্ত্ব খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত ০.৫৩ বিলিয়ন টাকা (৬৮.৮৩%) বৃদ্ধি পেয়েছিল। ২০০৬ সালের ফেব্রুয়ারি মাস শেষে ব্যাপক মুদ্রার মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রার পরিমাণ শতকরা ১২.৯১ ভাগ, তলবি আমানতের পরিমাণ শতকরা ১০.২৫ ভাগ, মেয়াদি আমানতের পরিমাণ শতকরা ৭৬.৬৭ ভাগ এবং রাষ্ট্রায়ত্ত্ব খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানতের পরিমাণ ০.১৭ ভাগ-এ দাঁড়ায়, যা ২০০৫ সালের ফেব্রুয়ারি শেষে ছিল যথাক্রমে শতকরা ১২.৬৯ ভাগ, শতকরা ১০.৪৬ ভাগ, শতকরা ৭৬.৭৬ ভাগ এবং শতকরা ০.০৯ ভাগ। ১ এবং ২ নম্বর সারণিতে অর্থ যোগান সংক্রান্ত পরিসংখ্যান দেখানো হলো।

ব্যাপক মুদ্রা (এম২) যোগান পরিবর্তনের কারণ

২০০৫-'০৬ অর্থ বছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রা যোগান (এম২) বৃদ্ধির কারণসমূহ বিশ্লেষণ করলে দেখা যায় যে, বেসরকারি খাতে ১১৭.০৪ বিলিয়ন টাকা, সরকারি

খাতে (নীট) ১৭.৪৮ বিলিয়ন টাকা ও রাষ্ট্রায়ত্ত্ব খাতে ৩০.৩৯ বিলিয়ন টাকা ঋণ বৃদ্ধি পাওয়ায় মুদ্রা যোগানে সম্প্রসারণমূলক প্রভাব পরিলক্ষিত হয়। তবে বৈদেশিক সম্পদ খাতে (নীট) ২.৫২ বিলিয়ন টাকা এবং অন্যান্য পরিসম্পদ খাতে ১১.৮৮ বিলিয়ন টাকা ঘাটতি থাকায় উক্ত সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস পায়। ২০০৫-'০৬ অর্থ বছরের ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত ব্যাপক মুদ্রা (এম২) যোগান পরিবর্তনের কারণসমূহের বিশ্লেষণ সারণি-৩-এ দেখানো হলো।

রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণ

২০০৫-'০৬ অর্থ বছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা বৃদ্ধির কারণসমূহ বিশ্লেষণ করলে দেখা যায় যে, মূলতঃ বৈদেশিক সম্পদ খাতে (নীট) ৫.১৮ বিলিয়ন টাকা ও অন্যান্য পরিসম্পদ খাতে ১৬.৮৯ বিলিয়ন টাকা উদ্ধৃত্ত এবং সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা ২৯.৮৭ বিলিয়ন টাকা বৃদ্ধি পাওয়ায় রিজার্ভ মুদ্রায় সম্প্রসারণমূলক প্রভাব লক্ষ্য করা যায়। অন্যদিকে, মূলতঃ তফসিলী ব্যাংকসমূহের কাছে পাওনা ২.৪৬ বিলিয়ন টাকা হ্রাসের কারণে উক্ত সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস পায়। ২০০৫-'০৬ অর্থ বছরের ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসমূহের বিশ্লেষণ সারণি-৪-এ দেখানো হলো।

ব্যাপক মুদ্রা (এম২) ও তার কারণসূচক উপাদানসমূহ

(বিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০০৬	জুন ২০০৫	পরিবর্তন	
			জুলাই-ফেব্রুয়ারি ২০০৫-২০০৬	জুলাই-ফেব্রুয়ারি ২০০৪-২০০৫
ব্যাপক মুদ্রা (এম২) যোগান (ক+.....+ঙ)	১৬৬৬.৩৯	১৫১৫.৮৮	১৫০.৫১	১১৩.১২
ক) জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	২১৫.১৪	১৮৫.১৮	২৯.৯৬	২০.৮৮
খ) তলবি আমানত	১৭০.৮৬	১৬৮.৫০	২.৩৬	১.৪৪
গ) সরকারি সংস্থার আমানত	২.৩২	১.৪৪	০.৮৭	০.৪৬
ঘ) বাংলাদেশ ব্যাংকে অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের নগদ জমা	০.৪২	০.৩৪	০.০৯	০.০৮
ঙ) মেয়াদি আমানত	১২৭৭.৬৫	১১৬০.৪২	১১৭.২৩	৮১.৪৪
ব্যাপক মুদ্রা (এম২) যোগান পরিবর্তনের কারণসূচক উপাদানসমূহ				
১) ব্যাংক ব্যবস্থায় নীট বৈদেশিক সম্পদ	১৮৪.১৫	১৮৬.৬৭	-২.৫২	৩০.৪৮
২) ব্যাংক ব্যবস্থায় নীট অভ্যন্তরীণ সম্পদ (i+ii)	১৪৮২.২৪	১৩২৯.২১	১৫৩.০৩	৭৩.৮২
i) অভ্যন্তরীণ ঋণ	১৬৪০.৫২	১৪৭৫.৬১	১৬৪.৯১	১০০.৭৬
ক) সরকারি খাত (নীট)	২৭৩.৮১	২৫৬.৩৩	১৭.৪৮	-৭.১০
খ) রাষ্ট্রায়ত্ত্ব খাত	১৪২.২৮	১১১.৮৯	৩০.৩৯	-৪.৯৫
গ) বেসরকারি খাত	১২২৪.৪৩	১১০৭.৩৯	১১৭.০৪	১০৭.১১
ii) অন্যান্য পরিসম্পদ (নীট)	-১৫৮.২৮	-১৪৬.৪০	-১১.৮৮	-২৬.৯৪

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ব্যাংক আমানত

২০০৫-'০৬ অর্থ বছরের প্রথম আট মাসে ব্যাংকসমূহের মোট আমানতের পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ১২৪.৪০ বিলিয়ন টাকা (৮.৭২%) বৃদ্ধি পেয়ে ২০০৬ সালের ফেব্রুয়ারি মাস শেষে ১৫৫০.৫৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে মোট ব্যাংক আমানতের পরিমাণ ১০০.২৪ বিলিয়ন টাকা (৮.২৭%) বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য সময়ে মোট ব্যাংক আমানতের মধ্যে মেয়াদি আমানত ১১৭.২৩ বিলিয়ন টাকা (১০.১০%) এবং সরকারি আমানত ৪.৪৩ বিলিয়ন টাকা (৪.৫৭%) এবং তলবি আমানত ২.৩৬ বিলিয়ন টাকা (১.৪০%) বৃদ্ধি পায়। পূর্ববর্তী বছরের একই সময়ে মেয়াদি আমানত ৯০.২৭ বিলিয়ন টাকা (৯.০৯%), সরকারি আমানত ৭.৫৬ বিলিয়ন টাকা (১০.১৭%) এবং তলবি আমানত ১.৪৪ বিলিয়ন টাকা (০.৯৯%) বৃদ্ধি পেয়েছিল। সারণি-৫-এ ব্যাংক আমানতের উপাত্ত দেয়া হয়েছে।

ব্যাংক ঋণ

তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক ২০০৫-'০৬ অর্থ বছরের প্রথম আট মাসে প্রদত্ত ঋণের স্থিতির পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ১৪৮.১৩ বিলিয়ন টাকা (১২.২৬%) বৃদ্ধি পেয়ে ২০০৬ সালের ফেব্রুয়ারি শেষে ১৩৫৬.২১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে ব্যাংক ঋণের পরিমাণ ৯৯.৩১ বিলিয়ন টাকা (৯.৭৩%) বৃদ্ধি পেয়ে ১১১৯.৬৯ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত মোট ব্যাংক ঋণের মধ্যে বেসরকারি খাতে ঋণ ১১৬.৯২ বিলিয়ন টাকা (১০.৫৬%) বৃদ্ধি পেয়ে ১২২৩.৬৬ বিলিয়ন টাকা এবং সরকারি খাতে ৩১.২১ বিলিয়ন টাকা (৩০.৮০%) বৃদ্ধি পেয়ে ১৩২.৫৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়ে বেসরকারি খাতে ব্যাংক ঋণ ১০৭.১১ বিলিয়ন টাকা (১১.৩২%) বৃদ্ধি ও সরকারি খাতে ৭.৮০ বিলিয়ন টাকা (১০.৫৪%) হ্রাস পেয়েছিল। সারণি-৬-এ খাতওয়ারি ব্যাংক ঋণ প্রবাহ দেখানো হয়েছে।

শহর ও পল্লী এলাকায় আমানত ও আগাম

শহর ও পল্লী এলাকার মধ্যে আমানত সংগ্রহ ও আগাম প্রবাহের ক্ষেত্রে সামান্য পরিবর্তন দেখা যায়। আলোচ্য অর্থ বছরে পল্লী এলাকায় আমানত সংগ্রহের পরিমাণ এবং আগামের প্রবাহ উভয়ই গত বছরের তুলনায় হ্রাস পায়। ১৯৯৬ সালের জুন শেষে মোট আমানতে পল্লী আমানতের অংশ ছিল শতকরা ২২.৭০ ভাগ, যা বিভিন্ন সময়ে উঠা-নামা করে ২০০৫ সালের ডিসেম্বর শেষে শতকরা ১৪.২৭ ভাগে দাঁড়িয়েছে। পক্ষান্তরে, উক্ত সময়ে মোট আগামে পল্লীর অংশ শতকরা ১৯.৭০ ভাগ হতে বিভিন্ন সময়ে উঠা-নামার মাধ্যমে ডিসেম্বর ২০০৫ শেষে শতকরা ১০.০২ ভাগে এসে দাঁড়িয়েছে। সারণি-৭-এ সন্নিবেশিত পরিসংখ্যান থেকে দেখা যায় যে, পল্লী এলাকায় সংগৃহীত আমানতের চেয়ে সেখানে প্রদত্ত আগামের হার বরাবরই উল্লেখযোগ্যভাবে কম। এতে পল্লী এলাকায় সংগৃহীত আমানত শহর এলাকায় স্থানান্তরের প্রতিফলন দেখা যায়। পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার সারণি-৭-এ দেখানো হলো।

নগদ জমা সংরক্ষণ আবশ্যিকতা (CRR)

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে ও ব্যাংকসমূহের অতিরিক্ত জমার ব্যবহার সীমিতকরণের লক্ষ্যে ১ অক্টোবর ২০০৫ হতে তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে নগদ জমা সংরক্ষণের হার (CRR) দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ন্যূনতম শতকরা ৪.৫০ ভাগ থেকে শতকরা ৫.০০ ভাগে বৃদ্ধি করা হয় এবং কোনো দিনই এ সংরক্ষণের পরিমাণ শতকরা ৪.০০ ভাগ-এর কম হবে না। আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে এ হার শতকরা ২.৫০ ভাগে অপরিবর্তিত রয়েছে। তবে ১ ডিসেম্বর ২০০৪ থেকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক শতকরা ২.৫০ ভাগ হারে নগদ জমা (CRR) সংরক্ষণ করবে এবং কোনো দিনই এ সংরক্ষণের পরিমাণ শতকরা ২.০০ ভাগ-এর কম হবে না।

সারণি-৪

রিজার্ভ মুদ্রা ও তার কারণসূচক উপাদানসমূহ

(বিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০০৬	জুন ২০০৫	পরিবর্তন	
			জুলাই-ফেব্রুয়ারি ২০০৫-২০০৬	জুলাই-ফেব্রুয়ারি ২০০৪-২০০৫
রিজার্ভ মুদ্রা (ক+খ+গ+ঘ)	৩৪৪.২৩	২৯৫.৪৭	৪৮.৭৬	১৬.১৭
ক) ইস্যুকৃত মুদ্রা ও নোট	২৩৩.৯৩	২০৩.২৮	৩০.৬৫	২২.১৬
খ) বাংলাদেশ ব্যাংকে ব্যাংকসমূহের নগদ জমা	১০৭.৫৬	৯০.৪১	১৭.১৫	-৬.৫২
গ) অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের নগদ জমা	০.৪২	১.৪৪	-১.০২	০.০৮
ঘ) সরকারি সংস্থার আমানত	২.৩২	০.৩৪	১.৯৮	০.৪৬
রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসূচক উপাদানসমূহ :				
ক) বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ	১৫৬.৪৫	১৫১.২৭	৫.১৮	২৬.২৬
খ) বাংলাদেশ ব্যাংকের নীট অভ্যন্তরীণ সম্পদ(১+২)	১৮৭.৭৮	১৪৪.২০	৪৩.৫৮	-১০.০৯
১) অভ্যন্তরীণ ঋণ (ক+খ+গ+ঘ)	২৫৬.৪৭	২২৯.৭৮	২৬.৬৯	-১১.৭৩
ক) সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা (নীট)	১৮৭.১১	১৫৭.২৪	২৯.৮৭	-৯.৪০
খ) রপ্তায়িত খাতের কাছে পাওনা	৯.৭২	১০.৫৬	-০.৮৪	-১.৩৭
গ) তফসিলী ব্যাংকসমূহের কাছে পাওনা	৫৮.৮৭	৬১.৩৩	-২.৪৬	-১.৪৮
ঘ) অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কাছে পাওনা	০.৭৭	০.৬৫	০.১২	০.৫২
২) অন্যান্য সম্পদ (নীট)	-৬৮.৬৯	-৮৫.৫৮	১৬.৮৯	১.৬৩

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ব্যাংক আমানত

(বিলিয়ন টাকায়)

মাস/বছর	মোট আমানত*	মোট আমানতের পরিবর্তন	মোট আমানতের শতকরা অংশ হিসাবে			
			তলবি আমানত	মেয়াদি আমানত	সরকারি আমানত	নিয়ন্ত্রিত আমানত
২০০৪						
মার্চ	১১৩৬.৯৮	৮.৭৭	১১.১২	৮২.৯২	৫.৮৪	০.০২
জুন	১২১৩.৪৭	৭৬.৪৯	১২.০৪	৮১.৮১	৬.১৩	০.০২
সেপ্টেম্বর	১২৪৩.৩৭	২৯.৯০	১১.০৮	৮২.৭৭	৬.১৩	০.০২
ডিসেম্বর	১৩১৭.৫৮	৭৪.২১	১১.৫৪	৮২.২৪	৬.২১	০.০২
২০০৫						
মার্চ	১৩২৯.৯৯	-২.৩৫	১১.১৯	৮২.৫৭	৬.১২	০.০২
জুন	১৪২৬.১৯	১১০.৯৬	১১.৮১	৮১.৩৭	৬.৮০	০.০২
সেপ্টেম্বর	১৪৫৮.১৩	৮৬.১০	১১.২৯	৮২.২০	৬.৪৯	০.০২
ডিসেম্বর	১৫৪৪.২৩	৬.৩৬	১১.২৯	৮১.৯৭	৬.৭২	০.০২
২০০৬						
ফেব্রুয়ারি	১৫৫০.৫৯	-৪.৮৭	১১.০২	৮২.৪০	৬.৫৪	০.০৪

* নিয়ন্ত্রিত আমানত (Restricted Deposit) সহ এবং আন্তঃব্যাংক লেনদেন বাদে।

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক তরল সম্পদ

সংরক্ষণ আবশ্যিকতা (SLR)

১ নভেম্বর ২০০৫ তারিখ থেকে ইসলামী শরীয়াহভিত্তিক এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ব্যতীত তফসিলী ব্যাংকসমূহের তরল সম্পদ সংরক্ষণের আবশ্যিক হার (SLR) তাদের মোট দায় (তলবি ও মেয়াদি)-এর শতকরা ১৬ ভাগ থেকে শতকরা ১৮ ভাগে বৃদ্ধি করা হয়েছে। ইসলামী ব্যাংকসমূহ (ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ, আল আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিঃ, শাহজালাল ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ এবং ব্যাংক আল ফালাহ লিঃ) কর্তৃক তরল সম্পদ সংরক্ষণের আবশ্যিক হার তাদের মোট দায়-এর শতকরা ১০ ভাগে অপরিবর্তিত রয়েছে। অপরদিকে, বিশেষায়িত ব্যাংকগুলোকে তরল সম্পদ সংরক্ষণের দায় হতে অব্যাহতি আলোচ্য সময়েও বলবৎ রয়েছে।

ব্যাংক রেট

৬ নভেম্বর ২০০৩ তারিখে ব্যাংক রেট শতকরা ৬ ভাগ থেকে কমিয়ে শতকরা ৫ ভাগে নির্ধারণ করা হয়, যা আলোচ্য সময়েও অপরিবর্তিত আছে। ব্যাংক ঋণে উচ্চ মাত্রার প্রকৃত সুদের হার কমিয়ে আনার লক্ষ্যে ব্যাংক রেট হ্রাস করা হয়।

৬

সুদহার

মূল্যস্ফীতির ক্রমশ উচ্চ হারের কারণে আলোচ্য অর্থ বছরে কিছুটা সংকোচনমূলক মুদ্রানীতি গ্রহণ করা হয় এবং আমানত ও ঋণের সুদহারে কিছুটা উর্ধ্বগতি পরিলক্ষিত হয়। আলোচ্য অর্থ বছরে সঞ্চয়পত্রের মুনাফার হার বৃদ্ধিপূর্বক ব্যাংকগুলোর তহবিলের যোগান হ্রাস ও তহবিল ব্যয় বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের ফলে ব্যাংক ঋণের সুদহার কিছুটা উর্ধ্বগামী হয়।

২০০৫-'০৬ অর্থ বছরে অর্থ, ঋণ ও মুদ্রানীতির ক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ ছিল নিম্নরূপঃ

১) পুনঃতফসিলীকরণকৃত ঋণগ্রহীতার এক বছরের মধ্যে অথবা সম্পূর্ণ ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত (যেটি আগে ঘটে) নতুন কোনো ঋণ সুবিধা না পাওয়ার বিষয়টি বিবেচনায় রেখে ১৪ ফেব্রুয়ারি ২০০৬ থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ঋণ পুনঃতফসিলীকরণকৃত ঋণগ্রহীতাগণকে নতুন ঋণ সুবিধা প্রদানের নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

❖ সুদ মওকুফ সুবিধা ভোগকারী খেলাপী ঋণগ্রহীতাগণ কর্তৃক ব্যাংক থেকে যে কোনো অতিরিক্ত ঋণ সুবিধা নেয়ার ক্ষেত্রে অবশ্যই

আপোসকৃত পরিমাণের (বর্তমান নিয়মানুসারে পুনঃতফসিলীকরণের সময় এককালীন পরিশোধ ব্যতীত) শতকরা ১৫ ভাগ নিষ্পত্তিকরণ;

- ❖ অন্য ব্যাংক থেকে ঋণ নেয়ার ক্ষেত্রে পুনঃতফসিলীকরণের সময় এককালীন পরিশোধ ব্যতীত আপোসকৃত পরিমাণের শতকরা ১৫ ভাগ নিষ্পত্তি করার পর পুনঃতফসিলকারী ব্যাংকের NOC (No Objection Certificate) দাখিল এবং
 - ❖ রপ্তানি ঋণগ্রহীতাগণকে (ইচ্ছাকৃতভাবে খেলাপী নয় প্রমাণিত হওয়ার পর) আপোসকৃত পরিমাণের ন্যূনতম শতকরা ৭.৫ ভাগ (বর্তমান নিয়মানুসারে পুনঃতফসিলীকরণের সময় এককালীন পরিশোধ ব্যতীত) নিষ্পত্তিকরণ সাপেক্ষে প্রয়োজনে পুনরায় ঋণ সুবিধা প্রদান।
- ২) আমানতকারীদের স্বার্থ রক্ষার্থে তথ্য প্রযুক্তি স্থাপন এবং তথ্য প্রযুক্তি পরিচালনায় নিরাপত্তা নিশ্চিতকল্পে অননুমোদিতভাবে তথ্যের রূপান্তর, প্রকাশ ও ধ্বংস রোধের লক্ষ্যে ব্যাংকসমূহকে যথাযথ ব্যবস্থা গ্রহণের পরামর্শ দান এবং এ লক্ষ্যে তফসিলী ব্যাংকসমূহের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক minimum security

standard সম্বলিত একটি IT গাইডলাইন প্রস্তুত করে তা CD-ROM-এর মাধ্যমে ব্যাংকসমূহের নিকট প্রেরণ করা হয়।

- ৩) ঋণ শৃঙ্খলা জোরদারকরণ ও ঋণ শ্রেণীবিন্যাস নীতিমালা আন্তর্জাতিক মানে উন্নীতকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঋণ শ্রেণীবিন্যাস ও প্রভিশনিং নীতিমালা পরিবর্তনের অংশ হিসেবে ইতোমধ্যে Special Mention Account (SMA) প্রবর্তন এবং উক্ত Special Mention Account-এ রক্ষিত বকেয়ার উপর ৫ শতাংশ হারে সাধারণ প্রভিশন সংরক্ষণের ব্যবস্থা চালু করা হয়।
- ৪) Risk Grading System বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি সমন্বিত Credit Risk Grading ম্যানুয়াল প্রস্তুত করে তা CD-ROM-এর মাধ্যমে ব্যাংকসমূহের নিকট প্রেরণ এবং প্রেরিত এ ম্যানুয়াল-এ প্রদত্ত Risk Grading Matrix-এর আলোকে ব্যাংকসমূহ কর্তৃক তাদের ব্যবসার আকার ও ধরনের উপর ভিত্তি করে উচ্চমান সম্পন্ন Risk Grading System গ্রহণ করা হয়।
- ৫) সরকারি সিকিউরিটিজ-এর ফেয়ার ভ্যালু একাউন্টিং-এর ব্যাপকতর প্রয়োগ এবং ইস্যু পরবর্তী সেকেন্ডারি

ব্যাংক ঋণ				সারণি-৬ (বিলিয়ন টাকায়)
মাস/বছর	ব্যাংক ঋণ *			মোট ব্যাংক ঋণের পরিবর্তন
	সরকারি খাত	বেসরকারি খাত	মোট	
২০০৪				
মার্চ	৬৬.১৮	৮৯২.০১	৯৫৮.১৯	৫৫.০৯
জুন	৭৪.০৩	৯৪৬.৩৫	১০২০.৩৮	৬২.১৯
সেপ্টেম্বর	৭৪.২২	৯৭৭.১০	১০৫১.৩২	৩০.৯৪
ডিসেম্বর	৭১.০০	১০৩৭.২০	১১০৮.২০	৫৬.৮৮
২০০৫				
মার্চ	৮৫.৩৪	১০৬৫.০২	১১৫০.৩৬	২৯.৭৭
জুন	১০১.৩৪	১১০৬.৭৪	১২০৮.০৮	৫৭.৭২
সেপ্টেম্বর	১১৮.৭৬	১১৪৪.৭৪	১২৬৩.৫০	৫৫.৪২
ডিসেম্বর	১৪১.৫২	১১৯১.৪৭	১৩৩২.৯৯	৬৯.৪৯
২০০৬				
ফেব্রুয়ারি	১৩২.৫৫	১২২৩.৬৬	১৩৫৬.২১	২৩.২২

* বৈদেশিক বিল এবং আন্তঃব্যাংক লেনদেন বাদে।

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার

(বিলিয়ন টাকায়)

বছর (জুন শেষের অবস্থা)	আমানতের শতকরা হার		আগামের শতকরা হার	
	পল্লী	শহর	পল্লী	শহর
১৯৯৬	২২.৭০	৭৭.৩০	১৯.৭০	৮০.৩০
১৯৯৭	২২.৬৮	৭৭.৩২	১৮.৬৮	৮১.৩৬
১৯৯৮	২২.৮৮	৭৭.১২	১৬.৯৩	৮৩.০৭
১৯৯৯	২২.৭৮	৭৭.২২	১৭.৩২	৮২.৬৮
২০০০	২২.৬২	৭৭.৩৮	১৬.৮৭	৮৩.১৩
২০০১	১৯.৬২	৮০.৩৮	১৪.১৩	৮৫.৮৭
২০০২	১৯.০৮	৮০.৯২	১৩.০২	৮৬.০৮
২০০৩	১৭.৭৬	৮২.২৪	১২.১০	৮৭.৯০
২০০৪	১৫.৮০	৮৪.২০	১০.৮৭	৮৯.১৩
২০০৫	১৫.৪২	৮৪.৫৮	১০.৫২	৮৯.৪৮
২০০৫ (ডিসেম্বর)	১৪.২৭	৮৫.৭৩	১০.০২	৮৯.৯৮

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ক্রয়-বিক্রয়কে উৎসাহিত করার লক্ষ্যে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৩৮ ধারার ৪ (খ) নং টীকায় কিছু পরিবর্তনপূর্বক ব্যাংক কোম্পানি কর্তৃক SLR-এ সংরক্ষিত সিকিউরিটিজসমূহ held to maturity হিসেবে গণ্য এবং উক্ত অংশের পুনঃমূল্যায়নজনিত হ্রাস/বৃদ্ধি মূলধন খাতে হিসাবায়ন এবং SLR পূরণের জন্য প্রয়োজনের অতিরিক্ত ধারণকৃত সরকারি সিকিউরিটিজ held for trading হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

- ৬) তফসিলী ব্যাংকসমূহকে ভোক্তা ঋণ প্রদানের ক্ষেত্রে অশ্রেণীবিন্যাসিত ঋণের বিপরীতে ২ শতাংশ হারে সাধারণ প্রভিশন এবং ভোক্তা ঋণ স্কীমের আওতায় শুধু গৃহায়ণ এবং পেশাজীবীদের ঋণের অশ্রেণীকৃত ঋণের উপর ২ শতাংশ হারে ও ভোক্তা ঋণের অন্যান্য অশ্রেণীকৃত ঋণের উপর ৫ শতাংশ হারে সাধারণ প্রভিশন সংরক্ষণের নির্দেশ প্রদান।
- ৭) আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহী নিয়োগ ও তাদের বেতন-ভাতাদি নিরূপণের ক্ষেত্রে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক অবস্থা, কর্মকাণ্ডের ব্যাপকতা, ব্যবসার পরিমাণ ও উপার্জন ক্ষমতা, সংশ্লিষ্ট ব্যক্তির যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা এবং সমপর্যায়ের অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকসমূহের অনুরূপ পদে নিযুক্ত ব্যক্তিবর্গের প্রদত্ত বেতন-ভাতাদি

বিবেচনায় আনার পরামর্শ দান করা হয়।

- ৮) প্রচলিত নিয়মানুযায়ী আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ১ বছরের কম মেয়াদি আমানত না গ্রহণের বিষয়টিকে বিবেচনায় রেখে ১৯ জুলাই ২০০৫ থেকে শুধু প্রাতিষ্ঠানিক আমানতের ক্ষেত্রে ন্যূনতম ৬ মাস মেয়াদি আমানত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৯) আর্থিক প্রতিষ্ঠানসমূহের মানব সম্পদের শৃঙ্খলা বজায় রাখতে এবং মানব সম্পদ ব্যবহারের ক্ষেত্রে শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপ রোধকল্পে আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর ১৮ (ছ) ধারার আওতায় কতিপয় নীতিমালা যেমন- অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি, নৈতিক স্বলনজনিত কারণে চাকরিচ্যুত কর্মকর্তা/কর্মচারীকে কোনো আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক কোম্পানির চাকরিতে নিয়োগের অযোগ্য বিবেচনা ইত্যাদি অনুসরণের জন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা হয়।
- ১০) নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঝুঁকি ব্যবস্থাপনার উন্নতির লক্ষ্যে কাজ ও দায়িত্বসমূহ পৃথকীকরণ/শ্রেণীবিন্যাসে ন্যূনতম Standard বজায় রাখতে এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের চলমান উন্নয়নকে সহায়তা প্রদানের লক্ষ্যে একটি কার্যকরী ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির ওপর গুরুত্বারোপ করে বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি প্রকল্প গ্রহণ করা হয় এবং আর্থিক

কৃষি ঋণ বিতরণ, আদায় ও স্থিতি

সারণি-৮
(বিলিয়ন টাকায়)

অর্থবছর	বার্ষিক লক্ষ্যমাত্রা	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া
১৯৯১-'৯২	১৩.২২	৭.৯৫	৬.৬২	৫৩৭০
১৯৯২-'৯৩	১৪.৭৪	৮.৪২	৮.৬৯	৫৬.৯৩
১৯৯৩-'৯৪	১৬.৪৩	১১.০১	৯৭৯	৬২.২২
১৯৯৪-'৯৫	১৯.৬৩	১৪.৯০	১১.২৪	৭০.৪৫
১৯৯৫-'৯৬	২২.৪২	১৪.৮২	১২.৭৩	৭৭.৬৯
১৯৯৬-'৯৭	২১.৯৭	১৫.১৭	১৫.৯৪	৮২.৫৬
১৯৯৭-'৯৮	২৩.৫৩	১৬.৪৩	১৬.৯৯	৮৫.১৫
১৯৯৮-'৯৯	৩২.৭০	৩০.০৬	১৯.১৭	৯৭.০৩
১৯৯৯-'০০	৩৩.৩১	২৮.৫১	২৯.৯৬	১০৬.৪৯
২০০০-'০১	৩২.৬৬	৩০.২০	২৮.৭৮	১১১.৩৭
২০০১-'০২	৩৩.২৭	২৯.৫৫	৩২.৬০	১১৩.৫৬
২০০২-'০৩	৩৫.৬১	৩২.৭৮	৩৫.১৬	১১৯.১৩
২০০৩-'০৪	৪৩.৭৯	৪০.৪৮	৩১.৩৫	১২৭.০৬
২০০৪-'০৫	৫৫.৩৮	৪৯.৫৭	৩১.৭১	১৪০.৪০
২০০৫-'০৬ (জুলাই-মার্চ)	৫৫.৪২	৪০.১০	২৮.৭৪	১৫৪.৪৭

উৎস : বাংলাদেশ ব্যাংক।

প্রতিষ্ঠানসমূহের ঝুঁকিগুলোকে ৪টি প্রধান শ্রেণীতে (ঋণ ঝুঁকি; সম্পদ ও দায়/ ব্যালেন্স শীট ঝুঁকি; অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি এবং তথ্য-প্রযুক্তির নিরাপত্তা ঝুঁকি) বিভক্ত করা হয়।

- ১১) অর্থ আইন ২০০৫-এর মাধ্যমে অধ্যাদেশ ১৯৮৪-এর ৫৩F ধারার সংশোধনক্রমে ১ জুলাই ২০০৫ বা তৎপরবর্তী সময় থেকে ব্যাংক ছাড়াও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান অথবা লিজিং কোম্পানি এবং হাউজিং ফাইন্যান্স কোম্পানি কর্তৃক আমানতকারীকে প্রদত্ত সুদ বা মুনাফার উপর ১০ শতাংশ হারে উৎসে আয়কর কর্তনের বিধান চালু করা হয়।
- ১২) ৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে যেসব আর্থিক প্রতিষ্ঠানসমূহের মূলধন ও রিজার্ভ ২৫ কোটি টাকায় উন্নীত হয়েছে এবং এখনও IPO (Initial Public Offering) ইস্যু করেনি, সেসব প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ৩০ জুন ২০০৬-এর পূর্বে কমপক্ষে ৫ কোটি টাকার IPO ইস্যু করার নির্দেশ প্রদান করা হয়।
- ১৩) সকল ব্যাংকে বিদ্যমান ও নতুন খোলা হিসাবসমূহের

গ্রাহক পরিচিতি নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করা হয়।

- ১৪) ব্যাংকিং ব্যবস্থাকে মানি লন্ডারিং মুক্ত রাখার লক্ষ্যে ব্যাংকসমূহকে Correspondent Banking [এক্ষেত্রে Correspondent Banking বলতে এক ব্যাংক (Correspondent) কর্তৃক অন্য ব্যাংক (Respondent)কে ক্রেডিট, ডিপোজিট, কালেকশন, ক্লিয়ারিং, পেমেন্ট বা অনুরূপ অন্য কোনো সেবা প্রদানকে বুঝাবে] সেবা প্রদানের পূর্বে Respondent ব্যাংকের ব্যবসার প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হওয়ার পরামর্শ দান করা হয়।
- ১৫) বিদ্যমান মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২-কে অধিকতর কার্যকর ও সমন্বয়যোগ্য করার লক্ষ্যে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৬-এর প্রস্তাবিত খসড়া প্রণয়ন (সরকারের বিবেচনাধীন) করা হয়।
- ১৬) নগদ লেনদেন সীমিত এবং অপরাধ প্রবণতায় সম্পাদিত নগদ লেনদেন চিহ্নিত করার লক্ষ্যে অধিক

মার্কিন ডলারের সংগে টাকার গড় বিনিময় হার

অর্থবছর	গড় বিনিময় হার
১৯৩-১৪	৪০.০০০৯
১৯১৪-১৫	৪০.২০০৫
১৯১৫-১৬	৪০.৮৩৬৫
১৯১৬-১৭	৪২.৭০০৮
১৯১৭-১৮	৪৫.৪৫৬৩
১৯১৮-১৯	৪৮.০৬৪৪
১৯১৯-২০	৫০.৩১১২
২০০০-০১	৫৩.৯৫৯২
২০০১-০২	৫৭.৪৩৪৭
২০০২-০৩	৫৭.৯০০০
২০০৩-০৪	৫৮.৯৩৫৩
২০০৪-০৫	৬১.৩৯৩৯
২০০৫-০৬ (জুলাই-মার্চ)	৬৬.১৯০১

উৎস : বাংলাদেশ ব্যাংক।

পরিমাণ নগদ লেনদেন সম্পর্কে বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করার বিষয়ে ব্যাংকগুলোকে নির্দেশ প্রদান করা হয়।

- ১৭) অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সম্পর্কে বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করার বিষয়ে ব্যাংকগুলোকে উৎসাহিতকরণ এবং এ বিষয়ে কঠোরতা অবলম্বনের পরামর্শ দান করা হয়।
- ১৮) মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম অধিক কার্যকরভাবে প্রয়োগ করার সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের আওতায় ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (FIU) গঠন করা হচ্ছে।
- ১৯) সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Sanchayapatra Rules-1977 (Amended upto June 30, 2002) অধিকতর সংশোধনপূর্বক একক নামে যে কোনো সঞ্চয়পত্র ক্রয়ের সর্বোচ্চ সীমা পর্যায়ক্রমে ২৫ লক্ষ ও ৫০ লক্ষ টাকায় এবং যুগ্ম-নামে ৫০ লক্ষ ও ১ কোটি টাকায় পুনঃনির্ধারণ করা হয়।
- ২০) পেনশনার সঞ্চয়পত্রে বিনিয়োগের ক্ষেত্রে কতিপয় জটিলতা নিরসনকল্পে সরকার কর্তৃক “পেনশনার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৪”-এর সংশোধন করে ক্রয়সীমা এলপিআর ভোগরত অবস্থায় প্রাপ্ত ভবিষ্যৎ তহবিলের অর্থ এবং অবসর গ্রহণের পর প্রাপ্ত আনুতোষিক মিলিয়ে একক নামে সর্বোচ্চ ৩০(ত্রিশ) লক্ষ টাকায় নির্ধারণ করা হয়।

২১) সরকারি সিকিউরিটিজ বা সরকার কর্তৃক অনুমোদিত সিকিউরিটিজের সুদ বা ডিসকাউন্ট প্রদানের ক্ষেত্রে অগ্রিম (upfront) উৎসে আয়কর কর্তনের নির্দেশনা যথাযথ অনুসরণ এবং ট্রেজারি বিল/বন্ডের অকশনে বিড দাখিলের সময় উক্ত সিকিউরিটিজের মূল্য কর্তনের পাশাপাশি প্রদেয় সুদ বা ডিসকাউন্টের উপর অগ্রিম (upfront) উৎসে আয়কর কর্তনের জন্য বাংলাদেশ ব্যাংক-কে প্রাধিকার (Authority) প্রদান করা হয়েছে।

কৃষি ঋণ

কৃষি ও পল্লী খাতে পর্যাপ্ত ঋণ প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে আলোচ্য বছরে ঋণদানকারী ব্যাংক (রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ) ও বিআরডিবি কর্তৃক ৫৫.৪২ বিলিয়ন টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এ লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০০৬ পর্যন্ত ৪০.১০ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ২০০৪-০৫ অর্থ বছরে এ লক্ষ্যমাত্রা ছিল ৫৫.৩৮ বিলিয়ন টাকা এবং প্রকৃত বিতরণ ছিল ৪৯.৫৭ বিলিয়ন টাকা; যা লক্ষ্যমাত্রার শতকরা ৮৯.৫১ ভাগ। মার্চ ২০০৬ পর্যন্ত কৃষি খাতে বকেয়া ঋণের পরিমাণ দাঁড়ায় ১৫৪.৪৭ বিলিয়ন টাকা। ১৯৯১-৯২ হতে ২০০৫-০৬ অর্থ বছরের মার্চ ২০০৬ পর্যন্ত কৃষি ঋণ পরিস্থিতি সারণি-৮-এ দেখানো হলো।

দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি

রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকগুলো এবং বিআরডিবি'র বার্ষিক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচিতে স্বকর্মসংস্থানমূলক ও আয়-উৎসারী কর্মকাণ্ডের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে ক্ষুদ্র ঋণদান কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে। বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার অন্যান্য শতকরা ২৫ ভাগ উল্লিখিত দারিদ্র্য দূরীকরণ কর্মসূচির জন্য নির্ধারিত রাখা হয়। আলোচ্য অর্থ বছরের ডিসেম্বর ২০০৫ পর্যন্ত উল্লিখিত ব্যাংকগুলো এবং বিআরডিবি এসব দারিদ্র্য দূরীকরণ খাতে ঋণ হিসেবে ৬.৩৭৭ বিলিয়ন টাকা বিতরণ করেছে।

বৈদেশিক মুদ্রা বিনিময় হার

বৈদেশিক মুদ্রার বিনিময় হার নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ গত এক দশকের উর্ধ্বে নমনীয় মুদ্রা বিনিময় ব্যবস্থা অনুসরণ করে আসছিল। আন্তর্জাতিক বাজারে রপ্তানি প্রতিযোগিতা ক্ষমতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক মূলতঃ প্রধান বাণিজ্য সহযোগী দেশগুলোর মুদ্রাবুড়ির

সারণি-১০

বৈদেশিক মুদ্রার রিজার্ভ
(বিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছর	বৈদেশিক মুদ্রার রিজার্ভ
১৯৯৩-৯৪	২.৭৭
১৯৯৪-৯৫	৩.০৭
১৯৯৫-৯৬	২.০৪
১৯৯৬-৯৭	১.৭২
১৯৯৭-৯৮	১.৭৪
১৯৯৮-৯৯	১.৫২
১৯৯৯-০০	১.৬০
২০০০-০১	১.৩১
২০০১-০২	১.৫৮
২০০২-০৩	২.৪৭
২০০৩-০৪	২.৭১
২০০৪-০৫	২.৯৩
২০০৫-০৬ (৩ মে ২০০৬ শেষে)	৩.১৭

উৎস : বাংলাদেশ ব্যাংক।

বাণিজ্য-ভারীত প্রকৃত কার্যকর বিনিময় হার (Real Effective Exchange Rate-REER) সূচকের ভিত্তিতে টাকার বিনিময় হার সমন্বয় সাধনের নীতি অনুসরণ করত। পরবর্তীতে ৩১ মে ২০০৩ থেকে বাজারভিত্তিক ভাসমান বিনিময় হার ব্যবস্থা চালু করা হয়, যেখানে বৈদেশিক মুদ্রার বিনিময় হার মুদ্রার চাহিদা ও যোগানের ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে। তবে এ বিনিময় হারকে স্থিতিশীল রাখতে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনে সরাসরি বৈদেশিক মুদ্রা (মার্কিন ডলারে) ক্রয়-বিক্রয় করে থাকে। ২০০৩ সালের শেষ হতে এপ্রিল ২০০৪ পর্যন্ত মার্কিন ডলারের বিপরীতে টাকার মূল্যমান কিছুটা দুর্বল পরিলক্ষিত হলেও এর পরবর্তী সময় থেকে আগস্ট ২০০৪ পর্যন্ত টাকার মূল্য অনেকটা স্থিতিশীল হয় এবং আগস্ট ২০০৪ হতে মার্চ ২০০৬ পর্যন্ত টাকার বিপরীতে মার্কিন ডলারের মূল্য বেশ তেজিভাব পরিলক্ষিত হয়। মূলতঃ বেসরকারি খাতের দ্রুত উন্নয়ন ও ঋণ প্রবাহ বৃদ্ধি, মূলধনী যন্ত্রপাতি ও প্রাথমিক পণ্যের আমদানি বৃদ্ধি এবং আন্তর্জাতিক বাজারে তেলের মূল্য বৃদ্ধির কারণে আলোচ্য সময়ে টাকার বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময় হারে এ তেজিভাবের সৃষ্টি হয়। তবে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক সার্বক্ষণিক তদারকি ও উল্লেখযোগ্য পরিমাণে বৈদেশিক মুদ্রা বিক্রয়ের ফলে বৈদেশিক মুদ্রার চাহিদা ও যোগানের সমন্বয় সাধনের মাধ্যমে বর্তমানে এ হার অনেকটা স্থিতিশীল

রয়েছে। ৩০ জুন ২০০৫ তারিখে অফিসিয়াল আন্তঃব্যাংক মুদ্রা বিনিময় বাজারে মার্কিন ডলারের সংগে টাকার বিনিময় হার ৬৩.৭৩ টাকা এবং ৬৩.৭৯ টাকার মধ্যে স্থিতিশীল ছিল। তবে খোলা বাজারে এ বিনিময় হার আন্তঃব্যাংক বাজারের চেয়ে কিছুটা বেশি থাকলেও মোটামুটিভাবে তা স্থিতিশীল ছিল। ২০ এপ্রিল ২০০৬ তারিখে এ বাজারে বিনিময় হার ৭০.০০ থেকে ৬৯.১৫ টাকার মধ্যে উঠা-নামা করে। ১৯৯৩-৯৪ অর্থবছর থেকে ২০০৫-০৬ (জুলাই-মার্চ) পর্যন্ত মার্কিন ডলারের সংগে টাকার গড় বিনিময় হার সারণি-৯-এ দেখানো হলো।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

রপ্তানি আয়ের প্রবৃদ্ধি এবং প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধির ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ ৩০ জুন ২০০৫-এ ২.৯৩ বিলিয়ন ডলারে দাঁড়ায়; যা পূর্ববর্তী অর্থ বছরে ছিল ২.৭০৫ বিলিয়ন ডলার। ৩ মে ২০০৬ তারিখে বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৩.১৭ বিলিয়ন ডলার। জুন ১৯৯৪ থেকে জুন ২০০৫ পর্যন্ত বছরওয়ারী এবং সর্বশেষ প্রাপ্ত ০৩-০৫-২০০৬ তারিখের বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের গতিধারা সারণি ১০-এ দেখানো হলো।

প্রবাসীদের প্রেরিত অর্থ (রেমিট্যান্স)

প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের মোট পরিমাণ ১৯৯২-৯৩ অর্থ বছরে ৫৩১ মিলিয়ন ডলারের তুলনায় শতকরা ৫৬.২৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১৯৯৬-৯৭ অর্থ বছরে ১৪৭৫ মিলিয়ন ডলারে দাঁড়ায়, যা পুনরায় শতকরা ৩২.১৪ ভাগ বৃদ্ধি পেয়ে ১৯৯৯-০০ অর্থ বছরে ১৯৪৯ মিলিয়ন ডলার-এ উন্নীত হয়। ২০০০-০১ অর্থ বছরে প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৩.৪ ভাগ হ্রাস পেয়ে ১৮৮২ মিলিয়ন ডলারে নেমে আসলেও ২০০১-২০০২ অর্থ বছরে তা শতকরা ৩২.৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২৫০১ মিলিয়ন ডলারে দাঁড়ায়। ২০০৪-০৫ অর্থ বছরে প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ পূর্ববর্তী বছরের শতকরা ১৪.১২ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৮.৪৮ মিলিয়ন ডলারে দাঁড়ায়। বিদেশে কর্মরত বাংলাদেশীদেরকে বৈধ পন্থায় (official channel-এ) দেশে টাকা প্রেরণে উৎসাহিতকরণে বিভিন্ন পদক্ষেপ যেমন- বিদেশে এক্সচেঞ্জ হাউস স্থাপন ও দেশের অভ্যন্তরে প্রেরিত অর্থ দ্রুত হস্তান্তর এবং মানি-লন্ডারিং প্রতিহতকরণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ ইত্যাদি রেমিট্যান্স বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখে।

সাময়িক তথ্য অনুযায়ী ২০০৫-'০৬ অর্থ বছরের প্রথম নয় মাসে (জুলাই-মার্চ) প্রবাসীদের প্রেরিত মোট অর্থের পরিমাণ দাঁড়ায় ৩৪৭৬.৩৬ মিলিয়ন ডলার; যা পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ের তুলনায় ৮০৪.৭৭ মিলিয়ন ডলার বা শতকরা ২৩.১৫ ভাগ বেশি। ১৯৯২-'৯৩ থেকে ২০০৫-'০৬ অর্থ বছরের মার্চ ২০০৬ পর্যন্ত প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের পরিমাণ সারণি-১১-এ দেখানো হলো।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম

আর্থিক প্রতিষ্ঠানসমূহ মূলতঃ দেশের শিল্প, বাণিজ্য, কৃষি ও গৃহায়ন খাতে ঋণ/লীজ প্রদান করে থাকে। বিদ্যমান ২৮টি আর্থিক প্রতিষ্ঠান এ সকল খাতে ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত মোট ৫৭.৯৩ বিলিয়ন টাকা অর্থায়ন করেছে, যা বিগত বছরের তুলনায় শতকরা ৮.৯৩ ভাগ বেশি। জুন ২০০৫ শেষে আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ ছিল মোট ১২.৪৬ বিলিয়ন টাকা। আর্থিক প্রতিষ্ঠানসমূহের মূলধন ঘাটতি পূরণ তথা মূলধন বাজার উন্নয়নের লক্ষ্যে যে সকল প্রতিষ্ঠানের মূলধন ঘাটতি রয়েছে, তাদেরকে জুন ২০০৫-এর মধ্যে এবং যাদের মূলধন ইতোমধ্যে ০.২৫ বিলিয়নে উন্নীত হয়েছে, তাদেরকে

২০০৫-এর মধ্যে কমপক্ষে ৫০০ মিলিয়ন টাকার আইপিও ইস্যুর নির্দেশনা দেয়া হয়েছে। বিনিয়োগ পরিস্থিতি পর্যালোচনা ও ঋণ/লীজ আদায় জোরদার করার জন্য ব্যাংকগুলোর ন্যায় আর্থিক প্রতিষ্ঠানসমূহেও সম্পদের শ্রেণীবিন্যাস ও প্রতিশন সংরক্ষণের নিয়ম চালু হয়েছে। ডিসেম্বর ২০০৫ শেষে আর্থিক প্রতিষ্ঠানগুলোর শ্রেণীবিন্যাসিত ঋণ/লীজ-এর হার ৬.০৭, যা গত বছরের তুলনায় ০.০১ পার্সেন্টেজ পয়েন্ট কম। তবে মোট শ্রেণীবিন্যাসিত ঋণ/লীজ হতে সুদ সাসপেস ও শ্রেণীবিন্যাসিত ঋণ/লীজের বিপরীতে সংরক্ষিত প্রকৃত প্রতিশন বাদ দিয়ে এর পরিমাণ দাঁড়ায় মাত্র ১.১৩%।

ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন্স ডেভেলপমেন্ট প্রজেক্ট (এফআইডিপি)

বাংলাদেশ সরকার এবং আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে গত ২৯-০৯-১৯৯৯ তারিখে স্বাক্ষরিত ডেভেলপমেন্ট ক্রেডিট এগ্রিমেন্ট (ডিসিএ) অনুসারে ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন্স ডেভেলপমেন্ট প্রজেক্ট (এফআইডিপি) নামক পাঁচ বছর মেয়াদি প্রকল্পটি ১৪ ফেব্রুয়ারি ২০০০ হতে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। প্রকল্পটির সংশোধিত মেয়াদ ধরা হয়েছে জুন ২০০৬ পর্যন্ত। প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল দেশের শিল্প খাতে গতিশীল প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে স্থানীয় সূত্র হতে সম্পদ আহরণ করে উৎপাদনমুখী খাতে দীর্ঘমেয়াদি অর্থায়নের যোগ্য করে আর্থিক প্রতিষ্ঠানগুলোকে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা। প্রকল্পে মোট অর্থায়নের পরিমাণ ৫৭.৬৯ মিলিয়ন ইউএস ডলার (আইডিএ-৪৬.৯০, বাংলাদেশ সরকার-৫.৪১ ও অন্যান্য-৫.৩৮)। বাংলাদেশ ব্যাংক বাস্তবায়নকারী সংস্থা হিসেবে এ প্রকল্পের কার্যক্রম পরিচালনা করছে। প্রকল্পের আওতায় প্রকল্পে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানগুলোকে (পিএফআই) ক্রেডিট, ব্রীজ ও স্ট্যান্ডবাই সুবিধা প্রদান করার ব্যবস্থা ছিল। তাছাড়া মধ্য ও দীর্ঘমেয়াদি সম্পদ সংগ্রহের উদ্দেশ্যে পিএফআই কর্তৃক ডিবেঞ্চার ও বন্ড ইস্যুকরণের পাশাপাশি তাদের প্রদত্ত ঋণ/লীজকে সিকিউরিটাইজ করে "CLO (Collateralised Loan/Lease Obligation)" আকারে বাজারে জনগণ, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংকের নিকট তা বিক্রি করার নিমিত্তে প্রকল্প হতে আর্থিক ও কারিগরি সহায়তাও প্রদান করা হচ্ছে। দেশে একটি শক্তিশালী পুঁজিবাজার প্রতিষ্ঠাকরণ, জাতীয় সঞ্চয় স্কীমের পুনর্গঠন, ট্রেজারি বন্ডের সেকেন্ডারি মার্কেট স্থাপন, বন্ড/ডিবেঞ্চারের ইস্যুকরণ ও বিপণন পদ্ধতি নির্ধারণ, আন্তর্জাতিকভাবে স্বীকৃত CLO-এর

সারণি-১১ প্রবাসীদের প্রেরিত বছরওয়ারী অর্থের পরিমাণ (মিলিয়ন মার্কিন ডলার)	
অর্থবছর	প্রেরিত অর্থের পরিমাণ
১৯৯২-'৯৩	৯৪৪
১৯৯৩-'৯৪	১০৮৯
১৯৯৪-'৯৫	১১৯৮
১৯৯৫-'৯৬	১২১৭
১৯৯৬-'৯৭	১৪৭৫
১৯৯৭-'৯৮	১৫২৫
১৯৯৮-'৯৯	১৭০৬
১৯৯৯-'০০	১৯৪৯
২০০০-'০১	১৮৮২
২০০১-'০২	২৫০১
২০০২-'০৩	৩০৬২
২০০৩-'০৪	৩৩৭২
২০০৪-'০৫	৩৮৪৮
২০০৫-'০৬ (জুলাই-মার্চ)	৩৪৭৬

উৎস : বাংলাদেশ ব্যাংক।

মতো একটি প্রোডাক্ট চালু করা ছাড়াও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সার্বিক উন্নয়ন ও SEC-এর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ, তথ্য প্রযুক্তির উচ্চতম ব্যবহার নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করাও প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

এ পর্যন্ত (২৭ মার্চ ২০০৬) এফআইডিপি-এর আওতায় প্রকল্পে অংশগ্রহণকারী ৬টি আর্থিক প্রতিষ্ঠান (পিএফআই)-এর ১৪৫ টি সাবপ্রজেক্ট-এর বিপরীতে মোট ২.৬৩ বিলিয়ন টাকা (৪৫.৩৯ মিলিয়ন ইউএস ডলার) বিতরণ করা হয়েছে। পিএফআই উক্ত সময়ে মোট ২.০২ বিলিয়ন টাকা পরিশোধ করেছে। সিকিউরিটাইজড ডেট (debt) ইস্যুইন্সট্রুমেন্ট ইস্যুর মাধ্যমে তহবিল সংগ্রহ করার লক্ষ্যে একটি সহায়ক পরিবেশ গড়ে তোলার জন্য বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে। সিকিউরিটাইজেশন প্রক্রিয়ায় স্পেশাল পারপাস ভেহিকল (এসপিভি) নামক আইনগত সত্ত্বাকে স্ট্যান্ডার্ড স্ট্রাকচার, মূল্য সংযোজন কর ও আয়কর পরিশোধ হতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অব্যাহতি দেয়া হয়েছে। সিকিউরিটিজ এন্ড

এক্সচেঞ্জ কমিশন সিকিউরিটাইজেশন-এর ক্ষেত্রে প্রযোজ্য সম্মতি ফি (consent fee) কমিয়েছে। ইতোমধ্যে ৩টি পিএফআই ৯৪৮.৬ মিলিয়ন টাকা অভিহিত মূল্যমানের জিরো কুপন বন্ড ইস্যু করেছে। তাছাড়া প্রাইভেট প্রেসমেন্ট-এর মাধ্যমে ৬টি পিএফআই এ পর্যন্ত মোট ১.৪১ বিলিয়ন টাকা মূল্যমানের বন্ড/ডিবেঞ্চার ইস্যু করেছে। প্রকল্পের আওতায় লিকুইডিটি ব্যবস্থাপনার অংশ হিসেবে জুন ২০০২ হতে ট্রেজারি বিলে বিনিয়োগ করে মোট ২০১.২০ মিলিয়ন টাকা আয় হয়েছে। এফআইডিপিতে অনুসৃত সিকিউরিটাইজেশন প্রক্রিয়ার আলোকে যমুনা বহুমুখী প্রকল্পের রিসিভেবলস-এর সিকিউরিটাইজেশন-এর বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

সম্প্রতি সরকার অনুমোদিত ব্যক্তি খাতের অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্থায়নের নিমিত্তে ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফাইন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) নামক একটি প্রকল্পের কার্যক্রম শুরুর জন্য বিশ্বব্যাংকের সংগে নেগোসিয়েশন সম্পন্ন হয়েছে। প্রস্তাবিত আইপিএফএফ-এ

সারণি-১২

গৃহায়ন তহবিলের অধীনে ঋণ বরাদ্দ, বিতরণ এবং আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	১৯৯৮-'৯৯ থেকে ২০০২-'০৩ পর্যন্ত (পুঞ্জীভূত)	২০০৩-'০৪	২০০৪-'০৫	২০০৫-'০৬ (মার্চ পর্যন্ত পুঞ্জীভূত)
ক) বরাদ্দ				
১) ঋণ	৭৯৩.০	২৯১.৫০	২৬৮.৭০	১৭২৫.৬০
২) অনুদান	১২০.০	-	-	৩৩০.০০
মোট :	৯১৩.০	২৯১.৫০	২৬৮.৭০	২০৫৫.৬০
খ) বিতরণ				
১) ঋণ	৪৮৮.৮	২০০.৪০	১৫৩.৫০	৯২৬.১০
২) অনুদান	১০৫.৮	-	-	১০৫.৮০
মোট	৫৯৪.২	২০০.৪০	১৫৩.৫০	১০২৮.৫০
গ) আদায়				
১) ল্যামাত্রা	১৭৯.৪	৬১.২০	৭৫.৯০	৩৯২.৯০
২) অর্জন	১৪৯.৩	৫৪.৬০	৭১.৩০	৩৪০.৮০
৩) অর্জনের হার (%)		৮৯.০০	৯৪.০০	৮৭.০০
ঘ) সুবিধাভোগী				
১) নির্মিত গৃহসংখ্যা	২৩০১০	৩৬৪৫	৬০০৮	৩৬০০০
২) উপকৃত লোকসংখ্যা	১১৫০৫০	১৮২২৫	৩০০৪০	১৮০০০০

উৎস : গৃহায়ন তহবিল, বাংলাদেশ ব্যাংক।

আইডিএ সহজ শর্তে ৫০.০০ মিলিয়ন ইউএস ডলার ঋণ প্রদান করবে। প্রস্তাবিত প্রকল্প হতে বিভিন্ন অবকাঠামো যেমন- বিদ্যুত উৎপাদন, সঞ্চালন ও বিতরণ, বন্দর (স্থল, জল ও বিমান) নির্মাণ ও উন্নয়ন, শিল্প বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক-মহাসড়ক, ফ্লাইওভার ও বিভিন্ন এক্সপ্রেসওয়ে নির্মাণ, পানি সরবরাহ ও স্যুরেজ ব্যবস্থাপনা এবং শিল্প এসেট ও পার্ক উন্নয়ন প্রভৃতি খাতে অর্থায়ন করা হবে। তবে বিদ্যুত উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতে অগ্রাধিকার ভিত্তিতে অর্থায়ন করা হবে।

গৃহায়ন তহবিল

দেশের গৃহহীন, দরিদ্র ও নিম্নবিত্ত জনগোষ্ঠী বিশেষ করে, গ্রামীণ গৃহহীন পরিবারের বাসস্থান সমস্যা নিরসন তথা দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ১৯৯৭-'৯৮ অর্থ বছরে ৫০০.০০ মিলিয়ন টাকা বাজেট বরাদ্দের মাধ্যমে গৃহায়ন তহবিল গঠন করা হয়। বর্তমানে এ তহবিলে বাজেট বরাদ্দের মাধ্যমে প্রাপ্ত অর্থের পরিমাণ ১.২৩ বিলিয়ন টাকা। তবে সুদ আয়সহ বর্তমানে এ তহবিলের পরিমাণ দাঁড়িয়েছে ১.৫৭ বিলিয়ন টাকা। উল্লেখ্য, এ তহবিল হতে গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থা অর্থাৎ NGOকে মাত্র শতকরা ১.০০ ভাগ হার সুদে ঋণ প্রদান এবং বাস্তবায়নকারী উক্ত সংস্থা কর্তৃক শতকরা ৫.০০ ভাগ হার সুদে দীর্ঘ মেয়াদে ঋণ পরিশোধের সুবিধাসহ সহজ শর্তে উপকারভোগীদের গৃহ নির্মাণ ঋণ সুবিধা প্রদান করা হয়। গ্রামীণ দরিদ্র জনগণের জন্য গৃহ নির্মাণ কর্মসূচির আওতায় এ তহবিল থেকে মার্চ ২০০৬ পর্যন্ত NGOগুলোর অনুকূলে মোট ১.৫৪ বিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়েছে। প্রদত্ত বরাদ্দের বিপরীতে ৮২৬.১ মিলিয়ন টাকা অবমুক্তকরণ এবং ৩৫৫০০টি ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সারা দেশে মোট ৪০০টি NGO প্রতিষ্ঠান ৬৪টি জেলার ৩৯৫টি উপজেলায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন করেছে। বরাদ্দকৃত অর্থের ব্যবহার সম্পন্ন হলে ৬৯৩৫০টি গৃহ নির্মিত হবে এবং এতে প্রায় ৩৪৬৭৫০ লোক উপকৃত হবে। এছাড়া সরকারি সিদ্ধান্ত মোতাবেক আবাসন প্রকল্প ও দুর্ভোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অনুকূলে ইতোমধ্যে ১০৫.৪০ মিলিয়ন টাকা অনুদান অবমুক্ত করা হয়েছে। এ পর্যন্ত অবমুক্তকৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য মোট ৩৯২.৯ মিলিয়ন টাকার মধ্যে ৩৪০.৮০ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে। মোট আদায়যোগ্য ঋণের তুলনায় আদায় হার শতকরা ৮৭ ভাগ। গৃহায়ন তহবিল-এর ১০০ মিলিয়ন টাকা অর্থায়নে উত্তরার আশকোনায়ে বাংলাদেশ রুরাল এ্যাডভান্সমেন্ট কমিটি (ব্র্যাক) কর্তৃক গার্মেন্টস বা অনুরূপ শিল্পে নিয়োজিত মহিলা শ্রমিকদের জন্য ২০০০

আসন বিশিষ্ট একটি হোস্টেল-এর নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং সাভারের ইপিজেড এলাকায় মহিলা হোস্টেল নির্মাণের জন্য নারী উদ্যোগ কেন্দ্র নামীয় এনজিও'র অনুকূলে ৯০ মিলিয়ন টাকা মঞ্জুর করা হয়েছে। এছাড়া, ২০০ মিলিয়ন টাকা অর্থায়ন প্রস্তাব সম্বলিত আরো দুটি হোস্টেল প্রকল্প এবং ২১০ মিলিয়ন টাকা ব্যয়ে ৩টি গ্রামীণ আবাসন কেন্দ্র স্থাপন প্রকল্পও গৃহায়ন তহবিল স্টিয়ারিং কমিটির বিবেচনাধীন রয়েছে। ১৯৯৮-'৯৯ অর্থ বছর থেকে ২০০৫-'০৬ (মার্চ '০৬) পর্যন্ত গৃহায়ন তহবিলের অধীনে ঋণ বরাদ্দ, বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-১২-এ দেখানো হলো।

মাইক্রো ফাইন্যান্স রিসার্চ এন্ড রেফারেন্স

ইউনিট (এমআরআরইউ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশে দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনাকারী সকল ননগভর্নমেন্ট অর্গানাইজেশন (এনজিও) ও মাইক্রো ফাইন্যান্স ইন্সটিটিউশন (এমএফআই)-এর কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে এবং এমএফআইসমূহকে একটি নিয়ন্ত্রণ কাঠামোর আওতায় আনয়ন করার উদ্দেশ্যে ২০০০ সালে বাংলাদেশ ব্যাংকে মাইক্রো ফাইন্যান্স রিসার্চ এন্ড রেফারেন্স ইউনিট (এমআরআরইউ) নামে একটি ইউনিট গঠন করেছে এবং ইউনিটের কার্যাদি পরিচালনার জন্য একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হয়। উক্ত স্টিয়ারিং কমিটি মাইক্রো ফাইন্যান্স সেক্টরের জন্য একটি ব্যবহারিক নির্দেশিকা তৈরি করেছে। সরকারের অনুমোদনক্রমে জুলাই ২০০৪ থেকে এমআরআরইউ উক্ত নির্দেশিকাটি বাস্তবায়নের কাজ করছে। উল্লেখিত নির্দেশিকার ভিত্তিতে এমআরআরইউ নিয়মিতভাবে এনজিও-এমএফআইদের তথ্য সংগ্রহের কাজ করছে। ইউনিট কর্তৃক এ সকল তথ্য সংরক্ষণ ও বিশ্লেষণের কাজ করা হচ্ছে। এ বিষয়ে ইউনিটের একটি নিজস্ব ডাটাবেজ রয়েছে। বিশ্লেষিত তথ্যের ভিত্তিতে এমআরআরইউ প্রতিবেদন প্রকাশ করে থাকে, যা নীতি নির্ধারকদের এ সেক্টরের নীতিমালা তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। স্টিয়ারিং কমিটি ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা ও এর সঠিক বিকাশের উদ্দেশ্যে এর নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আইনী কাঠামো বিষয়ে একটি আইনের খসড়া তৈরি করে সরকারের বিবেচনার জন্য প্রেরণ করেছে। উক্ত আইনের অধীনে নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠিত হলে এমআরআরইউ-এর সকল কাজ উল্লেখিত কর্তৃপক্ষের কাছে হস্তান্তরিত হবে।

একুইটি এন্ড অন্ট্রাপ্র্যান্যারশীপ ফান্ড (ইইএফ)

কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প এবং সফটওয়্যার শিল্প-এ দুটি ঝুঁকিপূর্ণ ও সম্ভাবনাময় শিল্প খাতে বিনিয়োগকে উৎসাহিত করার লক্ষ্যে ২০০০-২০০১ অর্থ বছরের জাতীয় বাজেটে প্রাথমিকভাবে ১.০ বিলিয়ন টাকা বরাদ্দের মাধ্যমে সরকার কর্তৃক একুইটি এন্ড অন্ট্রাপ্র্যান্যারশীপ ফান্ড (ইইএফ) গঠন করে বাংলাদেশ ব্যাংক-কে পরিচালনার দায়িত্ব দেয়া হয়। এ সময়ে ৫০০ মিলিয়ন টাকা সরকারি কোষাগার থেকে ছাড় করা হয়েছিল। বাংলাদেশ ব্যাংক বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে এ

তহবিল পরিচালনা করছে। ২০০৫-২০০৬ অর্থ বছরে এ খাতে ১.৫০ বিলিয়ন টাকা বরাদ্দ রাখা হয়েছে। মার্চ ২০০৬ পর্যন্ত সরকারি কোষাগার থেকে মোট ৩.৫০ বিলিয়ন টাকা উত্তোলন করা হয়েছে। সার্বিকভাবে ২০০৫-২০০৬ অর্থ বছরের মার্চ ২০০৬ পর্যন্ত ১৮.৫৮ বিলিয়ন টাকা প্রকল্প মূল্যের ২৬০টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্প এবং ১.৫৬ বিলিয়ন টাকা প্রকল্প মূল্যের ২৬টি আইটি প্রকল্পে সর্বমোট ৭.৯৭ বিলিয়ন টাকার ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে এবং বিতরণকৃত ইইএফ সহায়তার পরিমাণ ৩.২৫ বিলিয়ন টাকা।

বাংলাদেশ ব্যাংক

সংযোজনী-১

স্থিতিপত্র

৩০ জুন, ২০০৫

(হাজার টাকা)

বিবরণী	২০০৫	২০০৪
সম্পদ		
বৈদেশিক সম্পদ		
গচ্ছিত স্বর্ণ ও রৌপ্য	৩,২২৮,১১১	২,৬৭১,২৭৪
বৈদেশিক মুদ্রা	১২,৮০৪,৪৮২	৩,৮৫১,৬৭০
বিনিয়োগ	১৬৮,৪১৪,৩৭৮	১৫৭,২৫৬,৫৯৪
আইএমএফ-এ সংরক্ষিত সম্পদ	৪৮,৫৪৫,৯৯৭	৪৬,২৫৮,৭১১
অন্যান্য সম্পদ	২,৭০০,২৩৭	১,০৯৩,৪০৭
	<u>২৩৫,৬৯৩,২০৫</u>	<u>২১১,১৩১,৬৫৬</u>
অভ্যন্তরীণ সম্পদ		
নগদ ও নগদের অনুরূপ	২৯৯,৯০৪	৪৭৩,৮০৩
বাংলাদেশ সরকারের ট্রেজারি বিল	১৫০,৬৪২,৬৭৪	১১৩,৭৯২,৭৬৫
বিনিয়োগ	১০,৩৭৯,১৬৭	১১,১৬৪,৮১৬
সরকারকে প্রদত্ত ঋণ ও আগাম	৬৪০,০০০	৬৪০,০০০
ঋণ ও আগাম	৬৭,৫৪৩,১৩৩	৬২,৩৫৫,৯৩২
সম্পদ, স্থাপনা ও যান্ত্রিক সরঞ্জামাদি	৯,৪১৬,১৬৩	৯,৪৫৬,২১৯
অন্যান্য সম্পদ	৩,২১৭,৫০৭	১,৮৬৬,০৩৯
	<u>২৪২,১৩৮,৫৪৮</u>	<u>১৯৯,৭৪৯,৫৭৪</u>
মোট সম্পদ	<u>৪৭৭,৮৩১,৭৫৩</u>	<u>৪১০,৮৮১,২৩০</u>
দায়		
বৈদেশিক দায়		
আইএমএফ ঋণ	৬৭,৭০২,৮২৯	৬০,১০০,৮৭৬
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	৪২,৫২৩,৭৯৮	৪০,৩২০,৫০২
	<u>১১০,২২৬,৬২৭</u>	<u>১০০,৪২১,৩৭৮</u>
অভ্যন্তরীণ দায়		
প্রচলিত মুদ্রা	১৯৯,৬৬৬,৪৫৩	১৬৯,৪২৯,৭২৭
স্বল্প মেয়াদি ঋণ	২২,৯০০,০০০	১৮,১০০,০০০
ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	৭০,৭০২,৮৪৮	৬৫,৮১১,১০৬
সরকারকে প্রদেয় লভ্যাংশ	৭,৬০৫,০৮৫	৭,৮৬১,৪০০
অন্যান্য দায়	১৯,২৫৫,০১১	১২,৯৯১,৬৪৬
	<u>৩২০,১২৯,৩৯৭</u>	<u>২৭৪,১৯৩,৮৭৯</u>
ইকুইটি		
মূলধন	৩০,০০০	৩০,০০০
পুনর্মূল্যায়ন রিজার্ভ	৭,৯২০,৩৮৯	৮,০২৪,২১৪
স্বর্ণ	২,০৪৭,০৩৩	১,৫৯৯,৬১৭
বৈদেশিক মুদ্রা	২৫,৮৩১,২৬১	১৪,৯৬৫,০৯৬
বিধিবদ্ধ তহবিল	১১,৬১৭,০৪৬	১১,৬১৭,০৪৬
সাধারণ রিজার্ভ	৩০,০০০	৩০,০০০
মোট ইকুইটি	<u>৪৭,৪৭৫,৭২৯</u>	<u>৩৬,২৬৫,৯৭৩</u>
মোট দায় এবং ইকুইটি	<u>৪৭৭,৮৩১,৭৫৩</u>	<u>৪১০,৮৮১,২৩০</u>

বাংলাদেশ ব্যাংক
৩০ জুন ২০০৫ তারিখে সমাপ্ত বছরের

(হাজার টাকা)

বিবরণ	২০০৫	২০০৪
পরিচালনা আয়		
বৈদেশিক মুদ্রা ব্যবসা হতে আয়	৫,০৫৩,৪৩৮	২,৯৩০,৩১৩
সুদ আয়	৭১৯,২৩১	৩৭৮,৪২৯
কমিশন এবং বাট্টা		
বৈদেশিক মুদ্রা ব্যবসা হতে মোট আয়	<u>৫,৭৭২,৬৬৯</u>	<u>৩,৩০৮,৭৪২</u>
বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ব্যয়	(৮৫৪,৪২০)	(৫৬০,৪০৯)
সুদ বাবদ ব্যয়	(১৮৩,৮৩৮)	(৫১৪,৩১৯)
কমিশন এবং অন্যান্য ব্যয়	(১,০৩৮,২৫৮)	(১,০৭৪,৭২৮)
বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার মোট ব্যয়		
বৈদেশিক মুদ্রা ব্যবসা হতে নীট আয়	<u>৪,৭৩৪,৪১১</u>	<u>২,২৩৪,০১৪</u>
স্বর্ণ মজুদ পুনর্মূল্যায়ন আয়	৪৪৬,৭৩৮	৪৪০,৮৪৪
রৌপ্য মজুদ পুনর্মূল্যায়ন আয়	৬৭৮	-
বৈদেশিক মুদ্রা পুনর্মূল্যায়ন আয়	১০,৮৬৬,১৬৫	১১,১১১,৮৯৮
বৈদেশিক মুদ্রা হতে নীট আয়	<u>১৬,০৪৭,৯৯২</u>	<u>১৩,৭৮৬,৭৫৬</u>
অভ্যন্তরীণ সম্পদ হতে আয়		
সুদ আয়	৭,০২৭,২১২	৬,০৩৫,৬৬০
কমিশন এবং বাট্টা	৩৪,৪০২	১০১,০৭০
ডিভিডেন্ড আয়	৬,০০০	৪,৮০০
বিবিধ আয়	৩,৯০০	৩,৮৫০
অভ্যন্তরীণ সম্পদ হতে মোট আয়	<u>৭,০৭১,৫১৪</u>	<u>৬,১৪৫,৩৮০</u>
অভ্যন্তরীণ ব্যবসা পরিচালনা ব্যয়	(৭৩৫,৯৭৯)	(৬৫১,৫৪৯)
কমিশন এবং অন্যান্য ব্যয়		
নীট অভ্যন্তরীণ আয়	<u>৬,৩৩৫,৫৩৫</u>	<u>৫,৪৯৩,৮৩১</u>
মোট পরিচালনা আয়	২২১,৩৮৩,৫২৭	১৯,২৮০,৫৮৭
বাদ : পরিচালনা ব্যয়	(৭৭০,৭৪৩)	(৪,৯০৯,৬৫৫)
ক্ষতি বাবদ প্রভিশন	-	(১,০১৬,৮৩৬)
স্বর্ণ ক্ষতি বাবদ প্রভিশন	(৪,২৩৫,৬০৪)	(৩,৯৫৯,৩৩৫)
সাধারণ ও প্রশাসনিক ব্যয়		
আর্থিক বছরের নীট মুনাফা	<u>১৮,৯১৮,৬৬৬</u>	<u>৯,৩৯৪,৭৬১</u>

বাংলাদেশ ব্যাংক : ইক্যুইটি পরিবর্তনের বিবরণ

৩০ জুন ২০০৫ তারিখে সমাপ্ত বছরের


(হাজার টাকা)

	মূলধন	পুনর্মূল্যায়ন রিজার্ভ			বিধিবদ্ধ তহবিল	সাধারণ রিজার্ভ	সংরক্ষিত আয় (Retained Earning)	মোট
		স্বর্ণ ও রৌপ্য	বৈদেশিক মুদ্রা	সম্পদ, স্থাপনা ও যান্ত্রিক সরঞ্জামাদি				
১ জুলাই ২০০৩ তারিখের স্থিতি	৩০,০০০	১,১৫৮,৭৭৩	১৩,৮৭২,৫৭৯	-	১১,৬১৭,০৪৬	৩০,০০০	-	২৬,৭০৮,৫৯৮
বছরের নীট লাভ	-	-	-	-	-	-	-	২৬,৭০৮,৫৯৮
বছরের পুনর্মূল্যায়ন	-	-	-	৮,০২৪,২১৪	-	-	-	৯,৫৯৪,৭৬১
অন্যান্য সংরক্ষিত তহবিলে স্থানান্তর	-	৪৪০,৮৪৪	১,০৯২,৫১৭	-	-	-	-	-
সরকারকে প্রদেয় লভ্যাংশ	-	-	-	-	-	-	(১,৫৩০,০৬১)	-
পূর্বে রিপোর্টকৃত ৩০ জুন ২০০৪ তারিখের স্থিতি	৩০,০০০	১,৫৯৯,৬১৭	১৪,৯৬৫,০৯৬	৮,০২৪,২১৪	১১,৬১৭,০৪৬	৩০,০০০	(১,৫৩০,০৬১)	(১,৫৩০,০৬১)
চুল সংশোধনজনিত সমন্বয়	-	-	-	(১০২,৫০০)	-	-	-	৩৬,২৬৫,৯৭৩
৩০ জুন ২০০৪ তারিখের সংশোধিত স্থিতি	৩০,০০০	১,৫৯৯,৬১৭	১৪,৯৬৫,০৯৬	৭,৯২১,৭১৪	১১,৬১৭,০৪৬	৩০,০০০	-	৩৬,২৬৫,৯৭৩
বছরের নীট লাভ	-	-	-	-	-	-	-	৩৬,২৬৫,৯৭৩
বছরের পুনর্মূল্যায়ন	-	-	-	(১,০২৫)	-	-	-	১৮,৯১৮,৬৬৬
অন্যান্য সংরক্ষিত তহবিলে স্থানান্তর	-	৪৪৭,৪১৬	১০,৮৬৬,১৬৫	-	-	-	-	(১,০২৫)
সরকারকে প্রদেয় লভ্যাংশ	-	-	-	-	-	-	(১১,৩১৩,৫৮১)	-
৩০ জুন ২০০৫ তারিখের স্থিতি	৩০,০০০	২,০৪৭,০৩৩	২৫,৮৩১,২৬১	৭,৯২০,৬৮৯	১১,৬১৭,০৪৬	৩০,০০০	(১,৬০৫,০৮৫)	(১,৬০৫,০৮৫)
								৪৭,৪৭৫,৭২৯

রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক সোনালী ব্যাংক

সোনালী ব্যাংক বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক। জনগণের দ্বারপ্রান্তে সকল প্রকার ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া ব্যাংকটির মূল লক্ষ্য। ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে সোনালী ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ (সাময়িক) দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন, ৩২৭২ মিলিয়ন ও ৩০৩৪ মিলিয়ন টাকা। ২০০৫ সালে সোনালী ব্যাংক ২০৮ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করেছে। ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে সোনালী ব্যাংকের ১২৩৮০ জন কর্মকর্তা ও ১১৫৫৩ জন কর্মচারীসহ মোট জনশক্তি ছিল ২৩৯৩৩ জন।

প্রশাসনিক বিন্যাসে ঢাকার মতিঝিলে প্রধান কার্যালয় ছাড়াও ঢাকা বিভাগে ১টি এবং দেশের অন্য ৫টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট) ১টি করে মহাব্যবস্থাপকের কার্যালয়সহ সর্বমোট ৬টি মহাব্যবস্থাপকের কার্যালয় আছে। এছাড়া জেলা শহরে অবস্থিত ৪১টি প্রিন্সিপাল অফিস, ২১টি আঞ্চলিক কার্যালয় এবং ২৩টি কর্পোরেট শাখার মাধ্যমে ব্যাংকিং সেবা কার্যক্রম অব্যাহত আছে। প্রধান কার্যালয়ের ৩১টি বিভাগের মাধ্যমে সামগ্রিকভাবে প্রতিষ্ঠানটির প্রশাসনিক ও ব্যবসায়িক কার্যক্রম সম্পাদিত হচ্ছে। দেশের অভ্যন্তরে শহর এলাকায় ৫৬০টি, গ্রামীণ এলাকায় ৬২১টি এবং



সোনালী ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি স্পিনিং মিলস।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৪	২০০৫ (সাময়িক)	৩১ মার্চ '০৬ (সাময়িক)	৩০ জুন '০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০০	১০০০০	১০০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	৩২৭২	৩২৭২	৩২৭২	৩২৭২
৩।	রিজার্ভ ফান্ড	২৮২৪	৩০৩৪	৩০৩৪	৩০৩৪
৪।	আমানত	২৫২২৩৪	২৭৭০৭৯	২৬৯৩৩০	২৭০৩৩৫
	ক) তলবি আমানত	৪৪৫৪১	৫০৫০০	৫০৫৪০	৫১০৪২
	খ) মেয়াদি আমানত	২০৭৬৯৩	২২৬৫৭৯	২১৮৭৯০	২১৯২৯৩
৫।	ঋণ ও অগ্রিম	১৬৮২৮৩	২২৭০১০	২৩৫১০০	২৪০১০৫
৬।	বিনিয়োগ	৫৮৮৯৬	৪৩৬৩৬	৪২৬৪৩	৪৫৪৪৬
৭।	মোট পরিসম্পদ	২৯২১৮২	৩৩৭৬৮৭	৩৩৮৬৮৫	৩৪২৭৮৫
৮।	মোট আয়	১৫৭৫৮	১৯৮৬৪	৫০২৬	১০৩৭৯
৯।	মোট ব্যয়	১৫৬০১	১৯৬৫৬	৪২৯৪	৮৭২৮
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২১৯১৩১	২৭২৯৪৪	৮৪৩২৭	১৬৮৬৯৫
	ক) রপ্তানি	৫৭২১৩	৬৪০৯২	১৯২২৭	৩৮৪৪৫
	খ) আমদানি	৮৫২৩৮	১১৪৫২৮	৪০০০০	৮০০০০
	গ) রেমিট্যান্স	৭৬৬৮০	৯৪৩২৪	২৫১০০	৫০২৫০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	২৪৪৫০	২৩৯৩৩	২৩৭৯৯	২৩৭৫৪
	ক) কর্মকর্তা	১২৭৩২	১২৩৮০	১২২৬৫	১২২২৭
	খ) কর্মচারী	১১৭১৮	১১৫৫৩	১১৫৩৪	১১৫২৭
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৪৬	৩৪৫	৩৪১	৩৫০
১৩।	শাখা (সংখ্যায়)	১১৮৬	১১৮৩	১১৮৩	১১৮৩
	ক) বাংলাদেশে	১১৮৪	১১৮১	১১৮১	১১৮১
	খ) বিদেশে	০২	০২	০২	০২

বিদেশে ২টি (ভারতের পশ্চিম বঙ্গের কলকাতা ও শিলিগুড়ি) শাখাসহ মোট ১১৮৩টি শাখার মাধ্যমে সোনালী ব্যাংকের ব্যাংকিং সেবামূলক কার্যক্রম বিস্তৃত। এছাড়া বর্তমানে দেশে ২টি ওয়েজ আর্নাস শাখাসহ ৪৩টি অনুমোদিত শাখা (Authorised Dealer) ও বিশ্বের বিভিন্ন দেশে ৩৪৫টি বৈদেশিক করেসপন্ডেন্টস-এর মাধ্যমে ব্যাংকের বৈদেশিক বাণিজ্য পরিচালিত হচ্ছে।

১৯৯৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে 'সোনালী এক্সচেঞ্জ কোম্পানি ইনকর্পোরেটেড' (SECI) নামে একটি পূর্ণাঙ্গ সাবসিডিয়ারি কোম্পানি স্থাপনের মাধ্যমে সোনালী ব্যাংক আন্তর্জাতিক ব্যাংকিং অঙ্গনে এর কার্যক্রম সম্প্রসারিত করে। যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা বৈধ ব্যাংকিং চ্যানেলে নিজ দেশে প্রেরণ দ্রুত, সহজতর ও

নিরাপদ করার ক্ষেত্রে এর ভূমিকা ক্রমশঃ বৃদ্ধি পাওয়ার ফলে নিউইয়র্কের ম্যানহাটনে প্রধান অফিস সহ ব্রুকলিন, এস্টোরিয়া, জ্যাকসন হাইটস, জর্জিয়ার আটলান্টা, মিশিগানের ডেট্রোয়েট এবং ক্যালিফোর্নিয়ার লসএঞ্জেলস শাখা/বুথ অফিস স্থাপন করা হয়েছে। সম্প্রতি যুক্তরাষ্ট্রের নিউ জার্সিতে প্যাটারসন শাখা নামে SECI-এর ৮ম শাখা/বুথ-এর কার্যক্রম শুরু হয়েছে এবং স্বল্প সময়ে বিদেশ থেকে প্রেরিত অর্থ উপকারভোগীদের নিকট প্রেরণ করা হচ্ছে। এছাড়া সোনালী ব্যাংক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যৌথ মালিকানায় ১০ ডিসেম্বর ২০০১ থেকে যুক্তরাজ্যে মোট ৫টি অফিসের মাধ্যমে (লন্ডন, লুটন, বার্মিংহাম, ব্রাডফোর্ড ও ম্যানচেস্টার) সোনালী ব্যাংক (ইউকে) লিঃ-এর কার্যক্রম শুরু হয়। ১২ জুলাই ২০০৩ তারিখ থেকে যুক্তরাজ্যস্থ সোনালী ব্যাংক (ইউকে) লিঃ-এর আরো একটি

শাখার (CAMDEN BR.) কার্যক্রম শুরু হয়েছে। মালয়েশিয়ার মে ব্যাংক-এর মাধ্যমে সোনালী ব্যাংকের সহযোগিতায় মালয়েশিয়ায় কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থ দেশে আসছে। মধ্যপ্রাচ্যস্থ ৮টি এক্সচেঞ্জ হাউস-এর মাধ্যমে মধ্যপ্রাচ্যে বসবাসকারী বাংলাদেশীরা তাদের অর্থ প্রেরণ করছে।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা

৩১ ডিসেম্বর ২০০৫-এ সোনালী ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০৪ সালের তুলনায় ২৪৮৪৫ মিলিয়ন টাকা (৯.৮%) বৃদ্ধি পেয়ে ২৭৭০৭৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময়ে ব্যাংকের তলবি আমানত ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ৫০৫০০ মিলিয়ন টাকা এবং ২২৬৫৭৯ মিলিয়ন টাকা, যা মোট আমানতের যথাক্রমে শতকরা ১৮ ভাগ এবং শতকরা ৮২ ভাগ। বিগত বছরের তুলনায় আলোচ্য বছরে সোনালী ব্যাংকের তলবি আমানত এবং মেয়াদি আমানত শতকরা যথাক্রমে ১৩.৪ ভাগ এবং শতকরা ৯.১ ভাগ বৃদ্ধি পেয়েছে। ২০০৫ সালে ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৪ সালের তুলনায় ৫৮৭২৭ মিলিয়ন টাকা (৩৪.৯%) বৃদ্ধি পেয়ে ২২৭০১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। সরকারি এবং বেসরকারি খাতে প্রদত্ত ঋণের পরিমাণ দাঁড়ায়

যথাক্রমে শতকরা ৩২.৭ ভাগ এবং শতকরা ৬৭.৩ ভাগ। একই সময়ে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ ছিল ৪৩৬৩৬ মিলিয়ন টাকা। ২০০৫ সালে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের ২১৯১৩১ মিলিয়ন টাকা হতে ৫৩৮১৩ মিলিয়ন টাকা (২৫%) বৃদ্ধি পেয়ে ২৭২৯৪৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য বছরে রপ্তানি, আমদানি এবং রেমিট্যান্স ব্যবসা ২০০৪ সালের তুলনায় যথাক্রমে ৬৮৭৯ মিলিয়ন, ২৯২৯০ মিলিয়ন এবং ১৭৬৪৪ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৬৪০৯২ মিলিয়ন, ১১৪৫২৮ মিলিয়ন ও ৯৪৩২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। সোনালী ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত সময়ে সোনালী ব্যাংক সর্বমোট ১৯৭৫৬৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৯০৩৩৯ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১২৯৯৫৯ মিলিয়ন এবং ১২৩১২০ মিলিয়ন টাকা। খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০০৫ সালে সোনালী ব্যাংক কৃষি খাতে ৫৪৯৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৫২০২ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৬১৬৯ মিলিয়ন টাকা ও ৫৪৪০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	৬১৬৯	১০৯০	১৪২৭	২৫১৭	১২১২৭৩	১২৯৯৫৯
আদায়	৫৪৪০	১১১৪	১৯৫২	৩০৬৬	১১৪৬১৪	১২৩১২০
২০০৫						
বিতরণ	৫৪৯৪	১১৭১	২০৫৮	৩২২৯	১৮৮৮৪৩	১৯৭৫৬৬
আদায়	৫২০২	২১৮৫	১০৪২	৩২২৭	২৮১৯১০	২৯০৩৩৯
৩১ মার্চ ২০০৬*						
বিতরণ	১৪০১	৬০২	৭৪৫	১৩৪৭	১২৩১৫০	১২৫৮৯৮
আদায়	১৪২০	৫৯৮	৭৮৫	১৩৮৩	২৬৯২৬	২৯৭২৯
৩০ জুন ২০০৬**						
বিতরণ	২৮৫০	১০৩৭	১০২০	২০৫৭	৬৪০৭৩৬	৬৪৫৬৪৩
আদায়	২৮৭০	৯৭৬	১০৫৫	২০৩১	৮৬৩০৪	৯১২০৫

* সাময়িক। ** প্রাক্কলিত।

খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩২২৯ মিলিয়ন টাকা ও ৩২২৭ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ২৫১৭ মিলিয়ন টাকা ও ৩০৬৬ মিলিয়ন টাকা। সোনালী ব্যাংকের খাতওয়ারী ঋণ বিতরণ ও আদায়ের পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন, বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান ও দেশকে আমদানি নির্ভরশীলতা থেকে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করার লক্ষ্যে দ্রুত শিল্পায়নের নিমিত্তে সোনালী ব্যাংক নির্ধারিত ৯৬টি শাখার মাধ্যমে শিল্প খাতে অর্থায়ন অব্যাহত রেখেছে। ২০০৫ সালে সোনালী ব্যাংক ৪০৬২ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। পূর্ববর্তী বছরে মঞ্জুরীর পরিমাণ ছিল ২১৩১ মিলিয়ন টাকা। ২০০৫ সালে ব্যাংকটি শিল্প খাতে চলতি মূলধন ঋণ বাবদ ২০৫৮ মিলিয়ন টাকা বিতরণ করে। পূর্ববর্তী বছরে এ খাতে বিতরণের পরিমাণ ছিল ১৪২৭ মিলিয়ন টাকা। বিভিন্ন শিল্প ঋণ কর্মসূচি ও বিশেষ ঋণ কর্মসূচির মাধ্যমে ঋণ প্রদান অব্যাহত রয়েছে। এ বছর ঋণ মঞ্জুরীপ্রাপ্ত শিল্প প্রতিষ্ঠানে প্রায় ১৯৮৯২ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে এবং যারা সেবা ও পণ্য উৎপাদনের মাধ্যমে দেশের জিডিপি বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আশা করা যাচ্ছে। শিল্পের আকার অনুযায়ী ঋণ মঞ্জুরীর পরিমাণ সারণি-৩ এ দেয়া হলো।

অন্যান্য কার্যাবলী

কৃষি/পল্লী ঋণ কর্মসূচি

সোনালী ব্যাংক ১৯৭৩-৭৪ সাল থেকে পল্লী এলাকায় কৃষি/পল্লী ঋণ প্রদান করে আসছে। ব্যাংকের বর্তমান বকেয়া কৃষি/পল্লী ঋণের পরিমাণ ২৯৮১৫ মিলিয়ন টাকা, যার প্রধান অংশ শস্য, কৃষিজাত পণ্য উৎপাদন এবং গ্রামীণ ক্ষুদ্র চাষীদের আয় উৎসারী কাজে ব্যবহৃত হচ্ছে। ব্যাংকের মোট ১১৮৩টি শাখার (২টি বৈদেশিক শাখাসহ) মধ্যে ৭০৭টি শাখার মাধ্যমে সারাদেশে ১৬৩৯টি ইউনিয়নে কৃষি/পল্লী ঋণ কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের কৃষি/পল্লী ঋণগ্রহীতার সংখ্যা ১.৫৫ মিলিয়ন। এ ঋণ কর্মসূচি/প্রকল্পের আওতায় মূলতঃ ক্ষুদ্র আয় উৎসারী কর্মকাণ্ডে উল্লেখযোগ্য পরিমাণ অর্থায়ন করা হয়ে থাকে। এছাড়া ১৯৭৭ সালে কৃষি ব্যাংকের পাশাপাশি রত্নায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে ১০০.০০ কোটি টাকা বিশেষ কৃষি ঋণ কর্মসূচির আওতায় বিভিন্ন প্রকার শস্য উৎপাদনের জন্য ঋণ বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। এ খাতে সোনালী ব্যাংক এ পর্যন্ত ২৪৮৬৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে, যার মধ্যে বর্তমানে ১৫৭৮২ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে।

বিশেষ বিনিয়োগ কর্মসূচি

নব্বই দশকের পূর্ব পর্যন্ত সোনালী ব্যাংকের কৃষি/পল্লী ঋণ কর্মসূচি মূলতঃ শস্য উৎপাদনের মধ্যেই সীমাবদ্ধ ছিল। ১৯৯৩ সালের ফেব্রুয়ারি মাস থেকে মৎস্য চাষ, হাঁস-মুরগী, গবাদি

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখে			
প্রকল্প সংখ্যা	৫৩৩	২১৬৫৯	২২১৯২
পরিমাণ	৩৬২৬৪	৮৫৯৮	৪৪৮৬২
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫৮	৯	৬৭
পরিমাণ	৪০১৮	৪৪	৪০৬২
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	৫৪৭	২১৬৬৩	২২২১০
পরিমাণ	৩৭১৩৪	৮৬৩৩	৪৫৭৬৭
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬ পর্যন্ত *			
প্রকল্প সংখ্যা	১৪	৪	১৮
পরিমাণ	৮৭০	৩৫	৯০৫
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬ পর্যন্ত **			
প্রকল্প সংখ্যা	২৭	৯	৩৬
পরিমাণ	১৩৪০	৮৫	১৪২৫

* সাময়িক ** প্রাক্কলিত।

পশু-পালন, জামদানী তাঁত শিল্পসহ বিভিন্ন উপ-খাতে পুঁজি বিনিয়োগে অক্ষম অথচ সম্ভাবনাময় গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে ঋণ প্রদানের লক্ষ্যে নিবিড় তদারকিমূলক ব্যবস্থাপনায় বিশেষ বিনিয়োগ কর্মসূচি প্রবর্তন করা হয়। ব্যাংকের নির্ধারিত ২৩৬টি শাখার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে সহায়ক জামানতবিহীন ৫০ হাজার টাকা এবং সহায়ক জামানতসহ সর্বোচ্চ ০.৫০ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ প্রদানের লক্ষ্যে এ কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। ৩১ ডিসেম্বর ২০০৫ সাল পর্যন্ত এ কর্মসূচিতে ৩৯৭৮০ জন উদ্যোক্তার মাঝে ১৫৯৫ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে, যার বিপরীতে আদায়ের হার প্রায় শতকরা ৭৮ ভাগ। প্রদত্ত ঋণের প্রায় শতকরা ৫৮ ভাগ জামানতবিহীন। এ কর্মসূচির আওতায় সম্পূর্ণ ঋণ মঞ্জুরীর ক্ষমতা মাঠ পর্যায়ে ন্যস্ত আছে।

কৃষিজ শিল্প ঋণ কর্মসূচি

ক্ষুদ্র ও কুটির শিল্প এবং মাঝারি ও বৃহদায়তনের দুগ্ধ উৎপাদন, গরু মোটাজাকরণ, মহিষ পালন, ছাগল পালন, হাঁস-মুরগী, মৎস্য খামার (সনাতনী, উন্নত ও আধা নিবিড়), চিংড়ি চাষ (গলদা, বাগদা), মৎস্য হ্যাচারি, চিংড়ি হ্যাচারি, পোলট্রি

হ্যাচারি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৯৩ সাল হতে সোনালী ব্যাংক তদারকিমূলক কৃষিজ শিল্প ঋণ কর্মসূচি প্রবর্তন করেছে। এ কর্মসূচি বর্তমানে কৃষি খামার ঋণ কর্মসূচি নামে পরিচালিত হচ্ছে। কৃষিজ শিল্প খাতে আমিষ জাতীয় খাদ্য ঘাটতি পূরণের লক্ষ্যে সম্ভাবনাময় উদ্যোক্তাদের মাঝে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন ও জাতীয় আয় বৃদ্ধিকরণই আলোচ্য কর্মসূচির মূল লক্ষ্য। এ ঋণ কর্মসূচির আওতায় ব্যাংক এ পর্যন্ত ১২৮টি প্রকল্পের অনুকূলে ৭৮৮ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুরী দিয়েছে।

পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি

গ্রামাঞ্চলের হাজা-মজা জলাশয় ও পুকুর সংস্কার করে মৎস্য চাষের আওতাভুক্ত করার জন্য সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি চালু হয়েছে। ক্ষুদ্র পুকুর মালিক/অংশীদারদের ঋণ সুবিধা প্রদানের জন্য সারাদেশের বিশেষ গুরুত্বপূর্ণ ২০০টি শাখাকে মনোনীত করা হয়েছে। এ খাতে সহায়ক জামানত ব্যতিরেকে ৫০ হাজার টাকা এবং সহায়ক জামানতসহ সর্বোচ্চ ০.৫০ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা হয়ে থাকে।

খাত ভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৪	২০০৫ (সাময়িক)	৩১ মার্চ '০৬ (সাময়িক)	৩০ জুন '০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য	২০৪৮৪	২১৩৭৩	২১৪৬৭	২১৫৯২
		১৯৩৫৭	২০৩৩২	২০৪০০	২০৫০০
		১১২৭	১০৪১	১০৬৭	১০৯২
২।	শিল্প (চলতি মূলধনে অর্থায়ন ব্যতীত) (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির শিল্প	২৮৮০১	৩০৬১০	৩২৪৮৫	৩৩৯২১
		২১৬৮৫	২৫৬৮৩	২৭৩২৭	২৮৫২৭
		৭১১৬	৪৯২৭	৫১৫৮	৫৩৯৪
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল	৫৩৬০৭	২০৪৩৩	২০৫৪২	২০৬৬৪
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৩০০৫	২৫৮৭	২৫৮৭	২৫৮৮
৫।	পরিবহন ও যোগাযোগ	১০৭	১০৭	১০৭	১০৭
৬।	বিশেষ ঋণ কর্মসূচি (ক) দারিদ্র্য বিমোচন (খ) অন্যান্য	৭৯৫১	৭৫৫৩	৭৮০৪	৮১১৫
		৪২১১	৩৮০৩	৪০০০	৪২০০
		৩৭৪০	৩৭৫০	৩৮০৪	৩৯১৫
৭।	অন্যান্য (চলতি মূলধনসহ)	৫৪৩২৮	১৪৪৩৪৭	১৫০১০৮	১৫৩১১৮
	সর্বমোট	১৬৮২৮৩	২২৭০১০	২৩৫১০০	২৪০১০৫

দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি

দারিদ্র্য বিমোচন, প্রোটিন ঘাটতি পূরণ, বেকারত্ব দূরীকরণ, নারী সমাজের আত্মনির্ভরশীলতা অর্জন, সর্বোপরি আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে সোনালী ব্যাংক কর্তৃক “ছাগল উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচন জাতীয় কর্মসূচি” শীর্ষক একটি ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ব্যাংক এ পর্যন্ত ৩৬৮৩৫টি প্রকল্পে/ঋণগ্রহীতাকে ৩৯২.৬ মিলিয়ন টাকা মঞ্জুরী দিয়েছে। গ্রামাঞ্চলে বসবাসকারী বিপুল সংখ্যক দরিদ্র জনগোষ্ঠীর উৎপাদনমুখী কর্মসংস্থান সৃষ্টি তথা স্বাবলম্বী করার লক্ষ্যে দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি চালু করা হয়েছে। ব্যাংকের পল্লী ঋণ কর্মকাণ্ডের মধ্যে নিম্নোক্ত কর্মসূচি/প্রকল্পসমূহ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে গৃহীত হয়েছে :-

(১) এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় বৃহত্তর রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, ঢাকা, নারায়ণগঞ্জ, সিলেট ও চট্টগ্রাম জেলার ১৫২টি থানায় পরিচালিত পল্লী জীবিকায়ন প্রকল্প; (২) বৃহত্তর রংপুর জেলায় পরিচালিত আরডি-৯ প্রকল্প; (৩) সরকারের জনশক্তি ও কর্মসংস্থান প্রশিক্ষণ ব্যারোর (বিএমইটি) সহায়তায় পরিচালিত বিত্তহীন ঋণ প্রকল্প; (৪) স্বনির্ভর বাংলাদেশ-এর সহায়তায় পরিচালিত স্বনির্ভর ঋণ কর্মসূচি; (৫) প্রান্তিক ও ক্ষুদ্র খামার পদ্ধতির মাধ্যমে শস্য নিবিড়করণ প্রকল্প; (৬) দারিদ্র্য বিমোচন ও মহিলা উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে সোনালী ব্যাংক আরো ২টি ঋণ কর্মসূচি গ্রহণ করেছেঃ ক) শহরে ক্ষুদ্র মহিলা উদ্যোক্তা সৃষ্টির উদ্দেশ্যে জামানতবিহীন ঋণ প্রদান এবং খ) এনজিও-এমএফআইদের (মাইক্রো ফাইন্যান্সিং ইন্সটিটিউশন) ব্যাংক-এনজিও লিংকেজ প্রোগ্রামে ঋণ প্রদান। এর আওতায় ব্যাংক এ পর্যন্ত ৬২টি এনজিওকে প্রায় ১২০১ মিলিয়ন টাকা বিতরণ করেছে। এর মধ্যে একটি এনজিও রয়েছে; যেটি অন্ধদের দ্বারা পরিচালিত এবং অন্ধদের সামাজিক ও আর্থিকভাবে পুনর্বাসনের জন্য কাজ করেছে। ইফাদ-এর আর্থিক সহায়তায় মৎস্যজীবী এবং তাদের উপর নির্ভরশীলদের ঋণ সহায়তা প্রদান করার লক্ষ্যে একটি লীড (Lead) এনজিও'র মাধ্যমে ৮টি সহযোগী এনজিওকে এ পর্যন্ত ২৩০.৫ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ইফাদ সহায়তাপুষ্ট অন্য একটি প্রকল্পে ১২টি এনজিও'র মাধ্যমে ময়মনসিংহ, শেরপুর ও জামালপুর জেলার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের ৭৪.১ মিলিয়ন টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে;

(৭) সোনালী ব্যাংক দেশের বৃহত্তম ব্যাংক হিসেবে ক্ষুদ্র প্রকল্প উন্নয়ন ও অর্থায়নে সেবা ও একইসঙ্গে লাভজনক ব্যবসার মনোভাব নিয়ে এগিয়ে এসেছে এবং “উনোষ” নামে একটি ক্ষুদ্র ঋণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ব্যাংক এ পর্যন্ত ৯৮০টি প্রকল্পের অনুকূলে ৩৮.৪ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুরী দিয়েছে; এবং (৮) সম্প্রতি দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সোনালী ব্যাংক আরো ২টি ঋণ কর্মসূচি গ্রহণ করেছেঃ (ক) ক্ষুদ্র খামার ঋণ কর্মসূচি এবং (খ) ক্ষুদ্র ব্যবসা ঋণ কর্মসূচি।

এছাড়া মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশক্রমে সকল রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের সংগে পরামর্শক্রমে প্রতিবন্ধীদের ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদানের নিমিত্তে সর্বসম্মতক্রমে একটি গাইড লাইন প্রণয়ন করা হয়েছে এবং তা সংশ্লিষ্ট ব্যাংকের নিজস্ব নিয়ম নীতির আলোকে বিবেচনার জন্য অর্থ মন্ত্রণালয় সুপারিশ করেছে। এ ব্যাপারে ব্যাংক কর্তৃক ঋণ বিতরণের লক্ষ্যে ইতোমধ্যেই ইশতেহার জারি করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ব্যাংক এ পর্যন্ত ১৯৮টি প্রকল্পের অধীনে ৩.৫ মিলিয়ন টাকা বিতরণ করেছে। বিত্তহীনদের ঋণ প্রদানের একটি কার্যকর মডেল উদ্ভাবনের লক্ষ্যে সোনালী ব্যাংক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লা ও পল্লী উন্নয়ন একাডেমি- বগুড়ার সংগে ২টি গবেষণামূলক ঋণ কর্মসূচি পরিচালনা করছে, যার আওতায় এ পর্যন্ত ৫২.৩ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। পল্লী দারিদ্র্য বিমোচন সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ব্যাংক এ পর্যন্ত ২৪৯৫৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। এ কাজের সুফল ভোগ করেছে ৯,৭৫,৭৬৬ জন দরিদ্র জনগোষ্ঠী, যার মধ্যে ৪,৯৩,৯৬৯ জনই হচ্ছে মহিলা।

মহিলা ঋণ কর্মসূচি

দারিদ্র্য বিমোচন কর্মসূচির আওতায় মহিলা ঋণ কর্মসূচি একটি উল্লেখযোগ্য উদ্যোগ। সারাদেশে ১৪৩টি উপজেলায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহায়তায় সোনালী ব্যাংক মহিলা ঋণ কর্মসূচি বাস্তবায়ন করেছে। যা শুধু মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য পরিচালিত বৃহত্তম ঋণ কর্মসূচি। এ প্রকল্পে ব্যাংক কর্তৃক এ যাবত ১৮৭৪.৫ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে, যার আদায়ের হার শতকরা প্রায় ৯৭ ভাগ। এ কর্মসূচি সমবায়ী কাঠামোর আওতায় পরিচালিত হচ্ছে এবং বর্তমানে দেশের ১৫২টি কেন্দ্রীয় সমিতির ৩,১৪,৯১৮ জন মহিলা এ ঋণ সুবিধা ভোগ করছেন।

উপরোক্ত বহুমুখী আয়বর্ধক কর্মসূচি গ্রহণ করায় অকৃষি খাতে উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পাওয়ায় আলোচ্য কর্মসূচিগুলো সর্বস্তরে প্রশংসিত/সমাদৃত হয়েছে। তাছাড়া আলোচ্য কর্মসূচিগুলো বাস্তবায়নের ফলে পল্লী এলাকায় অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি এবং মৌসুমী বেকারত্ব কমানোর ক্ষেত্রেও এ ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ব্যাংক ইতোমধ্যে আলোচ্য কর্মসূচিগুলো সফল বাস্তবায়নের লক্ষ্যে নিবিড় তদারকি অব্যাহত রেখেছে।

শাখা সুশমকরণ ও সংস্কার কর্মসূচি

সোনালী ব্যাংকের কর্মকাণ্ডকে অধিকতর কার্যকরী ও যুগোপযোগী, উন্নততর নীতির প্রয়োগ ও দক্ষ ব্যবস্থাপনার জন্য সরকারি নীতিমালা অনুযায়ী বিভিন্ন প্রকার সংস্কার কর্মসূচি হাতে নেয়া হয়। এগুলো হলোঃ

১) সরকারি নীতিমালা অনুযায়ী শাখা সুশমকরণ ব্যবস্থা গ্রহণ এবং এর কার্যক্রম অব্যাহত আছে।

- ২) বাংলাদেশ ব্যাংক প্রদত্ত Guidelines on Managing Core Risks in Banking-এর আলোকে সোনালী ব্যাংকে ৫টি ক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে এতদসংক্রান্ত পুস্তিকা প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য সকল শাখা/ কার্যালয়কে পরামর্শ দেয়া হয়েছে।
- ৩) ঋণ ও অগ্রিমের জন্য গ্রহণীয় দলিলাদি এবং উপযুক্ত স্ট্যাম্পের তালিকা সম্বলিত পুস্তিকা প্রণয়নপূর্বক উক্ত পুস্তিকা অনুসরণ করে ঋণ ও অগ্রিমের দলিলাদি সুষ্ঠুভাবে সম্পাদন ও সংরক্ষণের জন্য সকল শাখা ও অফিসকে পরামর্শ দেয়া হয়েছে।

শ্রেণীকৃত ঋণ আদায়ের অগ্রগতি

৩১ ডিসেম্বর ২০০৪-এ সোনালী ব্যাংকের শ্রেণীকৃত ঋণের পরিমাণ ছিল ৪৭৬৫৩ মিলিয়ন টাকা এবং শ্রেণীকৃত ঋণের শতকরা হার ছিল শতকরা ২৮.৩ ভাগ। ব্যাংক কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করায় ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত সময়ে শ্রেণীকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৫১১২৫ মিলিয়ন টাকা, যার হার শতকরা ২২.৫ ভাগ। এ সময়ে শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ১৯০৬০ মিলিয়ন টাকা, এর বিপরীতে আদায়ের পরিমাণ দাঁড়ায় ৯৭৫১ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৪৫.৯ ভাগ। ৩১ ডিসেম্বর ২০০৬ তারিখে শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ২০৪৫০ মিলিয়ন টাকা। ব্যাংক কর্তৃক শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে গৃহীত পদক্ষেপগুলো নিম্নরূপঃ

- ১) খেলাপী ঋণ আদায় বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে সুনির্দিষ্ট করে দায়িত্ব অর্পণ ও আদায়তব্য অংক নির্দিষ্ট করে মাঠ পর্যায়েও দপ্তরাদেশের মাধ্যমে নির্দেশ দেয়া হয়েছে। তাছাড়া প্রধান কার্যালয় হতে নির্বাহীদের মাঠ পর্যায়ে ঋণ আদায় কার্যক্রমের সংগে সম্পৃক্ত করা আছে এবং এ ধারা অব্যাহত আছে।
- ২) বিধি মোতাবেক সুদ মওকুফ/পুনঃ তফসীলিকরণের সুবিধা প্রদানের মাধ্যমে খেলাপী ঋণ আদায় বৃদ্ধি/নিয়মিতকরণের লক্ষ্যে সময় সময় ব্যাংক হতে বিভিন্ন ইশতেহার জারিসহ জাতীয় দৈনিকে প্রচারের ব্যবস্থা রয়েছে।
- ৩) শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে অবলোপন কার্যক্রম অব্যাহত আছে। ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত সময়ে ১৫৫৫টি ঋণ হিসাবের ৯৪৭২ মিলিয়ন টাকা অবলোপন করা হয়েছে। আলোচ্য সময়ে অবলোপনকৃত ঋণ হতে ২৪৮ মিলিয়ন টাকা আদায় হয়েছে।
- ৪) শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে ২টি রিকভারি এজেন্ট কর্তৃক ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত ৯১০ মিলিয়ন টাকা আদায় হয়েছে।
- ৫) মাঠ পর্যায়ে সকল অফিস/শাখায় টাস্কফোর্স গঠনের

মাধ্যমে ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে।

- ৬) স্বাভাবিক উপায়ে ঋণ আদায়ে ব্যর্থতায় অর্থঋণ আদালতে খেলাপী ঋণগ্রহীতাদের বিরুদ্ধে মামলা দায়ের করার কার্যক্রম অব্যাহত আছে।
- ৭) শ্রেণীকৃত ঋণের আধিক্য বিবেচনা করে মোট ৫০টি নির্ধারিত শাখার (স্থানীয় কার্যালয়সহ ঢাকা বিভাগের ৩২টি এবং অন্যান্য বিভাগের ১৮টি) শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে অতিরিক্ত গুরুত্ব প্রদান করে বিশেষ পরিকল্পনা নেয়া হয়েছে, যা বর্তমানেও কার্যকর রয়েছে।
- ৮) ঋণ আদায়ের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক ঋণ খেলাপীদের সাক্ষাতকার গ্রহণের মাধ্যমে ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করার কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া বৃহৎ খেলাপী ঋণগ্রহীতাদের নিকট থেকে ঋণ আদায়ের দায়িত্ব ব্যাংকের মহাব্যবস্থাপকবৃন্দের মধ্যে বন্টন করে দেয়া হয়েছে।
- ৯) শ্রেণীকৃত ঋণ আদায়ের অন্যান্য কৌশলের মধ্যে Meet the Borrower Programme, ঋণ মেলার আয়োজন, স্টাফ কলেজে প্রতিটি প্রশিক্ষণ কোর্সে ঋণ আদায় ও ঋণ আদায় সংক্রান্ত আইন বিষয়ক ন্যূনতম দুটি ক্লাস গ্রহণের ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়াও যে সকল শাখায় স্থায়ীভাবে কনকারেন্ট অডিটর নিযুক্ত আছেন তাদেরকে সংশ্লিষ্ট শাখায় ঋণ আদায়ের সংগে সম্পৃক্ত করা হয়েছে। উপরন্তু, শাখার সকল কর্মকর্তা/কর্মচারীকে ঋণ আদায়ের বিষয়টি যাতে তাদের দৈনন্দিন কাজের অংশ বলে বিবেচনা করে সে বিষয়ে উদ্বুদ্ধকরণের পরামর্শ দেয়া হয়েছে। ২০০৬ সালেও এ কার্যক্রম অব্যাহত থাকবে।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সোনালী ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় ২০০৫ সালে শতকরা ৩৪.৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২২৭০১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৫ সালে কৃষি ও মৎস্য, শিল্প, পাইকারি/খুচরা ও রেন্টোরা/হোটেল, বীমা, রিয়েল এস্টেট ও সেবা খাত এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ২১৩৭৩ মিলিয়ন, ৩০৬১০ মিলিয়ন, ২০৪৩৩ মিলিয়ন, ২৫৮৭ মিলিয়ন এবং ১০৭ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্পে ঋণের স্থিতি ছিল ৩৮০৩ মিলিয়ন টাকা। সোনালী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সোনালী ব্যাংকের কম্পিউটারায়ন

(Automation) কার্যক্রমের অগ্রগতি

১৯৮৯ সালের ডিসেম্বরে কম্পিউটারায়ন কার্যক্রম শুরু হয়।

পরবর্তীতে RISE System (RS 16000) OS/2, LAN ইত্যাদি কম্পিউটার পদ্ধতি স্থাপনের মাধ্যমে সোনালী ব্যাংকের কম্পিউটারায়ন কার্যক্রমের অগ্রগতি হতে থাকে। এ পর্যন্ত ব্যাংকের ১১৪টি শাখার ব্যাংকিং কার্যক্রম কম্পিউটারায়ন করা হয়েছে। এর মধ্যে ঢাকা স্টক এক্সচেঞ্জ শাখা, স্থানীয় কার্যালয়, ঢাকার সংগে একীভূত হওয়ায় বর্তমানে কম্পিউটারায়নকৃত শাখার সংখ্যা ১১৩টি। এছাড়া ৫৬টি শাখায় One Stop সার্ভিস প্রদান করা হচ্ছে। অধিকন্তু, ক) LAN (Local Area Network), WAN (Wide Area Network) উভয় পদ্ধতিতেই ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি পাচ্ছে এবং তথ্য প্রবাহে গতিশীলতা আনয়ন করা হচ্ছে; খ) বিদেশে অবস্থানরত/কর্মরত বাংলাদেশীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা একটি বৈধ চ্যানেলের মাধ্যমে দেশে দ্রুত প্রেরণের সুবিধার্থে যুক্তরাষ্ট্রে Sonali Exchange Company Incorporated (SECI)-এর ৮টি শাখা এবং সোনালী ব্যাংক (ইউকে) লিঃ-এর ৬টি বুথ-এর মাধ্যমে রেমিট্যান্স ও অন্যান্য ব্যাংকিং কার্যক্রম এ প্রযুক্তির আওতায় পরিচালিত হচ্ছে; গ) SECI সম্প্রতি তাদের প্রান্তে যুক্তরাষ্ট্রভিত্তিক ভেভরের মাধ্যমে ওয়েবভিত্তিক রেমিট্যান্স সফটওয়্যার প্রণয়ন সম্পন্ন করেছে; ঘ) মধ্যপ্রাচ্যস্থ ৮টি এক্সচেঞ্জ হাউস-এর সংগে সোনালী ব্যাংক ওয়েজ আর্নাস কর্পোরেট শাখা, ঢাকা-এর মধ্যে স্থাপিত ইলেকট্রনিক লিংক-এর মাধ্যমে রেমিট্যান্স প্রেরণ করে আসছে। তাছাড়া সোনালী ব্যাংক, ওয়েজ আর্নাস কর্পোরেট শাখা, ঢাকা এবং ওমান, কাতার ও বাহরাইন-এর ৫টি এক্সচেঞ্জ হাউস-এর মধ্যে ইলেকট্রনিক লিংক বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে; ঙ) IFRMS (Instant Financial Reconciliation and Messaging System) কম্পিউটারের মাধ্যমে সোনালী ব্যাংকের গুরুত্বপূর্ণ ৫০টি শাখা হতে পরীক্ষামূলকভাবে ডিডি/টিটি/আন্তঃশাখা ডেবিট/ক্রেডিট এডভাইস Instant Message-এর মাধ্যমে প্রেরণের ব্যবস্থা চালু করা হয়েছে। এছাড়া আরো ২৫০টি শাখায় এ সিস্টেম চালুর নিমিত্তে কার্যক্রম চলছে।

গ্রাহক সেবা

উন্নততর গ্রাহক সেবা নিশ্চিতকরণের জন্য সোনালী ব্যাংকের বেশ কয়েকটি শাখায় কম্পিউটারায়নের সংগে সংগে কর্পোরেট ক্লায়েন্ট সার্ভিস ও ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়েছে। ব্যাংকের বৈদেশিক বাণিজ্য কার্যক্রম দ্রুততর করার জন্য গুরুত্বপূর্ণ ১২টি শাখায় SWIFT (Society for Worldwide Inter bank Finance and Telecommunication) ব্যবস্থা চালু করা হয়েছে। ওয়েবসাইট, Reuter Service ও ইন্টারনেট সার্ভিস, রেডি ক্যাশ সার্ভিস চালু করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে Shared ATM System স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তদপ্রেক্ষিতে স্থানীয় কার্যালয়ে দু'টি ATM/ক্যাশ ডিসপেন্সার স্থাপনের জন্য আমেরিকান ইন্টারন্যাশনাল (বাংলাদেশ) লিমিটেডকে কার্যাদেশ দেয়া হয়েছে এবং ইতোমধ্যে স্থানীয় কার্যালয়ে ভেভর কর্তৃক বুথ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া রমনা কর্পোরেট শাখায় পরীক্ষামূলকভাবে একটি Q-Cash ATM স্থাপনের জন্য সংশ্লিষ্ট প্রস্তাবকারী প্রতিষ্ঠান আইটি কনসালট্যান্টস্ লিঃ বরাবর কার্যাদেশ দেয়া হয়েছে।

সুদের হার

২০০৫ সালে সরকার ঘোষিত সুদনীতির সংগে সামঞ্জস্য রেখে সোনালী ব্যাংক ঋণ প্রদানে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে আনয়ন এবং আমানতের সুদের হার সুসমকরণ করা হয়েছে। কৃষিভিত্তিক খাতকে উৎসাহিত করার লক্ষ্যে সুদের হার শতকরা ২.০-১৬.০ ভাগ এবং শিল্প ও সেবা খাতে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ খাতে সুদের হার যথাক্রমে শতকরা ৯.০-১১.০ ভাগ এবং শতকরা ১৩.০০ ভাগ করা হয়েছে। সোনালী ব্যাংকের আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।


সুদের হার (শতকরা হার)									সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান				
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি (DPS-15 SDPS-8-10)	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)	
২০০৪	৩.৫০	২.০০	৫.২৫-৬.২৫	৫.১২	৮.০০ - ৯.০০	৯.০০-১১.০০	১২.০০	৯.৮৯	
২০০৫	৪.০০	২.৫০	৫.২৫-৬.২৫	৪.৭৫	২.০০ - ১৬.০০	৯.০০-১১.০০	১৩.০০	১০.৪০	
৩১ মার্চ '০৬ (সাময়িক)	৫.০০	৩.৫০	৬.২৫-৭.২৫	৫.৩৮	২.০০ - ১৬.০০	৯.০০-১২.০০	১৩.০০	১০.৬১	
৩০ জুন '০৬ (প্রাক্কলিত)	৫.০০	৩.৫০	৬.২৫-৭.২৫	৫.৩৫	২.০০ - ১৬.০০	৯.০০-১২.০০	১৩.০০	১০.৫৮	

জনতা ব্যাংক

জনতা ব্যাংক দেশের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক। ১৯৭২ সালের ব্যাংক জাতীয়করণ অধ্যাদেশ (রাষ্ট্রপতির আদেশ-২৬) অনুযায়ী তৎকালীন ইউনাইটেড ব্যাংক লিঃ ও ইউনিয়ন ব্যাংক লিঃ-এর সমন্বয়ে জনতা ব্যাংক গঠিত হয়। ২০০৫ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকা, ২৫৯৪ মিলিয়ন টাকা এবং ১২৯৬ মিলিয়ন টাকা। ২০০৫ সালের শেষে বিদেশে ৪টি বৈদেশিক শাখাসহ ব্যাংকের মোট শাখার সংখ্যা ৮৪৭টি, তন্মধ্যে শহরাঞ্চলে ৪৩৭টি এবং পল্লী অঞ্চলে ৪০৬টি। বিদেশী শাখাসমূহ সংযুক্ত আরব আমিরাতের আবুধাবী, দুবাই, শারজাহ ও আল-আইনে

অবস্থিত। এছাড়া বিশ্বের বিভিন্ন দেশে এ ব্যাংকের বিদেশী প্রতिसংগী (Correspondents) রয়েছে ১১২৫টি।

২০০৫ সালের শেষে ব্যাংকের মোট জনশক্তি দাঁড়ায় ১৫৩২১ জন, যার মধ্যে ৭৮৫৬ জন কর্মকর্তা ও ৭৪৬৫ জন কর্মচারী। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ২০০৫ সালে ১৯৮টি কোর্স পরিচালনার মাধ্যমে মোট ৪৩৭১ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২০০৫ সালে দেশে-বিদেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানে অনুষ্ঠিত ৯২টি প্রশিক্ষণ কোর্স/ কর্মশালা/ সেমিনারে ৩৮ জন নির্বাহী এবং ২০৩ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। গড় লক্ষ্যমাত্রা অর্জনের হার ছিল- কোর্স শতকরা ৯৯ ভাগ এবং



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি মৃৎ শিল্প।

প্রশিক্ষণার্থী শতকরা ৮৯.৫ ভাগ। বিগত বছরের সাফল্যের উপর ভিত্তি করে বর্তমান বছরে ব্যাংকটিকে আরও উন্নততর পর্যায়ে এগিয়ে নেয়ার জন্য ইতোমধ্যে ২০০৬ সালের কর্ম-কৌশল গ্রহণ করা হয়েছে। বিগত ৫ বছরের কর্মকাণ্ডের গতিধারা এবং অন্যান্য বিষয়াদি বিবেচনায় দীর্ঘ মেয়াদি পরিকল্পনা (LTP) প্রণয়ন করা হয়েছে।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা

২০০৫ সালে জনতা ব্যাংকের আমানত ২০০৪ সালের তুলনায় ১৭৮৬২ মিলিয়ন টাকা (১১.৮%) বৃদ্ধি পেয়ে ১৬৮৮৯৭ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ২০০৫ সাল শেষে ব্যাংকের ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৫.৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১২৪৪৬৭

মিলিয়ন টাকায় দাঁড়ায়। এছাড়া দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে ২০০৫ সালে সর্বোচ্চ রেকর্ড পরিমাণ মুনাফা ৩৩০১ মিলিয়ন টাকা অর্জিত হয়েছে, যা ২০০৪ সালের ২৩১৩ মিলিয়ন টাকার তুলনায় শতকরা ৪২.৭ ভাগ বৃদ্ধি পেয়েছে। ২০০৫ সাল শেষে ব্যাংকের মোট বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ২.৮ ভাগ বৃদ্ধি পেয়ে ২৯১৬৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

২০০৫ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসার পরিমাণ দাঁড়ায় মোট ১৫৭৮৮০ মিলিয়ন টাকা। এর মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ৫৮৩৯৫, ৭২৯১২ ও ২৬৫৭৩ মিলিয়ন টাকা। বৃহদাংক ঋণ প্রদানের ক্ষেত্রে বিধি-নিষেধ আরোপের ফলে ২০০৫ সালে ব্যাংকের আমদানি ব্যবসা গত বছরের তুলনায় বৃদ্ধি না পেলেও

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ '০৬ (সাময়িক)	৩০ জুন '০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৫৯৪	২৫৯৪	২৫৯৪	২৫৯৪
৩।	রিজার্ভ ফান্ড	১২৯৩	১২৯৬	১২৯৬	১২৯৬
৪।	আমানত	১৫১০৩৫	১৬৮৮৯৭	১৬২০০০	১৬৮৫০০
	(ক) তলবি আমানত	৭১৮৭১	৮০৫৪৭	৮০৫৪৬	৮৪৫৬০
	(খ) মেয়াদি আমানত	৭৯১৬৪	৮৮৩৪৮	৮১৪৫৪	৮৩৯৪০
৫।	ঋণ ও অগ্রিম	১০৭৭৮৬	১২৩৫৪৬	১২১৫০০	১৭৫০০০
৬।	বিনিয়োগ	২৮৩৭৫	২৯১৬৮	৩১৮০৫	৩১৯০৫
৭।	মোট পরিসম্পদ	১৬৯০৩০	১৮৮১৬৬	১৮৪৫০	১৮৮৪০০
৮।	মোট আয়	১০৯৩৫	১৩১৪৮	৩২১৬	৫৩২১
৯।	মোট ব্যয়	৮৬২২	৯৮৪৭	২৬১৪	৩৯২১
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৫৩৮৭৪	১৫৭৮৮০	৫৫৭১৬	১০৪৬৫৫
	(ক) রপ্তানি	৫৪৬২৩	৫৮৩৯৫	১৪৪৩৮	৩৫০০০
	(খ) আমদানি	৭৪৯২০	৭২৯১২	৩৪১৫৫	৫৫৪০৫
	(গ) রেমিট্যান্স	২৪৩৩১	২৬৫৭৩	৭১২৩	১৪২৫০
১১।	মোট জনশক্তি(সংখ্যায়)	১৫৭০৫	১৫৩২১	১৫১৮০	১৫০৭১
	(ক) কর্মকর্তা	৮০০৩	৭৮৫৬	৭৭৮৬	৭৭৩৬
	(খ) কর্মচারী	৭৭০২	৭৪৬৫	৭৩৯৪	৭৩৩৫
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১১২০	১১২৫	১১২৫	১১২৫
১৩।	শাখা (সংখ্যায়)	৮৪৭	৮৪৭	৮৪৭	৮৪৭
	(ক) বাংলাদেশে	৮৪৩	৮৪৩	৮৪৩	৮৪৩
	(খ) বিদেশে	৪	৪	৪	৪

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	৯৯৬০	৩৮৩২	১১৫৮৫	১৫৪১৭	২৯৯৬	২৮৩৭৩
আদায়	৫৯৭৬	৮৩৯	৩৭০২	৪৫৪১	১৯৪০	১২৪৫৭
২০০৫						
বিতরণ	১১৪৫০	৪৪০০	১৩৩২০	১৭৭২০	৩৪৪৫	৩২৬১৫
আদায়	৬৮৭০	৯৬৫	৪২৫০	৫২১৫	২২৩০	১৪৩১৫
৩১ মার্চ ২০০৬*						
বিতরণ	২৮০০	১১০০	৩৩০০	৪৪০০	৮৫০	৮০৫০
আদায়	১৭০০	২৪০	১০৫০	১২৯০	৫৫০	৩৫৪০
৩০ জুন ২০০৬**						
বিতরণ	৫৭০০	২২৫০	৬৭০০	৮৯৫০	১৭৫০	১৬৪০০
আদায়	৩৫০০	৫০০	২২৫০	২৭৫০	১২০০	৭৪৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

লক্ষ্যমাত্রার তুলনায় শতকরা ৯৭.৩ ভাগ বৃদ্ধি পায়। ২০০৫ সালে রপ্তানি ব্যবসার পরিমাণ গত বছরের তুলনায় ৩৭৭২ মিলিয়ন টাকা বা শতকরা ৬.৯ ভাগ বৃদ্ধি পায়। ২০০৫ সালে রেমিট্যান্সের পরিমাণ গত বছরের তুলনায় ২২৪২ মিলিয়ন টাকা বা শতকরা ৯.২ ভাগ বৃদ্ধি পায়। এছাড়া, প্রবাসী বাংলাদেশীদের কন্সটার্জিত অর্থ বৈধ পথে দ্রুত ও নিরাপদে দেশে তাদের পরিবার ও আত্মীয়-স্বজনদের নিকট প্রেরণের সুবিধার্থে ইতালি'র রোম ও মিলানে জনতা এন্সচেসজ কোম্পানি এস.আর.এল. (SRL) নামে জনতা ব্যাংকের ১০০% মালিকানাধীন সহযোগী প্রতিষ্ঠান অত্যন্ত সুষ্ঠুভাবে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। জনতা ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেখানো হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে জনতা ব্যাংক ৩২৬১৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১৪৩১৫ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। পূর্ববর্তী বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ২৮৩৭৩ মিলিয়ন টাকা ও ১২৪৫৭ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে কৃষি ও শিল্প খাতে যথাক্রমে ১১৪৫০ মিলিয়ন টাকা এবং ১৭৭২০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ৯৯৬০ মিলিয়ন টাকা ও ১৫৪১৭ মিলিয়ন টাকা। জনতা ব্যাংকের

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২-এ দেখানো হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

দেশের শিল্পায়নে জনতা ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকার ভিত্তিক খাতসমূহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ২০০৫ সালের ১ জানুয়ারি-৩১ ডিসেম্বর পর্যন্ত সময়ে জনতা ব্যাংক ৩৩টি শিল্প প্রকল্পের জন্য মোট ১৯২৭ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকটির ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ২৪২৮৭ মিলিয়ন টাকা, যার মধ্যে ১৫৮৫৯ মিলিয়ন টাকা বা শতকরা ৬৫ ভাগ মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারী শিল্প খাতে এবং অবশিষ্ট ৮৪২৮ মিলিয়ন টাকা বা শতকরা ৩৫ ভাগ মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। জনতা ব্যাংকের শিল্প ঋণের আকার ভিত্তিক অবস্থা সারণি-৩-এ প্রদত্ত হলো।

শ্রেণীকৃত ও মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের অগ্রগতি

জনতা ব্যাংকে এম ও ইউ (MOU)-এর বাধ্যবাধকতায় থেকেও ২০০৪ সালের তুলনায় ২০০৫ সালে ঋণ আদায় এবং অবলোপনের মাধ্যমে কুশন সৃষ্টি করে নতুন ঋণ প্রদান করা সম্ভব হয়েছে। ফলে ২০০৫ সাল শেষে শ্রেণীকৃত ঋণের হার ২০০৪ সালের শতকরা ১৬.৭ ভাগ থেকে শতকরা ৫.৭

ভাগ হ্রাস পেয়ে শতকরা ১১.০ ভাগ-এ দাঁড়ায়। উন্নততর ঋণ নীতি ও দক্ষ ব্যবস্থাপনার ফলে জনতা ব্যাংকের সুদ আয় যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি প্রতিষ্ঠানের আর্থিক কাঠামো সুদৃঢ় হয়েছে এবং গ্রামীণ নিম্ন আয়ের জনগোষ্ঠীর আয় বৃদ্ধির ক্ষেত্রে ইতিবাচক প্রভাব সৃষ্টি করেছে। ২০০৫ সালে গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে অধিকতর গতি সঞ্চারণ ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি, কৃষিভিত্তিক শিল্প ও বহুমুখী ক্ষুদ্র ঋণ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির উপর বিশেষ জোর দেয়া হয়েছে।

অন্যান্য কর্মসূচি

পল্লী ঋণ, মাইক্রো এন্টারপ্রাইজ এন্ড স্পেশাল প্রোগ্রাম কার্যক্রম

দেশের সামগ্রিক অর্থনীতিতে পল্লী খাতের গুরুত্ব বিবেচনা করে জনতা ব্যাংক এ খাতে অর্থায়ন শুরু করে। ব্যাংকের ৫৫৩টি শাখার মাধ্যমে ১২৯৯টি ইউনিয়নে বিভিন্ন মৌসুমী ফসল উৎপাদন, মৎস্য চাষ, হাঁস-মুরগী ও গবাদি পশু পালন, হাটকালচার ইত্যাদি কৃষি খাতে সরাসরি ঋণ প্রদান করছে। পল্লী ঋণের আওতায় সকল স্তরের গ্রামীণ জনগোষ্ঠী যাতে সহজ শর্তে ঋণ সুবিধা পায় সেদিকে লক্ষ্য রেখে ব্যাংকের ঋণ নীতিমালা পুনর্বিদ্যায়ন করা হয়েছে। পল্লী এলাকায় কৃষি ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ২০০৫ সালে ৫২১০

মিলিয়ন টাকা বরাদ্দ করা হয় এবং এর বিপরীতে ৪২৩৭ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করা হয়। ডাল, তেল বীজ, মশলা জাতীয় ফসল ও ভুট্টা উৎপাদনে ঋণের সুদ শতকরা ৮ ভাগ হতে হ্রাস করে ১ জুলাই ২০০৫ থেকে শতকরা ২ ভাগ নির্ধারণ করা হয়েছে। এছাড়া দেশীয় সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার ও মানব সম্পদের বিকাশের বিষয়টিকে গুরুত্ব প্রদান করে মাইক্রো এন্টারপ্রাইজ এন্ড স্পেশাল প্রোগ্রামের কর্মকাণ্ড সম্প্রসারণ করা হয়েছে। এক্ষেত্রে দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি, ক্ষুদ্র ব্যবসায়ী উন্নয়ন প্রকল্প এবং Gender Equality-এর বিষয়টিকে গুরুত্ব দেয়া হয়েছে। এ সকল ক্ষেত্রে গৃহীত কর্মসূচি নিম্নরূপঃ

- (১) দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র কৃষক ও ভূমিহীন শ্রমিক উন্নয়ন প্রকল্প, স্বনির্ভর ঋণ, সমবায় ঋণ, বহুমুখী ঋণ, ঘরোয়া/পরিবারভিত্তিক ক্ষুদ্র ঋণ, শস্য গুদাম ঋণ, প্রান্তিক ও ক্ষুদ্র খামার ঋণ কর্মসূচিতে অর্থায়ন।
- (২) ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ, সাইবার ক্যাফে ঋণ, উল্টরস ঋণ, ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন ঋণ প্রদান।
- (৩) কৃষিভিত্তিক শিল্প ঋণ কর্মসূচি যথাক্রমে হাঁস-মুরগী, মৎস্য ও দুগ্ধ খামার এবং হ্যাচারি ঋণ, আধা-নিবিড়

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	১২৫ ১৫৮৫৯	৪৮৫৬ ৮৪২৮	৪৯৮১ ২৪২৮৭
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১৫ ১৩৫১	১৮ ৫৭৬	৩৩ ১৯২৭
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৫ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	১২৭ ১৬০৪৯	৪৮৬০ ৮৫২১	৪৯৮৭ ২৪৫৭০
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬ পর্যন্ত*	প্রকল্প সংখ্যা পরিমাণ	২ ১৯০	৪ ৯৩	৬ ২৮৩
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬ পর্যন্ত **	প্রকল্প সংখ্যা পরিমাণ	৮ ৯৬০	৮ ২০০	১৬ ১১৬০

* সাময়িক।** প্রাক্কলিত।

পদ্ধতিতে চিংড়ি চাষ, গবাদি পশু মোটাতাজাকরণ, পশু খাদ্য তৈরির কারখানা, খাদ্য প্রক্রিয়াকরণ, বিশেষায়িত হিমাগার স্থাপনে অর্থায়ন।

- (৪) বিশেষায়িত ঋণ কর্মসূচি যথাক্রমে ফুল চাষ ও বাজারজাতকরণ ঋণ, বনজ ও ভেষজ উদ্ভিদের নার্সারি ঋণ, প্রতিবন্ধীদের জন্য ঋণ, নিবিড় পদ্ধতিতে ভূট্টা চাষ ঋণ, চাকরিজীবীদের জন্য ঋণ, উন্নতজাতের গাভী পালন ঋণ, ছাগল ও ভেড়া পালন ঋণ প্রদান।
- (৫) এনজিও লিংকেজ প্রোগ্রামের আওতায় এনজিও ক্রেডিট, মাইডাস (MIDAS) ফাইন্যান্সিং লিঃ-এ অর্থায়ন করা হয় এবং বিগত ৩ (তিন) বছরের ঋণ লক্ষ্যমাত্রা ও বিতরণ নিম্নরূপঃ

(মিলিয়ন টাকায়)

বছর	বিতরণ		অর্জনের হার (%)
	লক্ষ্যমাত্রা	অর্জন	
২০০৩	৪০০০	৩৪৫২	৮৬%
২০০৪	৪৭৫০	৪৪২১	৮৩%
২০০৫	৫২১০	৪২৩৭	৮১%

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

জনতা ব্যাংকের উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৫ সালে কৃষি, মৎস্য ও বনায়ন, শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত), ব্যবসা-বাণিজ্য, চলতি মূলধন অর্থায়ন, নির্মাণ এবং পরিবহন ও যোগাযোগ

খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ৯১৭১ মিলিয়ন, ১৪১১১ মিলিয়ন, ৫৫৬০৯ মিলিয়ন, ৭৭১৩ মিলিয়ন এবং ১৭৩৬ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্পে ঋণের স্থিতি ছিল ১২৭০ মিলিয়ন টাকা। জনতা ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

গ্রাহক সেবা

ব্যাংকটির ব্যাংকিং কার্যক্রম আধুনিকায়ন ও গতিশীল করা এবং উন্নত গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে ২০০৫ সালে ট্রেনিং ইন্সটিটিউট, ঢাকা এবং ট্রেনিং সেন্টার, রাজশাহী ও কুমিল্লা কর্তৃক ৪৭টি কম্পিউটার বিষয়ক কোর্সের মাধ্যমে ৮৬২জন নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া আধুনিকায়নের ক্ষেত্রে তথ্য প্রযুক্তিগত উন্নতর যোগাযোগ ব্যবস্থাপনার জন্য ১৫টি শাখায় One Stop Banking Service প্রবর্তনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রকৌশলগত কাজ সম্পন্ন করা হয়েছে।

সুদের হার

সরকার ঘোষিত সুদনীতির সংগে সামঞ্জস্য রেখে জনতা ব্যাংক ঋণ প্রদানে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে এনেছে এবং আমানতের সুদের হার সুস্বমকরণ করেছে। ২০০৬ সালের মার্চ শেষে কৃষিভিত্তিক খাত, শিল্প খাত ও সেবা খাতে সুদের হার যথাক্রমে শতকরা ৮ ভাগ, ১০.৫০ ভাগ এবং ১৩.০ ভাগ করা হয়েছে।

ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ '০৬ (সাময়িক)	৩০ জুন '০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	৪৭৬০ ৪৪৮১ ১৪৪ ১২৮ ৭	৯১৭১ ৭৭৬১ ১২৭০ ১৩২ ৮	৯১৬৫ ৭৭৬০ ১২৭০ ১৩০ ৫	৯১৭০ ৭৭৬০ ১২৭০ ১৩০ ১০
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	১৩৮১৯ ৯৪৮৫ ৪৩৩৪	১৪১১১ ৯২৫২ ৪৮৫৯	১৪১০০ ৯২৫০ ৪৮৫০	১৪১০০ ৯২৫০ ৪৮৫০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩১৩০২	২৯৬১৮	২৯৬০০	২৯৬০০
৪।	নির্মাণ	৭৩৬৪	৭৭১৩	৭৭১০	৭৭১০
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৩৬০	১৭৩৬	১৭৩০	১৭৩০
৭।	ব্যবসা-বাণিজ্য (ক) পাইকারি ও খুচরা (খ) রপ্তানি (গ) আমদানি (ঘ) হোটেল ও রেস্টোরা	৩০২৯৪ ১১৯৭ ১২৯৫০ ১৬১৪৪ ৩	৫৫৬০৯ ২২৩৭০ ৬৬৩১ ২৬৬০৪ ৪	৫১৬৬৫ ২০১৫০ ৬৬৩০ ২৪৮৮০ ৫	৫৭০২০ ২৩০৮০ ৬৬৩০ ২৭৩০০ ১০
৮।	বিশেষ ঋণ কর্মসূচি (ক) দারিদ্র্য বিমোচন (খ) অন্যান্য	১৪৮৮ ১৮৩৯৯	১২৭০ ৪৩১৮	১২৭০ ৬২৬০	১২৭০ ৬৯০০
	সর্বমোট	১০৭৭৮৬	১২৩৫৪৬	১২১৫০০	১৭৫০০০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি সর্বোচ্চ	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৩.৫০	২.০০	৬.২৫	৩.৬৪	৮.০০	১০.০০	১২.০০	৮.২২
২০০৫	৩.৫০	২.০০	৬.২৫	৩.৬৩	৮.০০	১০.০০	১২.০০	৮.৭০
৩১ মার্চ ২০০৬*	৪.০০	৩.০০	৭.২৫	৩.৬০	৮.০০	১০.৫০	১৩.০০	৮.৫০
৩০ জুন ২০০৬**	৪.০০	৩.০০	৭.২৫	৩.৬০	৮.০০	১০.৫০	১৩.০০	৮.৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

অগ্রণী ব্যাংক

অগ্রণী ব্যাংক দেশের অন্যতম বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক হিসেবে অগ্রণী ব্যাংক জন্মলগ্ন থেকেই এর সকল সম্পদ ও প্রয়াস শিল্প-কারখানা, ব্যবসা-বাণিজ্য ও গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে নিয়োজিত রেখেছে। অগ্রণী ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ যথাক্রমে ৮০০০, ২৪৮৪ এবং ৩৩৮ মিলিয়ন টাকা। সাত জন পরিচালকের সমন্বয়ে গঠিত পরিচালনা পর্ষদ ব্যাংকের সামগ্রিক নীতি নির্ধারণ করে থাকেন। সমগ্র দেশব্যাপী অগ্রণী ব্যাংকের মোট শাখার সংখ্যা ৮৬৪। এর মধ্যে ৩৩৯টি শাখা শহরকেন্দ্রিক ও অবশিষ্ট ৫২৫টি শাখা গ্রামভিত্তিক। বিদেশী প্রতিসংগী ব্যাংকের সংখ্যা ৪১০টি। ব্যাংকের সর্বমোট

কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ১১৯৩৮ জন। এর মধ্যে ৬৫৬৭ জন কর্মকর্তা এবং ৫৩৭১ জন কর্মচারী। মানব সম্পদের সার্বিক উন্নয়ন ও পূর্ণাঙ্গ ব্যবহারের মাধ্যমে পেশাগত দক্ষতা ও কাজের গুণগত মান উৎকর্ষের লক্ষ্যে ২৪ ডিসেম্বর ১৯৭৬ সালে অগ্রণী ব্যাংকে ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয় এবং ৮ মে ২০০৪ সালে এতে একটি কম্পিউটার ল্যাব স্থাপিত হয়। ৩০টি আধুনিক কম্পিউটারসজ্জিত এ ল্যাব-এ একসঙ্গে ৩০ জন প্রশিক্ষণার্থী তাত্ত্বিক জ্ঞান অন্বেষণ পাশাপাশি কম্পিউটার পরিচালনার খুঁটিনাটি বিষয়ে হাতে-কলমে শিক্ষালাভ করতে পারেন। ১৯৭৭ থেকে ২০০৫ সাল পর্যন্ত ২৯ বছরে ১৩০০টি প্রশিক্ষণ কোর্স/কর্মশালার মাধ্যমে সর্বমোট



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি চামড়া শিল্প কারখানা।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ '০৬ (সাময়িক)	৩০ জুন '০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৪৮৪	২৪৮৪	২৪৮৪	২৪৮৪
৩।	রিজার্ভ ফান্ড	৩৩৮	৩৩৮	৩৩৮	৩৩৮
৪।	আমানত	১২৫৩৯০	১৩১০২০	১৩২৪২৭	১৩৩৯০৯
	(ক) তলবি আমানত	২১১৪৪	২১৬৪৬	২২৩১২	২২৩১৮
	(খ) মেয়াদি আমানত	১০৪২৪৬	১০৯৩৭৪	১১০১১৫	১১১৫৯১
৫।	ঋণ ও অগ্রিম	৯৫৯২০	৯৯৪০৪	১০১৩০৩	১০৩০৭৪
৬।	বিনিয়োগ	২৬৮৪৮	২৪৩৩০	২৫২৮৩	৩১৪৪০
৭।	মোট পরিসম্পদ	১৫১৩৭৬	১৫৫৫২৮	১৫৬৫৬২	১৫৭৫৯৭
৮।	মোট আয়	৮৮৯৫	১০৭৯৭	৩১৯০	৬৩৯৫
৯।	মোট ব্যয়	৯৭৭০	৮৪৫৭	২৩২০	৪৬৪৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১১৪৭১৭	১২৭৪৭২	৪৬৫০৪	৯৫০০০
	(ক) রপ্তানি	৪১৯৭১	৪১৭১০	১১৮৬৫	৩০০০০
	(খ) আমদানি	৩৫৯০৬	৫১১৯৪	২২১৩৯	৪০০০০
	(গ) রেমিট্যান্স	৩৬৮৪০	৩৪৫৬৮	১২৫০০	২৫০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১২২০৮	১১৯৩৮	১২০৪৯	১২০০৫
	(ক) কর্মকর্তা	৬৫৬৩	৬৫৬৭	৬৬৯০	৬৬৫৩
	(খ) কর্মচারী	৫৬৪৫	৫৩৭১	৫৩৫৯	৫৩৫২
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	৩৯৭	৪১০	৪১০	৪১৫
১৩।	শাখা (সংখ্যায়)	৮৭০	৮৬৪	৮৬৪	৮৬৪
	(ক) বাংলাদেশে	৮৭০	৮৬৪	৮৬৪	৮৬৪
	(খ) বিদেশে	-	-	-	-

৪১৮১৩ জনকে (২৯,৯০০ জন কর্মকর্তা ও ১১৯১৩ জন কর্মচারী) প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০০৫ সালে ৮২টি কোর্স ও কর্মশালার মাধ্যমে মোট ২৪০৮ জন কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ লাভ করেন এবং ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ১৬টি কোর্সে ৬৫৫ জন প্রশিক্ষার্থী অংশগ্রহণ করেন। ২০০৫ সালে অগ্রণী ব্যাংক তার নিজস্ব ট্রেনিং ইন্সটিটিউট-এর বাইরেও বিভিন্ন প্রতিষ্ঠানে ৩৮৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দান করে। অধিকন্তু, ২০০৫ সালে ব্যাংক কর্তৃক বিদেশী ব্যাংক ও প্রতিষ্ঠানের আমন্ত্রণক্রমে ১৪টি বিদেশী বিভিন্ন কর্মশালা/সেমিনারে/ প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে বিদেশ গমনে ২৬ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়েছে। এছাড়া জানুয়ারি-ফেব্রুয়ারি ২০০৬ সময়ে ব্যাংক ও জন প্রশিক্ষার্থীকে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত দু'টি

সেমিনারে অংশগ্রহণের জন্য বিদেশে প্রেরণ করে।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

২০০৫ সালে পূর্ববর্তী বছরের ন্যায় আমানত প্রবৃদ্ধির ক্রমবর্ধমান ধারাবাহিকতা অব্যাহত থাকে। ২০০৫ সালের ডিসেম্বর শেষে আমানত পূর্ববর্তী বছরের তুলনায় ৫৬৩০ মিলিয়ন টাকা (৪.৫%) বৃদ্ধি পেয়ে ১৩১০২০ মিলিয়ন টাকায় উন্নীত হয়। এর মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ২১৬৪৬ এবং ১০৯৩৭৪ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৫ শেষে ব্যাংক কর্তৃক প্রদত্ত মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৯৯৪০৪ মিলিয়ন টাকা; যা মার্চ ২০০৫ শেষে ১০৩০৭৪ মিলিয়ন টাকায় উন্নীত হয়। ২০০৫ সালে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ২৪৩৩০

মিলিয়ন টাকা, পূর্ববর্তী বছরে যা ছিল ২৬৮৪৮ মিলিয়ন টাকা।

২০০৫ সালে ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা বিনিময় ব্যবসার পরিমাণ ২০০৪ সালের ১১৪৭১৭ মিলিয়ন টাকার তুলনায় শতকরা ১১.১ ভাগ বৃদ্ধি পেয়ে ১২৭৪৭২ মিলিয়ন টাকায় দাঁড়ায় যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ৪১৭১০, ৫১১৯৪ ও ৩৪৫৬৮ মিলিয়ন টাকা। বিদেশে কর্মরত বাংলাদেশী বা তার মনোনীত প্রতিনিধি যাতে সহজে দেশে প্রেরিত রেমিট্যান্স-এর অর্থ স্বল্প সময়ে সহজে পান এ লক্ষ্যে অগ্রণী ব্যাংক মধ্যপ্রাচ্যে এবং উপসাগরীয় অঞ্চলের ৫টি ব্যাংক ও ২১টি এক্সচেঞ্জ হাউসের সংগে চুক্তি সম্পাদনের মাধ্যমে দেশে সরাসরি টাকা পাঠানোর বিষয়টি নিশ্চিত করেছে। ৩১ জানুয়ারি ২০০২ তারিখে সিঙ্গাপুরে বসবাসরত বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ বৈধ পথে দেশে প্রেরণের সুবিধার্থে সিঙ্গাপুরে 'অগ্রণী এক্সচেঞ্জ হাউস প্রাঃ লিঃ' নামে একটি এক্সচেঞ্জ হাউস খোলা হয়। ৩১ ডিসেম্বর ২০০৫ সালে এ হাউস প্রায় ২৬৩৯ মিলিয়ন টাকার রেমিট্যান্স বাংলাদেশে প্রেরণ করে। এছাড়া ২১ জানুয়ারি ২০০৪ তারিখে ভূমিপুত্র কমার্স ব্যাংক, বারহাদ, কুয়ালালামপুর, মালয়েশিয়ার সংগে মালয়েশিয়া হতে রেমিট্যান্স আহরণের নিমিত্তে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় এবং ১৫ মার্চ ২০০৪ তারিখ হতে ভূমিপুত্র কমার্স ব্যাংকের মাধ্যমে মালয়েশিয়া হতে রেমিট্যান্স প্রেরণ শুরু হয়। সম্প্রতি মালয়েশিয়ার কুয়ালালামপুরে অগ্রণী

রেমিট্যান্স হাউস এসডিএম, বিএইচডি চালু করা হয়েছে এবং ফেব্রুয়ারি ২০০৬-এ এক্সচেঞ্জ হাউস হতে আনুষ্ঠানিকভাবে অর্থ প্রেরণ শুরু হয়েছে। উল্লেখ্য যে, সরকার বিঘোষিত নীতিমালার সংগে সংগতি রেখে রেমিট্যান্সের অন্তর্মুখী প্রবাহ বৃদ্ধিসহ নিরাপদে ও দ্রুততম সময়ে গ্রাহক বা বেনিফিশিয়ারিদের হিসাবে টাকা জমাকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অগ্রণী ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে অগ্রণী ব্যাংক-এর মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩৪২৯৯ মিলিয়ন টাকা ও ১০৯৩০ মিলিয়ন টাকা। বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ১৩৪২ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ১২৯৭২ মিলিয়ন টাকা শিল্প ঋণ ও ২০০৪২ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে উক্ত খাতসমূহ থেকে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১১৮০ মিলিয়ন, ৫৩৫৯ মিলিয়ন ও ৪৩৯১ মিলিয়ন টাকা। সরকারের বাজার অর্থনীতির সংগে সংগতি রেখে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে আনয়ন করে ঋণকে উৎপাদনমুখী ও প্রতিযোগিতামূলক করা হয়েছে। ঋণ পরিশোধে ঋণগ্রহীতাকে উৎসাহিত করার লক্ষ্যে আদায়কৃত সুদের উপর শতকরা ৫-১০ ভাগ পর্যন্ত সুদ রেয়াতী প্রদানের সুবিধা প্রদান করা হচ্ছে। কৃষি পণ্য রপ্তানিকে উৎসাহিত

ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৪	বিতরণ	৭৪১	২৫৫৬	৭৯৭০	১০৫২৬	১৫৬৫২	২৬৯১৯
	আদায়	৮৫৯	৮৭৮	৭৫৭০	৮৪৪৮	১১০৫৫	২০৩১২
২০০৫	বিতরণ	১৩৪২	২৬২৫	১০২৯০	১২৯৭২	২০০৪২	৩৪২৯৯
	আদায়	১১৮০	১৩১৫	৪০৪৪	৫৩৫৯	৪৩৯১	১০৯৩০
৩১ মার্চ ২০০৬*	বিতরণ	৬৫৬	৯৯৫	২৫৮৭	৩৫৮২	৩৭৮৬	৮০২৪
	আদায়	৬১১	৭৪০	১০২১	১৭৬১	৩৬০	২৭৩২
৩০ জুন ২০০৬**	বিতরণ	৮৮০	১২১৫	৫১৭৩	৬৩৮৮	৯৮৮২	১৭১৫০
	আদায়	৮১৫	৮৪০	২০৪৩	২৮৮৩	১৭৬৬	৫৪৬৪

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার			
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট	
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৬৪ ১০২০৫	৩১২০ ৯৯৮৯	৩১৮৪ ২০১৯৪
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১২ ১৪৪২	২১৩ ১৩০৭	২২৫ ২৭৪৯
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৭১ ১০৯৪৯	৩২৫১ ১০৪৩৭	৩৩২২ ২১৩৮৬
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৭ ৭৪৫	১২৫ ৪৪৮	১৩২ ১১৯৩
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১১ ১২২৫	২১৪ ৭৫৫	২২৫ ১৯৮০

* সাময়িক । ** প্রাক্কলিত ।

করার লক্ষ্যে পাট খাতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদান করা হয় এবং ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখ পর্যন্ত উক্ত খাতে প্রদত্ত ঋণের স্থিতি দাঁড়ায় ৮১১৯.৫ মিলিয়ন টাকা, যা ব্যাংকের মোট ঋণের শতকরা ৮.২ ভাগ। এছাড়া সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচিতে অগ্রণী ব্যাংক ঋণ সরবরাহ অব্যাহত রেখেছে। ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখ পর্যন্ত মোট ঋণের শতকরা ১৫ ভাগ সরকারি খাতে এবং শতকরা ৮৫ ভাগ বেসরকারি খাতে প্রদান করা হয়েছে।

ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

দেশের শিল্পায়নে অগ্রণী ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকার ভিত্তিক খাতসমূহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত অগ্রণী ব্যাংক ৩১৮৪টি প্রকল্পের জন্য ঋণ হিসাবে ২০১৯৪ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে। এর মধ্যে কেবল ২০০৫ সালে ২২৫টি প্রকল্পের অনুকূলে ২৭৪৯ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করেছে। মোট শিল্প ঋণের মধ্যে ব্যাংকের নিজস্ব তহবিল হতে মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ ছিল ১৮৫২২ মিলিয়ন টাকা এবং বৈদেশিক ঋণ কর্মসূচির আওতায় অর্থায়নের পরিমাণ ছিল ৩৬

১১১২ মিলিয়ন টাকা। শিল্প খাতে অগ্রণী ব্যাংক প্রদত্ত শিল্প ঋণের মধ্যে শতকরা ৫১ ভাগ দেয়া হয়েছে বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৪৯ ভাগ দেয়া হয়েছে ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। সরকার ঘোষিত অগ্রাধিকার খাতসহ শিল্পের গুরুত্বপূর্ণ ৪৪টি উপ-খাতে অগ্রণী ব্যাংক অর্থায়ন করেছে। অগ্রণী ব্যাংকের শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

অন্যান্য কার্যাবলী

দারিদ্র্য বিমোচন কর্মসূচি

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন করে দেশের সামগ্রিক অর্থনৈতিক প্রবৃদ্ধিতে এদের অবদান রাখার লক্ষ্যে অগ্রণী ব্যাংক ১৯৭৭ সাল থেকে সরকারের ঘোষিত নীতিমালার আলোকে বিবিধ কার্যক্রমের ধারাবাহিকতা অক্ষুণ্ন রেখেছে। পল্লী এলাকার বিপুল জনগোষ্ঠীকে দেশের অর্থনীতির মূল স্রোতধারার সংগে সম্পৃক্তকরণপূর্বক গ্রামীণ অর্থনীতিকে গতিশীল ও চাঙ্গাকরণসহ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ৩৬টি কর্মসূচি/প্রকল্পের মাধ্যমে মোট ৩.৪১ মিলিয়ন বেকার, দুঃস্থ মহিলা ও ভূমিহীন কৃষককে সর্বমোট ২৩১৮৮ মিলিয়ন টাকা বিতরণ করেছে এবং এ খাতে আদায়ের হারও সন্তোষজনক। এছাড়া অগ্রণী ব্যাংক মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট (মেডু) অনুবিভাগকে এসএমই ও

মাইক্রো ক্রেডিট বিভাগ নামে একটি পূর্ণাঙ্গ বিভাগে রূপান্তর করে দারিদ্র্য বিমোচনে জোরালো পদক্ষেপ গ্রহণ করেছে। এর মাধ্যমে ১৯৯৫ সাল থেকে অগ্রণী ব্যাংক ও ইফাদের যৌথ উদ্যোগে এমপ্লয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর (ইজিপিআরপি) প্রকল্পটি দক্ষতার সংগে পরিচালিত হয়ে আসছে। পরবর্তীতে জুলাই ২০০০ থেকে বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে অন্যান্য রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের সংগে প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি চালু করেছে। বর্তমানে এ বিভাগের আওতাধীনে দারিদ্র্য বিমোচন, ক্ষুদ্র ব্যবসা সম্প্রসারণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এনজিওদের ঋণদানসহ ১৩টি ক্ষুদ্র ঋণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য ৩টি কর্মসূচি নিম্নরূপঃ

এমপ্লয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর (ইজিপিআরপি)

প্রকল্পটি ইফাদ ও অগ্রণী ব্যাংকের অর্থায়নে ১৯৯৫-'৯৬ সাল থেকে জুন ২০০০ সাল পর্যন্ত বাস্তবায়িত হয়। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় তা বর্তমানে ব্যাংকের নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে। মাইক্রো এন্টারপ্রাইজ প্রতিষ্ঠা ও

কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিই হলো এ কর্মসূচির উদ্দেশ্য। প্রকল্পের আওতায় জামানতবিহীন ৭৫০০০ টাকা এবং জামানতসহ সর্বোচ্চ ০.৫০ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। এছাড়া এর জন্য এনজিওদেরকেও ঋণ দেয়া হয়ে থাকে। ডিসেম্বর ২০০৫ পর্যন্ত এ প্রকল্পের আওতায় মোট ৪৬৮০২টি ব্যবসা প্রতিষ্ঠানকে মোট ২৫৭১.৭ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে। বিতরণকৃত ঋণের বিপরীতে এ পর্যন্ত আদায় হয়েছে ২১৭৭.৫ মিলিয়ন টাকা। পুঞ্জীভূত ঋণ আদায়ের হার শতকরা ৯৪ ভাগ।

প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি

বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে ২০০২ সালে এ বিশেষ ঋণ কর্মসূচি চালু করা হয়। প্রতিবন্ধীদের স্বাবলম্বী এবং সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল স্রোতধারায় একীভূত করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রণীত এ ঋণ কর্মসূচিটি অগ্রণী ব্যাংক কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। শারীরিকভাবে প্রতিবন্ধী কিন্তু বুদ্ধিমত্তা ও ব্যবসায়িক পারদর্শী ব্যক্তিগণ এককভাবে বা পরিবারের কোনো যোগ্য সদস্যের সংগে যৌথভাবে এ ঋণ গ্রহণ করতে পারেন। ঋণের মেয়াদ ১-২ বৎসর। সুদের হার শতকরা ১০ ভাগ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ '০৬ (সাময়িক)	৩০ জুন '০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য	৪৫২২	৫৮৫২	৬১৮২	৬৫১২
	(ক) শস্য	৩৯৩০	৪৬৫৬	৪৮৩৬	৫০১৬
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	৫৯২	১১৯৬	১৩৪৬	১৪৯৬
২।	শিল্প	১৮৮২০	১৯০০৬	২০১১৪	২১১৪৭
	(ক) বৃহৎ ও মাঝারি	৮৮১২	৯০৩৮	৯৫৩৭	৯৯৪০
	(খ) ক্ষুদ্র ও কুটির	১০০০৮	৯৯৬৮	১০৫৭৭	১১২০৭
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল	৪১৪৩	৪৮৪০	৫০১৪	৫১৮৮
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৫১০	৭৮৬	৮৫৭	৯২৪
৫।	পরিবহন ও যোগাযোগ	৭৮২	৯২৮	৯৩২	৯৩৫
৬।	বিশেষ ঋণ কর্মসূচি	৩২৯০	৩৫৬৩	৩৬৩১	৩৬৫১
	(ক) দারিদ্র্য বিমোচন	১৮৮৫	১৯০৫	১৯২৬	১৯৪২
	(খ) অন্যান্য	১৪০৫	১৬৫৮	১৭০৫	১৭০৯
৭।	অন্যান্য	৬৩৮৫৩	৬৪৪২৯	৬৪৫৭৩	৬৪৭১৭
	সর্বমোট	৯৫৯২০	৯৯৪০৪	১০১৩০৩	১০৩০৭৪

ডিসেম্বর ২০০৫ পর্যন্ত মোট ঋণ বিতরণ করা হয়েছে ১৫.৭ মিলিয়ন টাকা এবং আদায় করা হয়েছে ১৪.১ মিলিয়ন টাকা। পুঞ্জীভূত আদায়ের হার শতকরা ৯০ ভাগ।

মহিলাদের ঋণদান কর্মসূচি

মহিলাদের সমাজে আর্থিকভাবে প্রতিষ্ঠিত করা এবং তাদের স্বনির্ভরতা আনয়নের লক্ষ্যে ১৯৯৩ সালে অগ্রণী ব্যাংকের নিজস্ব অর্থায়নে এ কর্মসূচি শুরু করা হয়। একজন মহিলার অনুকূলে সর্বোচ্চ ৫০০০০ টাকা ঋণ মঞ্জুরী প্রদান করা যায়। ডিসেম্বর ২০০৫ পর্যন্ত মোট ঋণ বিতরণ করা হয়েছে ১৩.০ মিলিয়ন টাকা এবং আদায় করা হয়েছে ৭.৯ মিলিয়ন টাকা। পুঞ্জীভূত আদায়ের হার ৯০ ভাগ।

ফিমেল সেকেন্ডারি স্কুল এ্যাসিসট্যান্স প্রজেক্ট-II (এফএসএসএপি-II)

দেশের নারী শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বিগত ১৯৯৪ সাল থেকে বিশ্ব ব্যাংকের তত্ত্বাবধানে ও আর্থিকভাবে উন্নয়ন সংস্থার অর্থায়নে পরিচালিত ফিমেল সেকেন্ডারি স্কুল এ্যাসিসট্যান্স প্রজেক্ট নামে একটি প্রজেক্টের আওতায় ১১৯টি থানাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের মধ্যে উপবৃত্তি ও টিউশন ফিস বিতরণ করা হয়েছে। ২০০৫ সালে ৬.৫৮ লক্ষ ছাত্রীদের মধ্যে প্রায় ৫১০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

ফিমেল সেকেন্ডারি স্টাইপেন্ড প্রজেক্ট (এফএসএসপি)

দেশে নারী শিক্ষার হার বৃদ্ধি করার লক্ষ্যে সরকারের অর্থায়নে পরিচালিত ফিমেল সেকেন্ডারি স্টাইপেন্ড প্রজেক্ট-এর আওতায় ঢাকা বিভাগের ৬২টি উপজেলাধীন ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত প্রায় ২.৮৭ লক্ষ ছাত্রীর মধ্যে অত্র ব্যাংকের ৯০টি শাখার মাধ্যমে নির্ধারিত হারে উপবৃত্তি ও টিউশন ফিস বিতরণ করা হচ্ছে। ২০০৫ সালে বিতরণকৃত অর্থের পরিমাণ প্রায় ১০০ মিলিয়ন টাকা।

ফিমেল এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (এফইএসপি)

অনুরূপভাবে নারী শিক্ষার হার বৃদ্ধির জন্য নোরাডের অর্থায়নে পরিচালিত 'ফিমেল এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট' নামে আরও একটি প্রকল্পের আওতায় ২০০৫ সালে দেশের ১৯টি উপজেলার ০.৫৬ লক্ষ ছাত্রীদের উপ-বৃত্তি ও টিউশন ফিস বাবদ ৩৭.৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

প্রাইমারি এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট(পিইএসপি)

দেশের প্রাইমারি শিক্ষার হার বৃদ্ধিকল্পে ও নারী শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে এ কার্যক্রম ২০০০ সাল থেকে চালু করা হয়। ৫ বছর মেয়াদি এ কর্মকাণ্ডে ২০০৫ সালে অগ্রণী ব্যাংকের মাধ্যমে সিলেট ও বরিশাল বিভাগের ৪৯টি উপজেলার ৫.১৪ লক্ষ ছাত্র-ছাত্রীর মাঝে ৪১৯.১ মিলিয়ন টাকা বিতরণ করা

হয়েছে।

হায়ার সেকেন্ডারি ফিমেল স্টাইপেন্ড প্রজেক্ট (এইচএসএফএসপি)

অনুরূপভাবে নারী শিক্ষার হার সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ সরকারের অর্থায়নে হায়ার সেকেন্ডারি ফিমেল স্টাইপেন্ড প্রজেক্ট (এইচএসএফএসপি) নামীয় একটি কার্যক্রম ২০০২ সাল হতে চালু করা হয়েছে। ২০০৫ সালে এ কার্যক্রমের আওতায় ১১৯টি উপজেলার ০.৪৩ লক্ষ ছাত্রীর মধ্যে ৪২.৮ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়েছে।

বিভিন্ন প্রকার সম্মানী ভাতা প্রদান কর্মসূচি

২০০৫ সালে বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা কর্মসূচির আওতায় ১.৮৮ লক্ষ ভাতা ভোগীদের মধ্যে ৪২০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে, যা অগ্রণী ব্যাংকের ৪৮৪টি শাখার মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। এছাড়া ২০০৫ সালে সামরিক অবসর ভাতা প্রদান বাবদ ৩৪০ মিলিয়ন টাকা, বেসরকারি শিক্ষকদের বেতন ভাতা প্রদান বাবদ ৫১৪ মিলিয়ন টাকা এবং মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান বাবদ ১৬০ মিলিয়ন টাকা পরিশোধ করা হয়েছে।

সরকারি খাদ্য শস্য সংগ্রহ অভিযান

২০০৫ সালে সরকারি খাদ্য শস্য সংগ্রহ বাবদ ৪৬১০ মিলিয়ন টাকা পরিশোধ করা হয়েছে।

শ্রেণীকৃত ও মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ে

অগ্রগতি (অবলোপনসহ)

২০০৫ সালে মোট ১০৯৩০ মিলিয়ন টাকার ঋণ আদায়/নিয়মিতকরণ করা হয়েছে, এর মধ্যে অবলোপনসহ শ্রেণীকৃত ঋণ ৭৭১৯ মিলিয়ন টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঋণ ৩২১১ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার তুলনায় যথাক্রমে শতকরা ১১২ ভাগ ও শতকরা ৮০ ভাগ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

অগ্রণী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৫ সালে কৃষি ও মৎস্য, শিল্প, পাইকারি/খুচরা ও রেন্টোরা/হোটেল, বীমা, রিয়েল এস্টেট ও সেবা খাত এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ৫৮৫২ মিলিয়ন, ১৯০০৬ মিলিয়ন, ৪৮৪০ মিলিয়ন, ৭৮৬ মিলিয়ন এবং ৯২৮ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্পে ঋণের স্থিতি ছিল ১৯০৫ মিলিয়ন টাকা। অগ্রণী ব্যাংকের উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৩.৫০	২.০০	৫.২৫-৬.২৫	৫.৯৯	৮.০০	১১.০০	১২.০০	৫.৩৮
২০০৫	৩.৫০	২.০০	৫.২৫-৬.২৫	৪.৪০	৮.০০	১১.২৫	১২.০০	৫.৮৮
৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৪.০০	২.৫০	৫.৭৫-৬.৭৫	-	৮.০০	১২.৫০	১২.০০	-
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)	-	-	-	-	-	-	-	-

সুদের হার

২০০৫ সালে সরকার ঘোষিত সুদনীতির সংগে সামঞ্জস্য রেখে অগ্রণী ব্যাংক ঋণ প্রদানে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে আনয়ন এবং আমানতের সুদের হার সুষমকরণ করা হয়েছে। কৃষিভিত্তিক খাত, শিল্প খাত ও সেবা খাতে সুদের হার যথাক্রমে শতকরা ৮ ভাগ, ১১.২৫ ভাগ এবং ১২.০০ ভাগ করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

গ্রাহক সেবা উন্নয়ন

মানব সম্পদ সমৃদ্ধির পাশাপাশি অগ্রণী ব্যাংকের যাবতীয় কার্যাবলী দক্ষতা ও দ্রুততার সংগে কম্পিউটারের মাধ্যমে সম্পাদন করার অভিপ্রায়ে বর্তমানে সারা দেশব্যাপী ৫২টি আঞ্চলিক কার্যালয় ও ২১৩টি শাখাকে কম্পিউটারায়নকৃত করে দ্রুত ও উন্নত ব্যাংকিং সেবা (গ্রাহক সেবা) প্রদান করা হচ্ছে। তন্মধ্যে ঢাকা শহরে ৮টি ও চট্টগ্রামে ১টিসহ মোট ৯টি শাখা Radio Link-এর মাধ্যমে নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। এসব শাখার গ্রাহকবৃন্দ নেটওয়ার্কভুক্ত যে

কোনো শাখা থেকে যে কোনো ধরনের লেনদেন করার সুযোগ পাবেন। পর্যায়ক্রমে আরও শাখাকে এ নেটওয়ার্কের আওতাধীনে নেয়া হবে। মিড রেঞ্জ কম্পিউটারভিত্তিক পূর্ণাঙ্গ ব্যাংকিং সফটওয়্যার অগ্রণী সলিউশন তথ্য ও প্রযুক্তি বিভাগ কর্তৃক উদ্ভাবিত। উল্লেখ্য, দেশের রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে অগ্রণী ব্যাংকই সর্বপ্রথম অনলাইন ব্যাংকিং সার্ভিস চালু করে। ২০০২ সাল শেষে অগ্রণী ব্যাংক কর্তৃক www.agranibank.org নামে একটি ওয়েবসাইট খোলা হয়, যার মাধ্যমে ব্যাংক সংক্রান্ত হাল-নাগাদ তথ্যাদি তাৎক্ষণিকভাবে জেনে নেয়া যায়। এছাড়া ২০০২ সালে E-Cash নামে এটিএম ব্যবস্থা চালু করা হয়; যা গ্রাহক সেবার ক্ষেত্রে একটি নতুন মাত্রা যোগ করে। এর মাধ্যমে ২৪ ঘন্টা নগদ টাকা তোলা ও বিভিন্ন সেবা সংস্থার সব ধরনের পরিসেবা বিল পরিশোধ করার সুযোগ পাচ্ছেন গ্রাহকবৃন্দ। এটি একটি Shared ব্যবস্থা, যার সংগে সম্পৃক্ত রয়েছে ৯টি সদস্য ব্যাংক। এ ব্যবস্থাদীনে সদস্য ব্যাংকের একজন কার্ড হোল্ডার E-Cash Brand-এর যে কোনো একটি এটিএম থেকে উল্লিখিত সেবা গ্রহণ করতে পারেন দিনরাত্রির যে কোনো সময়েই।

রূপালী ব্যাংক লিমিটেড

১৯৭২ সালে পাকিস্তান আমলের মুসলিম কমার্শিয়াল ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এবং অস্ট্রেলেশিয়া ব্যাংক লিঃ-কে জাতীয়করণের মাধ্যমে রূপালী ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। অতঃপর, ১৯৮৬ সালের ১৪ ডিসেম্বর রূপালী ব্যাংক পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে কার্যক্রম শুরু করে, যাতে সরকারি ও বেসরকারি শেয়ারের অনুপাত নির্ধারণ করা হয় ৫১ঃ৪৯। ২০০৫ সালের ডিসেম্বর শেষে রূপালী ব্যাংকের অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭০০০ মিলিয়ন টাকা, ১২৫০ মিলিয়ন টাকা এবং ৯১৩ মিলিয়ন টাকা। পরিশোধিত মূলধনে সরকারি শেয়ার-এর পরিমাণ শতকরা ৯৩.২ ভাগ এবং বেসরকারি শেয়ার-এর পরিমাণ শতকরা

৬.৮ ভাগ।

পাকিস্তানের করাচীতে ১টি বৈদেশিক শাখাসহ ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ৪৯৩টি, যার মধ্যে ২৭০টি শাখা শহর অঞ্চলে এবং বাকী ২২৩টি পল্লী অঞ্চলে অবস্থিত। পাকিস্তানের করাচীস্থ বৈদেশিক শাখাটি পাকিস্তানের একটি সিকিউরিটি কোম্পানি মেসার্স আরিফ হাবিব সিকিউরিটিজ লিঃ-এর সংগে জয়েন্ট ভেঞ্চার ব্যাংক হিসেবে ইতোমধ্যে স্টেট ব্যাংক অব পাকিস্তান থেকে কন্ডিশনাল লাইসেন্স পেয়েছে, বর্তমানে ব্যাংকটির নাম হয়েছে "আরিফ হাবিব রূপালী ব্যাংক লিঃ" এবং এ ব্যাংকে রূপালী ব্যাংক লিঃ-এর শেয়ার হলো শতকরা ২১.৫ ভাগ। ২০০৫ সালের শেষে রূপালী ব্যাংক লিঃ-এর মোট



রূপালী ব্যাংকের অর্থায়িত একটি স্পিনিং মিলস্-এর অভ্যন্তরীণ দৃশ্য।

জনসম্পদের সংখ্যা দাঁড়ায় ৫০০৮ জন, যার মধ্যে কর্মকর্তার সংখ্যা ৩২০৪ এবং কর্মচারীর সংখ্যা ১৮০৪ জন।

আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

২০০৫ সালের ডিসেম্বর শেষে রূপালী ব্যাংকের মোট আমানতের পরিমাণ (মূলতবী হিসাবে রক্ষিত সুদ বাদে) দাঁড়ায় ৬৬৮৭১ মিলিয়ন টাকা, যা ২০০৪ সালের তুলনায় ৩১৯৭ মিলিয়ন টাকা (৫.০%) বেশি। ২০০৫ সালের ডিসেম্বর শেষে রূপালী ব্যাংক লিঃ-এর ঋণের স্থিতি দাঁড়ায় ৪৪৯২১ মিলিয়ন টাকায় এবং বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১২৯০৩ মিলিয়ন টাকায়। ২০০৫ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসার পরিমাণ দাঁড়ায় মোট ৪১৪১৩ মিলিয়ন টাকা, এর মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল

যথাক্রমে ২১৬৫৪ মিলিয়ন, ৬১১৮ মিলিয়ন ও ১৩৬৪১ মিলিয়ন টাকা। উল্লেখ্য যে, ২০০৫ সাল শেষে রূপালী ব্যাংকের মাধ্যমে রেমিট্যান্স ব্যবসার পরিমাণ ২০০৪ সালের ১৫০২ মিলিয়ন টাকার তুলনায় শতকরা ১৩৬.৯ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৫৫৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এছাড়াও অন্যান্য ব্যাংকের মাধ্যমে প্রায় ১০০৮২ মিলিয়ন টাকা রেমিট্যান্সের মূল্য রূপালী ব্যাংক কর্তৃক প্রদান করা হয়েছে। ফলে ২০০৫ সালে এ ব্যাংকের সর্বমোট রেমিট্যান্স ব্যবসা শতকরা ২০.৩ ভাগ বৃদ্ধি পেয়ে ১৩৬৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৫ সালে ব্যাংকটি ৮১১ মিলিয়ন টাকা পরিচালনগত মুনাফা অর্জন করেছে। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ '০৬ (সাময়িক)	৩০ জুন '০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৭০০০	৭০০০	৭০০০	৭০০০
২।	পরিশোধিত মূলধন	১২৫০	১২৫০	১২৫০	১২৫০
৩।	রিজার্ভ ফান্ড	৬৭২	৯১৩	৯১৩	৯১৩
৪।	আমানত*	৬৩৬৭৪	৬৬৮৭১	৬৮৮৭১	৭০৮৭১
	(ক) তলবি আমানত	১৭২৯৮	১০৮৬৮	১২১৭২	১৩৪৭২
	(খ) মেয়াদি আমানত	৪৬৩৭৬	৫৬০০৩	৫৬৬৯৯	৫৭৩৯৯
৫।	ঋণ ও অগ্রিম	৪৫৩৪৫	৪৪৯২১	৪৫১৮৬	৪৫৭৪৭
৬।	বিনিয়োগ	১৩২০৩	১২৯০৩	১৩২২৩	১৩৫৪৩
৭।	মোট পরিসম্পদ	৭১৫৮০	৭৫১২০	৭৬০৫০	৭৬৯৮০
৮।	মোট আয়	৪৩৭২	৪৭৫৯	১৩০০	২৫৫০
৯।	মোট ব্যয়	৩৮৫৯	৩৯৪৮	১২০০	২১৮০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৪২৫৬৪	৪১৪১৩	৮৪১৬	১৫২৬০
	(ক) রপ্তানি	৬৮০০	৬১১৮	১৫৯১	৩১৫০
	(খ) আমদানি	২৪৪২৪	২১৬৫৪	৪২৫০	৭০১০
	(গ) রেমিট্যান্স	১১৩৪০	১৩৬৪১	২৫৭৫	৫১০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৫২২৫	৫০০৮	৪৯২৭	৪৯০১
	(ক) কর্মকর্তা	৩৩৪৬	৩২০৪	৩১৫৫	৩১৩৭
	(খ) কর্মচারী	১৮৭৯	১৮০৪	১৭৭২	১৭৬৪
১২।	বৈদেশিক কorespondেন্ট (প্রতিসংগী ব্যাংক) সংখ্যায়	১৬০	১৬১	১৬১	১৬২
১৩।	শাখা (সংখ্যায়)	৪৯৩	৪৯৩	৪৯৩	৪৯৩
	(ক) বাংলাদেশে	৪৯২	৪৯২	৪৯২	৪৯২
	(খ) বিদেশে	১	১	১	১

* মূলতবী হিসাবে রক্ষিত সুদ বাদে।

ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৪							
বিতরণ	১৭৬	৩১৯	৩২৯৪	৩৬১৩	৭৫	৩৮৬৪	
আদায়	৯৫	৪২০	১৩৯২	১৮১২	১৪	১৯২১	
২০০৫							
বিতরণ	২৫৬	১৫১	২৬৪৩	২৭৯৪	৫৬৮	৩৬১৮	
আদায়	১৬৬	৭৫৬	১৪৩৯	২১৯৫	১৪০	২৫০১	
৩১ মার্চ ২০০৬*							
বিতরণ	৭০	৪	২০	২৪	৯৫	১৮৯	
আদায়	৩০	২৩৫	১	২৩৬	২০	২৮৬	
৩০ জুন ২০০৬**							
বিতরণ	১৫৫	১২	৯৮	১১০	১৬৯	৪৩৪	
আদায়	৬২	৪৬৯	২৫	৪৯৪	৪৯	৬০৫	

* সাময়িক । ** প্রাক্কলিত ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী				সারণি-৩
				(মিলিয়ন টাকায়)
ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে	প্রকল্প সংখ্যা	৩২৩	৪৩০	৭৫৩
	পরিমাণ	২৯৯৪৮	৬৮৩	৩০৬৩১
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৩৭	৩	৪০
	পরিমাণ	৯৪৫৭	৪	৯৪৬১
ক্রমপঞ্জীভূতঃ ৩১ মার্চ ২০০৬ তারিখে	প্রকল্প সংখ্যা	৩২৪	৪৩৩	৭৫৭
	পরিমাণ	২৯৯৫৬	৬৯৩	৩০৬৪৯
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৬	৩	৯
	পরিমাণ	৩০	১০	৪০
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১৩	৫	১৮
	পরিমাণ	১১৪	২২	১৩৬

* সাময়িক । ** প্রাক্কলিত ।

খাতভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ '০৬ (সাময়িক)	৩০ জুন '০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য	১৪৯	১৪৮	১৫৮	১৬৮
	(ক) শস্য	২৭	১৩	১৩	১৩
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	১২২	১৩৫	১৪৫	১৫৫
২।	শিল্প	২৮৮৮০	২৭৭৬৮	২৭৯৮২	২৮২৭২
	(ক) বৃহৎ ও মাঝারি	২৮০৫১	২৭১৬২	২৭৩৬৭	২৭৬৪৫
	(খ) ক্ষুদ্র ও কুটির	৮২৯	৬০৬	৬১৫	৬২৭
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেস্তোঁরা/হোটেল	১০৬৭১	১০৫৭৪	১০৬৬২	১০৭৫৮
৪।	বীমা, রিয়াল এস্টেট, ব্যবসা ও সেবা	২৫৯	২৯৬	২৯৯	৩০১
৫।	পরিবহন ও যোগাযোগ	১১৩৩	১০৯৯	১১০১	১০৯৯
৬।	বিশেষ ঋণ কর্মসূচি	২০৩	২৯৫	৩২৪	৩৬৩
	ক) দারিদ্র্য বিমোচন	১৪৫	২৪৮	২৭৭	৩১৮
	খ) অন্যান্য	৫৮	৪৭	৪৭	৪৫
৭।	অন্যান্য	৪০৫০	৪৭৪১	৪৬৬০	৪৭৮৬
	সর্বমোট	৪৫৩৪৫	৪৪৯২১	৪৫১৮৬	৪৫৭৪৭

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে রূপালী ব্যাংক মোট ৩৬১৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ২৫০১ মিলিয়ন টাকা আদায় করে। বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ২৫৬ মিলিয়ন টাকা কৃষি ঋণ, ২৭৯৪ মিলিয়ন টাকা শিল্প ঋণ ও ৫৬৮ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে উক্ত খাতসমূহ থেকে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৬৬ মিলিয়ন, ২১৯৫ মিলিয়ন ও ১৪০ মিলিয়ন টাকা। সরকারের বাজার অর্থনীতির সংগে সংগতি রেখে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে আনয়ন করে ঋণকে উৎপাদনমুখী ও প্রতিযোগিতামূলক করা হয়েছে। রূপালী ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

দেশের শিল্পায়নে রূপালী ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকারভিত্তিক খাতসমূহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ২০০৫ সালের ১ জানুয়ারি-৩১ ডিসেম্বর পর্যন্ত সময়ে রূপালী ব্যাংক ৪০টি শিল্প প্রকল্পের

জন্য মোট ৯৪৬১ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকটির ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ৩০৬৩১ মিলিয়ন টাকা, যার মধ্যে ২৯৯৪৮ মিলিয়ন টাকা বা শতকরা ৯৮ ভাগ মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৬৮৩ মিলিয়ন টাকা বা শতকরা ২ ভাগ মাত্র মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। রূপালী ব্যাংকের শিল্প ঋণের আকারভিত্তিক অবস্থা সারণি-৩-এ প্রদত্ত হলো।

শ্রেণীবিন্যাসিত ঋণ

উন্নততর ঋণ নীতি ও দক্ষ ব্যবস্থাপনার ফলে ২০০৫ সালে রূপালী ব্যাংকের শ্রেণীবিন্যাসিত ঋণের হার পূর্ববর্তী বছরের শতকরা ১৭.৭ ভাগ থেকে হ্রাস পেয়ে শতকরা ১৬.৭ ভাগ - এ দাঁড়িয়েছে।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

রূপালী ব্যাংকের উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৫ সালে কৃষি ও মৎস্য, শিল্প, পাইকারি/খুচরা ও রেস্তোঁরা/হোটেল, বীমা, রিয়েল এস্টেট ও

সেবা খাত এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ১৪৮ মিলিয়ন, ২৭৭৬৮ মিলিয়ন, ১০৫৭৪ মিলিয়ন, ২৯৬ মিলিয়ন এবং ১০৯৯ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য হ্রাসকরণ প্রকল্পে ঋণের স্থিতি ছিল ২৪৮ মিলিয়ন টাকা। রূপালী ব্যাংকের উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

সুদের হার

২০০৫ সালে সরকার ঘোষিত সুদনীতির সংগে সামঞ্জস্য রেখে রূপালী ব্যাংক ঋণ প্রদানে সুদের হারকে যুক্তিসংগত পর্যায়ে আনয়ন এবং আমানতের সুদের হার সুষমকরণ করা হয়েছে। কৃষিভিত্তিক খাত, শিল্প খাত ও সেবা খাতে সুদের হার যথাক্রমে শতকরা ৯ ভাগ, ৭-১৩.০ ভাগ এবং ১১-১৩.০ ভাগ করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)									সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান				
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)	
২০০৪	৩.৭৫	২.০০	৫.৫০-৬.৫০	৪.০৯	৯	৭-১৩	১০-১২	৭.২১	
২০০৫	৪.০০	২.৫০	৬.০০-৭.০০	৪.০৯	৯	৭-১৩	১১-১৩	৭.৫০	
৩১ মার্চ ২০০৬*	৪.০০	২.৫০	৬.০০-৭.০০	৪.০৯	৯	৭-১৩	১১-১৩	৭.৫০	
৩০ জুন ২০০৬**	-	-	-	-	-	-	-	-	

* সাময়িক। ** প্রাক্কলিত।

স্থানীয় বেসরকারি ব্যাংক

পূবালী ব্যাংক লিমিটেড

পূবালী ব্যাংক লিমিটেড স্বাধীনতা পূর্বকালে ইস্টার্ন মার্কেটাইল ব্যাংক লিমিটেড এবং পরবর্তী সময়ে জাতীয়করণকৃত পূবালী ব্যাংকের উত্তরাধিকারী হয়ে ১৬০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১৩৬ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৯৮৪ সালে বেসরকারি ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। মার্চ ২০০৬ শেষে পূবালী ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫০০০ মিলিয়ন ও ১২০০ মিলিয়ন টাকা। উক্ত সময়ে ব্যাংকটির রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ১৬৮১ মিলিয়ন টাকা। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৩৫০টি এবং ৩২৯২ জন কর্মকর্তা ও ১৭৬৬ জন কর্মচারীসহ মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৫০৫৮ জনে।

২০০৫ সালে পূবালী ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৪৪৪৪৩ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১১.৭০ ভাগ বেশি। এই মোট আমানতের তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ যথাক্রমে ১৩০৯৯ মিলিয়ন এবং ৩১৩৪৪ মিলিয়ন টাকা। ২০০৪ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ২৭৫৪৩ মিলিয়ন টাকা, যা ২০০৫ শেষে বৃদ্ধি পেয়ে ৩২৬৪০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫ শেষে ব্যাংকটির মোট বিনিয়োগ ৫৫৩৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫ সালে ব্যাংকটি মোট ৫৬৫৭৫ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ যথাক্রমে ১৫৭২১ মিলিয়ন, ২৬০৩৪ মিলিয়ন এবং ১৪৮২০ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে পূবালী ব্যাংক লিমিটেড মোট ৪৫০৯৪ মিলিয়ন

টাকা ঋণ বিতরণ করে এবং ৪০০৩৪ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ২৭১৪৯ মিলিয়ন ও ২৪৫৬০ মিলিয়ন টাকা। ২০০৬ সালের প্রথম তিন মাসে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৯১৪৫ মিলিয়ন ও ৮৭২৩ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেডের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০৫ সালে পূবালী ব্যাংক লিমিটেড ৮২টি শিল্প প্রকল্পে মোট ৫৩৯৫ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, তন্মধ্যে ৫৬টি বৃহৎ ও মাঝারি শিল্পে ৫৩৬২ মিলিয়ন টাকা এবং ২৬টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ৩৩ মিলিয়ন টাকা। মার্চ ২০০৬ পর্যন্ত মোট ৪৭০টি প্রকল্পে ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৭১৮৫ মিলিয়ন টাকা, তন্মধ্যে ২৫৫টি বৃহৎ ও মাঝারি শিল্পে ৬৯২৫ মিলিয়ন টাকা এবং ২১৫টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ২৬০ মিলিয়ন টাকা। পূবালী ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

ডিসেম্বর ২০০৫ শেষে পূবালী ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় ঋণের স্থিতির পরিমাণ ৩২৬৪০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মার্চ ২০০৬ শেষে এ ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ ৩২৯৫৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়, তন্মধ্যে দারিদ্র্য বিমোচন খাতে ৬০ মিলিয়ন টাকা।

পূবালী ব্যাংক লিমিটেড-এর খাতভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০০	৫০০০	৫০০০	৫০০০
২।	পরিশোধিত মূলধন	২০০	৪০০	১২০০	১২০০
৩।	রিজার্ভ ফান্ড	২১০৮	২৪৮১	১৬৮১	১৬৮১
৪।	আমানত	৩৯৭৮৯	৪৪৪৪৩	৪৩৬৯৮	৪৪০০৩
	ক) তলবি আমানত	১০১১৩	১৩০৯৯	১২৮৭৮	১২৯৬৮
	খ) মেয়াদি আমানত	২৯৬৭৬	৩১৩৪৪	৩০৮২০	৩১০৩৫
৫।	ঋণ ও অগ্রিম	২৭৫৪৩	৩২৬৪০	৩২৯৫৭	৩৩৬০৫
৬।	বিনিয়োগ	৫৭৪২	৫৫৩৭	৫০৫৯	৫৩০৬
৭।	মোট পরিসম্পদ	৪৬৫৯৩	৫২৬৭১	৫৫৭১০	৫৫৮০০
৮।	মোট আয়	৩৪৫৫	৪৪৩৬	১৩৮০	২৭৬০
৯।	মোট ব্যয়	২৮৩০	৩০৬৩	৯৪৯	১৮৯৯
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৪৩৪৪৮	৫৬৫৭৫	১৬০৬০	৩১১২০
	ক) রপ্তানি	১৩৬৭০	১৫৭২১	৪৫২৫	৯০৫০
	খ) আমদানি	১৮০২৪	২৬০৩৪	৭৭৯৮	১৫৫৯৬
	গ) রেমিট্যান্স	১১৭৫৪	১৪৮২০	৩৭৩৭	৭৪৭৪
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৯০২	৪৯৮২	৫০৫৮	৫০৩৮
	ক) কর্মকর্তা	৩১৩২	৩৩৪৫	৩২৯২	৩২৮৩
	খ) কর্মচারী	১৭৭০	১৬৩৭	১৭৬৬	১৭৫৫
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	৪৩৫	৪৩৫	৪৫০	৪৫২
১৩।	শাখা (সংখ্যায়)	৩৫০	৩৫০	৩৫০	৩৫০
	ক) বাংলাদেশে	৩৫০	৩৫০	৩৫০	৩৫০
	খ) বিদেশে	-	-	-	-

সারণি-২						
ঋণ বিতরণ ও আদায়						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪	বিতরণ	-	১৬৫১	৯৭৪	২৬২৫	২৪৫২৪
	আদায়	১৭৬	৪২৬	৭৭২	১১৯৮	২৩১৮৬
২০০৫	বিতরণ	-	৩৬১৭	৪০১৫	৭৬৩২	৩৭৪৬২
	আদায়	৮	৮৬৯	৩৩৮৪	৪২৫৩	৩৫৭৭৩
৩১ মার্চ ২০০৬*	বিতরণ	-	৫২৫	৩৬৫	৮৯০	৮২৫৫
	আদায়	৩	৩৮৫	৩৫০	৭৩৫	৭৯৮৫
৩১ জুন ২০০৬**	বিতরণ	-	১১০০	৬০০	১৭০০	১৫০০০
	আদায়	৫	৮০০	৭০০	১৫০০	১৬৭০০

* সাময়িক। ** প্রাক্কলিত।

সারণি-৩			
শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী			
(মিলিয়ন টাকায়)			
বিবরণ	প্রকল্প সংখ্যা পরিমাণ	শিল্পের আকার	
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে			
		২৪৭	২১২
		৬৬৯৬	২৫২
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত			
		৫৬	২৬
		৫৩৬২	৩৩
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ২০০৬ পর্যন্ত তারিখে			
		২৫৫	২১৫
		৬৯২৫	২৬০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬* পর্যন্ত			
		১০	৬
		২৫৬	১০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬** পর্যন্ত			
		২০	১৫
		৫৫৫	২২

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য	১৮ ১ ৭	২০৪ ২ ২০২	২১৪ ১ ২১৩	২২৪ ১ ২২৩
২।	শিল্প ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৪৬৪৮ ৪৫৩৩ ১১৫	৬৯৪৮ ৬৬৯৬ ২৫২	৭১৮৫ ৬৯২৫ ২৬০	৭৫২৫ ৭২৫১ ২৭৪
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং হোটেল/রেস্তোরা	১৫২৯৯	১৫৯৫৯	১৬১২৭	১৬৩২৫
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	১৩৪৮	১৭১০	১৭৫২	১৭৯৫
৫।	পরিবহন ও যোগাযোগ	১৭৯	৮১৯	৮২০	৮২৫
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ক) দারিদ্র্য বিমোচন খ) অন্যান্য	১১১ ৫৯ ৫২	১১৩ ৫১ ৬২	১২৫ ৬০ ৬৫	১৩৫ ৬৫ ৭০
৭।	অন্যান্য	৫৯৪৯	৬৮৮৭	৬৭৩৪	৬৭৭৬
	সর্বমোট	২৭৫৪২	৩২৬৪০	৩২৯৫৭	৩৩৬০৫

পূর্বালী ব্যাংক লিমিটেড-এর সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৪.২৫	৩.০০	৬.০০-৭.০০	-	১০.০০	১৪.০০	১৪.০০	-
২০০৫	৪.২৫	৩.০০	৬.০০-৭.০০	-	১০.০০	১৪.০০	১৪.০০	-
৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৪.২৫	৩.০০	৬.০০-৭.০০	-	১০.০০	১৪.০০	১৪.০০	-
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)	৪.২৫	৩.০০	৬.০০-৭.০০	-	১০.০০	১৪.০০	১৪.০০	-

উত্তরা ব্যাংক লিমিটেড

উত্তরা ব্যাংক লিমিটেড ১৯৬৫ সালের ২৮ জানুয়ারি বেসরকারি উদ্যোগে ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন নামে প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালে জাতীয়করণের পর এটি উত্তরা ব্যাংক নাম ধারণ করে। সরকারের বিরোধীকরণ নীতির আওতায় পুঁজি প্রত্যাহারপূর্বক এ ব্যাংক উত্তরা ব্যাংক লিমিটেড নামে ১৯৮৩ সালের সেপ্টেম্বর মাস হতে বেসরকারি খাতে ব্যবসা পরিচালনার অনুমোদন লাভ করে। ২০০৬ সালের মার্চ পর্যন্ত ১৯৮টি শাখা সম্বলিত এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ২০০ মিলিয়ন টাকা। মোট ১০০ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধনের মধ্যে ৯৩ মিলিয়ন টাকা ৫৩৫৩ জন ব্যক্তি মালিকানাধীন শেয়ার হোল্ডার কর্তৃক পরিশোধিত এবং অবশিষ্ট ৭ মিলিয়ন টাকা বাংলাদেশ সরকার, ৩টি ব্যাংক ও অপর ২টি আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক

পরিশোধিত। ২০০৬ সালের মার্চ মাস শেষে ব্যাংক-এর রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়িয়েছে ১৭৬৫ মিলিয়ন টাকা। মোট জনশক্তির সংখ্যা ৩২২৪ জন, তন্মধ্যে ২২১৯ জন কর্মকর্তা এবং ১০০৫ জন কর্মচারী। ২০০৫ সালের ব্যাংকের কার্যকরী মুনাফা দাঁড়ায় ১৬১৫ মিলিয়ন টাকা, বিগত বছরে যার পরিমাণ ছিল ১২১০ মিলিয়ন টাকা।

২০০৫ সালের ডিসেম্বরে উত্তরা ব্যাংক লিমিটেড-এর মোট আমানত দাঁড়ায় ৩৬৮৯২ মিলিয়ন টাকা, যা ২০০৬ সালের প্রথম ৩ মাসে হ্রাস পেয়ে ৩৬১৭১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৫ সালের ডিসেম্বর শেষে ব্যাংক-এর মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২১৮৫২ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে বৃদ্ধি পেয়ে ২১৬৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৫ সালে ব্যাংক-এর মোট বিনিয়োগের



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত বৈদ্যুতিক সরঞ্জাম প্রস্তুত কারখানা।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০	২০০	২০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	১০০	১০০	১০০	২০০
৩।	রিজার্ভ ফান্ড	১৬৪২	১৭৬৫	১৭৬৫	১৬৬৫
৪।	আমানত	৩৪৬১৫	৩৬৮৯২	৩৬১৭১	৩৬৫০০
	ক) তলবি আমানত	৭৯৯০	৭৮৩৯	৭৬৮৫	৮০০০
	খ) মেয়াদি আমানত	২৬৬২৫	২৯০৫৩	২৮৪৮৬	২৮৫০০
৫।	ঋণ ও অগ্রিম	১৮৬০১	২১৮৫২	২১৬৪১	২৩০০০
৬।	বিনিয়োগ	১২৭৯৪	১০০৬২	১০০৪২	৯৫০০
৭।	মোট পরিসম্পদ	৩৯৭০১	৪২০৬২	৪২০৬১	৪২১০০
৮।	মোট আয়	৩৮২১	৪২৬৫	১৬৯৫	৩৪০০
৯।	মোট ব্যয়	২৬১১	২৬৫০	১৩০৮	২৬২০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৬২৯২৩	৬৮৫৬০	১৮৬৭২	৩৭৬০০
	ক) রপ্তানি	১৯১৩৩	১৮১৯২	৫১৯২	১০৪০০
	খ) আমদানি	২৪০৮০	২৩০৯২	৫৫৯৭	১১২০০
	গ) রেমিট্যান্স	১৯৭১০	২৭২৭৬	৭৮৮৩	১৬০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৩৮২	৩২৬৫	৩২২৪	৩৪০০
	ক) কর্মকর্তা	২১৫৩	২০৮৫	২২১৯	২৩৫০
	খ) কর্মচারী	১১২৯	১১৮০	১০০৫	১০৫০
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	৬১২	৬২৯	৬৩৫	৬৪০
১৩।	শাখা (সংখ্যায়)	১৯৮	১৯৮	১৯৮	১৯৮
	ক) বাংলাদেশে	১৯৮	১৯৮	১৯৮	১৯৮
	খ) বিদেশে	-	-	-	-

পরিমাণ দাঁড়ায় ১০০৬২ মিলিয়ন টাকা, যা ২০০৬ সালের প্রথম ৩ মাসে হ্রাস পেয়ে ১০০৪২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৫ সালে উত্তরা ব্যাংক লিমিটেড মোট ৬৮৫৬০ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, তন্মধ্যে রপ্তানি ১৮১৯২ মিলিয়ন, আমদানি ২৩০৯২ মিলিয়ন এবং রেমিট্যান্স ২৭২৭৬ মিলিয়ন টাকা। অন্যদিকে ২০০৬ সালের প্রথম ৩ মাসে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় মোট ১৮৬৭২ মিলিয়ন টাকা, তন্মধ্যে রপ্তানি ৫১৯২ মিলিয়ন, আমদানি ৫৫৯৭ মিলিয়ন এবং রেমিট্যান্স ৭৮৮৩ মিলিয়ন টাকা।

২০০৫ সালে উত্তরা ব্যাংক লিমিটেড করেসপন্ডেন্ট ব্যাংক ও

এক্সচেঞ্জ হাউসগুলোর মাধ্যমে বৈদেশিক অর্থ প্রেরণ ব্যবসা উল্লেখযোগ্যভাবে বাড়াতে সক্ষম হয়েছে। উত্তরা ব্যাংক লিমিটেড প্রতিষ্ঠালগ্ন থেকেই বৈদেশিক কার্যক্রমের উপর বিশেষ প্রাধান্য দিয়ে আসছে, যা আলোচ্য বছরেও অব্যাহত ছিল। বিশ্বের গুরুত্বপূর্ণ দেশসমূহে অবস্থিত ব্যাংক এবং এক্সচেঞ্জ কোম্পানির সংগে উত্তরা ব্যাংকের ড্রয়িং ব্যবস্থা রয়েছে। ইতোমধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড প্রবাসী বাংলাদেশীদের কন্সটার্জিত অর্থ অতি সহজে ও দ্রুততার সংগে দেশে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করেছে। যুগের সংগে তাল মিলিয়ে অন্তর্মুখী রেমিট্যান্সের ক্ষেত্রে উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে “এক্সপ্রেস পেমেন্ট স্কীম” নামে একটি প্রকল্প চালু

ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৪	বিতরণ আদায়	- -	২১৮০ ১৬৪০	১৬৫০ ২১০২	৩৮৩০ ৩৭৪২	১২৩৮৪ ৬৮৫৮	১৬২১৪ ১০৬০০
২০০৫	বিতরণ আদায়	২০ ১৫	৩১৭৪ ৩০৩১	১৬১২ ১৩৩৫	৪৮০৬ ৪৩৮১	৭৭৬৬ ৫৮৪২	১২৫৭২ ১০২২৩
৩১ মার্চ ২০০৬*	বিতরণ আদায়	- ০৫	৭৯০ ৭৫০	৩৯৫ ৩৩০	১১৮৫ ১০৮৫	১৯৪০ ১৪৬০	৩১২৫ ২৫৪৫
৩০ জুন ২০০৬**	বিতরণ আদায়	০৮ ১১	১৬০০ ১৫১০	৮০০ ৭০০	২৪০৮ ২২২১	৩৯০০ ২৯৫০	৬৩০৫ ৫১৭১

* সাময়িক। ** প্রাক্কলিত।

করেছে। এর অধীনে প্রাপকের একাউন্ট অত্র ব্যাংকে পরিচালিত হলে বিশ্বের যে কোনো প্রান্ত থেকে প্রেরিত অর্থ প্রাপ্তির দু' ঘন্টার মধ্যে প্রাপকের একাউন্টে জমা নিশ্চিত করা হয়। অন্য ব্যাংকের গ্রাহকের ক্ষেত্রে মহানগর ও জেলা সদরসমূহে পরবর্তী কর্মদিবসে এবং অন্য যে কোনো স্থানে কুরিয়ার সার্ভিস প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ মাত্র তিন কর্মদিবসের মধ্যে প্রাপকের ব্যাংকে ড্রাফট অথবা পে অর্ডার পৌঁছে দেয়া হয়। এছাড়াও যে সকল গ্রাহকের উত্তরা ব্যাংকে কোনো একাউন্ট নেই তাঁদেরকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে তাঁদের পরিচিতি হিসেবে পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাংক কর্তৃক প্রদত্ত রেমিট্যান্স কার্ড, ভোটার আইডি কার্ড ও ক্রেডিট কার্ড ইত্যাদি প্রদর্শনপূর্বক বিদেশ থেকে প্রেরিত অর্থ কাউন্টারে নগদ পরিশোধের জন্য ইন্সট্যান্ট ক্যাশ স্কীম (Instant Cash Scheme) নামে একটি স্কীমও চালু করা হয়েছে। উক্ত স্কীমে পাসপোর্ট/কার্ডধারীর নাম এবং পাসপোর্ট/কার্ডের নম্বর দিয়ে কোনো প্রবাসী দেশে টাকা পাঠালে ব্যাংক তা নগদে পরিশোধ করে থাকে। অপরদিকে, আমেরিকাভিত্তিক আন্তর্জাতিক অর্থ প্রেরণকারী প্রতিষ্ঠান "মানিগ্রাম"-এর সংগে উত্তরা ব্যাংক লিমিটেড-এর সম্পাদিত চুক্তির আওতায় পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে প্রবাসীরা বাংলাদেশে টাকা পাঠাতে পারেন। প্রেরিত অর্থ স্বল্প সময়ে এবং সর্বোত্তম উপায়ে ১৯৮টি শাখার মাধ্যমে সংশ্লিষ্ট প্রাপকের কাছে পৌঁছে দেয়া হয়। এছাড়া আলোচ্য বছরে ব্যাংক ইন্সট্যান্ট ড্রাফট (Instant draft) নামে একটি

স্কীমও চালু করেছে।

প্রবাসী বাংলাদেশীদের উপার্জিত বৈদেশিক মুদ্রা স্বদেশে প্রেরণ এবং তা তাঁদের পছন্দনীয় খাতে সঞ্চয়/বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে উত্তরা ব্যাংক লিমিটেড অনিবাসী বৈদেশিক মুদ্রা মেয়াদি আমানত (NFCB), বৈদেশিক মুদ্রা চলতি আমানত (FCAD/FCAP) ও ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ড (WEDB) এবং পোর্টফোলিও বিনিয়োগের জন্য অনিবাসী বিনিয়োগ টাকা হিসাব (NRTA) ব্যাপকভাবে চালু করেছে। এসব তদারকির জন্য প্রধান কার্যালয়ে হোম রেমিট্যান্স সেল (HRC) কাজ করছে। যে কোনো বাংলাদেশী নাগরিক তাঁর কাছে রক্ষিত বৈদেশিক মুদ্রা অথবা ভ্রমণকালে বৈধ উপায়ে যে কোনো উৎস থেকে প্রাপ্ত বৈদেশিক মুদ্রা দ্বারা অনুমোদিত ডিলার শাখাসমূহে রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব (RFCB) খুলতে পারেন। আন্তর্জাতিক অর্থ বাজারের সংগে সামঞ্জস্য রেখে RFCB হিসাবের উপর মুনাফাও প্রদান করা হয়। করেসপন্ডেন্ট নেটওয়ার্ক সম্প্রসারণ ব্যাংকের বৈদেশিক বাণিজ্য বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রেখেছে। বিশ্বের গুরুত্বপূর্ণ ব্যবসা বাণিজ্য কেন্দ্রসমূহ এ নেটওয়ার্কের আওতাভুক্ত। সুইফট (SWIFT) স্থাপন এবং এর সুবিস্তৃত ও কার্যকরী নেটওয়ার্কের ফলে আন্তঃব্যাংক মুদ্রা সরবরাহের পরিমাণ যথেষ্ট বেড়েছে এবং এর ফলে ব্যাংক তার গ্রাহকদের নিকট দ্রুত ফান্ড প্রেরণ করতে পারছে। একই সংগে ৩৯টি এক্সচেঞ্জ হাউসের মাধ্যমে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসা

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৬৫	২১৪০	২২০৫
পরিমাণ	৭৬৬৭	২৬১৫	১০২৮২
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৩	১০১০	১০২৩
পরিমাণ	২৯২০	২০৫০	৪৯৭০
ক্রমপুঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	৬৯	২৪০০	২৪৬৯
পরিমাণ	৮৫৬৭	৩২১৫	১১৭৮২
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪	২৬০	২৬৪
পরিমাণ	৯০০	৬০০	১৫০০
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৯	২৬৫	২৭৪
পরিমাণ	১৮৫০	১৩০০	৩১৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

পরিচালনার ব্যবস্থা রয়েছে। এর মধ্যে ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় কাতারের দোহায় এরাবিয়ান এক্সচেঞ্জ কোম্পানি ডব্লিউ. এল. এল. নামে একটি এক্সচেঞ্জ হাউজ পরিচালিত হচ্ছে।

উত্তরা ব্যাংক লিমিটেড ২০০৩ সালের নভেম্বর মাস থেকে প্রাইমারি ডিলার হিসেবে সরকারি ট্রেজারি বিল ও সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ইস্যু এবং ইস্যু পরবর্তী সেকেন্ডারি মার্কেটে ক্রয় বিক্রয় পরিচালনা করছে। এছাড়াও ব্যাংক সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড-এর সহযোগিতায় ট্রেজারি বিলের ইলেকট্রনিক রেজিস্ট্রিভিত্তিক লেনদেন চালু করেছে। উত্তরা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে উত্তরা ব্যাংক লিমিটেড ১২৫৭২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে ও ১০২২৩ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৬২১৪ মিলিয়ন ও ১০৬০০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪৮০৬ মিলিয়ন ও ৪৩৮১ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর

পরিমাণ ছিল যথাক্রমে ৩৮৩০ মিলিয়ন ও ৩৭৪২ মিলিয়ন টাকা। ২০০৬ সালের প্রথম ৩ মাসে ব্যাংক মোট ৩১২৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ২৫৪৫ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। উত্তরা ব্যাংক লিমিটেড-এর খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০৬ সালের মার্চ শেষে ব্যাংক-এর ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণের পরিমাণ দাঁড়ায় ১১৭৮২ মিলিয়ন টাকা, তন্মধ্যে বৃহৎ ও মাঝারি শিল্পে ৮৫৬৭ মিলিয়ন এবং ক্ষুদ্র ও কুটির শিল্পে ৩২১৫ মিলিয়ন টাকা। এছাড়াও শিল্প খাতে মেশিনারিজ ক্রয়ে সহায়তা দানের জন্য লিজ ফাইন্যান্সিং (Lease Financing) নামে বিশেষ প্রকল্প চালু রয়েছে। ২০০৫ সালের ডিসেম্বর শেষে এর আওতায় ঋণের স্থিতি দাঁড়ায় ২১০৭ মিলিয়ন টাকা। উত্তরা ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

বিশেষ ঋণ কর্মসূচি

২০০৫ সালের ডিসেম্বর শেষে উত্তরা ব্যাংক লিমিটেড-এর বিশেষ ঋণ কর্মসূচির আওতায় ঋণের স্থিতির পরিমাণ

দাঁড়ায় ১৭৩৬ মিলিয়ন টাকা। বিত্তহীন জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং তাদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কিশোরগঞ্জ জেলার ভাগলপুর শাখার মাধ্যমে গো-দুগ্ধ উৎপাদন ও হাঁস মুরগী পালন খাতে ঋণ প্রদান করে আসছে। ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত এ খাতে ব্যাংক ১১০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। এক্ষেত্রে আদায়ের হার প্রায় শতকরা ১০০ ভাগ। ১৯৯৬ সালের অক্টোবর হতে উত্তরা ব্যাংক লিমিটেড “উত্তরণ” শীর্ষক ভোগ্যপণ্য ক্রয়ে সহায়তা প্রকল্প চালু করেছে। ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত এর আওতায় ৭৩৪ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে আদায়ের হার শতকরা প্রায় ১০০ ভাগ। ১৯৯৯ সালের জুলাই হতে চাকরিজীবীদের জরুরি প্রয়োজন মেটানোর লক্ষ্যে “ব্যক্তিগত ঋণ প্রকল্প” নামে একটি প্রকল্প চালু হয়েছে। ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত এর আওতায় ১২৭ মিলিয়ন টাকা প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রেও আদায়ের হার শতকরা প্রায় ১০০ ভাগ।

২০০০ সালের সেপ্টেম্বর হতে উদ্যমী স্বল্প মূলধনসম্পন্ন ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তাকল্পে ক্ষুদ্র ব্যবসায়ী ঋণ এবং যাদের নিজস্ব বাড়ি আছে কিন্তু অর্থাভাবে তার মেরামত বা সংস্কার করতে পারছে না তাদের জন্য গৃহ সংস্কার ঋণ নামে ২টি প্রকল্প চালু রয়েছে। ২০০৫ সালের ডিসেম্বর পর্যন্ত এ দু’টি প্রকল্পের আওতায় যথাক্রমে ১২৯৯ এবং ১১২২ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে। বিশেষ ঋণ কর্মসূচিসহ খাতভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো। ২০০৫ সালের ডিসেম্বর শেষে উত্তরা ব্যাংক লিমিটেড এর আমানত ও ঋণের উপর সুদের ভারীত গড় (Weighted Average) দাঁড়িয়েছে যথাক্রমে ৫.৯৪% এবং ১১.৯৭%, যা বিগত বছরে ছিল যথাক্রমে ৬.০২% এবং ১২.৯৯%। উত্তরা ব্যাংক লিমিটেড-এর আমানত ও ঋণের উপর সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য	১৭	১৬	১৮	২০
	(ক) শস্য	১৫	৭	৬	৫
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	২	৯	১২	১৫
২।	শিল্প	৪২১৪	৪৪৫৮	৪৩৮৬	৪৫৪০
	(ক) বৃহৎ ও মাঝারি	৩৬৯০	৪১২৩	৪০২৬	৪১৫০
	(খ) ক্ষুদ্র ও কুটির	৫২৪	৩৩৫	৩৬০	৩৯০
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেন্টোরা/হোটেল	৬১০১	৬৬১৩	৬৭২৮	৬৭৫০
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৪৩৪৪	৪০৬৯	৪০২৯	৪০৫০
৫।	পরিবহন ও যোগাযোগ	৮৭	৪২	৪০	৩৫
৬।	বিশেষ ঋণ কর্মসূচি	১১৯৩	১৭৩৬	১৬৯০	১৭৪৫
	(ক) দারিদ্র্য বিমোচন	৬০	৪৫	৪০	৪৫
	(খ) অন্যান্য	১১৩৩	১৬৯১	১৬৫০	১৭০০
৭।	অন্যান্য	২৬৪৫	৪৯১৮	৪৭৫০	৫৩৬০
	সর্বমোট	১৮৬০১	২১৮৫২	২১৬৪১	২২৫০০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড়	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড়
২০০৪	৫.০০-৫.৫০	৪.৫০-৫.০০	৬.৫০-৮.২৫	৬.০২	১০.০০	১৩.০০	১৩.০০	১২.৯৯
২০০৫	৫.০০-৫.৫০	৪.৫০-৫.০০	৬.৫০-৮.২৫	৫.৯৪	১০.০০	১২.০০	১২.০০	১১.৯৭
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৫.০০-৬.৫০	৫.৫০	৮.২৫-৯.৫০	৬.৮২	১০.০০	১৫.০০	১৪.০০-১৫.০০	১৪.৬৭
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৫.০০-৬.৫০	৫.৫০	৮.২৫-৯.৫০	৬.৮২	১০.০০	১৫.০০	১৪.০০-১৫.০০	১৪.৬৭

আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড

আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড ১৯৮২ সালের ১২ এপ্রিল ২০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ৮৫ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। ২০০৫ সালের শেষে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৮০০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধনের পরিমাণ ৫১৯.৭৬ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ ৮২২.৪৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫ সালের শেষে ব্যাংকটির শাখা ৬৭টিতে এবং মোট জনশক্তি ১৫২৫ জনে দাঁড়ায়। এ সময়ে ব্যাংকের মোট জনশক্তির ১৩১৮ জন কর্মকর্তা এবং ২০৭ জন কর্মচারী ছিল।

২০০৫ সালে আরব বাংলাদেশ ব্যাংকের মোট আমানতের পরিমাণ ছিল ২৭৩৬১ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি আমানত ৫৪১৫ মিলিয়ন এবং মেয়াদি আমানত ২১৯৪৬ মিলিয়ন টাকা। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ২৭৯৩৬ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি আমানত ৫৪৭০ মিলিয়ন এবং মেয়াদি আমানত ২২৪৬৬ মিলিয়ন টাকা। ২০০৫ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ২১৩৮৫ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে ২২৫১৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫ সালে ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৪৩৩৬০ মিলিয়ন টাকা, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ যথাক্রমে ১২৫৯৫ মিলিয়ন, ২৩১৫১ মিলিয়ন এবং ৭৬১৪ মিলিয়ন টাকা। ২০০৬ সালের প্রথম তিন মাসে ব্যাংকটি ১৫০৯৮ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

আরব বাংলাদেশ ব্যাংক লিমিটেড ২০০৫ সালে ২৭৫৯৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৫৭৬৫.৯০ মিলিয়ন টাকা

ঋণ আদায় করে। এ সময়ে বিতরণকৃত ঋণের মধ্যে ১১৯০৮.৩১ মিলিয়ন টাকা ছিল শিল্প ঋণ এবং ৫১২.৭৮ মিলিয়ন টাকা ছিল কৃষি ঋণ। খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

আরব বাংলাদেশ ব্যাংক শুরু থেকে মার্চ ২০০৬ পর্যন্ত ১৪৪টি প্রকল্পের আওতায় মোট ২৫০৭০.১৪ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ২৪৬৯০.১১ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্পে এবং ৩৮০.০৩ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কুটির শিল্পে মঞ্জুর করা হয়েছে। শুধু ২০০৫ সালে এ ব্যাংক ৩৪টি প্রকল্পে ২৩৫৪.৩১ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ২২৫৬.২৫ মিলিয়ন টাকা বৃহৎ শিল্পে মঞ্জুর করা হয়েছে। শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

আরব বাংলাদেশ ব্যাংক-এর মোট ঋণের স্থিতির পরিমাণ ২০০৫ সাল শেষে ২১৩৮৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০০৪ সাল শেষে ছিল ১৭০০৯ মিলিয়ন টাকা। ২০০৫ সালে মোট ঋণের স্থিতির মধ্যে কৃষি ও মৎস্য খাতে ১৬০.২০ মিলিয়ন টাকা, শিল্প খাতে ৩২৬৯ মিলিয়ন টাকা, পাইকারি ও খুচরা ব্যবসা এবং হোটেল/রেস্তোরা খাতে ৭৬৪৫.৩০ মিলিয়ন টাকা, বীমা, রিয়েল এস্টেট ও সেবা খাতে ৩২৯.১০ মিলিয়ন টাকা, পরিবহন ও যোগাযোগ খাতে ২৩২.১০ মিলিয়ন টাকা, বিশেষ ঋণ কর্মসূচি খাতে ১৮৪.৮০ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাতে ৯৫৬৪.৫০ মিলিয়ন টাকা ছিল। আরব বাংলাদেশ ব্যাংক-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি-৪ ও সারণি-৫-এ দেয়া হলো।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	* ২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০	৮০০	৮০০	৮০০
২।	পরিশোধিত মূলধন	৪৯৫	৫২০	৫২০	৫২০
৩।	রিজার্ভ ফান্ড	৬২৪	৮২২	৮২২	৮২২
৪।	আমানত	২৮২৯৯	২৭৩৬১	২৭৯৩৬	২৮৭০০
২০০৫ সালের শেষে ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেডের মোট আমানত পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় ৫৪০৯ মিলিয়ন বা শতকরা ৩৩.৬৬ ভাগ বৃদ্ধি পেয়ে ডিসেম্বর শেষে ২১৪৭৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যার মধ্যে তলবি আমানত ৩৬১৫ মিলিয়ন এবং মেয়াদি আমানত ১৭৮৬৩ মিলিয়ন টাকা। ২০০৫ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ ৫৩২২ মিলিয়ন বা শতকরা ৩৪.৯৯ ভাগ বৃদ্ধি পেয়ে ডিসেম্বর শেষে ২০৫৩৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। আলোচ্য বছর শেষে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৩০১০ মিলিয়ন টাকায়। ২০০৫ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা দাঁড়ায় মোট ২৬৫৬৪ মিলিয়ন টাকায়; তন্মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ যথাক্রমে ৭৭৭৬ মিলিয়ন, ১৬২৯৬ মিলিয়ন ও ২৪৯২ মিলিয়ন টাকা। ২০০৬ সালের প্রথম ৩ মাসে ব্যাংকটি মোট ৬২০৩ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; এর মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৯১০ মিলিয়ন, ৩৫৭২ মিলিয়ন ও ৭২১

মিলিয়ন টাকা। ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড মোট ২৪৬৬০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ১৬৯০৭ মিলিয়ন টাকা আদায় করে। ২০০৬ সালের জানুয়ারি-মার্চ সময়ে ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৯৩৪৫ মিলিয়ন ও ৪৩৩০ মিলিয়ন টাকা। ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৫ সালে ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড ৩৬টি প্রকল্পের জন্য ৬৬৪৪ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে। ২০০৬ সালের মার্চ শেষে ব্যাংকটির মোট ১৬৩টি শিল্প

সারণি-৪					
অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য	৫৫৭	৪২০	৫০০	৫৫০
	ক) শস্য	৫৫৭	৪২০	৫০০	৫৫০
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
২।	শিল্প	৫৫৯৩	৮২৮৫	৮৪৫০	৮৫৬০
	ক) বৃহৎ ও মাঝারি	৫৪৫৯	৮০৫৪	৮২০০	৮৩০০
	খ) ক্ষুদ্র ও কুটির	১৩৪	২৩১	২৫০	২৬০
৩।	পাইকারি ও খুচরা ব্যবসা এবং হোটেল/রেস্তোরা	২৯৯৪	৩৩৮২	৩৫০০	৩৬০০
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৮৩৩	১১১৯	১২০০	১৩০০
৫।	পরিবহন ও যোগাযোগ	৩৩৯	৩৪২	৩৫০	৩৬০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি	-	-	-	-
	ক) দারিদ্র্য বিমোচন	-	-	-	-
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	৪৮৯৫	৬৯৮৫	৭৩০০	৭০০০
	সর্বমোট	১৫২১১	২০৫৩৩	২১৩০০	২১৩৭০

প্রকল্পে ক্রমপুঞ্জীভূত ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ১২৪৪৫ মিলিয়ন টাকা। ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

২০০৫ সালের ডিসেম্বর শেষে ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স

ব্যাংক লিমিটেড-এর মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ২০৫৩৩ মিলিয়ন টাকা। মার্চ ২০০৬ শেষে মোট ঋণের স্থিতি বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২১৩০০ টাকায়। ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)									সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান				
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)	
২০০৪	৫.৫০	৪.৫০	৮.৭৫	৮.০৭	১০.০০	১৩.৫০	১৪.৫০	১৪.১৪	
২০০৫	৬.০০	৫.০০	১০.০০	৯.৩৩	১১.৫০	১৪.০০	১৫.০০	১৪.৫২	
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৭.০০	৬.০০	১১.০০	১০.৩২	১১.৫০	১৪.০০	১৫.০০	১৪.৫২	
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৭.০০	৬.০০	১১.০০	১০.৩৬	১১.৫০	১৪.০০	১৫.০০	১৪.৫২	

প্রাইম ব্যাংক লিমিটেড

প্রাইম ব্যাংক লিমিটেড ১০০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন ও ১০০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৯৯৫ সালের ১৭ এপ্রিল বেসরকারি ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। ২০০৫ সাল শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন বৃদ্ধি পেয়ে দাঁড়ায় যথাক্রমে ৪০০০ মিলিয়ন ও ১৪০০ মিলিয়ন টাকায় এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ১০৫৬ মিলিয়ন টাকায়। এ ব্যাংকের মূলধন ভিত্তি ৪০০০ মিলিয়ন টাকা বৃদ্ধি পেলেও শেয়ার প্রতি আয় ৪০.৫৯ টাকা। বর্তমানে ব্যাংকের রিটার্ন

অন ইকুইটি (ROE) ২০.২৩ শতাংশে দাঁড়িয়েছে। ২০০৫ সালে ব্যাংকের মূলধন তহবিল ৭০১ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে। মোট মূলধন তহবিল ঝুঁকি সমন্বয়কৃত সম্পদের ৯.৯৬ শতাংশ। ২০০৬ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৪২টি এবং মোট জনশক্তির সংখ্যা ১০৬৬ জন। মোট জনশক্তির মধ্যে ১০৪৪ জন কর্মকর্তা এবং ২২ জন কর্মচারী।

২০০৫ সালে প্রাইম ব্যাংক লিমিটেড-এর মোট আমানত ৩৬০২২ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যার মধ্যে তলবি ও মেয়াদি



প্রাইম ব্যাংক লিমিটেড লীড এ্যারেঞ্জার হিসেবে সিভিকেশনের আওতায় ১৪টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় গড়ে তুলেছে বাংলাদেশে প্রথম ফ্লোট গ্লাস উৎপাদনকারী প্রতিষ্ঠান।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	৪০০০	৪০০০	৪০০০
২।	পরিশোধিত মূলধন	১০০০	১৪০০	১৭৫০	১৭৫০
৩।	রিজার্ভ ফান্ড	৯৮৭	১০৫৬	৭০৬	৭০৬
৪।	আমানত	২৮০৬৯	৩৬০২২	৩৮৬৮৬	৪০৩৩৪
	ক) তলবি আমানত	৫৬৯৭	১০১০৭	১২৫৮৮	১৩১২৪
	খ) মেয়াদি আমানত	২২৩৭২	২৫৯১৫	২৬০৯৮	২৭২১০
৫।	ঋণ ও অগ্রিম	২৩২২০	৩১৯১৬	৩৫০৪৪	৩৫৬৬০
৬।	বিনিয়োগ	৩০৮৩	৩৯৪০	৩৭৩১	৩৮৯০
৭।	মোট পরিসম্পদ	৩২৩৬২	৪১৫০৬	৪২৬৩২	৪৩৭৮৮
৮।	মোট আয়	৪৮৪০	৬৫৪২	১৯৩৯	৩৮৭৮
৯।	মোট ব্যয়	৩৪৭৫	৪৮৮০	১৪৯২	২৯৮৪
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৫৯৩২৬	৭২৮৭৩	২৮০৪৩	৫৬০৮৬
	ক) রপ্তানি	১৯৫০২	২৮৮৮২	৮৯২৩	১৭৮৪৬
	খ) আমদানি	৩৬৭৪৭	৪০৩০৩	১৬৫৪৫	৩৩০৯০
	গ) রেমিট্যান্স	৩০৭৭	৩৬৮৮	২৫৭৫	৫১৫০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৮৯৪	১০২৪	১০৬৬	১১০০
	ক) কর্মকর্তা	৮৭২	১০০২	১০৪৪	১০৭৮
	খ) কর্মচারী	২২	২২	২২	২২
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	৫০১	৫১৭	৫১৭	৫১৭
১৩।	শাখা (সংখ্যায়)	৩৬	৪১	৪২	৪৩
	ক) বাংলাদেশে	৩৬	৪১	৪২	৪৩
	খ) বিদেশে	-	-	-	-

আমানতের পরিমাণ যথাক্রমে ১০১০৭ মিলিয়ন ও ২৫৯১৫ মিলিয়ন টাকা। ২০০৫ সালে এ ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৩১৯১৬ মিলিয়ন টাকা, যা ২০০৬ সালের মার্চ শেষে ৩৫০৪৪ মিলিয়ন টাকায় উন্নীত হয়।

২০০৫ সালে ব্যাংকটি মোট ৭২৮৭৩ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ ছিল যথাক্রমে ২৮৮৮২ মিলিয়ন, ৪০৩০৩ মিলিয়ন ও ৩৬৮৮ মিলিয়ন টাকা। ২০০৬ সালের প্রথম ৩ মাসে এ ব্যাংক মোট ২৮০৪৩ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, তন্মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ

যথাক্রমে ৮৯২৩ মিলিয়ন, ১৬৫৪৫ মিলিয়ন ও ২৫৭৫ মিলিয়ন টাকা। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য পরিস্থিতি সারণি-১-এ দেয়া হলো।

ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে অনিবাসী বাংলাদেশীদের দক্ষ ও নির্ভরযোগ্য রেমিট্যান্স সুবিধা প্রদানের উদ্দেশ্যে প্রাইম ব্যাংক যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব ও ওমানে অবস্থিত ৯টি এক্সচেঞ্জ হাউসের সংগে ব্যাপকভিত্তিক Remittance Arrangement করেছে। বিশ্বের বিভিন্ন অঞ্চলে এক্সচেঞ্জ হাউসের নেটওয়ার্ক বর্ধিত করার প্রয়াস হিসেবে প্রাইম ব্যাংক ইতোমধ্যে সিঙ্গাপুরে একটি এক্সচেঞ্জ হাউস খোলার অনুমোদন পেয়েছে এবং শিগগিরই এর

ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৪	বিতরণ আদায়	২৭৮২ ১৭৬০	৫০৫৪ ৩৭৬৬	৮৭৭৫ ১২৩৬৭	১৩৮২৯ ১৬১৩৩	১৫৪৬৪ ১১২৭৮	২৯২৯৩ ২৭৪১১
২০০৫	বিতরণ আদায়	৩২৩৭ ৩০১৯	৬৭৪৫ ৪৬৪৪	১০৭৭৬ ১৪৪৯৭	১৭৫২১ ১৯১৪১	১৫১৪৮ ৮১৫৮	৩২৬৬৯ ২৭৩০০
৩১ মার্চ, ২০০৬*	বিতরণ আদায়	১৮৯৫ ১২৫৮	১৪৭২ ১১২৩	২৫৩৪ ২৪৭৩	৪০০৫ ৩৫৯৭	৫৮১৯ ৪৭১৬	৯৮২৪ ৮৩১৩
৩০ জুন, ২০০৬**	বিতরণ আদায়	২৩৭৭ ২০৯৯	৩১৮৩ ২৬৬২	৪১০২ ৪৫৮৯	৭২৮৫ ৭২৫১	১০৩৯১ ৬১৫৯	১৭৬৭৬ ১৩৪১০

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৮৬৯	৫৬৬	১৪৩৫
পরিমাণ	৩৬৪৪৬	১১৯১	৩৭৬৩৭
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৯৬	৫০	১৪৬
পরিমাণ	৭৫১৫	৩১০	৭৮২৬
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	৮৯৬	৫৭৭	১৪৭৩
পরিমাণ	৩৭৯৭৮	১২২২	৩৯২০০
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২৭	১১	৩৮
পরিমাণ	১৫৩২	৩০.৩১	১৫৬৩
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৬৪	২৯	৯৩
পরিমাণ	৪১৪৭	৭৭	৪২২৪

* সাময়িক। ** প্রাক্কলিত।

কার্যক্রম শুরু করার লক্ষ্যে সব ধরনের প্রাথমিক ব্যবস্থাদি সম্পাদন করেছে।

ঝুঁকি বহুমুখীকরণের অংশ হিসেবে ২০০৫ সালে প্রাইম ব্যাংক রিটেইল ব্যাংকিং/কনজুমার ক্রেডিট খাতে ঋণ কার্যক্রম আরো সম্প্রসারণ করেছে। রিটেইল ব্যাংকিং ব্যবসায় প্রবৃদ্ধির সম্ভাবনা বিবেচনা করে একটি পৃথক বিভাগ সৃষ্টি করা হয়েছে এবং বেশ কিছু সংখ্যক নতুন প্রডাক্ট উদ্ভাবিত হয়েছে। প্রাইম ব্যাংক লিমিটেড ১৯৯৯ সাল থেকে ক্রেডিট কার্ড কার্যক্রম শুরু করেছে। ২০০৫ সাল থেকে ভিসা কার্ডও চালু করেছে। প্রাইম ব্যাংক দেশীয় প্রথম ব্যাংক হিসেবে বিশ্বব্যাপী প্রচলিত প্রাস্টিক মানি অর্থাৎ মাস্টার কার্ড ও ভিসা কার্ড-এর মুখ্য মেম্বরশীপ লাভ করেছে। ব্যাংকের গুরুত্বপূর্ণ কার্ডধারীদের আর্থিক ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে Free Life Insurance Coverage প্রদানের মাধ্যমে ক্রেডিট কার্ড সুবিধার পুনর্বিদ্যায়ন করা হয়েছে। দেশের SME খাত মূলধন স্বল্পতায় সমস্যাক্রান্ত। ২০০৫ সালে ব্যাংক এ খাতে কার্যক্রম বৃদ্ধি করার প্রয়াস নেয়। ২০০৫ সাল শেষে SME খাতে ব্যাংকের মোট বকেয়া ঋণের পরিমাণ দাঁড়ায় ৩৪৩

মিলিয়ন টাকা। SME খাতকে অব্যাহত সহযোগিতা প্রদান বৃদ্ধির লক্ষ্যে ব্যাংক USAID-এর সংগে গ্যারান্টি চুক্তি নবায়ন করেছে এবং SEDF-এর সংগে অংশীদারিত্ব জোরদার করেছে।

ইসলামী পদ্ধতিতে সুদমুক্ত আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে প্রাইম ব্যাংক লিমিটেড দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৫টি ইসলামী শাখা খুলে সম্পূর্ণরূপে ইসলামী শরীয়াহ মোতাবেক ব্যাংকিং কার্যক্রম ও লেনদেন পরিচালনা করে আসছে। ২০০৫ সালে এ ব্যাংকের বিনিয়োগ, আমানত ও মুনাফা যথাক্রমে ৮২.০৭, ১১.৫৯ ও ৫৩.৯৪ শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে। প্রাইম ব্যাংক লিঃ-এর শরীয়াহ কাউন্সিল ৮ জন সদস্য সমন্বয়ে গঠিত, যারা শরীয়াহ মোতাবেক ব্যাংকিং ব্যবসা পরিচালনায় দিক নির্দেশনা দিয়ে থাকেন। ব্যাংকের মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম আন্ডাররাইটিং, পোর্টফোলিও ব্যবস্থাপনা ও ব্যাংকার টু দি ইস্যুতে সীমাবদ্ধ থাকলেও ২০০৫ সালে শেয়ার ব্যবসার জন্য BO একাউন্ট খোলা হচ্ছে।

সেবা প্রদান, মুনাফা অর্জন ও প্রযুক্তি প্রয়োগের দিক থেকে দক্ষ ব্যাংক হিসেবে প্রতিষ্ঠা লাভই প্রাইম ব্যাংকের

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য	১৩২৪	১৩৫২	১৩৯৯	১৫১৪
	(ক) শস্য	-	-	-	-
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	১৩২৪	১৩৫২	১৩৯৯	১৫১৪
২।	শিল্প (চলতি মূলধনে অর্থায়ন ব্যতীত)	৭৬০৪	১২৫৫৬	১৪১০০	১৪৩৪৫
	(ক) বৃহৎ ও মাঝারি	৭৩৮৬	১২১৭৭	১৩৭৭৯	১৩৮৯৫
	(খ) ক্ষুদ্র ও কুটির	২১৮	৩৭৯	৩২১	৪৫০
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল	৫৯৬০	৪৯৬০	৫১২৫	৫৫৯৫
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৭৪৩	৭৫১	৯৫৮	১০২৯
৫।	পরিবহন ও যোগাযোগ	৪৫০	৮১৯	৮৪৫	৮৮৫
৬।	বিশেষ ঋণ কর্মসূচি	-	-	-	৫০
	(ক) দারিদ্র্য বিমোচন	-	-	-	-
	(খ) অন্যান্য	-	-	-	৫০
৭।	অন্যান্য	৭১৩৯	১১৪৭৭	১২৬১৭	১২২৪২
	সর্বমোট	২৩২২০	৩১৯১৬	৩৫০৪৪	৩৫৬৬০

সুদূরপ্রসারী লক্ষ্য। সম্প্রসারিত আধুনিক ডেলিভারি চ্যানেল যথা- এটিএম বুথ, নগদ অর্থ বিতরণের আধুনিক ব্যবস্থা, টেলিফোন, এসএমএস, ইন্টারনেট ব্যাংকিং প্রভৃতির মাধ্যমে ব্যাংক প্রযুক্তি-নির্ভর প্রডাক্ট ও সেবা সরবরাহের পরিকল্পনা করছে। তদনুসারে ব্যাংক NV Netherlands Antilles-এর Temenos Holdings থেকে Temenos T24 কোর ব্যাংকিং Software হিসেবে বেছে নিয়েছে, যা কার্যগতভাবে সমৃদ্ধ ও গ্রাহক-বান্ধব একটি সমন্বিত মডিউলার পদ্ধতি।

ব্যবসায় অর্থায়নের পাশাপাশি প্রাইম ব্যাংক চলতি মূলধন অর্থায়ন, প্রকল্প অর্থায়ন এবং কর্পোরেট গ্রাহকের জন্য সংঘ ঋণ (Syndication) সংগঠন ও আয়োজন করেছে। সিভিকেশন ও স্ট্রাকচারড ফাইন্যান্স অনুবিভাগে কনসোর্টিয়াম অর্থায়নের ক্ষেত্রে দৃষ্ট ভূমিকা রেখেছে এবং বেশ কয়েকটি সিভিকেশন চুক্তির আয়োজন করেছে। লিড ব্যাংক ও এজেন্ট ব্যাংক হিসেবে সিরামিক্স ও ফার্মাসিউটিক্যাল খাতে সিভিকেশন অর্থায়ন সংগঠন করেছে। ২০০৫ সালে এ ব্যাংক ৭৪০ মিলিয়ন টাকার সিভিকেশন ঋণের আয়োজন করেছে। ২০০৫ সালের শেষের দিকে ব্যাংকটি দেশের বৃহত্তম ২ বিলিয়ন টাকা সিভিকেশন মেয়াদি ঋণ সংগঠন করেছে। এ সিভিকেশন অর্থায়ন কর্মসূচিতে দেশের সর্বাধিক ১৭টি ব্যাংকিং প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে। এ তহবিল বিশ্বের সর্ববৃহৎ এনজিও ব্র্যাক (BRAC)-এর মাধ্যমে হতদরিদ্র হতে অতিক্রম্য দরিদ্র জনগণ, যারা তাদের অবস্থানের উত্তরণের জন্য নিরন্তর সংগ্রাম করছে, তাদেরকে ক্ষুদ্র ঋণ প্রদানের লক্ষ্যে সংগঠিত করেছে।

ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সাল শেষে প্রাইম ব্যাংক লিমিটেড কর্তৃক মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩২৬৬৯ মিলিয়ন ও ২৭৩০০ মিলিয়ন টাকা। এর মধ্যে শিল্প খাতে

ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ১৭৫২১ মিলিয়ন ও ১৯১৪১ মিলিয়ন টাকা। ২০০৬ সালের প্রথম ৩ মাসে ব্যাংকের মোট ঋণ বিতরণ ও আদায় হয়েছে যথাক্রমে ৯৮২৪ মিলিয়ন ও ৮৩১৩ মিলিয়ন টাকা। ব্যাংকটির ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

২০০৫ সালে প্রাইম ব্যাংক ১৪৬টি প্রকল্পের আওতায় মোট ৭৮২৬ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ৭৫১৫ মিলিয়ন টাকা ছিল বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং ৩১০ মিলিয়ন টাকা ছিল ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। মার্চ ২০০৬ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ঋণ মঞ্জুরীর পরিমাণ ১৪৭৩টি শিল্প প্রকল্পে ৩৯২০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

মার্চ ২০০৬ শেষে প্রাইম ব্যাংক লিমিটেড-এর মোট ঋণের স্থিতি দাঁড়ায় ৩৫০৪৪ মিলিয়ন টাকা, তন্মধ্যে কৃষি খাতে ১৩৯৯ মিলিয়ন টাকা, শিল্প খাতে ১৪১০০ মিলিয়ন টাকা, পাইকারি/খুচরা ব্যবসা এবং রেন্টোরা/হোটেল খাতে ৫১২৫ মিলিয়ন টাকা, বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা খাতে ৯৫৮ মিলিয়ন টাকা, পরিবহন ও যোগাযোগ খাতে ৮৪৫ মিলিয়ন টাকা এবং অন্যান্য খাতে ১২৬১৭ মিলিয়ন টাকা। ব্যাংকটির অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিমে সুদের হার সারণি-৫-এ বিধৃত হলো।

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৬.৫০	৫.৫০	৭.৬২	৭.১৮	১১.০০	১৩.০০	১৩.২৫	১২.৮১
২০০৫	৬.০০	৫.১৭	১০.২৫	৭.৮৫	১১.০০	১৩.০০	১৩.০০	১২.৯২
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৬.০০	৫.১৭	১০.২৫	৭.৮৫	১১.০০	১৩.০০	১৪.০০	১২.৮৪
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৬.০০	৬.৩৮	১১.৮৮	৯.০৭	১১.০০	১৫.০০	১৬.০০	১৫.৩৯

সাউথইস্ট ব্যাংক লিমিটেড

সাউথইস্ট ব্যাংক লিমিটেড ১২ মার্চ ১৯৯৫ তারিখে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং একই বছরের ২৫ মে ৫০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১০০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন ২৫০০ মিলিয়ন এবং পরিশোধিত মূলধন ৮৮০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির মোট জনশক্তির সংখ্যা ৯১০ জনে দাঁড়ায়, তন্মধ্যে কর্মকর্তা ৭৫৬ জন এবং কর্মচারী ১৫৪ জন। এ সময় শেষে ব্যাংকের মোট শাখার সংখ্যা ৩১টিতে দাঁড়ায়। ২০০৫ সালে সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর মোট

আমানতের পরিমাণ ৩৮২৫৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়, তন্মধ্যে তলবি আমানত ৩৬৮১ মিলিয়ন এবং মেয়াদি আমানত ৩৪৫৭৭ মিলিয়ন টাকা। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৩৮৭১৬ মিলিয়ন টাকায়, তন্মধ্যে তলবি আমানত ৩৮৪৭ মিলিয়ন এবং মেয়াদি আমানত ৩৪৮৬৯ মিলিয়ন টাকা। ২০০৫ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৩২৫৫১ মিলিয়ন টাকায়, যা মার্চ ২০০৬ শেষে ৩৪৩৯১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫ সালে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ছিল ৫১১৩ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে ৪৬৯৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫ সালে ব্যাংকটি মোট



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি কেমিক্যাল ইন্ডাস্ট্রি।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২৫০০	২৫০০	২৫০০	২৫০০
২।	পরিশোধিত মূলধন	৬৭৭	৮৮০	৮৮০	৮৮০
৩।	রিজার্ভ ফান্ড	৭৬৯.১৩	১৭৪০	১৭৪০	১৭৪০
৪।	আমানত	২৭৯৩১	৩৮২৫৮	৩৮৭১৬	৪৩০০০
	ক) তলবি আমানত	২৩৬৮	৩৬৮১	৩৮৪৭	৪২৭২
	খ) মেয়াদি আমানত	২৫৫৬৩	৩৪৫৭৭	৩৪৮৬৯	৩৮৭২৮
৫।	ঋণ ও অগ্রিম	২২০০২	৩২৫৫১	৩৪৩৯১	৩৬৮৫০
৬।	বিনিয়োগ	৩১৯	৫১১৩	৪৬৯৩	৫২১২
৭।	মোট পরিসম্পদ	৩৩৭৪৫	৪৩৭৯৩	৪৪৭৭৮	৪৫৭৮৫
৮।	মোট আয়	৩০৪৩	৪৬৮৯	১৬৩১	২৯৮৪
৯।	মোট ব্যয়	২২৩৫	৩২১৬	১২১০	১৯৭৪
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২৮০২১	৪৬১০০	১৫২১১	৩৩৭১২
	ক) রপ্তানি	৬৭১৭	১৩৫১১	৪৪১৫	১২২৫০
	খ) আমদানি	২০২৩০	২৯০৭৯	৭২৮৬	১৭২৫০
	গ) রেমিট্যান্স	১০৭৪	৩৫১০	৩৫১০	৪২১২
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৮৩৫	৯১৩	৯১০	৯৫০
	ক) কর্মকর্তা	৬৮৫	৭৫৯	৭৫৬	৭৯৬
	খ) কর্মচারী	১৫০	১৫৪	১৫৪	১৫৪
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৪৬৩	৫০৭	৫১১	৫১৬
১৩।	শাখা (সংখ্যায়)	২৭	৩১	৩১	৩১
	ক) বাংলাদেশে	২৭	৩১	৩১	৩১
	খ) বিদেশে	-	-	-	-

৪৬১০০ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, তন্মধ্যে রপ্তানি খাতে ১৩৫১১ মিলিয়ন, আমদানি খাতে ২৯০৭৯ মিলিয়ন এবং রেমিট্যান্স বাবদ ৩৫১০ মিলিয়ন টাকা। ২০০৬ সালের ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা উল্লেখযোগ্য হারে বাড়তে শুরু করেছে, যার পরিমাণ প্রথম তিন মাসে দাঁড়ায় ১৫২১১ মিলিয়ন টাকা, তন্মধ্যে রপ্তানি খাতে ৪৪১৫ মিলিয়ন, আমদানি খাতে ৭২৮৬ মিলিয়ন এবং রেমিট্যান্স বাবদ ৩৫১০ মিলিয়ন টাকা।

সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

সাউথইস্ট ব্যাংক ২০০৫ সালে মোট ৫১৭৭৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৪১৮৯৯ মিলিয়ন টাকা আদায় করে। এর মধ্যে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৬৬৪৯ মিলিয়ন ও ৩২৮০ মিলিয়ন টাকা। সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	-	৯৩৮	১২২৪	২১৬২	৩২৩৩২	৩৪৪৯৪
আদায়	-	৮৮৮	৫৮৪	১৪৭২	২৬৯১২	২৮৩৮৪
২০০৫						
বিতরণ	৪.০০	৩৩৪২	৩৩০৭	৬৬৪৯	৪৫১২৪	৫১৭৭৭
আদায়	-	১৪৮৫	১৭৯৫	৩২৮০	৩৮৬১৯	৪১৮৯৯
৩১ মার্চ, ২০০৬*						
বিতরণ	-	৯০৭	১১৩৯	২০৪৬	১১৫৩৩	১৩৫৭৯
আদায়	-	৩১৯	৬৮৪	১০০৩	১০৭৪৮	১১৭৫১
৩০ জুন, ২০০৬**						
বিতরণ	-	৭০০	১২০০	১৯০০	২৫০০০	২৬৯০০
আদায়	-	৪০০	৭০০	১১০০	২১৫০০	২২৬০০

* সাময়িক । ** প্রাক্কলিত ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১০৬	১৪	১২০
পরিমাণ	১২১২০	২১৮	১২৩৩৮
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫০	৮	৫৮
পরিমাণ	৬৩১৬	৩৪	৬৩৫০
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	১১৫	১৬	১৩১
পরিমাণ	১৩২৮১	২২৮	১৩৫০৯
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৯	২	১১
পরিমাণ	৮৮৭	১০	৮৯৭
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৫	৬	২১
পরিমাণ	১৬০০	২৫	১৬২৫

* সাময়িক । ** প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য	-	৫	৫	-
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	৫	৫	-
২।	শিল্প	৪১৫৩	৯৩৭৬	১০১৯৪	১১০৬৫
	ক) বৃহৎ ও মাঝারি	৪০৫১	৯৩০৯	১০১৩৭	১১০০০
	খ) ক্ষুদ্র ও কুটির	১০৬	৬৬.৮০	৫৬	৬৫
৩।	পাইকারি ও খুচরা ব্যবসা এবং হোটেল/রেস্তোরা	১৫৯১৮	২০৬৭২	২১৩৫৪	২২৩৩০
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৯৮১	১৯৪৯	২২৩১	২৭৫০
৫।	পরিবহন ও যোগাযোগ	৪২	২৯৫	৩১১	৩৫০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি	-	-	-	৫
	ক) দারিদ্র্য বিমোচন	-	-	-	৫
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	৯০৪	২৫৫	২৯৭	৩৫০
	সর্বমোট	২২০০২	৩২৫৫১	৩৪৩৯১	৩৬৮৫০

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৬.০০	৪.৫০-৬.০০	৭.০০-৯.০০	৮.০১	১০.০০	১৩.০০	১৩.০০	১২.৬৪
২০০৫	৬.৫০	৪.৫০-৮.০০	৮.৫০-১১.৫০	৮.৬৬	৯-১০	১৩.৫০	১৩.০০-১৪.০০	১২.২৭
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৬.০০	৪.৫০-৮.০০	৯.০০-১২.০০	৮.৬৮	৯-১০	১৪.০০	১৩.৫০-১৪.৫০	১২.৮০
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৬.০০	৪.৫০-৮.০০	৯.৫০-১৩.০০	৮.৮০	৯-১০	১৪.৫০	১৪.০০-১৫.০০	১২.৯০

ঢাকা ব্যাংক লিমিটেড

দেশের দ্বিতীয় প্রজন্মের অন্যতম বেসরকারি ব্যাংক হিসেবে ঢাকা ব্যাংকের জন্ম ১৯৯৫ সালে। ২০০৫ সালের শেষে ২টি ইসলামী ব্যাংকিং শাখাসহ এ ব্যাংকের মোট শাখা এবং জনশক্তির সংখ্যা ছিল যথাক্রমে ২৯টি এবং ৬৮৮ জন। উল্লিখিত সময়ে ব্যাংকের গ্রাহক সংখ্যা প্রায় ৭৫ হাজারে দাঁড়িয়েছে। ব্যাংকের সব শাখাতেই এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং-এর ব্যবস্থা সম্বলিত অনলাইন ব্যাংকিং সুবিধা রয়েছে।

১০০০ মিলিয়ন টাকা অনুমোদিত মূলধন এবং ১০০ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধন নিয়ে এ ব্যাংকের যাত্রা শুরু। ২০০৫ সালে এর পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২৬৫০ মিলিয়ন ও ১২২৮ মিলিয়ন টাকা। এ ব্যাংকের মূলধন পর্যাগতা অনুপাত ২০০৫ সালে ছিল ১১ শতাংশ, যেখানে প্রয়োজনীয় অনুপাত ৯ শতাংশ। ২০০৪ সালের ডিসেম্বরের চেয়ে ২০০৫ সালের ডিসেম্বরে এ ব্যাংকের আমানত ২৮ শতাংশ

বৃদ্ধি পেয়ে ২৮৪৩৯ মিলিয়ন টাকা এবং ঋণ ও অগ্রিম ৪১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৩৩৭২ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

২০০৫ সালে এ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ছিল ৪৭৬৮০ মিলিয়ন টাকা, তন্মধ্যে রপ্তানি ১৩৫০৫ মিলিয়ন, আমদানি ৩০২১৩ মিলিয়ন ও রেমিট্যান্স ৩৯৬২ মিলিয়ন টাকা। ২০০৫ সালে এ ব্যাংকের পরিচালন মুনাফা হয়েছে ৯০৯ মিলিয়ন টাকা, ২০০৪ সালে যা ছিল ৮০২ মিলিয়ন টাকা। রাষ্ট্রীয় কোষাগারে প্রাতিষ্ঠানিক কর হিসাবে এ বছর ব্যাংকটি ৩০৫ মিলিয়ন টাকা জমা করেছে। ব্যাংকটির শ্রেণীভুক্ত ঋণের হার ১.৬৫ শতাংশ থেকে এ বছর ১.৫১ শতাংশে হ্রাস পেয়েছে।

ইলেকট্রনিক ব্যাংকিং-এর প্রতি এ ব্যাংক সবিশেষ গুরুত্ব প্রদান করে থাকে। ব্যাংকের বিশ্বমানের নতুন সফটওয়্যারে ব্যবস্থাপকদের স্বয়ংক্রিয়ভাবে MIS দেবার ব্যবস্থা রয়েছে।



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি ইলেকট্রনিক্স কারখানা।

ব্যাংকের স্ব-উদ্ভাবিত ক্যাশ পে-আউট সিস্টেম ব্যবহার করে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স দ্রুততার সংগে ও সহজে প্রাপকদের কাছে পৌঁছে দেয়া হচ্ছে। এছাড়া এটিএম কার্ড, ক্রেডিট কার্ড, সুইফট ও বিশেষ আমানতি হিসাবও রয়েছে এ ব্যাংকে। ২০০৫ সালে এটিএম কার্ডের সংখ্যা আগের বছরের চেয়ে দ্বিগুণ বেড়েছে। রাজশাহী ও কক্সবাজারেও এটিএম স্থাপন করা হয়েছে। ব্যাংকিং ইন্সট্রুমেন্টে আধুনিক পদ্ধতি চালু করে জালিয়াতি রোধ করার জন্য এ ব্যাংক বাংলাদেশ ব্যাংকের সংগে একটি প্রকল্পে যৌথভাবে কাজ করছে। তথ্য-নিরাপত্তা নিশ্চিত করতে অন্তর্জাল ব্যাংকিং (Internet Banking) চালু হলে বাইরের বিশ্ব থেকে সম্ভাব্য আক্রমণ ঠেকাতে ফায়ারওয়াল সফটওয়্যার চেকপয়েন্ট

এনজি স্থাপন করা হয়েছে। কার লোন স্কীম, ভ্যাকেশন লোন, হোম লোন এবং এটিএম ব্যবস্থাকে এ বছর আরো জোরদার করা হচ্ছে। ২০০৫ সালে ব্যাংকের দু'টি গ্রামীণ শাখাসহ মোট ছ'টি শাখা খোলা হয়েছে।

২০০৩ সাল থেকেই ব্যাংক ছোট ও মাঝারি উদ্যোগে অর্থায়ন করে আসছে। সিরাজগঞ্জের বেলকুচিতে তাঁতীরা হাতে চালানো তাঁত ছেড়ে ব্যাংকের আর্থিক সহায়তায় যান্ত্রিক তাঁত চালাচ্ছেন। ঢাকা ব্যাংকের পুঁজিবাজার সেবা বিভাগ ২০০৫ সালে ১১০০ মিলিয়ন টাকারও বেশি লেনদেন করেছে। ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-এর সদস্য হবার ফলে ব্যাংকটি এ বিষয়ে গ্রাহকদের বিশেষ সেবা প্রদান করছে।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	২৬৫০	২৬৫০	২৬৫০
২।	পরিশোধিত মূলধন	৬৬৪	১২২৮	১২২৮	১২২৮
৩।	রিজার্ভ ফান্ড	৮২৪	৯৮৮	৯৮৮	৯৮৮
৪।	আমানত	২২৫৭৬	২৮৪৩৯	৩২১১২	৪০৬৯০
	ক) তলবি আমানত	৩৩১৩	৪৩৩২	৬০২৩	৯৫২৫
	খ) মেয়াদি আমানত	১৯২৬৩	২৪১০৭	২৬০৮৯	৩১১৬৫
৫।	ঋণ ও অগ্রিম	১৬৫৩৯	২৩৩৭২	২৫৫১১	৩৭০৬০
৬।	বিনিয়োগ	৩০৭৮	৩৯২৬	৫২৬০	৮৩২৫
৭।	মোট পরিসম্পদ	২৮১৭৮	৩৩০৭২	৩৭৬০৭	৫২২৪১
৮।	মোট আয়	২৬৫৯	৩৬৩৬	১৪০৬	৩১৫৭
৯।	মোট ব্যয়	১৯১২	২৭৪৩	১১৪৭	২৪৫০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩৮২৯৩	৪৭৬৮০	১৮৪০৪	৩৮৯৯০
	ক) রপ্তানি	৮৮৮১	১৩৫০৫	৫৪১৩	১০৬৪০
	খ) আমদানি	২৮০৪৮	৩০২১৩	৯৮৩৯	২১৯০০
	গ) রেমিট্যান্স	১৩৬৪	৩৯৬২	৩১৫২	৬৪৫০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬১৩	৬৮৮	৬৯৮	৭২৬
	ক) কর্মকর্তা	৫১১	৫৯১	৫৯৭	৬২১
	খ) কর্মচারী	১০২	৯৭	১০১	১০৫
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	৪০৬	৪০৬	৪১০	৪১৫
১৩।	শাখা (সংখ্যায়)	২৩	২৯	২৯	৩০
	ক) বাংলাদেশে	২৩	২৯	২৯	৩০
	খ) বিদেশে	-	-	-	-

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	-	৪৪৮৩	৬৩১৪	১০৭৯৭	২৬৯৯২	৩৭৭৮৮
আদায়	-	৩১৮২	৪৯৭১	৮১৫৪	১৬৩০৭	২৪৪৬১
২০০৫						
বিতরণ	-	৪৬৮১	৯৩৪৪	১৪০২৫	২১৮০২	৩৫৮২৭
আদায়	-	২০২৯	৬৬২৭	৮৬৫৬	১৬০১৫	২৪৬৭১
৩১ মার্চ, ২০০৬*						
বিতরণ	-	১০০৪	২১৮০	৩১৮৪	৭২৫৩	১০৪৩৬
আদায়	-	৬০৫	৯৬৩	১৫৬৭	৫৬২৮	৭১৯৬
৩০ জুন, ২০০৬**						
বিতরণ	-	২২১৭	৪৫৬০	৬৭৭৮	৯১২৮	১৫৯০৬
আদায়	-	১২২১	২১২৬	৩৩৪৭	৭৪৮৬	১০৮৩২

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৮৫	৫৮	২৪৩
পরিমাণ	১৪১০২	৩৪৬	৪৪৪৮
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৮৩	৪৯	১৩২
পরিমাণ	৪৬৫৩	২৯৩	৪৯৪৬
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	১৯৩	৬২	২৫৫
পরিমাণ	১৪৫২৮	৩৭৪	৪৯০২
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৮	৪	১২
পরিমাণ	৪২৬	২৮	৪৫৪
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৭	৬	২৩
পরিমাণ	৮৮৩	৪০	৯২৩

* সাময়িক। ** প্রাক্কলিত।

ঋণদান সম্পর্কিত সিদ্ধান্তের ক্ষেত্রে এ ব্যাংক নিরাপত্তা, স্বাস্থ্য ও পরিবেশ ব্যবস্থাপনার নীতিগুলোর বিষয়ে গুরুত্ব দিয়ে থাকে। জনজীবনের উন্নয়নে অংশ নিতে ব্যাংকটি প্রাতিষ্ঠানিক সামাজিক দায়িত্ব (Corporate Social Responsibility-CSR) সম্বন্ধে সচেতন। প্রতিবছর প্রাক-কর মুনাফার দুই শতাংশ এ জন্য ব্যয় করা হয়। বিভিন্ন সময়ে ব্যাংকটি বারডেম হাসপাতালে ২.৬০ মিলিয়ন টাকা মূল্যের লিফট ও ১.৮০ মিলিয়ন টাকা মূল্যের হেমোডায়ালিসিস যন্ত্র, আহছানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে ৩.০০ মিলিয়ন টাকা, Centre for Women

and Child Hospital- কে ১০ মিলিয়ন টাকা দানসহ সমাজ উন্নয়নের নানা কাজে অংশ নিয়েছে। এ জন্য মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ব্যাংকটিকে 'স্ট্যাডার্ড চার্টার্ড-ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস সিএসআর অ্যাওয়ার্ড ২০০৫' প্রদান করা হয়েছে।

ঢাকা ব্যাংক লিমিটেড-এর অগ্রগতি প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-৪					
অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য	- - -	- - -	- - -	- - -
২।	শিল্প (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	২১০৭ ২০৬৫ ৪২	৪৯৪৬ ৪৬৫৩ ২৯৩	৫৩৯৮ ৫০৭৯ ৩১৯	৫৮৮৪ ৫৫৩৬ ৩৪৮
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেন্টোরা/হোটেল	২১৭৬	২৬৫১	২৯৮৮	৩২৫৭
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৯৬২৮	১১০২৯	১২০৩৮	১৩১২২
৫।	পরিবহন ও যোগাযোগ	৫৪৯	৬৪১	৬৮৯	৭৫১
৬।	বিশেষ ঋণ কর্মসূচি (ক) দারিদ্র্য বিমোচন (খ) অন্যান্য	- - -	- - -	- - -	- - -
৭।	অন্যান্য	২০৭৯	৪১০৫	৪৩৯৮	৪৭৯২
	সর্বমোট	১৬৫৩৯	২৩৩৭২	২৫৫১০	২৭৮০৬

সারণি-৫								
সুদের হার (শতকরা হার)								
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৬.৫০	৪.৫০	৮.৫০	৬.৭৫	৭.০০	১২.৫০	১৬.৫০	১২.১৫
২০০৫	৬.৫০	৫.০০	১১.২৫	৭.২৫	৭.০০	১৩.৫০	১৫.০০	১২.৪৭
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৬.০০	৫.০০	১১.৫০	৭.২৯	৭.০০	১৩.৫০	১৬.০০	১২.৯২
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৬.০০	৫.০০	১২.০০	৭.৩৮	৭.০০	১৪.৫০	১৭.০০	১৩.০৮

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড ২৭ সেপ্টেম্বর ১৯৯৫ সাল থেকে দেশের তৃতীয় ইসলামী ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। ইসলামী শরীয়াহ্ মোতাবেক পরিচালিত ব্যাংকটি সম্পূর্ণ দেশী উদ্যোগে প্রতিষ্ঠিত বেসরকারি ব্যাংক। ২০০৫ সালে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন

এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১০০০ মিলিয়ন, ৬৭৮ মিলিয়ন এবং ৫৪২ মিলিয়ন টাকা। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৪১টিতে। উল্লিখিত সময়ে ব্যাংকের মোট জনশক্তি ছিলো ৭৯৪ জন। এর মধ্যে ৭৩৩ জন কর্মকর্তা এবং ৬১ জন কর্মচারী।



২০০৫ সালে ব্যাংকটির মোট আমানত ছিলো ১১৬৪৪ মিলিয়ন টাকা; যার মধ্যে তলবি ও মেয়াদি আমানত যথাক্রমে ২৫৩৯ মিলিয়ন এবং ৯১০৫ মিলিয়ন টাকা। ২০০৫ সালের শেষ নাগাদ ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ১১৪৭৪ মিলিয়ন টাকায়। ২০০৫ সালে ব্যাংকটি মোট ১৮০২০ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ যথাক্রমে ৪৯৩৩ মিলিয়ন, ১২৬৩২ মিলিয়ন এবং ৪৫৫ মিলিয়ন টাকা।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ-এর খাতভিত্তিক বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায় পরিস্থিতি, শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণ) স্থিতি এবং মুনাফার হার যথাক্রমে সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫-এ দেয়া হলো।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ-এর অর্থায়নে প্রতিষ্ঠিত একটি হাসপাতাল-এর ভেতরের দৃশ্য।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৫৮৭	৬৭৮	৬৭৮	৮৫৪
৩।	রিজার্ভ ফান্ড	৪৮৮	৫৪২	৫৮২	৭৫৪
৪।	আমানত	১০১০৮	১১৬৪৪	১১৭২৭	১৪৯৭৯
	ক) তলবি আমানত	১৯০০	২৫৩৯	১৯১৩	৪৩৮০
	খ) মেয়াদি আমানত	৮২০৮	৯১০৫	৯৮১৪	১০৫৯৯
৫।	ঋণ ও অগ্রিম	৮১৫০	১১৪৭৪	১১৮৯৩	১৪২১৬
৬।	বিনিয়োগ	-	-	-	-
৭।	মোট পরিসম্পদ	১২৮৫০	১৫৩৩৭	১৫১১২	১৬৬২৩
৮।	মোট আয়	১১২১	১৪৫৩	৩১৯	৮৭৭
৯।	মোট ব্যয়	৮০৯	৯৭৫	২৪৫	৪৯০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৩০৬৮	১৮০২০	৪৬২১	১১০০৪
	ক) রপ্তানি	৩৬৩৯	৪৯৩৩	১৬৫৩	৩৯৪০
	খ) আমদানি	৯১৩৭	১২৬৩২	২৮৭০	৬৮৬৮
	গ) রেমিট্যান্স	২৯২	৪৫৫	৯৮	২০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৮০২	৭৭৫	৭৯৪	৯০০
	ক) কর্মকর্তা	৭২৩	৬৯৭	৭৩৩	৮০৯
	খ) কর্মচারী	৭৯	৭৮	৬১	৯১
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	শাখা (সংখ্যায়)	৪০	৪১	৪১	৪৩
	ক) বাংলাদেশে	৪০	৪১	৪১	৪৩
	খ) বিদেশে	-	-	-	-

বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	৮	১৯২	৩৫৮	৫৫০	১১৪৫৭	১২০১৫
আদায়	৯	২৮৩	৫০৯	৭৯২	১০৩৯৯	১১২০০
২০০৫						
বিতরণ	১৩	২৪৫	৪৫৪	৬৯৯	১৬০৪০	১৬৭৫২
আদায়	১০	২০১	২৭৩	৪৭৪	১৪৫৫৮	১৫০৪২
৩১ মার্চ, ২০০৬*						
বিতরণ	৮	১৪০	১৫৫	২৯৫	৪৫৭০	৪৮৭৩
আদায়	৬	৫৪	৯০	১৪৪	৩৯১২	৪০৬২
৩০ জুন, ২০০৬**						
বিতরণ	১৫	১৬০	২৫০	৪১০	৫৪৮৪	৫৯০৯
আদায়	১০	৮০	১৬০	২৪০	৪৬৯৫	৪৯৪৫

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২৫	২৫	৫০
পরিমাণ	১৫০০	৫০	১৫৫০
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫	১৩	১৯
পরিমাণ	৯০	১৩	১০৩
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	২৬	২৫	৫১
পরিমাণ	১৬৯০	৫০	১৭৪০
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১	--	১
পরিমাণ	১৯০	-	১৯০
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫	১০	১৫
পরিমাণ	৫০০	৬০	৫৬০

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণ) স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য	১	৩	৪	৫
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	১	৩	৪	৫
২।	শিল্প	৩৮৪	৮৫১	৯৫০	৯৯৫
	ক) বৃহৎ ও মাঝারি	৩৬২	৮১৮	৯১৬	৯৫৫
	খ) ক্ষুদ্র ও কুটির	২২	৩৩	৩৪	৪০
৩।	পাইকারি ও খুচরা ব্যবসা এবং হোটেল/রেস্তোরা	১০৮১	১১৮৩	১২৩০	১৪০০
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৫৯৮৮	৮৯৬৯	৯২২২	১১২৮৬
৫।	পরিবহন ও যোগাযোগ	৬০	১১৮	১২০	১৪০
৬।	বিশেষ ঋণ কর্মসূচি	৪	১০	১২	২০
	ক) দারিদ্র্য বিমোচন	৪	১০	১২	২০
	খ) অন্যান্য	-	-	-	-
৭।	অন্যান্য	৬৩২	৩৪০	৩৫৫	৩৭০
	সর্বমোট	৮১৫০	১১৪৭৪	১১৮৯৩	১৪২১৬

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৫.৭৭	৪.০৪	৮.৫০	৭.৪০	১০.০০-১৩.০০	১৩.০০-১৪.০০	১১.৫০-১৪.৫০	১২.৯৬
২০০৫	৫.৫০	৩.৭৫	৮.৬৫	৭.৪২	১০.০০-১৩.০০	১৩.০০-১৪.০০	১১.৫০-১৪.৫০	১২.৯৬
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৫.২৫	৩.৫০	৮.৫০	৭.৪০	১০.০০-১৩.০০	১৩.০০-১৪.০০	১১.৫০-১৪.৫০	১২.৯৩
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৬.০০	৪.০০	৯.৫০	৮.৩৫	১২.০০-১৫.০০	১২.০০-১৫.০০	১২.০০-১৫.০০	১৩.৭৩


সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড (এসআইবিএল) ইসলামী ব্যাংক হিসেবে ১৯৯৫ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এ ব্যাংক লাভ লোকসানের অংশীদারিত্বের ভিত্তিতে গ্রাহকদের সুদমুক্ত সর্বাধুনিক ব্যাংকিং সুবিধা প্রদান করে আসছে। এসআইবিএল সারা দেশে ২৪টি শাখার মাধ্যমে গ্রাহকদেরকে আকর্ষণীয় আমানত ও বিনিয়োগ সুবিধা প্রদান করে থাকে।

দেশ-বিদেশের বেশ ক'জন স্বনামধন্য ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠান এই ব্যাংকের উদ্যোক্তা এবং পরিচালক। ওআইসি'র সাবেক মহাসচিব ডঃ হামিদ আল গাবিদ, সৌদি আরবের ডেপুটি স্পীকার ও রাবেতার সাবেক মহাসচিব ডঃ আবদুল্লাহ ওমর

নাসিফ, সৌদি আরবের সাবেক বাণিজ্যমন্ত্রী সালেহ জামজুম প্রমুখ এই ব্যাংকের প্রতিষ্ঠাতা উদ্যোক্তা। এছাড়া ইসলামী আন্তর্জাতিক তহবিল (আইএসএফ) ও আন্তর্জাতিক ইসলামী ত্রাণ সংস্থার (আইআইআরও) মতো কয়েকটি প্রতিষ্ঠানও এর উদ্যোক্তা হিসেবে সংশ্লিষ্ট।

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড শুরু থেকেই আনুষ্ঠানিক (Formal) অর্থাৎ জেনারেল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা, অনানুষ্ঠানিক (Non-Formal) অর্থাৎ দারিদ্র্য বিমোচনের জন্য মাইক্রো ক্রেডিট এবং এসএমই ফাইন্যান্স ও স্বেচ্ছামূলক (Voluntary) এই তিন খাতে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে, যা নিম্নরূপঃ



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি রিসাইক্লিং ইন্ডাস্ট্রির কাঁচামাল প্রক্রিয়াকরণের দৃশ্য।

আনুষ্ঠানিক খাত (Formal Sector)

এসআইবিএল আনুষ্ঠানিক খাতের মাধ্যমে গ্রাহকদেরকে প্রচলিত ব্যাংকিং (Conventional Banking) সুবিধা প্রদান করে আসছে। ইসলামী শরীয়াহ মোতাবেক আমানত সংগ্রহ, বিনিয়োগ ও বৈদেশিক বিনিময় ও বাণিজ্যসহ যাবতীয় ব্যাংকিং কার্যক্রম পরিচালনা এবং উন্নত গ্রাহক সেবা প্রদান করছে।

আধুনিক ব্যাংক ব্যবস্থার অংশ হিসেবে ইসলামী ব্যাংকসমূহের মধ্যে প্রথম স্যাটেলাইট প্রযুক্তির মাধ্যমে গ্রাহকগণকে অনলাইন ব্যাংকিং সেবা প্রদান করে আসছে।

SWIFT ও ATM কার্ডের মাধ্যমে দ্রুত গ্রাহক সেবা প্রদান করছে। এছাড়া ইসলামী ক্রেডিট কার্ড, টেলি ব্যাংকিংসহ বিভিন্ন আধুনিক প্রযুক্তি ও ইসলামী ব্যাংকিং-এর নতুন নতুন প্রডাক্ট সংযোজনের মাধ্যমে অধিকতর উন্নত ব্যাংকিং সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অনানুষ্ঠানিক ব্যাংকিং খাত

(Non-formal Sector)

এসআইবিএল অনানুষ্ঠানিক ব্যাংকিং খাতের মাধ্যমে ক্ষুদ্র ঋণ (Micro-Credit) এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (SMEs) সহজ শর্তে বিনিয়োগ সুবিধা প্রদান করে আসছে।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	৪০০০	৪০০০	৪০০০
২।	পরিশোধিত মূলধন	৫৮৫	৫৮৫	৫৮৫	৫৮৫
৩।	রিজার্ভ ফান্ড	৩৩১	৩৩৮	৩৩৮	৩৩৮
৪।	আমানত	১৯৭০৪	১৬৮৬৩	১৫৮৪৮	১৭০০০
	ক) তলবি আমানত	১৯৬৭	২১৭৭	১৮০৫	২০০০
	খ) মেয়াদি আমানত	১৭৭৩৭	১৪৬৮৫	১৪০৪৪	১৫০০০
৫।	ঋণ ও অগ্রিম	১২৮৮৭	১৫০৯৭	১৫২০০	১৫৫০০
৬।	বিনিয়োগ	-	৫০১	৫০১	৫০১
৭।	মোট পরিসম্পদ	২১৫৪৭	২০৩৫৯	২৪২৯৪	২৫০০০
৮।	মোট আয়	৩২৭৩	১৯২২	৮৩১	১৭০০
৯।	মোট ব্যয়	২৮৫৮	১৭০৯	৭৮৪	১৬০০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৮০৮৮	১৭৪৩৮	৫৬৩৯	১১৬৫০
	ক) রপ্তানি	৪৫০০	৫৫২৮	২১২৫	৪৫০০
	খ) আমদানি	১৩৩৬৩	১১৫৭৭	৩১৯৩	৬৫০০
	গ) রেমিট্যান্স	২২৫	৩৩৩	৩২১	৬৫০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৫১	৬৮৬	৬৬৯	৬৮০
	ক) কর্মকর্তা	৫৮১	৬১৫	৫৯৭	৬০৭
	খ) কর্মচারী	৭০	৭১	৭২	৭৩
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৫৭৫	৩৫৭৫	৩৫৭৫	৩৫৭৫
১৩।	শাখা (সংখ্যায়)	২৪	২৪	২৪	২৪
	ক) বাংলাদেশে	২৪	২৪	২৪	২৪
	খ) বিদেশে	-	-	-	-

বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	১২৫	১০৫	৬১৬	৭২১	১৯০৪৮	১৯৮৯৪
আদায়	২৯	১৭৭	৪০৬	৫৮৩	১৭৬৫১	১৮২৬৩
২০০৫						
বিতরণ	১৫১৮	৪৬২৫	৪৪১৬৫	৪৮৭৯০	১৮১৯১৫	২৩২২২৩
আদায়	১২৫৩	২১৬০	২৪৫৪২	২৬৭০২	১৭৫৯৮৬	২০৩৯৪১
৩১ মার্চ, ২০০৬*						
বিতরণ	৩৫৯৭	১৮১৪৬	৬৭৮৩৩	৮৫৯৭৯	৮৫১২৬	১৭৪৭০২
আদায়	২৫০২	১২২৪৫	৬৫০৫৬	৭৭৩০১	৭৯৮০৩	১৫৯৬০৫
৩০ জুন, ২০০৬**						
বিতরণ	৬৩৫	৯৪৫	২৭১৮৩	২৮১২৮	১৫৫০০	৪৪২৬৩
আদায়	৩৩৩	৮৬১	২৬৬৭৪	২৭৫৩৯	১২৫৫০	৪০৪২২

* সাময়িক । ** প্রাক্কলিত ।

এসআইবিএল আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) সহায়তায় অনানুষ্ঠানিক ব্যাংকিং খাতের আওতায় ১৯৯৬-১৯৯৮ সালে গার্মেন্টস থেকে ছাঁটাইকৃত প্রায় পাঁচ হাজার শিশুদের মাঝে প্রায় সাড়ে চার কোটি টাকার শিক্ষা বৃত্তি কর্মসূচি (Stipened Disbursement Program) সাফল্যের সংগে সম্পন্ন করেছে।

স্বেচ্ছামূলক ব্যাংকিং খাত

(Voluntary Banking Sector)

স্বেচ্ছামূলক খাতে সামাজিক পুঁজি গঠনের প্রক্রিয়া হিসেবে সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক সর্বপ্রথম 'ক্যাশ ওয়াক্ফ সার্টিফিকেট' স্কীম চালু করেছে। ক্যাশ ওয়াক্ফের মূল অর্থ ব্যাংকের কাছে চিরস্থায়ী আমানত হিসেবে জমা থাকে। শুধু লভ্যাংশ ইসলামী শরীয়াহ মোতাবেক সার্বিক সামাজিক

কল্যাণে অর্থাৎ পরিবার পুনর্বাসন, শিক্ষা, স্বাস্থ্য সেবা, সামাজিক উপযোগিতা ইত্যাদি খাতে অথবা সার্টিফিকেট ক্রয়কারীর ইচ্ছানুযায়ী ব্যয় করা হয়।

ইতোমধ্যে এসআইবিএল ক্যাশ ওয়াক্ফের মুনাফা থেকে গরিব ও অসহায় ক্যান্সার ও হার্টের রোগীদের আর্থিক সাহায্য, Center for Rehabilitation of the Paralised (CRP)-এর মাধ্যমে পক্ষাঘাতগ্রস্ত রোগীদের পারিবারিক পুনর্বাসন, Sight Savers-এর মাধ্যমে গরিব রোগীদের চোখের ছানি অপারেশন ও চশমা প্রদান করেছে।

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ, বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণ) স্থিতি এবং লাভের হার যথাক্রমে সারণি-১, ২, ৩, ৪ ও ৫-এ দেখানো হলো।

শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী

সারণি-৩
(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৬১	২০৮	২৬৯
পরিমাণ	১২৮৮	২৫০১	৩৭৮৯
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪৬	৫৬	১০২
পরিমাণ	১১১৮	৮৫০	১৯৬৮
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	৭৭	২২৮	৩০৫
পরিমাণ	২৪৯২	২৭৬৯	৪১৪৪
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৬	২০	৩৬
পরিমাণ	৮৭	২৬৮	৩৫৬
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২২	৩০	৫২
পরিমাণ	১১৭	৩৪৮	৪৬৫

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণের) স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য	৬৭ ২ ৪৪ ২১	১৩৬ ৫ ৮৮ ৪২	৩২২ ৩৬ ১৬৬ ১২১	৩৬৬ ৪১ ১৭৫ ১৩১
২।	শিল্প (চলতি মূলধনে অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৬২৭ ১৭০ ৪৫৭	১৯৪০ ৬৪০ ১৩০০	২৪৮৩ ৫০৮ ১৯৭৫	২৬০৪ ৫১১ ২০০১
৩।	চলতি মূলধনে অর্থায়ন	১৮১১	১১৫৮	২০৬৩	২০৭৩
৪।	নির্মাণ	৭৪৭	১৫৭৫	৯৮০	১০২১
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	৩১	৬১	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৩৩৯	৭৮৩	৫৪৩	৫৫১
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোঁরা	৮১২৯ ৪৩১৫ ২৯৪ ৩৪৮৮ ৩২	৭৯২৫ ৪৪০৩ ৭৯২ ২৬৬৫ ৬৫	৭৫১৬ ৪২৬৩ ৬৪০ ২৫০৮ ১০৬	৭৬৭৮ ৪২৮২ ৭২০ ২৫৫০ ১২৬
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	৫২	১১৭	৫৬	৭১
৯।	অন্যান্য	১০৮৫	১৪০৩	১২৩৮	১২৪৯
	সর্বমোট	১২৮৮৭	১৫০৯৭	১৫২০০	১৫৫০০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৬.৮৫	৫.৬০	৮.৫০-৯.৫০	৮.৫৬	১০.০০	১২.০০-১৪.৫০	১২.০০-১৪.৫০	১৩.২৯
২০০৫	৬.০০	৫.২৫	৮.৫০-১১.০০	৮.৯৯	১০.০০	১৩.০০-১৪.০০	১৩.০০-১৪.০০	-
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৬.০০	৫.৫০	৯.০০-১২.০০	৯.৮০	১০.০০	১৪.০০-১৫.০০	১৪.০০-১৫.০০	-
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৬.০০	৭.৫০	১০.০০-১২.০০	-	১০.০০	১৪.০০-১৬.০০	১৪.০০-১৬.০০	-

ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড

ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড (ডিবিবিএল) ৩ জুন ১৯৯৬ সাল হতে বাংলাদেশে ব্যাংকিং ব্যবসা শুরু করে। দি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি এবং বাংলাদেশী উদ্যোক্তাগণের যৌথ উদ্যোগে এ ব্যাংকটি প্রতিষ্ঠিত। ২০০৫ সাল শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ৪০০ মিলিয়ন ও ২০২ মিলিয়ন টাকা। ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে ব্যাংকের বিধিবদ্ধ মূলধনের পরিমাণ দাঁড়ায় ১৯০৯ মিলিয়ন টাকা। বর্তমানে একজন বিদেশী পরিচালকসহ মোট

৭ জন পরিচালকের সমন্বয়ে গঠিত একটি পর্ষদ ব্যাংকটি পরিচালনা করছে। বর্তমানে ব্যাংকে কর্মরত মোট জনশক্তির সংখ্যা ৬১৪ জন। আলোচ্য বছরে ব্যাংক নিজস্ব ট্রেনিং ইন্সটিটিউট, বিআইবিএম এবং বিবিটিএ-এর সহযোগিতায় ৭টি বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে সর্বমোট ১৭২ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করে। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির মোট শাখার সংখ্যা দাঁড়ায় ২৯টিতে। ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড বিশ্বব্যাপী কেরেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করে গ্রাহকবৃন্দকে সেবা প্রদান করছে।



আর্সেনিকমুক্ত বিশুদ্ধ খাবার পানি সরবরাহের লক্ষ্যে আঙ্গুরপোতা-দহগ্রাম ছিটমলের বিভিন্ন স্থানে ডিবিবিএল ২৫টি অগভীর নলকূপ স্থাপন করেছে। ছবিতে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক-কে এ রকম একটি নলকূপ থেকে পানি উত্তোলন করতে দেখা যাচ্ছে।

প্রবাসীদের বিশেষ করে কুয়েত, সৌদি আরব, কাতার, বাহরাইন, কানাডা এবং আমেরিকায় অবস্থানরত বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ ব্যাংকিং চ্যানেলে বাংলাদেশে আনয়নের লক্ষ্যে ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড ইতোমধ্যে বেশ কয়েকটি এক্সচেঞ্জ হাউসের সংগে যৌথ ব্যবস্থা গ্রহণ করেছে। ব্যাংকটি অত্যন্ত দ্রুততার সংগে নিশ্চিত নিরাপত্তা সহকারে প্রবাসীদের অর্থ প্রতিনিয়ত কাঙ্ক্ষিত গন্তব্যে পৌঁছে দিচ্ছে। ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড ব্যাংকিং সেবার মানকে বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে স্বল্প ও যৌক্তিক মূল্যে আন্তর্জাতিক মানের সম্পূর্ণ অনলাইন ব্যাংকিং সুবিধা প্রদান করেছে। এই সুবিধার আওতায় একজন গ্রাহক বছরে ৩৬৫

দিন এবং ২৪ ঘন্টায়ই যে কোনো শাখা থেকে ব্যাংকিং সেবা পেতে পারেন। ডিবিবিএল মুনাফা অর্জনের পাশাপাশি জনহিতকর কর্মকাণ্ডের মাধ্যমে সামাজিক উন্নয়নে অবদান রাখছে। দেশের জনগণের সাহায্যার্থে ব্যাংকের বার্ষিক মুনাফার ৫ শতাংশ অর্থ দিয়ে ডিবিবিএল গঠন করেছে ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন। ফাউন্ডেশনের মাধ্যমে ডাচ-বাংলা ব্যাংক লিঃ প্রতি বছর এসএসসি ও এইচএসসি পাশ মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের পাশাপাশি গবেষকদের এমফিল ও পিএইচডি কোর্সের জন্য বার্ষিক বৃত্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে। ডিবিবিএল তার ফাউন্ডেশনের মাধ্যমে এসিড

সারণি-১					
অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৪০০	৪০০	৪০০	৪০০
২।	পরিশোধিত মূলধন	২০২	২০২	২০২	২০২
৩।	রিজার্ভ ফান্ড	৩৫৩	৪৯০	৫৪১	৬০২
৪।	আমানত	২১,০৬৮	২৭২৪১	২৯২৮১	৩৪৩৯৫
	ক) তলবি আমানত	২,৯৪৪	৪১৭৭	৫৬৩৮	৭৬১২
	খ) মেয়াদি আমানত	১৮,১২৪	২৩০৬৪	২৩৬৪৩	২৬৭৮৩
৫।	ঋণ ও অগ্রিম	১৪,৯৭৬	২০১৩৫	২৪৩৬৮	২৪১৫২
৬।	বিনিয়োগ	২,০৩৫	৩৫০০	২৭৩৪	৪০০০
৭।	মোট পরিসম্পদ	২৪,৫৬১	৩২৩৪০	৩৬৭৫৪	৪২২৬৭
৮।	মোট আয়	২,৩৬৭	৩৪৩৫	১৭০৫	২৪৩৯
৯।	মোট ব্যয়	১,৭৩৫	২৪৯৫	১৪৫৩	১৭২৯
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৪০,০৭২	৪৯০১১	১৩৪৪৫	২৬১০০
	ক) রপ্তানি	১৩,৫৮২	২২১৪৪	৬০৫০	১১৬০০
	খ) আমদানি	২৫,৯৭৪	২৬০২৯	৭১০০	১৩৯৫০
	গ) রেমিট্যান্স	৫১৬	৮৩৮	২৯৫	৫৫০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৩১	৫৪৮	৬১৪	৬৮০
	ক) কর্মকর্তা	৪৩১	৫৪৮	৬১৪	৬৮০
	খ) কর্মচারী	-	-	-	-
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	১০০	১০৮	১২০	১৩০
১৩।	শাখা (সংখ্যায়)	১৯	২৮	২৯	২৯
	ক) বাংলাদেশে	১৯	২৮	২৯	২৯
	খ) বিদেশে	-	-	-	-

ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	৫৩১	৩৪৫১	৬৪০৩	৯৮৫৪	১৯৩৭৮	২৯৭৬৩
আদায়	৬০২	২৩৭৪	৬৪৭৫	৮৮৫০	১৮৬৪০	২৮০৯২
২০০৫						
বিতরণ	৩৬২	২৩১২	১২২৩৮	১৪৫৫১	১১০৭২	২৫৯৮৪
আদায়	১৬১	১৫৫২	১০০৭৪	১১৬২৬	৮৭০২	২০৪৮৯
৩১ মার্চ, ২০০৬*						
বিতরণ	৫৮	৬১৩	১৫৫৯	২১৭২	৩৮৬৪	৬০৯৩
আদায়	২১	৩৫৪	২৬২৫	২৯৭৯	২৪৮১	৫৪৮০
৩০ জুন, ২০০৬**						
বিতরণ	১৪৮	৯১৮	২২৪৭	৩১৬৫	৪৬১৩	৭৯২৭
আদায়	৫৪	৫৫৯	১৮৫০	২৪১০	৩৪৯৫	৫৯৫৯

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৩৬৯	১৭১	৫৪০
পরিমাণ	২২১৭০	৭৬৭	২২৯৩৭
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৯১	৯৯	১৯০
পরিমাণ	১২৪৭৯	৩৩৭	১২৮১৬
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	৪২০	২১৪	৬৩৪
পরিমাণ	২৬১৫৫	৮৬৭	২৭০২২
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫১	৪৩	৯৪
পরিমাণ	৩৯৮৫	৯৯	৪০৮৫
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৭৩	৫২	১২৫
পরিমাণ	৪৪৮১	১২৩	৪৬০৪

* সাময়িক। ** প্রাক্কলিত।

আক্রান্ত মহিলাদের পুনর্বাসনে সহায়তা, যৌতুকের দাবিতে তালাকপ্রাপ্তা নারীদের এককালীন সাহায্য প্রদান, এইডস ভাইরাস-এর শিকার সমাজে অবহেলিত মানুষদের খাদ্য ও চিকিৎসা ব্যয়ভার বহন করা, বন্যায় ক্ষতিগ্রস্ত, টর্নেডো বিধ্বস্ত, শীতাত্ত জনগণের মাঝে খাদ্য ও সাহায্য বিতরণসহ বিভিন্ন জনহিতকর কার্যক্রম পরিচালনা করে আসছে। এ ব্যাংক তথা ফাউন্ডেশন ঠোট-কাটা ছেলে-মেয়েদের সামাজিক সমস্যার কথা বিবেচনা করে ২০০৩ সাল থেকে এ পর্যন্ত আটশ'রও অধিক ঠোট-কাটা ছেলে-মেয়েকে প্লাস্টিক সার্জারির মাধ্যমে তাদের মুখে হাসি ফিরিয়ে দিয়েছে। এছাড়া আহুছানিয়া মিশন ক্যান্সার হাসপাতাল, বাংলাদেশ ক্যান্সার সোসাইটি, শিশু স্বাস্থ্য ফাউন্ডেশনের মতো প্রতিষ্ঠানকে যথাক্রমে ৪০ মিলিয়ন, ১০ মিলিয়ন ও ১২ মিলিয়ন টাকা অনুদান প্রদানসহ দেশ ও সমাজের কল্যাণার্থে বহুমুখী আর্থিক সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। সামাজিক দায়িত্ব পালনে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ ডিবিবিএল ASIAN CSR AWARD-2005 পুরস্কারে ভূষিত হয়েছে। ডিবিবিএল দেশের শিল্পোন্নয়ন এবং একই সংগে রপ্তানি আয়

বৃদ্ধির লক্ষ্যে উল্লেখযোগ্য পরিমাণ মেয়াদি এবং চলতি ঋণ প্রদান করেছে। ডিবিবিএল দেশের অন্যতম বৃহৎ প্রস্তাবিত হাসপাতাল ইউনাইটেড হাসপাতাল লিঃ-এর সমমূলধনে অংশগ্রহণ করেছে। দেশের শিল্প কারখানা বিকাশের জন্য বেশ কিছু সিডিকিট অর্থায়নেও অংশগ্রহণ করেছে ব্যাংক। ৩১ ডিসেম্বর ২০০৫ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ২০১৩৫ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে বৃদ্ধি পেয়ে ২৪৩৬৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। একই সময়ে ব্যাংকটির আমানতের পরিমাণ ছিল ২৭২৪১ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে বৃদ্ধি পেয়ে ২৯২৮১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫ সালে ব্যাংকটি ৪৯০১১ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; তন্মধ্যে রপ্তানি ২২১৪৪ মিলিয়ন ও আমদানি ২৬০২৯ মিলিয়ন টাকা।

ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ এবং অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য	২৩৫ - ২৩৫	৪২৬ - ৪২৬	৪৬৬ - ৪৬৬	৪৮৩ - ৪৮৩
২।	শিল্প ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৭৪৫১ ৭৩৩১ ১২০	১০৩৭২ ১০০২৩ ৩৪৯	১০৫৭৯ ১০২২৩ ৩৫৬	১১৬৩৭ ১১২৪৬ ৩৯১
৩।	পাইকারি ও খুচরা ব্যবসা এবং হোটেল/রেস্তোরা	২৭৭৬	৩৭৪৩	৩৭৪৯	৩৯২১
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৬০৩	১৫৬২	১৭৭২	২০৫৫
৫।	পরিবহন ও যোগাযোগ	৮৯	১৬৯	৭৮	১৭৪
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ক) দারিদ্র্য বিমোচন খ) অন্যান্য	- - -	৫০ ৫০ -	১০০ ১০০ -	১০০ ১০০ -
৭।	অন্যান্য	৩৮২৩	৩৭৯২	৭৬২৪	৫৭৮২
	সর্বমোট	১৪৯৭৬	২০১৩৫	২৪৩৬৮	২৪১৫২

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৭.০০	৪.০০-৫.০০	৭.০০-৮.৫০	৭.২৯	৯.০০	৮.৫০-১২.০০	৮.৫০-১২.০০	১১.৭৯
২০০৫	৬.৫০	৪.০০-৫.০০	৮.৫০-১০.০০	৭.৪৮	৯.৫০	১১.০০-১২.২৫	১১.৭৫-১৩.০০	১২.৬৭
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৬.৫০	৪.০০-৫.০০	৮.৫০-১২.০০	৮.১৯	৯.৫০	১২.০০-১৩.৫০	১২.৫০-১৪.০০	১২.৬৪
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৬.৫০	৪.০০-৫.০০	৮.৫০-১২.০০	৮.৬০	৯.৫০	১২.০০-১৩.৫০	১২.৫০-১৪.০০	১৩.৫০

মার্কেটাইল ব্যাংক লিমিটেড

মার্কেটাইল ব্যাংক লিমিটেড ১৯৯৯ সালের ২ জুন সম্পূর্ণ দেশী উদ্যোগে প্রতিষ্ঠিত বেসরকারি ব্যাংক হিসেবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ২০০৫ সালের শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ১২০০ মিলিয়ন ও ৯৯৯ মিলিয়ন টাকা। ২০০৫ সালের শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ২৮টি, যার মধ্যে ৬টি পল্লী শাখা রয়েছে। ২০০৫ সালের শেষে ব্যাংকের মোট জনশক্তি ছিল ৬৬৩ জন, তন্মধ্যে কর্মকর্তা ৬৪৩ জন এবং কর্মচারী ২০ জন।

২০০৫ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির আমানতের পরিমাণ ছিল ২৫৭২৭ মিলিয়ন টাকা। ২০০৫ সালের শেষে ব্যাংকের ঋণ ও অগ্রিম দাঁড়ায় ২১৮৫৭ মিলিয়ন টাকায়।

ব্যাংকের ঋণ ও অগ্রিম প্রধানত টেক্সটাইল, পোশাক শিল্প, পরিবহন, রিয়েল এস্টেট, কনজুমার্স ক্রেডিট, ক্ষুদ্র ঋণ ও সাধারণ ব্যবসা-বাণিজ্যে দেয়া হয়েছে। ব্যাংকটি ২০০৫ সালে মোট ৫৮০৬০ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করেছে; যার মধ্যে আমদানি ও রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৩৩২৭২ মিলিয়ন এবং ২৪১০৯ মিলিয়ন টাকা। আমদানিকৃত দ্রব্যের মধ্যে ইলেকট্রনিক্স যন্ত্রপাতি, খেলাধুলার সামগ্রী, চাল, বীজ, কম্পিউটার ও খুচরা যন্ত্রাংশ উল্লেখযোগ্য। রপ্তানিকৃত দ্রব্যের মধ্যে তৈরী পোশাক, পাটজাত দ্রব্য, হস্তশিল্প, চামড়া, প্লাস্টিক ক্র্যাপ প্রভৃতি উল্লেখযোগ্য।

মার্কেটাইল ব্যাংক জনসাধারণের জন্য বিভিন্ন প্রকল্প চালু



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি মোটর সাইকেল অ্যাসেম্বলিং কারখানা।

করেছে; তন্মধ্যে উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হলোঃ

- ১। ফ্যামিলি মেইনটেনেন্স ডিপোজিট
- ২। মাসিক সঞ্চয় প্রকল্প
- ৩। অগ্রিম সঞ্চয় প্রকল্প
- ৪। দ্বিগুণ বৃদ্ধি আমানত প্রকল্প
- ৫। বিশেষ সঞ্চয় প্রকল্প
- ৬। পেনশন ও ফ্যামিলি সাপোর্ট ডিপোজিট
- ৭। কনজুমার্স ক্রেডিট স্কীম
- ৮। ক্ষুদ্র ঋণ প্রকল্প
- ৯। ডাক্তার ঋণ প্রকল্প

- ১০। পল্লী উন্নয়ন প্রকল্প
- ১১। মহিলা উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প
- ১২। ক্ষুদ্র ও মাঝারি শিল্প অর্থায়ন প্রকল্প
- ১৩। পার্সোনাল লোন
- ১৪। কার লোন
- ১৫। হোম লোন স্কীম

মার্কেটাইল ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-১, সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১২০০	১২০০	১২০০	১২০০
২।	পরিশোধিত মূলধন	৭৯৯	৯৯৯	৯৯৯	১১৯৯
৩।	রিজার্ভ ফান্ড	৮১৮	১০৪৭	১১৭৪	১১৩৩
৪।	আমানত	২২৩৮৫	২৫৭৫৭	২৬৬১৯	২৮৯৫৮
	ক) তলবি আমানত	৫৬৫০	৫৩১৪	৩৮৭৮	৪৩৪৪
	খ) মেয়াদি আমানত	১৬৭৩৫	২০৪৪৪	২২৭৪১	২৪৬১৪
৫।	ঋণ ও অগ্রিম	১৭৬৬৯	২১৮৫৭	২৩৪৩২	২৫৪৬৭
৬।	বিনিয়োগ	৩১০৯	৩৫১৮	৩৫৬৪	৩৭০০
৭।	মোট পরিসম্পদ	২৪০৯৮	২৮৮৯০	৩০৮১১	৩২৭৩১
৮।	মোট আয়	২৭১৮	৩৪৭৩	১৩৩৯	২৩৪০
৯।	মোট ব্যয়	১৮৯৬	২৫০৫	১০৪২	১৬৯০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৪৬৪০৮	৫৮০৬০	১৮৩৪৩	৩৫৫২৫
	ক) রপ্তানি	১৭৪১১	২৪১০৯	৭৭৪৮	১৬৫০০
	খ) আমদানি	২৮৩২৫	৩৩২৭২	১০৩৪৬	১৮৫০০
	গ) রেমিট্যান্স	৬৭১	৬৭৯	২৪৯	৫২৫
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৫৪৪	৬৬৩	৬৭৪	৭২৫
	ক) কর্মকর্তা	৫২৭	৬৪৩	৬৫২	৭০০
	খ) কর্মচারী	১৭	২০	২২	২৫
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	২৫৫	২৬৬	২৬৬	২৭০
১৩।	শাখা (সংখ্যায়)	২৫	২৮	২৯	২৯
	ক) বাংলাদেশে	২৫	২৮	২৯	২৯
	খ) বিদেশে	-	-	-	-

ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৪	বিতরণ আদায়	- -	৭৫২৭ ১০৪৩	১০১৪০ ৭৭৩৪	১৭৬৬৭ ৮৭৭৭	১৩১৬৮ ৪৩৮৬	৩০৮৩৫ ১৩১৬৩
২০০৫	বিতরণ আদায়	- -	১১৩৩৮ ৪১৯০	১০৫১৯ ৭২৪৯	২১৮৫৭ ১১৪৩৯	১৬৩৯৩ ৪৯৪১	৩৮২৫০ ১৬৩৮০
৩১ মার্চ, ২০০৬*	বিতরণ আদায়	- -	৩৮২৫ ১৭২১	৩৬৭৫ ১৬৫৪	৭৫০০ ৩৩৭৫	৩২৭৮ ১০৫০	১০৭৭৮ ৪৪২৫
৩০ জুন, ২০০৬**	বিতরণ আদায়	- -	৭৬৮০ ৩৬১০	৮৩২০ ৩৭৪৪	১৬০০০ ৭৩৫৪	৫৪০৯ ৩৬০০	২১৪০৯ ১০৯৫৪

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৮০	১০	১৯০
পরিমাণ	১৪৬৮০	১৮০	১৪৮৬০
জানুয়ারি ১ হতে ডিসেম্বর ৩১, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫৪	৬	৬০
পরিমাণ	৫১৭৬	১১০	৫২৮৬
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	১৮৭	১৩	২০০
পরিমাণ	১৫২৫৪	২৩৪	১৫৪৮৮
জানুয়ারি ১ হতে মার্চ ৩১, ২০০৬* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৭	৩	১০
পরিমাণ	৫৭৪	৫৪	৬২৮
জানুয়ারি ১ হতে জুন ৩০, ২০০৬** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৫	৮	২৩
পরিমাণ	১২১৫	১৪৪	১৩৫৯

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য	- - -	- - -	- - -	- - -
২।	শিল্প (চলতি মূলধনে অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৬৪৮৯ ৬৪৮৪ ৫	৬৬২০ ৬৫১০ ১১০	৭৬০৬ ৭৪৫৬ ১৫০	৮৬২৬ ৮৪২৬ ২০০
৩।	চলতি মূলধনে অর্থায়ন	২৪০৬	২৯০৮	৩২৪৪	৩৫০০
৪।	নির্মাণ	২১৭৫	১৬৯৩	১৮৫০	২০০০
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	৫৮	৭২	৭৮	৮৮
৬।	পরিবহন ও যোগাযোগ	৩৪০	১৭৭	৪৫৮	৫১৮
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোঁরা	৫৩২০ ২২৩৬ ১২৮০ ১৭৩৬ ৬৮	৬৫৭৬ ২৭৬৬ ১৫৮৩ ২১৪৭ ৮০	৭১৭৪ ৩০১৫ ১৭২৬ ২৩৪১ ৯২	৮১০৬ ৩৪০৭ ১৯৫০ ২৬৪৫ ১০৪
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	৮৮১	৩৮১১	৩০২১	২৬২৯
	সর্বমোট	১৭৬৬৯	২১৮৫৭	২৩৪৩১	২৫৪৬৭

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৬.৫০	৫.৫০	৭.০০-৯.০০	৮.১০	৯.০০	১২.৫০-১৬.০০	১২.৫০	১২.২০
২০০৫	৭.০০	৬.৫০	৮.৫০-১০.০০	৮.৪২	৯.০০	১৩.০০-১৪.০০	১২.৫০	১১.৮০
৩১ মার্চ, ২০০৬ (সাময়িক)	৭.০০	৬.৫০	৯.০০-১২.০০	৮.৭৬	৯.০০	১৪.০০-১৬.০০	১২.৫০	১২.১৪
৩০ জুন, ২০০৬ (প্রাক্কলিত)	৭.০০	৬.৫০	৯.০০-১২.০০	৮.৯০	৯.০০	১৪.০০-১৬.০০	১২.৫০	১২.২৫

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

আধুনিক প্রযুক্তি ও পেশাগত দক্ষতার সমন্বয়ে ব্যাংকিং সেবায় নতুন ধারা প্রবর্তনের লক্ষ্যে ১৯৯৯ সালে স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড যাত্রা শুরু করে। ২০০৫ সালে ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১২৫০ মিলিয়ন ও ৯১০ মিলিয়ন টাকা এবং দেশব্যাপী বিস্তৃত শাখার সংখ্যা ২২টিতে দাঁড়ায়। ২০০৫ সালে ৩২৭ জন কর্মকর্তা এবং ১২২ জন কর্মচারীসহ মোট জনশক্তি দাঁড়ায় ৪৪৯ জনে।

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড ২০০৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত প্রায় ৬১৬ মিলিয়ন টাকা পরিচালনাগত মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে, যা বিগত বছরের তুলনায় ২৩.২০% বেশি। একই সংগে উক্ত সময়ে ব্যাংকের আমানতের পরিমাণ

দাঁড়িয়েছে ১২০৪৩ মিলিয়ন টাকা, যা গত বছরের তুলনায় ৩৭.৯৩% বেশি এবং ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ১০১৮৪ মিলিয়ন টাকা, যা বিগত বছরের তুলনায় ৩০.৫৫% বেশি। ২০০৫ সালে ব্যাংকের আমদানি-রপ্তানি বাণিজ্যের পরিমাণ যথাক্রমে ১৬১৪৫ মিলিয়ন ও ৭৫৬৯ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে ৪২.২১% ও ১১৪% বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য যে, ব্যাংকের ঋণ আদায় ও বিতরণের ক্ষেত্রে দক্ষতার ফলশ্রুতিতে বর্তমানে খেলাপী ঋণের পরিমাণ এক শতাংশেরও কম, যা বাংলাদেশের জন্য একটি দৃষ্টান্তস্বরূপ।

ব্যাংকিং সেবায় নতুন মাত্রা সংযোজনের লক্ষ্যে স্থাপিত সম্পূর্ণ কম্পিউটারাইজড ও আধুনিক সুবিধা সম্বলিত



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি সাইকেল ইন্ডাস্ট্রি।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১২৫০	১২৫০	১২৫০	১২৫০
২।	পরিশোধিত মূলধন	৭৫৯	৯১০	৯১০	১০৯৩
৩।	রিজার্ভ ফান্ড	৩৪১	৫০২	৫০২	৪০৮
৪।	আমানত	৮৭৩১	১২০৪৩	১২২৮৯	১৪১৯৩
	ক) তলবি আমানত	১১৯১	১৯৬০	১৬৮৯	২১২৯
	খ) মেয়াদি আমানত	৭৫৪০	১০০৮৩	১০৬০০	১২০৬৪
৫।	ঋণ ও অগ্রিম	৭৮০১	১০১৮৪	১০৬৩০	১২০৫৯
৬।	বিনিয়োগ	৯৪৩	১২৭৩	১৪০৭	১৫৩৯
৭।	মোট পরিসম্পদ	১১০৭১	১৪৪৪২	১৬৬৩৫	২১০২১
৮।	মোট আয়	১১৪৭	১৬০২	৬৬৫	১০৯৫
৯।	মোট ব্যয়	৬৫৫	৯৮৬	৫০৫	৬৯৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৫০২৬	২৩৯১৮	৬৯২৯	১৬০২৫
	ক) রপ্তানি	৩৫৩৭	৭৫৬৯	২২১৪	৪৯৫৭
	খ) আমদানি	১১৩৫৩	১৬১৪৫	৪৪১৭	১০৪৬৫
	গ) রেমিট্যান্স	১৩৬	২০৪	২৯৮	৬০৩
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪০৫	৪৪৯	৫০৭	৫৫৭
	ক) কর্মকর্তা	২৯৯	৩২৭	৩৭৮	৪১৮
	খ) কর্মচারী	১০৬	১২২	১২৯	১৩৯
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৮	২০	২০	২০
১৩।	শাখা (সংখ্যায়)	১৮	২২	২২	২৪
সিটিব্যাংক এন.এ. ২০০৫ সালে শিল্প খাতে ৬২০৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৪৯১০ মিলিয়ন টাকা আদায়

করে। ২০০৬ সালের প্রথম তিন মাস সময়ে ব্যাংকটি মোট ১৫৫২ মিলিয়ন টাকার ঋণ বিতরণ ও ৭৯৬ মিলিয়ন টাকা আদায় করে।

সিটিব্যাংক এন.এ. কর্তৃক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেখানো হলো।

সিটিব্যাংক এন.এ. কর্তৃক শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেখানো হলো।

বাংলাদেশে সিটিব্যাংক এন.এ-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং এর আমানত গ্রহণ ও ঋণ প্রদানের উপর ধার্যকৃত সুদের হার সংক্রান্ত তথ্যাদি সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-৪					
অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	-	-	-	-
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)	৪০৯২	৫৩৮৯	৫৯৪৭	৬৪৭৭
	ক) বৃহৎ ও মাঝারি	৪০৯২	৫৩৮৯	৫৯৪৭	৬৪৭৭
	খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	চলতি মূলধন অর্থায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৮২	৯৩	১২৬	১৩০
৭।	ব্যবসা-বাণিজ্য	-	-	-	-
	ক) পাইকারি ও খুচরা	-	-	-	-
	খ) রপ্তানি	-	-	-	-
	গ) আমদানি	-	-	-	-
	ঘ) হোটেল ও রেস্টোরা	-	-	-	-
৮।	ক) দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	২৩৮৫	১৮২০	১৯৮৫	২১৬৯
	সর্বমোট	৬৫৫৯	৭৩০২	৮০৫৮	৮৭৭৬

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৪.৫৫	৩.৭৫-৫.৫০	৪.৫০-৮.৭৫	৪.১০	-	১০.০০-১১.০০	-	১০.৫০
২০০৫	৪.৫০	৩.০০-৬.২৫	৫.৫০-৯.২৫	৫.৪৮	-	১০.৫০-১১.৫০	-	১১.০০
৩১ মার্চ ২০০৬ *	৪.৫০	৩.০০-৬.০০	৪.৫০-৯.৫০	৫.৫০	-	১১.০০-১২.০০	-	১১.৫০
৩০ জুন ২০০৬**	৪.৫০	৩.০০-৬.৫০	৪.৫০-৯.৫০	৫.৫০	-	১১.০০-১২.০০	-	১১.৫০

* সাময়িক । ** প্রাক্কলিত ।

উরি ব্যাংক

উরি ব্যাংক ২১ সেপ্টেম্বর ১৯৯৬ তারিখ থেকে বাংলাদেশে তাদের বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। ব্যাংকটির প্রধান অফিস দক্ষিণ কোরিয়াতে অবস্থিত। উরি ব্যাংক, ১৮৯৯ সালে হানিল ব্যাংক নামে যাত্রা শুরু করে বর্তমানে কোরিয়ার অন্যতম বৃহত্তম ব্যাংক এবং এশিয়ার অন্যতম ব্যাংক হিসেবে ক্রমান্বয়ে সক্রিয় হচ্ছে। কোরিয়াতে ৬৯৮টি এবং বিদেশে ১৬টি শাখাসহ উরি ব্যাংকের রয়েছে বিশাল নেটওয়ার্ক। উরি ব্যাংক, ঢাকা, বাংলাদেশে অফশোর এবং ডমেস্টিক ব্যাংকিং কার্যক্রম চালাচ্ছে। ব্যাংকটি শুরু থেকে কর্পোরেট গ্রাহকদেরকে ত্বরিত সেবা প্রদান করছে এবং দেশী ও বিদেশী বিনিয়োগকারীদেরকে উৎসাহিত করে আসছে। ২০০৫ সাল শেষে উরি ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ১০৭২ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে দাঁড়িয়েছে ১১১৫ মিলিয়ন টাকায়। মার্চ ২০০৬ শেষে ব্যাংকের মোট আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ৪১১৬

মিলিয়ন টাকায়, যার মধ্যে তলবি আমানত ৯৮৫ মিলিয়ন টাকা ও মেয়াদি আমানত ৩১৩১ মিলিয়ন টাকা। একই সময়ে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ৩৭১৯ মিলিয়ন টাকা এবং বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়িয়েছে ৫১২১ মিলিয়ন টাকা, যার মধ্যে রপ্তানি ১৭০১ মিলিয়ন টাকা, আমদানি ২০১৫ মিলিয়ন টাকা ও রেমিট্যান্স ১৪০৫ মিলিয়ন টাকা। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৩৯ জনে, যার মধ্যে ২৫ জন কর্মকর্তা ও অবশিষ্ট ১৪ জন কর্মচারী। উরি ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেখানো হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে ব্যাংকটি মোট ৯২৯১ মিলিয়ন টাকার ঋণ বিতরণ এবং ৮৫৫৮ মিলিয়ন টাকা আদায় করে। ২০০৫



ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি চামড়া শিল্প কারখানা।

সালের প্রথম তিন মাসে ব্যাংকটির ঋণ বিতরণের পরিমাণ ২০৫৯ মিলিয়ন টাকায় দাঁড়ায় এবং একই সময়ে ১৭৮৬ মিলিয়ন টাকা আদায় হয়। ব্যাংকটির ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত সময়ে উরি ব্যাংক ৭টি প্রকল্পের আওতায় ৯২৯১ মিলিয়ন টাকার শিল্প

ঋণ মঞ্জুর করে এবং মার্চ ২০০৬ পর্যন্ত ৮৪টি প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জীভূত মোট ৩৫২৩৫ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করে, যার পুরোটাই ছিল বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

উরি ব্যাংক-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদ হার সম্পর্কিত তথ্য সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য ২

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-	-	-	-
২।	পরিশোধিত মূলধন	৮৩৭	১০৭২	১১১৫	১১১৫
৩।	রিজার্ভ ফান্ড	৫৩৮	৬৩৭	৫৫	৫৫
৪।	আমানত	২৩০৮	৩২৭৬	৪১১৬	৫৫০০
	ক) তলবি আমানত	৮৫২	৭৩৫	৯৮৫	২০০০
	খ) মেয়াদি আমানত	১৪৫৬	২৫৪১	৩১৩১	৩৫০০
৫।	ঋণ ও অগ্রিম	২২৮৪	৩৩০৭	৩৭১৯	৪৫০০
৬।	বিনিয়োগ	-	১৮০	-	-
৭।	মোট পরিসম্পদ	৩৬৮৩	৪৯৮৫	৫৫৩০	৭৫০০
৮।	মোট আয়	৩২৫	৪৩১	১৭২	২৯০
৯।	মোট ব্যয়	৪৬	৫১	৪৫	৬০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৭৯১২	১৬৬৫০	৫১২১	১০৮০০
	ক) রপ্তানি	৬৮১০	৭১০৫	১৭০১	৪২০০
	খ) আমদানি	৬০০০	৪২০৩	২০১৫	৪৪০০
	গ) রেমিট্যান্স	৫১০২	৫৩৪২	১৪০৫	২২০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৬	৩৬	৩৯	৪১
	ক) কর্মকর্তা	২২	২২	২৫	২৭
	খ) কর্মচারী	১৪	১৪	১৪	১৪
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৭	৭	৭	৭
১৩।	শাখা (সংখ্যায়)	১	১	১	১
	ক) বাংলাদেশে	১	১	১	১
	খ) বিদেশে	-	-	-	-

২ অফশোর ব্যাংকিং ইউনিটসহ।

ঋণ বিতরণ ও আদায় @

সারণি-২
(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	-	-	৫১৮০	৫১৮০	১৪৫০	৬৬৩০
আদায়	-	১১৭	৪০১৯	৪১৩৬	৬৬৯	৪৮০৫
২০০৫						
বিতরণ	-	-	৬৫৪১	৬৫৪১	২৭৫০	৯২৯১
আদায়	-	২৬৮	৭০৮৬	৭৩৫৪	১২০৪	৮৫৫৮
৩১ মার্চ ২০০৬ (সাময়িক)						
বিতরণ	-	-	১৯৭৪	১৯৭৪	৮৫	২০৫৯
আদায়	-	১৩৯	১১২৪	১২৬৩	৫২৩	১৭৮৬
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)						
বিতরণ	-	-	২০০০	২০০০	-	২০০০
আদায়	-	-	১২১৯	১২১৯	-	১২১৯

@ অফশোর ব্যাংকিং ইউনিটসহ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী @

সারণি-৩
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার			
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	অন্যান্য	মোট
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে				
প্রকল্প সংখ্যা	৮০	-	-	৮০
পরিমাণ	৩৩৯৬৭	-	-	৩৩৯৬৭
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৭	-	-	৭
পরিমাণ	৯২৯১	-	-	৯২৯১
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৬* তারিখে				
প্রকল্প সংখ্যা	৮৪	-	-	৮৪
পরিমাণ	৩৫২৩৫	-	-	৩৫২৩৫
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৪	-	-	৪
পরিমাণ	১২৬৮	-	-	১২৬৮
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৮	-	-	৮
পরিমাণ	৩২৬৮	-	-	৩২৬৮

* সাময়িক। ** প্রাক্কলিত। @ অফশোর ব্যাংকিং ইউনিটসহ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - -	- - - -	- - - -	- - - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	২০০৭ ২০০৭ -	১৭৩০ ১৭৩০ -	২১৭৯ ২১৭৯ -	২৯৬০ ২৯৬০ -
৩।	চলতি মূলধন অর্থায়ন	২৩০	১৫২২	১৪৮০	১৪৮০
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরা	- - - - -	- - - - -	- - - - -	- - - - -
৮।	ক) দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	৪৭	৫৫	৬০	৬০
	সর্বমোট	২২৮৪	৩৩০৭	৩৭১৯	৪৫০০

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৬.৫০	৫.৫০	৭.০০	৭.২৫	৮.৫০	১০.৫০	১০.৫০	১০.৫০
২০০৫	৬.৫০	৫.৫০	৭.০০	৭.২৫	৮.৫০	১০.৫০	১০.৫০	১০.৫০
৩১ মার্চ ২০০৬ *	৬.৫০	৫.৫০	৭.০০	৭.২৫	৮.৫০	১০.৫০	১০.৫০	১০.৫০
৩০ জুন ২০০৬**	৬.৫০	৫.৫০	৭.০০	৭.২৫	৮.৫০	১০.৫০	১০.৫০	১০.৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

দি হংকং এ্যান্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড

দি হংকং এ্যান্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন (এইচএসবিসি) লিমিটেড ১৭ ডিসেম্বর ১৯৯৬ তারিখে বাংলাদেশে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। বর্তমানে এইচএসবিসি ঢাকার ৪টি (সোনারগাঁও রোড শাখা, ধানমন্ডি শাখা, মতিঝিল শাখা ও গুলশান শাখা) এবং চট্টগ্রামের ১টি (ওসমান কোর্ট শাখা) সহ মোট ৫টি পূর্ণাঙ্গ শাখার মাধ্যমে গ্রাহকদের সব ধরনের ব্যাংকিং সুবিধা প্রদান করেছে। এছাড়া ঢাকা ও চট্টগ্রামের ৬টি গুরুত্বপূর্ণ স্থানে কাস্টমার সার্ভিস সেন্টার স্থাপন করা হয়েছে এবং এর পাশাপাশি রয়েছে ৭টি অফসাইট এটিএম বুথ (ঢাকা ও চট্টগ্রাম) এবং গুলশানে ১টি ক্যাশ বুথ। মার্চ ২০০৬ শেষে ব্যাংকটির মোট জনশক্তির সংখ্যা দাঁড়ায় ৪৮৮ জনে। এর মধ্যে উর্ধ্বতন কর্মকতা ৬২ জন এবং অন্যান্য কর্মকতা-কর্মচারী ৪২৬ জন।

এইচএসবিসি ঢাকার গুলশানে ইসলামী ব্যাংকিং শাখা 'এইচএসবিসি আমানাহ' চালু করেছে, যা সম্পূর্ণ ইসলামী শরীয়াহ মোতাবেক পরিচালিত। এছাড়া ব্যাংকের অন্যান্য যুগান্তকারী পদক্ষেপের মধ্যে রয়েছে ডে এন্ড নাইট ব্যাংকিং এবং ইজি পে সার্ভিস। ডে এন্ড নাইট এমন এক ব্যাংকিং সুবিধা যার মাধ্যমে গ্রাহকরা রাত দিন ২৪ ঘন্টা টাকা তুলতে ও জমা দিতে পারেন। ইজি পে সার্ভিসের মাধ্যমে ব্যাংকের গ্রাহক এবং সাধারণ জনগণ গ্রামীণ ফোন, একটেল, বিটিটিবি, ডেসা, ডেসকো, ওয়াসা ইত্যাদির বিল এবং অ্যালিকোর প্রিমিয়াম জমা দিতে পারেন। এ ধরনের সুবিধা গ্রহণের জন্য গ্রাহকদের কোনো চার্জ দিতে হয় না এবং এইচএসবিসি'র গ্রাহক হওয়ারও কোনো প্রয়োজন নেই। ইজি পে সার্ভিস রাত দিন ২৪ ঘন্টা ও সপ্তাহে ৭ দিনই খোলা



ব্যাংক সামাজিক কর্মকাণ্ডের অংশ হিসেবে অন্ধ শিশুদের সাহায্য করে থাকে। ব্যাংকটির সিইও Assistance for Blind children-এর ৭ম বার্ষিকীতে অংশগ্রহণ করেন।

থাকে। এইচএসবিসি'র বৈচিত্রময় ব্যাংকিং সেবার অন্যান্য উল্লেখযোগ্য ক্ষেত্রগুলো হলো- পার্সোনাল ব্যাংকিং প্রোডাক্ট সার্ভিস, কমার্শিয়াল ও কর্পোরেট ব্যাংকিং, ট্রেড সার্ভিস, ক্যাশ ম্যানেজমেন্ট, ট্রেজারি, কনজুমার ও বিজনেস ফাইন্যান্স, সিকিউরিটিজ এবং কাস্টডিয়ান সার্ভিস। এছাড়াও এইচএসবিসি ঢাকার ইপিজেডস্থ বিজনেস ডেভেলপমেন্ট অফিসের মাধ্যমে ইপিজেড গ্রাহকদের সেবা প্রদান করছে।

এইচএসবিসি'র বাংলাদেশে মোট আমানতের পরিমাণ ডিসেম্বর ২০০৫ শেষে ২৪৮২৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে তলবি আমানত ৫৯৪০ মিলিয়ন এবং মেয়াদি

আমানত ১৮৮৮৫ মিলিয়ন টাকা। ৩১ ডিসেম্বর ২০০৫ শেষে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২৫৮৯৮ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে বৃদ্ধি পেয়ে ২৭০৩১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫ সাল শেষে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ছিল ২৪০৭ মিলিয়ন টাকা। ২০০৬ সালের প্রথম তিন মাসে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় ৩৮১০৮ মিলিয়ন টাকায়। এর মধ্যে রপ্তানি ১৩২৯৪ মিলিয়ন টাকা, আমদানি ১৪৫৩৬ মিলিয়ন টাকা এবং রেমিট্যান্স ছিল ১০২৭৮ মিলিয়ন টাকা।

ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

সারণি-১					
অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-	-	-	-
২।	পরিশোধিত মূলধন	১১৮৮	২৪৮১	২৬৩১	২৬৩১
৩।	রিজার্ভ ফান্ড	৭৮১	১৭১৭	১৭১৭	১২৪৮
৪।	আমানত	২০৪৫৫	২৪৮২৫	২৪৬১৫	২৬৫৫৮
	ক) তলবি আমানত	৪৪২২	৫৯৪০	৬০৯৪	৫১১২
	খ) মেয়াদি আমানত	১৬০৩৩	১৮৮৮৫	১৮৫২১	২১৪৪৬
৫।	ঋণ ও অগ্রিম	১৯৮৫৩	২৫৮৯৮	২৭০৩১	২৯৯৬১
৬।	বিনিয়োগ	১৫৪৬	২৪০৭	১৭৫২	৩৫৭৬
৭।	মোট পরিসম্পদ	২৮২৯১	৩৭২৭৬	৩৬৩০৭	৪০৪৬৮
৮।	মোট আয়	১৭৪৭	২৬৩২	৮৩৪	১৫৪৬
৯।	মোট ব্যয়	৫৭৬	৬৯৯	১৬৫	৪৫২
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৭১৫০৯	১২১৫৫৪	৩৮১০৮	৭৪৩৮০
	ক) রপ্তানি	২৪৬২৭	৪১৩৮৫	১৩২৯৪	২৬৮০০
	খ) আমদানি	৩০৫৬১	৪৬৫৯৮	১৪৫৩৬	২৮০০০
	গ) রেমিট্যান্স	১৬৩২১	৩৩৫৭১	১০২৭৮	১৯৫৮০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪০৩	৪৬৭	৪৮৮	৫৮৩
	ক) উর্ধ্বতন কর্মকর্তা	৬১	৬০	৬২	৭০
	খ) অন্যান্য কর্মকর্তা-কর্মচারী	৩৪২	৪০৭	৪২৬	৫১৩
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	শাখা (সংখ্যায়)	৫	৫	৫	৭
	ক) বাংলাদেশে	৫	৫	৫	৭
	খ) বিদেশে	-	-	-	-

ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৪	বিতরণ	-	৯০১২	-	৯০১২	৭৯৫৪	১৬৯৬৬
	আদায়	-	৯৩০৭	-	৯৩০৭	৫৪৭১	১৪৭৭৮
২০০৫	বিতরণ	-	৮৯৯১	-	৮৯৯১	৯২৩১	১৮২২২
	আদায়	-	৮০৭৮	-	৮০৭৮	৮৩৮৩	১৬৪৬১
৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	বিতরণ	-	২৫০০	-	২৫০০	২৫০০	৫০০০
	আদায়	-	২২৫০	-	২২৫০	২৩০০	৪৫৫০
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)	বিতরণ	-	২৭০০	-	২৭০০	২৭৫০	৫৪৫০
	আদায়	-	২৪৫০	-	২৪৫০	২৫০০	৪৯৫০

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী					সারণি-৩
					(মিলিয়ন টাকায়)
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার				
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	অন্যান্য	মোট	
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে					
প্রকল্প সংখ্যা	২২৫	-	-	২২৫	
পরিমাণ	১৯৯৯০	-	-	১৯৯৯০	
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত					
প্রকল্প সংখ্যা	৯৩	-	-	৯৩	
পরিমাণ	৯৭৮২	-	-	৯৭৮২	
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৬* তারিখে					
প্রকল্প সংখ্যা	২৫০	-	-	২৫০	
পরিমাণ	২১২৯০	-	-	২১২৯০	
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬* পর্যন্ত					
প্রকল্প সংখ্যা	২৫	-	-	২৫	
পরিমাণ	১৩০০	-	-	১৩০০	
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬** পর্যন্ত					
প্রকল্প সংখ্যা	৫০	-	-	৫০	
পরিমাণ	৩৫০০	-	-	৩৫০০	

* সাময়িক। ** প্রাক্কলিত।

ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে ব্যাংকটি মোট ১৮২২২ মিলিয়ন টাকার ঋণ বিতরণ এবং ১৬৪৬১ মিলিয়ন টাকার ঋণ আদায় করে। ২০০৬ সালের প্রথম তিন মাসে ব্যাংকটির ঋণ বিতরণের পরিমাণ ৫০০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। একই সময়ে ৪৫৫০ মিলিয়ন টাকার ঋণ আদায় হয়। ব্যাংকটির খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

মার্চ ২০০৬ শেষে ২৫০টি প্রকল্পের আওতায় ব্যাংকটির ক্রমপঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ২১২৯০ মিলিয়ন টাকায়, যার পুরোটাই ছিল বৃহৎ ও মাঝারি শিল্পের

জন্য। ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত ব্যাংকটি ২২৫টি প্রকল্পের আওতায় ক্রমপঞ্জীভূত ১৯৯৯০ মিলিয়ন টাকার শিল্প ঋণ মঞ্জুর করেছিল। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

ব্যাংকের মোট ঋণের স্থিতি ডিসেম্বর ২০০৫ শেষের ২৫৮৯৮ মিলিয়ন টাকা (শিল্প ঋণ ৫৬২৮ মিলিয়ন টাকাসহ) থেকে বৃদ্ধি পেয়ে মার্চ ২০০৬ শেষে ২৭০৩১ মিলিয়ন টাকায় (শিল্প ঋণ ৬৫৭২ মিলিয়ন টাকাসহ) দাঁড়ায়। ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হয়েছে।

এইচএসবিসি'র আমানত গ্রহণ ও ঋণ প্রদানের উপর ধার্যকৃত সুদের হার সংক্রান্ত তথ্যাদি সারণি-৫-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	-	-	-	-
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	-	-	-
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)	৪২৪১	৫৬২৮	৬৫৭২	৭৫৫০
	ক) বৃহৎ ও মাঝারি	৪২৪১	৫৬২৮	৬৫৭২	৭৫৫০
	খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	চলতি মূলধন অর্থায়ন	৭৩৬৮	১০১৪৬	৮৮৭৩	৯৯৩১
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	৩২৯	-	২৫০	৩০০
৬।	পরিবহন ও যোগাযোগ	১৮৯	৫১৮	৬৪৬	৭৭০
৭।	ব্যবসা-বাণিজ্য	১৯৬৫	১৯৭০	২২৭০	২৪৭৫
	ক) পাইকারি ও খুচরা	৫৬৪	৮৮১	১০২৫	১১২৫
	খ) রপ্তানি	-	-	-	-
	গ) আমদানি	১৪০১	১০৮৯	১২৪৫	১৩৫০
	ঘ) হোটেল ও রেস্টোঁরা	-	-	-	-
৮।	ক) দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	৫৭৬১	৭৬৩৬	৮৪২০	৮৯৩৫
	সর্বমোট	১৯৮৫৩	২৫৮৯৮	২৭০৩১	২৯৯৬১

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৩.৭৫-৪.০০	৪.০০-৭.২৫	৩.৭৫-৭.৮০	৬.২১	১০.৫০-১২.৫০	৮.৫০-১৩.৫০	১০.৫০-১৫.০০	১১.৪৯
২০০৫	৩.৭৫-৪.০০	৩.০০-৭.৭৫	৪.০০-৯.২৫	৫.৭৬	১১.৫০-১২.৫০	১০.০০-১৪.৫০	১০.৫০-১৮.০০	১১.৪৪
৩১ মার্চ ২০০৬ *	৩.৭৫-৪.০০	৩.০০-৭.৭৫	৪.০০-৯.২৫	৫.৮৯	১১.৫০-১২.৫০	১০.০০-১৪.৫০	১০.৫০-১৮.০০	১১.৫৫
৩০ জুন ২০০৬**	৩.৭৫-৪.০০	৩.০০-৭.৭৫	৪.০০-৯.৫০	৫.৮৯	১১.৫০-১২.৫০	১০.০০-১৪.৫০	১০.৫০-১৮.০০	১১.৫৫

* সাময়িক। ** প্রাক্কলিত।

ব্যাংক আলফালাহ্ লিমিটেড

১৬ মে ২০০৫ তারিখ থেকে সাবেক শামিল ব্যাংক অব বাহরাইন ই সি (ইসলামিক ব্যাংকার্স) বিশ্বব্যাপী ব্যাংকিং কার্যক্রম পুনর্বিন্যাসের আওতায় তাদের বাংলাদেশ কার্যক্রম

ব্যাংক আলফালাহ্ লিমিটেড-এর কাছে হস্তান্তর করে এবং তারপর থেকেই ব্যাংক আলফালাহ্ বাংলাদেশে তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ব্যাংক আলফালাহ্-এর সিংহ ভাগ

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	-	-	-	-
২।	পরিশোধিত মূলধন	৩৫২	১০৬৮	১১২০	১১৬০
৩।	রিজার্ভ ফান্ড	-	-	-	-
৪।	আমানত	১২৬৯	১৭৫০	২৩৭৩	৩৫৫০
	ক) তলবি আমানত	১৯৯	৫১১	২৭৮	৬৫০
	খ) মেয়াদি আমানত	১০৭০	১২৩৯	২০৯৫	২৯০০
৫।	ঋণ ও অগ্রিম	১২৯৪	১৬২২	১৯৮৯	২৮৪০
৬।	বিনিয়োগ	-	-	-	-
৭।	মোট পরিসম্পদ	১৭৪৮	৩০২৯	৩৭৮৩	৪০০০
৮।	মোট আয়	১৭৬	৭৬	৩৭	৫০
৯।	মোট ব্যয়	১৩৯	৪৪	২৯	৩৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২০৬৩	৫৩৩২	৯২৬	১৭২৯
	ক) রপ্তানি	১১৫৩	৮১৮	৪৬৯	৯৫০
	খ) আমদানি	৯০৯	১১৩৮	৩৭৮	৬৭০
	গ) রেমিট্যান্স	১	৩৩৭৬	৭৯	১০৯
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৯	৫৮	৬৮	৮০
	ক) কর্মকর্তা	২৬	২৬	২৯	৩৫
	খ) কর্মচারী	১৩	৩২	৩৯	৪৫
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩	৩	৩	৩
১৩।	শাখা (সংখ্যায়)	৯	১৪৭	১৪৭	১৫০
	ক) বাংলাদেশে	১	৩	৩	৬
	খ) বিদেশে	৮	১৪৪	১৪৪	১৪৪

শেয়ারের মালিক হলো আবুধাবী গ্রুপ। ব্যাংক আলফালাহ্ লিমিটেড পাকিস্তানে নিবন্ধনকৃত একটি অগ্রগন্য ব্যাংকিং প্রতিষ্ঠান। বিশ্বের বিভিন্ন দেশে ১৫০টিরও অধিক শাখাসহ ব্যাংক আলফালাহ্ তাদের সেবা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তাদের উল্লেখযোগ্য কার্যক্রম হলো- ক্রেডিট কার্ড ডিপোজিট স্কীম, এটিএম সার্ভিস, মানিগ্রাম সার্ভিস, গাড়ী ক্রয়ের ঋণ, গৃহ ঋণ ইত্যাদি। বর্তমানে ব্যাংক আলফালাহ্ ঢাকায় দু'টি এবং চট্টগ্রামে একটি পূর্ণাঙ্গ শাখার মাধ্যমে গ্রাহকদের ব্যাংকিং সুবিধা প্রদান করে আসছে।

২০০৫ সাল শেষে এ ব্যাংকের আমানতের পরিমাণ দাঁড়ায় ১৭৫০ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি আমানত ৫১১ মিলিয়ন টাকা এবং মেয়াদি আমানত ১২৩৯ মিলিয়ন টাকা। ২০০৫ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ১৬২২ মিলিয়ন টাকা এবং মার্চ ২০০৬ শেষে তা দাঁড়ায় ১৯৮৯ মিলিয়ন টাকা। ব্যাংকটি ২০০৫ সালে ৫৩৩২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে (রপ্তানি ৮১৮ মিলিয়ন টাকা, আমদানি ১১৩৮ মিলিয়ন টাকা এবং রেমিট্যান্স ৩৩৭৬ মিলিয়ন টাকা)। মার্চ ২০০৬ শেষে ব্যাংকের মোট জনশক্তি দাঁড়ায় ৬৮ জনে, যাদের মধ্যে ২৯ জন কর্মকর্তা এবং ৩৯ জন কর্মচারী। এ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

২০০৫ সালে ব্যাংক আলফালাহ্ লিমিটেড ৩৬৫০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৩৪৯৭ মিলিয়ন টাকা আদায় করে। মার্চ ২০০৬ পর্যন্ত তিন মাসে ব্যাংকটি ১০৯৪ মিলিয়ন টাকার ঋণ বিতরণ ও ১২২৯ মিলিয়ন টাকা আদায় করে। ব্যাংকটির ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্প ঋণ মঞ্জুরী

ব্যাংক আলফালাহ্ লিমিটেড শিল্প খাতে ২০০৫ সালে ৩১টি প্রকল্পে মোট ৩২২ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুরী দিয়েছে, যার মধ্যে ১৯৮ মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্পে এবং ১২৪ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কুটির শিল্পে দেয়া হয়েছে। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী ও আদায় সংক্রান্ত পরিসংখ্যান সারণি-৩-এ দেয়া হলো।

ব্যাংক আলফালাহ্ লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদের হার সংক্রান্ত তথ্যাদি সারণি-৫-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৪							
বিতরণ	-	৭৫	৩১৪৯	৩২২৪	১০০	৩৩২৪	
আদায়	-	৫	৩৩৫৯	৩৩৬৪	-	৩৩৬৪	
২০০৫							
বিতরণ	-	২৮	৩৫৫৭	৩৫৮৫	৬৫	৩৬৫০	
আদায়	-	২৬	৩৪৬৪	৩৪৯০	৭	৩৪৯৭	
৩১ মার্চ ২০০৬ (সাময়িক)							
বিতরণ	-	৯২	৯০৮	১০০০	৯৪	১০৯৪	
আদায়	-	৬১	১১৪১	১২০২	২৭	১২২৯	
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)							
বিতরণ	-	১৩২	১০০০	১১৩২	১৩০	১২৬২	
আদায়	-	৯৭	১২৫০	১৩৪৭	৫০	১৩৯৭	

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার			
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	অন্যান্য	মোট
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	৪৫ ১৫৮৯	৪৪ ১৯০	- -	৮৯ ১৭৭৯
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	৯ ১৯৮	২২ ১২৪	- -	৩১ ৩২২
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৬* তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	৪৭ ১৬৬৯	৪৪ ১৯০	- -	৯১ ১৮৫৯
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬* পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	২ ৮০	- -	- -	২ ৮০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬** পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	৪ ১০০	২ ৫০	- -	৬ ১৫০

* সাময়িক । ** প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	-	৮৯	১২৯	১৬১
	ক) শস্য	-	-	-	-
	খ) শস্য ব্যতীত অন্যান্য	-	৮৯	১২৯	১৬১
	গ) মৎস্য	-	-	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)	৮৪৩	৪৫৪	৪৪৪	৫৫৬
	ক) বৃহৎ ও মাঝারি	৭৫	৩৭২	৩৫৮	৪৪৮
	খ) ক্ষুদ্র ও কুটির	৭৬৮	৮২	৮৬	১০৮
৩।	চলতি মূলধন অর্থায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	১২২	৫২	৭৫	১০০
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	১৪৪	১১৮	১৪৮
৭।	ব্যবসা-বাণিজ্য	৩২২	১৫২	৪৮৯	৬১১
	ক) পাইকারি ও খুচরা	৩২২	১৫২	৪৮৯	৬১১
	খ) রপ্তানি	-	-	-	-
	গ) আমদানি	-	-	-	-
	ঘ) হোটেল ও রেস্তোরা	-	-	-	-
৮।	ক) দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	৭	৭৩১	৭৩৪	১২৬৪
	সর্বমোট	১২৯৪	১৬২২	১৯৮৯	২৮৪০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৬.৫০	৭.০০	৯.৫০	৭.৭০	৭.০০	১২.০০	১১.০০	১০.৮০
২০০৫	৬.০০	৬.০০	১০.৫০	৭.৮১	৭.০০	১২.০০	১১.০০	১০.৯০
৩১ মার্চ ২০০৬ *	৬.০০	৬.০০	১১.০০	৭.৪০	৭.০০	১২.৫০	১১.৫০	১১.৫০
৩০ জুন ২০০৬**	৬.০০	৬.০০	১১.৫০	১০.০০	৮.০০	১৩.০০	১২.০০	১২.৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

বিশেষায়িত ব্যাংক

বাংলাদেশ কৃষি ব্যাংক

কৃষি ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংক সর্ববৃহৎ জাতীয় প্রতিষ্ঠান। গ্রাম বাংলার অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে কৃষির সার্বিক উন্নয়নের মাধ্যমে দেশের খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য এ ব্যাংকের সৃষ্টি। দেশে কৃষি ঋণ পরিচালনা কর্মকাণ্ডের সিংহভাগই এককভাবে বাংলাদেশ কৃষি ব্যাংকের অবদান। বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি খাতের জন্য একটি বিশেষায়িত

উন্নয়ন ব্যাংক হলেও এটি অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের মতো সব ধরনের ব্যাংকিং কর্মকাণ্ড পরিচালনা করে আসছে। কৃষি ঋণ বিতরণের পাশাপাশি বাংলাদেশ কৃষি ব্যাংক বৈদেশিক বিনিময় ব্যবসা, বাণিজ্যিক ঋণ, কৃষিভিত্তিক শিল্প ও প্রকল্প ঋণ, প্রকল্পের চলতি মূলধন ঋণ, পাইকারি ও খুচরা ব্যবসা এবং দারিদ্র্য বিমোচন কর্মকাণ্ড ইত্যাদি খাতে ঋণ সহায়তা প্রদান করে থাকে।



কৃষি ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি অর্কিড চাষ প্রকল্প।

৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে এ ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত উভয় প্রকার মূলধনের পরিমাণ ২৪০০ মিলিয়ন টাকা। ১১ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ ব্যাংকের সার্বিক পরিচালনার দায়িত্বে নিয়োজিত। ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত এ ব্যাংকের মোট শাখার সংখ্যা ৯৪১টি এবং কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা যথাক্রমে ৪৫৪২ ও ৫৯৬১ জন।

আমানত, ঋণ, বিনিয়োগ এবং বৈদেশিক

মুদ্রা ব্যবসা পরিচালনা

২০০৪-'০৫ অর্থ বছরে আমানতের পরিমাণ দাঁড়ায় ৫৫৯৬০

মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় শতকরা ১২.৬ ভাগ বেশি। ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত আমানতের পরিমাণ ৫৮৭৮৩ মিলিয়ন টাকায় উন্নীত হয়। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ৬৪৪৬০ মিলিয়ন টাকায় (সাময়িক) দাঁড়িয়েছে। জুন ২০০৬ শেষে অগ্রিমের পরিমাণ আরো বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১৭০০ মিলিয়ন টাকা। অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের মতো বাংলাদেশ কৃষি ব্যাংকও বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করছে। বৈদেশিক মুদ্রা ব্যবসার জন্য এ ব্যাংকের রয়েছে ১৫টি অনুমোদিত

সারণি-১					
অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	বিবরণ	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
০১।	অনুমোদিত মূলধন	২০০০	২৪০০	২৪০০	৩০০০
০২।	পরিশোধিত মূলধন	২০০০	২৪০০	২৪০০	৩০০০
০৩।	রিজার্ভ ফান্ড	১২৪২	১৩০৫	১৩০৫	১৩৫০
০৪।	আমানত	৪৯৭০০	৫৫৯৬০	৫৮৭৮৩	৬১৩৪৬
	(ক) তলবি আমানত	৪৭৫৫	৫৪০৮	৫৮০৫	৬০৬১
	(খ) মেয়াদি আমানত	৪৪৯৪৫	৫০৫৫২	৫২৯৭৮	৫৫২৮৫
০৫।	ঋণ ও অগ্রিম	৫৯৩০৪	৬১৪০৭	৬৪৪৬০	৭০০০০
০৬।	বিনিয়োগ	১৬৮৮	১৭১৯	১৭০০	১৮০০
০৭।	মোট পরিসম্পদ	৮৭৪১৬	৯৫২৮৪	৯৯৭৫০	১০১৩০০
০৮।	মোট আয়	৪১৯৮	৩৯২৩	৩৪০০	৪৬০০
০৯।	মোট ব্যয়	৫৬০৬	৫৭৬৭	৪৬২০	৬২০০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১১৯৯২	২০২৬৮	১৬৭৮৯	১৯৫০০
	(ক) রপ্তানি	৪৮৪০	৫৬৩১	৪৬০৬	৫০০০
	(খ) আমদানি	৫৫৮০	১২১৮৩	১০৩৫৪	১২০০০
	(গ) রেমিট্যান্স	১৫৭২	২৪৫৪	১৮২৯	২৫০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১০৭৭৯	১০৬১৭	১০৫০৩	১০৪৬৯
	(ক) কর্মকর্তা	৪৬৪২	৪৬৩৪	৪৫৪২	৪৫১৩
	(খ) কর্মচারী	৬১৩৭	৫৯৮৩	৫৯৬১	৫৯৫৬
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৭৯	১৮১	১৮২	১৮৮
১৩।	শাখা (সংখ্যায়)	৯২৯	৯৩৮	৯৪১	৯৪৫
	(ক) বাংলাদেশে	৯২৯	৯৩৮	৯৪১	৯৪৫
	(খ) বিদেশে	-	-	-	-

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	কৃষিভিত্তিক শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৩-২০০৪						
বিতরণ	১২৬০৫	৬৫০	৩৩৫৩	৩৮৮৩	৩১৫৩	১৯৬৪১
আদায়	১৩০৭৩	৮৮১	২৬৯৫	৩৫৭৬	৩৩২৬	১৯৯৭৫
২০০৪-২০০৫						
বিতরণ	১২৬৬৮	১৩১৩	২৬৭৫	৩৯৮৮	৬১৪০	২২৭৯৬
আদায়	৮৯১৩	১১৮৭	১৯৬৯	৩১৫৬	৫১৮	১২৫৮৭
৩১ মার্চ ২০০৬*						
বিতরণ	১১৭২৮	১৫৩৫	৪৭০৯	৬২৪৪	১৯৩৮	১৯৯১০
আদায়	৮৩২৬	১৬৪৫	১৮৬৬	৩৫১১	২৯১	১২১২৮
৩০ জুন ২০০৬**						
বিতরণ	১৮৫০০	৩০০০	৬০০০	৯০০০	২৫০০	৩০০০০
আদায়	১৪৫৮৮	২৪০০	৩০০০	৫৪০০	৫০০	২০৪৮৮

* সাময়িক। ** প্রাক্কলিত।

বৈদেশিক বিনিময় শাখা এবং ১৮২টি বিদেশী প্রতিসংগী ব্যাংক। এ শাখাগুলোসহ ব্যাংকের সকল শাখার মাধ্যমে বৈদেশিক রেমিট্যান্সের টাকা ৩ দিনের মধ্যে গ্রাহকের হাতে পৌঁছানো নিশ্চিত করা হয়ে থাকে। ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত এ ব্যাংকে মোট ২৮টি শাখা ওয়ান স্টপ সার্ভিসের আওতায় আনা হয়েছে। ৩০ জুন ২০০৬-এর মধ্যে ওয়ান স্টপ সার্ভিসের সংখ্যা ৫৫তে দাঁড়াতে বলে আশা করা যাচ্ছে। ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত আমদানি, রপ্তানি ও রেমিট্যান্সের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১০৩৫৪, ৪৬০৬ ও ১৮২৯ মিলিয়ন টাকা। তাছাড়া এ বছরে ২৬৯ জন হজ্জু যাত্রীকে ব্যাংকিং সেবা প্রদান করা হয়েছে। সারণি-১-এ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো দেখানো হলো।

ঋণ বিতরণ ও আদায়

খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, ক্রমবর্ধমান কৃষি ঋণের চাহিদা পূরণ, কৃষিতে নতুন নতুন খাত চিহ্নিতকরণের মাধ্যমে ব্যাপক কৃষি ঋণ বিতরণপূর্বক এ খাতকে অধিকতর সুদৃঢ়করণ এবং ব্যাংকের তহবিলের ভিত্তিকে আরো মজবুতকরণ ইত্যাদির প্রতি লক্ষ্য রেখে ২০০৫-'০৬ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণ, ঋণ আদায় ও আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আলোচ্য অর্থ বছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩০০০০ মিলিয়ন টাকা। কৃষকদের অর্থনৈতিক ভিত্তি আরো সুদৃঢ় করার লক্ষ্যে

কৃষি উৎপাদনের উপর অধিকতর গুরুত্ব আরোপ করে শুধু শস্য উৎপাদন খাতেই ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৫৫০০ মিলিয়ন টাকা। ফসল মৌসুমে যথাসময়ে দ্রুততা ও স্বচ্ছতার সংগে কৃষকদের হাতে ঋণের টাকা পৌঁছে দেয়ার লক্ষ্যে এ বছরেও ব্যাংকবিহীন দূরবর্তী ইউনিয়নসমূহে ক্যাম্প স্থাপন করে ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তাছাড়াও আর্থিক সামাজিক কর্মকাণ্ডের আওতায় ভূমিহীন ও প্রান্তিক চাষীদের মাঝেও ব্যাংকের আর্থিক সহায়তা প্রদান অব্যাহত রয়েছে। চলতি অর্থ বছরে ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ১৯৯১০ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৬৬ ভাগ। ২০০৫-'০৬ অর্থ বছরে খাতভিত্তিক উন্নয়নের লক্ষ্যে অগ্রাধিকার খাত চিহ্নিত করে শস্য উৎপাদন (চা সহ) ছাড়াও পশু সম্পদ, সেচ ও খামার যন্ত্রপাতি, মৎস্য চাষ, হাঁস-মুরগী ও ছাগল পালন, কৃষিভিত্তিক শিল্প স্থাপন, চলতি মূলধন ও বাণিজ্যিক ঋণ, আমদানি-রপ্তানি, কৃষি ও সংশ্লিষ্ট পণ্যের বাজারজাতকরণের নিমিত্তে ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে।

২০০৫-'০৬ অর্থ বছরে ব্যাংকের ঋণ আদায় লক্ষ্যমাত্রা ২০৪৮৮ মিলিয়ন টাকা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ১২১২৮ মিলিয়ন টাকা ঋণ আদায় করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার শতকরা ৫৯ ভাগ। বাংলাদেশ কৃষি ব্যাংক ব্যাপকভাবে শ্রেণীকৃত ঋণ আদায় ও

ব্যাংকের আর্থিক ভিত্তিকে আরো সুদৃঢ়করণের লক্ষ্যে ঋণ আদায়ের এক যুগান্তকারী পদক্ষেপ হিসেবে MIRACLE (Maximum Incentive For Recovery of A Classified Loan Entirely) কর্মসূচি চলতি অর্থবছরেও চালু আছে। ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

বাংলাদেশ কৃষি ব্যাংক ২০০৫ সালে (১ জানুয়ারি-৩১ ডিসেম্বর পর্যন্ত) বিভিন্ন আকারের মোট ১৮৪৫টি প্রকল্প অনুমোদন করে, যার বিপরীতে ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ২২৮০ মিলিয়ন টাকা। এ প্রকল্পের শতকরা ৯৮ ভাগ ক্ষুদ্র ও কুটির শিল্প এবং অবশিষ্ট শতকরা ২ ভাগ মাত্র বৃহৎ ও মাঝারি শিল্প। শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

২০০৪-'০৫ অর্থ বছরের শেষে ব্যাংকের মোট ঋণের স্থিতির পরিমাণ ছিল ৬১৪০৭ মিলিয়ন টাকা। চলতি ২০০৫-'০৬ অর্থ বছরের মার্চ শেষে এ স্থিতির পরিমাণ ৬৪৪৬০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ৩১ মার্চ ২০০৬ তারিখে কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ৪৭১৭৬ মিলিয়ন (মোট ঋণ স্থিতির শতকরা ৭৩ ভাগ), শিল্প খাতে ৭৩৪৪ মিলিয়ন ((মোট ঋণ স্থিতির শতকরা ১১ ভাগ) এবং দারিদ্র্য বিমোচন কর্মসূচিতে ২০১০ মিলিয়ন টাকা ((মোট ঋণ স্থিতির শতকরা ৩ ভাগ) স্থিতি দাঁড়িয়েছে। অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

বাংলাদেশ কৃষি ব্যাংকের সুদের শতকরা হার সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ			সারণি-৩ (মিলিয়ন টাকা)
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	৭৩ ৪৬৯৫	২৯২৯৩৬ ১৭৫৪৪	২৯৩০০৯ ২২২৩৯
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	৩৬ ২১০০	১৮০৯ ১৮০	১৮৪৫ ২২৮০
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৬ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	৭৭ ৫৩৯৫	২৯৩৩৮১ ১৭৫৮৯	২৯৩৪৫৮ ২২৯৮৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬* পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	০৪ ৭০০	৪৪৫ ৪৫	৪৪৯ ৭৪৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬** পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	০৮ ১৪০০	৯০০ ৯৫	৯০৮ ১৪৯৫

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য	৩৬৯৩৩ ২৬৬৭৯ ১০২৫৪	৪৫৩৯৩ ২৮২১৪ ১৭১৭৯	৪৭১৭৬ ২৯৮১০ ১৭৩৬৬	৫০২৫৮ ৩১৯০১ ১৮৩৫৭
২।	শিল্প (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির শিল্প	৬৫৫৮ ৬০৯৫ ৪৬৩	৬৯৭৫ ৬৫৯১ ৩৮৪	৭৩৪৪ ৬৯৫৯ ৩৮৫	৭৯১৮ ৭৫০১ ৪১৭
৩।	পাইকারি/খুরচা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল	১২৫৯	১৬০৮	১৬৪৫	২০১৮
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	৪৪১৩	২৫৩১	২৬৭৫	৩২০৪
৫।	পরিবহন ও যোগাযোগ	২৮৪	২২৭	২১৭	২২৬
৬।	বিশেষ ঋণ কর্মসূচি (ক) দারিদ্র্য বিমোচন (খ) অন্যান্য	৩২০০ ২৯৭১ ২২৯	২১৩০ ২১৩০ -	২০১০ ২০১০ -	২২৯১ ২২৯১ -
৭।	অন্যান্য	৬৬৫৭	২৫৪৩	৩৩৯৩	৪০৮৫
	সর্বমোট	৫৯৩০৪	৬১৪০৭	৬৪৪৬০	৭০০০০

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৩-২০০৪	৩.৫০	৩.০০	৫.৭৫-৬.৭৫	৫.৭০	৮.০০	১০.০০	-	৮.৭২
২০০৪-২০০৫	৩.৫০	২.০০	৫.৫০-৬.৫০	৫.১৪	৮.০০	৯.০০	১০.০০	৮.৫৫
৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৪.০০	৩.০০	৬.০০-৭.২৫	৫.৭৫	৮.০০	৯.০০	১০.০০	৮.৫০
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)	৪.০০	৩.০০	৬.০০-৭.২৫	৫.৭৫	৮.০০	৯.০০	১০.০০	৮.৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) দেশের উত্তর-পশ্চিমাঞ্চল তথা রাজশাহী বিভাগের সর্ববৃহৎ উন্নয়ন অংশীদার ও কৃষি ঋণ সরবরাহকারী বৃহত্তম আর্থিক প্রতিষ্ঠান। রাজশাহী বিভাগে অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা ও অন্যান্য কার্যালয় এবং সব দায় ও সম্পদ গ্রহণ করে মহামান্য রাষ্ট্রপতির ১৯৮৬ সালের ৫৮ নম্বর অধ্যাদেশ বলে ১৫ মার্চ ১৯৮৭ সালে ব্যাংক কার্যক্রম শুরু করে।

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের কৃষি সম্ভাবনার পরিপূর্ণ সদ্যবহার এবং এ অঞ্চলের কৃষির সকল খাত ও উপ-খাতের সার্বিক উন্নতির লক্ষ্যে কৃষি ঋণ সরবরাহ, কৃষিভিত্তিক শিল্প স্থাপন, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ, বিপণন, আর্থ-

সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনমূলক কর্মকাণ্ডের জন্য ঋণ বিতরণসহ এ ব্যাংক সকল প্রকার সাধারণ ব্যাংকিং সেবাও প্রদান করে থাকে। ব্যাংকের প্রচলিত খাতে ঋণ বিতরণের পাশাপাশি খাদ্য শস্য উৎপাদননির্ভর কৃষিকে অভ্যন্তরীণ ও বৈদেশিক চাহিদার সংগে সংগতি রেখে উচ্চ মূল্যের শস্য উৎপাদনমুখীকরণ, বাণিজ্যিকভাবে পশু ও হাঁস মুরগীর খামার স্থাপন ও কৃষি শিল্প ব্যবসায় অর্থায়নে ব্যাংক গুরুত্ব দিয়ে আসছে।

ব্যাংকের অনুমোদিত মূলধন ১৫০০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধন ১৫০০ মিলিয়ন টাকা এবং সঞ্চিতির পরিমাণ ২০৮ মিলিয়ন টাকা। বর্তমানে ৩৫৭টি শাখা নিয়ে ব্যাংকের কার্যক্রম পরিচালিত হচ্ছে; যার মধ্যে গ্রামীণ শাখার



পঞ্চগড় জেলার তেঁতুলিয়ায় ক্ষুদ্রায়তন চা চাষ অর্থায়নে রাকাব।

সংখ্যা ২৯৯টি। ব্যাংকের প্রধান কার্যালয় রাজশাহী বিভাগীয় শহরে অবস্থিত। রংপুরে ১টি বিভাগীয় কার্যালয়, জেলা পর্যায়ে ১৮টি জোনাল কার্যালয় ও ১৮টি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় দ্বারা শাখাসমূহের কর্মকাণ্ড নিয়ন্ত্রিত হচ্ছে। ৩১ মার্চ ২০০৬ তারিখে অর্থ মন্ত্রণালয় অনুমোদিত ৪১৭১ জনবল বিশিষ্ট সাংগঠনিক কাঠামোর বিপরীতে ১৫২৫ জন কর্মকর্তা ও ১৯৩৯ জন কর্মচারীসহ ব্যাংকের মোট জনবল ছিল ৩৪৬৪ জন।

কৃষি খাতে প্রবৃদ্ধি অর্জন তথা দেশের অর্থনৈতিক উন্নয়নের সংগে সামঞ্জস্যপূর্ণ নীতি নির্ধারণী সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য ব্যাংকের রয়েছে ৭ (সাত) সদস্য বিশিষ্ট পরিচালক

পর্যদ। পরিচালক পর্যদের সকল সদস্য সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত। এছাড়া জরুরী নীতি-নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণের জন্য রয়েছে পরিচালক পর্যদের তিন সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি। ব্যবস্থাপনা পরিচালক ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা।

প্রতিষ্ঠার পর হতে ব্যাংক দেশের উত্তর পশ্চিমাঞ্চলের কৃষি ও আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। খাদ্য শস্য ও উন্নত জাতের কাঁচামাল উৎপাদনের জন্য সুপরিচিত দেশের এ অঞ্চলের কৃষিভিত্তিক শিল্প সম্ভাবনার সদ্ব্যবহারের উদ্দেশ্যে কৃষিভিত্তিক শিল্প প্রতিষ্ঠা, কৃষি পণ্য ব্যবসা ও কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ, পরিবহন ও বিপণনের

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	বিবরণ	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১৫০০	১৫০০	১৫০০	১৫০০
২।	পরিশোধিত মূলধন	১৫০০	১৫০০	১৫০০	১৫০০
৩।	রিজার্ভ ফান্ড	২০৮	২০৮	২০৮	২০৮
৪।	আমানত (ক) তলবি আমানত (খ) মেয়াদি আমানত	১০৮২০ ৪২৫৩ ৬৫৬৭	১০৫৭৮ ৫৩৬৪ ৬২১৪	১১৫৮৫ ৪৬৫৭ ৬৯২৮	১১৭০৭ ৪৭১৮ ৬৯৮৯
৫।	ঋণ ও অগ্রিম	১৮৩২৭	২১৪২৮	২৩৪২০	২৪৭৬৩
৬।	বিনিয়োগ	৩৪৩৭	৩৪৫০	৬০৩৫	৬০৩৫
৭।	মোট পরিসম্পদ	২৭৯৮৯	৩০৩৮৫	৩১৭১০	৩১৯৮৮
৮।	মোট আয়	১৭৫৬	১৬০৩	১২২৮	১৭৫৬
৯।	মোট ব্যয়	১৭০৮	১৯৭০	১৩৩১	২২২৪
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা (ক) রপ্তানি (খ) আমদানি (গ) রেমিট্যান্স	৭৪ - ৫১ ২৩	১৯৭ - ১৩২ ৬৫	১৫১ - ১০৩ ৪৮	২১১ - ১৪৩ ৬৮
১১।	মোট জনশক্তি (সংখ্যায়) (ক) কর্মকর্তা (খ) কর্মচারী	৩৫৭৭ ১৬০৭ ১৯৭০	৩৫২৪ ১৫৭০ ১৯৫৪	৩৪৬৪ ১৫২৫ ১৯৩৯	৩৪৫৬ ১৫১৮ ১৯৩৮
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	শাখার (সংখ্যায়) (ক) বাংলাদেশে (খ) বিদেশে	৩৪৯ ৩৪৯ -	৩৫৩ ৩৫৩ -	৩৫৭ ৩৫৭ -	৩৫৯ ৩৫৯ -

জন্য অর্থায়ন করা হচ্ছে। এ ব্যাপারে আগ্রহী উদ্যোক্তাগণকে প্রধান কার্যালয়ের “উদ্যোক্তা পরামর্শক সেল” প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছে। এছাড়া জেলা পর্যায়ে রয়েছে “প্রকল্প মূল্যায়ন কমিটি”। এ অঞ্চলের ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠী এবং শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকার যুব সমাজের জন্য কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে ব্যাংক উল্লেখযোগ্য সংখ্যক দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি পরিচালনা করছে। ঋণ কর্মসূচিগুলো দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রচলিত জামানত নির্ভর ঋণ নীতির পরিবর্তে নিবিড় তত্ত্বাবধানের মাধ্যমে জামানত বিহীন ঋণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। কর্মসূচিগুলোর মধ্যে ছাগল পালন কর্মসূচি, প্রান্তিক ও ক্ষুদ্র খামার পদ্ধতিতে শস্য নিবিড়করণ প্রকল্প, রাকাব আত্মনির্ভর ঋণ কর্মসূচি, স্ব-নির্ভর ঋণ কর্মসূচি, মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ প্রকল্প, প্রতিবন্ধীদের জন্য ঋণ কর্মসূচি, ভেষজ বাগান/নার্সারি স্থাপন ঋণ কর্মসূচি, শস্য গুদাম ঋণ প্রকল্প ও দারিদ্র্য শূণ্য বিশেষ ঋণ কর্মসূচি অন্যতম। সম্প্রতি দেশের সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণের ভোগ্য পণ্যের চাহিদা পূরণ ও জীবনযাত্রার মানোন্নয়নের জন্য “ভোক্তা ঋণ প্রকল্প” ও “চাকরীজীবীদের জন্য বিশেষ ঋণ” কর্মসূচি চালু করা হয়েছে। উত্তর-পশ্চিম শস্য বহুমুখীকরণ প্রকল্প (NCDP) ও রাকাব ক্ষুদ্র উদ্যোক্তা

উন্নয়ন ঋণ প্রকল্প (RSECP)-এর আওতায় যথাক্রমে উচ্চ মূল্য শস্য উৎপাদন ও কৃষি পণ্য ব্যবসা এবং নতুন প্রকল্প/ব্যবসা স্থাপন ও চালু প্রকল্প/ব্যবসা উন্নয়নের মাধ্যমে আত্মকর্মসংস্থানমূলক ঋণ সহায়তা কার্যক্রমে উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণসহ ঋণ প্রদান করা হচ্ছে।

১৯৯১-’৯২ অর্থ বছর হতে ঋণ শ্রেণীকরণের ফলে ব্যাংক ক্রমাগত লোকসান দিতে থাকে। বৃহদাংকের লোকসান হতে উত্তরণের উদ্দেশ্যে ১৯৯৯-২০০০ সালে ব্যাংক পাঁচ বছর মেয়াদি নিজস্ব সংস্কার কর্মসূচি চালু করে। সংস্কার কর্মসূচির উদ্দেশ্য ছিল কার্যকর ঋণ আদায়ের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ, আদায়কৃত অর্থ লাভজনক খাতে পুনঃবিনিয়োগ এবং বাণিজ্যিক ভিত্তিতে লাভজনকভাবে ব্যাংক পরিচালনা। শ্রেণীকৃত ঋণ আদায়ের সংগে জড়িত কর্মকর্তা/কর্মচারীগণকে উৎসাহিত করার জন্য নগদ অর্থ প্রদানের স্কীম “মিরাকল” চালু করা হয়। সংস্কার কর্মসূচির অন্তর্ভুক্তি মূল্যায়নের নিরিখে ২০০১-২০১০ সময়ে জন্য একটি দীর্ঘ মেয়াদি পরিকল্পনা গৃহীত হয়। এ কর্মসূচির লক্ষ্য ছিল ১৭৫০ মিলিয়ন টাকার পুঞ্জীভূত লোকসান কাটিয়ে ২০০৯-২০১০ অর্থ বছরে ৩০ মিলিয়ন টাকা প্রকৃত মুনাফা অর্জন করা। ১৯৯৯-২০০০ অর্থ বছর হতে ২০০৩-’০৪ অর্থবছর পর্যন্ত ব্যাংক মুনাফা অর্জনে সক্ষম হলেও কৃষি ঋণের সুদের হার হ্রাসের ফলে ব্যাংকের সুদ আয় হ্রাস পায় এবং

ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৩-’০৪							
বিতরণ	৪২৭৩	১৬৩	৫৪৬	৭০৯	১৭৮৫	৬৭৬৭	
আদায়	৪০৭১	৫২	৪১৮	৪৭০	১৭১৯	৬২৬০	
২০০৪-’০৫							
বিতরণ	৫৩৩২	৩৪২	৯৬৫	১৩০৭	২৩৬৫	৯০০৪	
আদায়	৫১০৬	৮৯	৫৯৫	৬৮৪	১০৩৯	৬৮২৯	
৩১ মার্চ ২০০৬*							
বিতরণ	৩৪৭৩	৬৪৮	১০০৭	১৬৫৫	১১০৩	৬২৩১	
আদায়	২৬৩৬	৯৬	৭৪২	৮৩৮	১৪৩০	৪৯০৪	
৩০ জুন ২০০৬**							
বিতরণ	৫০১৫	৭০০	১১৭০	১৮৭০	১৬১৫	৮৫০০	
আদায়	৪৬৩৫	১৩০	৯৫০	১০৮০	১৭৮৫	৭৫০০	

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	৪১৯৪৪ ২৬৩৬	৪১৯৪৪ ২৬৩৬
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	৬১৫ ৫৭৮	৬১৬ ৫৭৮
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৬ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	৪১৯৬৭ ২৯১৩	৪১৯৬৭ ২৯১৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬* পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	৬৯ ২৭৭	৬৯ ২৭৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬** পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	৪০ ১৭৫	৪০ ১৭৫

* সাময়িক। ** প্রাক্কলিত।

২০০৪-'০৫ অর্থ বছরে ব্যাংক পুনরায় ৩৬৬.৬৮ মিলিয়ন টাকা লোকসানের সম্মুখীন হয়। ৩০ জুন ২০০৫ তারিখে পুঞ্জীভূত লোকসানের পরিমাণ দাঁড়ায় ১৮০৬.৬৯ মিলিয়ন টাকা। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেখানো হয়েছে।

আমানত সংগ্রহ

আমানত ব্যাংকের বিনিয়োগযোগ্য তহবিলের অত্যন্ত গুরুত্বপূর্ণ উৎস। অন্যদিকে আমানতের উপর প্রদেয় সুদ বার্ষিক ব্যয়ের বৃহদাংশ। তাই বিনিয়োগযোগ্য আমানত সংগ্রহের পাশাপাশি ব্যয় হ্রাস ও কম সুদবাহী আমানত সংগ্রহের প্রতি বিশেষ জোর দেয়া হচ্ছে। সীমিত আয়ের মানুষের জন্য ব্যাংক “হজ্জ সঞ্চয় প্রকল্প”, “শিক্ষা সঞ্চয় প্রকল্প” এবং “গ্রামীণ সঞ্চয় প্রকল্প” নামে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প পরিচালনা করছে। ৩১ মার্চ ২০০৬ তারিখে মোট আমানতের পরিমাণ ১১৫৮৫ মিলিয়ন টাকা।

ঋণ বিতরণ ও ঋণ আদায়

২০০৫-'০৬ অর্থ বছরে ৮৫০০ মিলিয়ন টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৬ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৬২৩১ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার

শতকরা ৭৩ ভাগ। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী কৃষি ঋণের সুদ হার হ্রাস পাওয়ায় ব্যাংকের বৃহদাংকের সুদ আয় হ্রাস-এর সম্ভাব্যতা রোধকল্পে বাৎসরিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা বৃদ্ধি করা হয়েছে।

২০০৪-'০৫ অর্থ বছরে PARL (Participation of All for Recovery of Total Loans), BUP (Bottom up Planning)-এর আওতায় সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণের বস্ত্রনিষ্ঠ কর্ম পরিকল্পনা ও মুনাফা অর্জনের অংশীকার পূরণে একনিষ্ঠতার কারণে ৬৮২৯ মিলিয়ন টাকা ঋণ আদায় সম্ভব হয়। যার মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ ছিল ১১০৭ মিলিয়ন টাকা। ২০০৫-'০৬ অর্থ বছরের জন্য নির্ধারিত ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৭৫০০ মিলিয়ন টাকা এবং ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত আদায় হয়েছে ৪৯০৪ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৬৫ ভাগ। খাতভিত্তিক ঋণ বিতরণ ও ঋণ আদায় পরিস্থিতি সারণি-২-এ দেখানো হলো।

২০০৫-'০৬ অর্থ বছরকে “শ্রেণীকৃত ঋণ হ্রাসের বছর” হিসেবে চিহ্নিত করা হয়েছে। শ্রেণীকৃত ঋণ বিশ্লেষণ, সম্ভাব্য শ্রেণীকৃত ঋণের শ্রেণীকরণরোধ, আদায় অকার্যকর ঋণ হিসাব চিহ্নিতকরণ ও ঋণ অবলোপন এবং ঋণ

পুনঃতফসিলীকরণ কার্যক্রমের মাধ্যমে শ্রেণীকৃত ঋণের হার হ্রাস ও অশ্রেণীকৃত ঋণের হার বৃদ্ধির পরিকল্পনা গৃহীত হয়েছে। কর্মকর্তা/কর্মচারীগণের অংশগ্রহণের মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধি, ব্যয় হ্রাস, বাণিজ্যিক কার্যক্রমের মাধ্যমে আয় বৃদ্ধি ও ব্যাংক সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের পদক্ষেপ নেয়া হয়েছে। গ্রাহকের সংগে নিবিড় সম্পর্ক স্থাপনের মাধ্যমে ব্যাংকের বকেয়া পাওনা পরিশোধ করে স্বল্প সময়ে নতুন ঋণ গ্রহণ ও চালু ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে বিনিয়োগে আগ্রহী করা হচ্ছে। মার্চ পর্যায়ের যথাযথ তৎপরতার ফলে শ্রেণীকৃত ঋণ আদায়ে কাঙ্ক্ষিত সাফল্য অর্জিত হচ্ছে।

গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে ব্যাংক তথ্য প্রযুক্তি

ব্যবহারে সচেষ্ট রয়েছে। প্রধান কার্যালয়ের সকল বিভাগ ও জোনাল কার্যালয়সমূহ কম্পিউটার নেটওয়ার্ক-এর মাধ্যমে তথ্য লেনদেন করে থাকে। পরীক্ষামূলকভাবে দু'টি শাখায় কম্পিউটারাইজড শাখা ব্যাংকিং চলছে। সেপ্টেম্বর ২০০৫-এ প্রধান কার্যালয়ে কম্পিউটার বিভাগের কার্যক্রম শুরু হয়েছে। উক্ত বিভাগ ব্যাংকের কম্পিউটার ব্যবস্থাপনা সচল রাখার পাশাপাশি কর্মকর্তা/কর্মচারীগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী ও অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং ঋণ ও আমানতের সুদের শতকরা হার যথাক্রমে সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেখানো হলো।

সারণি-৪

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য	১২০১৮ ৮৪৪৮ ৩৫৭০	১৩৯২৬ ৯৮৭৩ ৪০৫৩	১৪৫১৩ ১০৪০৪ ৪১০৯	১৪৮০৫ ১০৬১০ ৪১৯৫
২।	শিল্প ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	২১২৯ - ২১২৯	২৪০৭ - ২৪০৭	২৭২৯ - ২৭২৯	২৯৪০ - ২৯৪০
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল	১১১৮	১২৯৩	১৪৬৬	১৫৯৫
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	-	-	-	-
৫।	পরিবহন ও যোগাযোগ	২৫	২৬	২৫	২৮
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ক) দারিদ্র্য বিমোচন খ) অন্যান্য কর্মসূচি	২০৮৫ ৫৫৪ ১৫৩১	২৭৪৮ ৬৭৭ ২০৭১	৩৩৯০ ৭৬৭ ২৬২৩	৩৮০৫ ৮৩০ ২৯৭৫
৭।	অন্যান্য	৯৫২	১০২৮	১২৯৭	১৫৯০
	সর্বমোট	১৮৩২৭	২১৪২৮	২৩৪২০	২৪৭৬৩

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৩-'০৪	৪.৫০	৩.০০	৬.৭৫	৪.৮৭	৮.০০	১০.০০	১১.০০	১০.২৩
২০০৪-'০৫	৪.০০	২.৫০	৬.৫০	৪.১৭	৮.০০	১০.০০	১১.০০	৮.৯৪
৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৪.০০	২.৫০	৬.৫০	৪.৪১	৮.০০	১০.০০	১১.০০	৯.০২
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)	৪.০	২.৫০	৬.৫০	৪.৪১	৮.০০	১০.০০	১১.০০	৯.০৯

বাংলাদেশ শিল্প ব্যাংক

১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং-১২৯-এর বলে ৩১ অক্টোবর ১৯৭২-এ প্রতিষ্ঠিত বাংলাদেশ শিল্প ব্যাংক স্বাধীনতা পূর্ববর্তীকালে ১৯৬১ সাল থেকে Industrial Development Bank of Pakistan (IDBP) নামে কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠালগ্নে বাংলাদেশ শিল্প ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল ৫০ মিলিয়ন টাকা। বর্তমানে ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের উভয়েরই পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা। বাংলাদেশ শিল্প ব্যাংক আদেশ অনুযায়ী ব্যাংকের অনুমোদিত মূলধনের অন্যান্য শতকরা ৫১ ভাগ সরকার কর্তৃক এবং অবশিষ্টাংশ বাংলাদেশী নাগরিক কিংবা দেশী বা বিদেশী আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণের মাধ্যমে

পরিশোধযোগ্য। তবে বর্তমান পরিশোধিত মূলধনের সম্পূর্ণ অংশই সরকার কর্তৃক প্রদত্ত হয়েছে। বর্তমানে প্রধান কার্যালয় এবং তিনটি আঞ্চলিক কার্যালয় ছাড়াও এ ব্যাংকের ১৫টি শাখা কার্যালয় আছে। এ ব্যাংকের মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা জুন ২০০৫ শেষের ৭৪৩ হতে হ্রাস পেয়ে মার্চ ২০০৬-এ ৭৩৪-এ দাঁড়িয়েছে। ব্যাংকের পরিচালনা পর্ষদ চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকসহ নয় জন পরিচালক সমন্বয়ে গঠিত। তবে বর্তমানে ব্যাংকের পরিচালনা পর্ষদে চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকসহ মোট ছয় জন পরিচালক বিদ্যমান রয়েছে। বাংলাদেশ শিল্প ব্যাংক সরকার সূচিত এবং গৃহীত অর্থনৈতিক সংস্কার কর্মসূচি ও শিল্প নীতির সংগে সংগতি রেখে দেশের শিল্পায়ন



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি টেক্সটাইল মিল।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
০১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
০২।	পরিশোধিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
০৩।	রিজার্ভ ফান্ড	৮২৭	৮২৭	৮২৭	৮২৭
০৪।	আমানত	৭১২	৭১০	৭২১	৭৩০
	(ক) তলবি আমানত	২৩৫	১৬৮	১৯৮	২১০
	(খ) মেয়াদি আমানত	৪৭৭	৫৪২	৫২৩	৫২০
০৫।	ঋণ ও অগ্রিম	১৬১৬৯	৮৯১০	৮৬৭৩	৮৭৫০
০৬।	বিনিয়োগ	৩৭৯৮	৩১৭৫	৩১০৫	৩২০০
০৭।	মোট পরিসম্পদ	২১৬৫৮	১৪০১২	১৩৫৪৬	১৩৭০০
০৮।	মোট আয়	৭৭১	৭২২	৩৪১	৭৩৭
০৯।	মোট ব্যয়	৩৫০	৯৪১	১৬৯	৬৫৬
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৫৯	২৫৯	১৮২	১৮৭
	(ক) রপ্তানি	-	-	-	-
	(খ) আমদানি	১৫৭	২৫৮	১৮১	১৮৬
	(গ) রেমিট্যান্স	২	১	১	১
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৭৬৯	৭৪৩	৭৩৪	৭৩১
	(ক) কর্মকর্তা	৪৩২	৪৪৬	৪৫৯	৪৫৭
	(খ) কর্মচারী	৩৩৭	২৯৭	২৭৫	২৭৪
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৩	৩৩	৩৩	৩৩
১৩।	শাখা (সংখ্যায়)	১৫	১৫	১৫	১৫
	(ক) বাংলাদেশে	১৫	১৫	১৫	১৫
	(খ) বিদেশে	-	-	-	-

ত্বরান্বিত করার লক্ষ্যে নতুন শিল্প প্রতিষ্ঠা, চালু শিল্পের সুসমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণকল্পে দেশীয় ও বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদান এবং এ ব্যাংকের ঋণে স্থাপিত সমস্যাগ্রস্ত শিল্পের পুনর্বাসনে সহায়তা করে থাকে। লাভজনক প্রকল্প চিহ্নিতকরণ ও উন্নয়ন ছাড়াও ব্যাংক লাগসই প্রযুক্তি ও সম্ভাবনাময় বাজার সম্পন্ন শিল্প প্রকল্প নির্বাচনে আগ্রহী উদ্যোক্তাগণকে বিভিন্ন তথ্য/উপাত্ত সরবরাহ এবং পরামর্শমূলক সেবা প্রদান করে আসছে। ব্যাংক নিম্নোক্ত কার্যাবলী পরিচালনা করে :

- নতুন শিল্প প্রতিষ্ঠা, চালু শিল্পের সুসমকরণ,

আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণের জন্য দীর্ঘ মেয়াদি ঋণ প্রদান;

- ব্যাংকের ঋণে স্থাপিত সমস্যাগ্রস্ত শিল্পের পুনর্বাসনে সহায়তা প্রদান;
- শিল্প প্রকল্পের অনুকূলে চলতি মূলধন ঋণ প্রদান;
- পাবলিক লিমিটেড কোম্পানির শিল্প প্রকল্পসমূহকে সেতু ঋণ ও শেয়ার অবলিখনের আকারে সমমূলধন সহায়তা প্রদান;
- ঋণ গ্রহীতাদের পক্ষে ঋণ পরিশোধের নিশ্চয়তা প্রদান;
- আমানত সংগ্রহসহ বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদান;

এবং

- পুঞ্জি বাজারের উন্নয়নকল্পে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ-এর সদস্য হিসেবে ব্যাংকের জন্য ও গ্রাহকদের পক্ষে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার/সিকিউরিটি ক্রয়-বিক্রয়।

শিল্প ব্যাংকের মোট আমানতের পরিমাণ জুন ২০০৫ শেষের ৭১০ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৬ সালের মার্চ মাসে ৭২১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এ ব্যাংকের প্রদত্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ জুন ২০০৫ শেষের ৮৯১০ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে মার্চ ২০০৬ শেষে ৮৬৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। তবে নতুন শিল্প প্রকল্পে অর্থায়নের ফলে ব্যাংকের ঋণ ও অগ্রিমের স্থিতি জুন ২০০৫-এর তুলনায় বৃদ্ধি পেয়ে ৩০ জুন ২০০৬ তারিখে ৮৭৫০ মিলিয়ন টাকায় দাঁড়াতে বলে আশা করা যায়। বাংলাদেশ শিল্প ব্যাংকের কার্যক্রম ও অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৪-'০৫ অর্থ বছরে শিল্প ব্যাংকের মোট ঋণ বিতরণের পরিমাণ ছিল ২৮৯ মিলিয়ন টাকা। ২০০৫-'০৬ অর্থ বছরের জুলাই-মার্চ সময়ে ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৪৬৪ মিলিয়ন টাকা। শিল্প ব্যাংকের প্রধান ঋণ হলো মেয়াদি ঋণ। মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ২০০৩-'০৪ অর্থ বছরের ২৯৭ মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে ২০০৪-'০৫ অর্থ বছরে ১৪৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৫-'০৬ অর্থ বছরের প্রথম নয় মাসে শিল্প ব্যাংক ৬১৯ মিলিয়ন টাকা মেয়াদি ঋণসহ মোট ৭২৪ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ২০০৪-'০৫ অর্থ বছরে মোট ঋণ আদায়ের পরিমাণ ছিল ১৩৯১ মিলিয়ন টাকা। শিল্প ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-২, ৩, ৪ এবং ৫-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য**	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৩-'০৪							
বিতরণ	-	২৯৭	২৮	৩২৫	১০৫	৪৩০	
আদায়	-	১০২০	২৭	১০৪৭	৭৭	১১২৪	
২০০৪-'০৫							
বিতরণ		১৪৪	২১	১৬৫	১২৪	২৮৯	
আদায়		১০৬১	৪৪	১১০৫	২৮৬	১৩৯১	
৩১ মার্চ ২০০৬*							
বিতরণ		৩৪৩	২৪	৩৬৭	৯৭	৪৬৪	
আদায়		৬১৯	৫১	৬৭০	৫৪	৭২৪	
৩০ জুন ২০০৬**							
বিতরণ		৫০০	৪০	৫৪০	১০৫	৬৪৫	
আদায়		১০৪২	৪৬	১০৮৮	১১২	১২০০	

* সাময়িক। ** প্রাক্কলিত। *** কর্মচারী অগ্রিমসহ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপঞ্জীভূত : ৩০ জুন ২০০৫ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	২৮৯ ২৫৬৩৫	১৩৮৫ ৫৭৬৮	১৬৭৪ ৩১৪০৩
১ জুলাই '০৪ হতে ৩০ জুন ২০০৫ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	১৬ ৭৭৫	২২ ২৩৪	৩৮ ১০০৯
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৬ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	২৯৭ ২৬১৯৬	১৪০৯ ৫৮৮৮	১৭০৬ ৩২০৮৪
১ জুলাই '০৫ হতে ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত* প্রকল্প সংখ্যা পরিমাণ	৮ ৫৬১	২৪ ১২০	৩২ ৬৮১
১ জুলাই '০৫ হতে ৩০ জুন ২০০৬ পর্যন্ত** প্রকল্প সংখ্যা পরিমাণ	১৬ ১৭৪০	৩৫ ২৬০	৫১ ২০০০

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য	- - -	- - -	- - -	- - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	১৩৯৯৮ ১০২২৪ ৩৭৭৪	৭৪৪২ ৬৩৫১ ১০৯১	৭১৪১ ৬১৯৯ ৯৪২	৭১৮৬ ৬২৩৯ ৯৪৭
৩।	চলতি মূলধন অর্থায়ন	১০২৬	৪২০	৪৪০	৪৬০
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	ব্যবসা-বাণিজ্য (ক) পাইকারি ও খুচরা (খ) রপ্তানি (গ) আমদানি (ঘ) হোটেল ও রেস্টোঁরা	- - - -	- - - -	- - - -	- - - -
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	১১৪৫	১০৪৮	১০৯২	১১০৪
	সর্বমোট	১৬১৬৯	৮৯১০	৮৬৭৩	৮৭৫০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৩-'০৪	৩.৫০	২.০০	৫.৭৫	৪.৫৮	১০.০০	১০.০০	১১.০০	১০.৩৩
২০০৪-'০৫	৩.৫০	২.০০	৫.৭৫	৩.৭৫	১০.০০	১০.০০	১২.০০	১০.৬৬
৩১ মার্চ ২০০৬(সাময়িক)	৩.৫০	২.০০	৫.৭৫	৩.৭৫	১০.০০	১০.০০	১২.০০	১০.৬৬
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)	৪.০০	২.৫০	৬.২৫	৪.২৫	১০.০০	১১.০০	১৩.০০	১১.৩৩

বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা

১৯৭২ সালের রাষ্ট্রপতির ১২৮ নম্বর আদেশ বলে শিল্প প্রকল্পসমূহে ঋণ সুবিধাসহ অন্যান্য সহায়তা প্রদান, বাংলাদেশে পুঁজি বিনিয়োগকে উৎসাহিত করা ও বিনিয়োগ কর্মকাণ্ডের ভিত্তিকে সম্প্রসারিত করার লক্ষ্যে ৩১ অক্টোবর ১৯৭২ সালে বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস) প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হতে ১ মার্চ ১৯৮৫ তারিখ পর্যন্ত সংস্থা স্থায়ী চার্টারে প্রদত্ত ক্ষমতা বলে শিল্প প্রকল্প স্থাপনে দীর্ঘ মেয়াদি ঋণ, সেতু ঋণ, ডিবেঞ্চর ঋণ ইত্যাদি প্রদান করে এসেছে। কিন্তু বাংলাদেশ সরকার ও কয়েকটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে ২ মার্চ ১৯৮৫ সালে স্বাক্ষরিত

সমঝোতা স্মারক অনুসারে সংস্থার সার্বিক কর্মকাণ্ড মে ১৯৯৫ পর্যন্ত এর পোর্টফলিওভুক্ত প্রকল্পসমূহের সুশ্রমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণের (বিএমআরই) জন্য আর্থিক সহায়তা প্রদান ও ঋণ আদায়ের মধ্যে সীমাবদ্ধ ছিল। ১৯৮৫ সালে সম্পাদিত এ সমঝোতা স্মারকের আলোকে সংস্থার সার্বিক পরিচালনা ও প্রশাসনিক ক্ষেত্রে ব্যাপক সংস্কার সাধিত হয়। এ সংস্কার কার্যক্রমের আওতায় বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ, ১৯৭২ সংশোধন করাসহ ঋণ আদায় প্রক্রিয়া আরো জোরদার করা হয়। দেশের আর্থিক খাতে বিরাজমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে



ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি টেক্সটাইল মিল।

এবং শিল্পায়নে সংস্থার ইতিবাচক ভূমিকার কথা বিবেচনা করে সরকার ১৯৯৫ সালের জুন মাসে সংস্থাকে সরকারের নিয়ন্ত্রণাধীন একটি পূর্ণাঙ্গ আর্থিক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে এবং সে অনুসারে সংস্থাকে পুনর্গঠন করে। পুনর্গঠনের আওতায় সরকার সংস্থাকে নতুন শিল্প প্রকল্পে ঋণ প্রদানসহ বাণিজ্যিক ব্যাংকিং ও মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্যও অনুমতি প্রদান করে। এ প্রেক্ষিতে ৪ মে ১৯৯৭ তারিখে সংস্থা মতিঝিল শাখা খোলার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। এছাড়া পুঁজি বাজারকে সক্রিয় করার নিমিত্তে এবং স্টক এক্সচেঞ্জে সরাসরি সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে অংশগ্রহণ করার জন্য সংস্থা ৩০ আগস্ট ১৯৯৭ তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জের সদস্যপদ গ্রহণ করেছে এবং নিয়মিত শেয়ার ও

সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে অংশ নিচ্ছে। অধিকন্তু, সংস্থা প্রথম বিএসআরএস মিউচুয়াল ফান্ডও সাফল্যজনকভাবে ১৯৯৬-'৯৭ অর্থ বছরে বাজারজাত করেছে এবং এ মিউচুয়াল ফান্ডের উপর নিয়মিত লভ্যাংশ প্রদান করছে। ২৯ অক্টোবর ২০০০ তারিখে সংস্থা বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রমকে আরও সম্প্রসারণের লক্ষ্যে ঢাকার কাওরান বাজারস্থ এর নিজস্ব ভবনে দ্বিতীয় বাণিজ্যিক ব্যাংকিং শাখার কার্যক্রম শুরু করেছে। সংস্থার বর্তমান অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ২০০০ মিলিয়ন টাকা এবং ৭০০ মিলিয়ন টাকা। ৩০ জুন ২০০৫ তারিখে সংস্থার কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ছিল ১৬৭ জন, যার মধ্যে ৮৭ জন কর্মকর্তা ও ৮০ জন কর্মচারী। ২০০৬ সালের মার্চ শেষে কর্মকর্তা ও কর্মচারীর মোট সংখ্যা দাঁড়িয়েছে ১৬৩

সারণি-১					
অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	বিবরণ	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
২।	পরিশোধিত মূলধন	৭০০	৭০০	৭০০	৭০০
৩।	সংরতি তহবিল	১৪৯৩	১৫৬৭	১৬৩৫	১৬৩১
৪।	আমানত	১৫৪	৩৯৪	২৭৬	৪৯৯
	ক) তলবি	৬৬	২১৩	৮৭	২১৪
	খ) মেয়াদি	৮৮	১৮১	১৮৯	২৮৫
৫।	ঋণ ও অগ্রিম	৬১৭৯	২৯৫১	২৪০৫	২৫০০
৬।	বিনিয়োগ	৪৮৮	৫১১	৫৪৪	৬৩৫
৭।	মোট পরিসম্পদ	৭৭২৫	৪৯৫৪	৪৪৬৫	৪৭২৩
৮।	মোট আয়	২৩৪	২২২	১৮১	২৭৬
৯।	মোট ব্যয়	১৪৭	১১২	১০৮	১৮৯
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	-	-	-	-
	(ক) রপ্তানি	-	-	-	-
	(খ) আমদানি	-	-	-	-
	(গ) রেমিট্যান্স	-	-	-	-
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৭৫	১৬৭	১৬৩	১৭৯
	ক) কর্মকর্তা	৮৫	৮৭	৮৫	১০১
	খ) কর্মচারী	৯০	৮০	৭৮	৭৮
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যা)	২	২	২	২
১৩।	শাখা (সংখ্যায়)	-	-	-	-

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৩-'০৪						
বিতরণ	-	-	-	-	-	-
আদায়	১১৮	১৩৮	-	১৩৮	৭০	৩২৬
২০০৪-'০৫						
বিতরণ	-	৫১	-	৫১	৭	৫৮
আদায়	৬৯	১৩৯	-	১৩৯	১০৫	৩১৩
৩১ মার্চ ২০০৬ * পর্যন্ত						
বিতরণ	-	১০	-	১০	৬	১৬
আদায়	৪২	৮৯	-	৮৯	৯৪	২২৫
৩০ জুন ২০০৬** পর্যন্ত						
বিতরণ	-	-	-	-	৪	৪
আদায়	২২	৩৩	-	৩৩	৬	৬১

* সাময়িক। ** প্রাক্কলিত।

জনে। শিল্প ঋণ সংস্থার অর্থনৈতিক অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

১৯৯৫ সালে পুনরায় নতুন শিল্প প্রকল্পে অর্থায়নের অনুমতি পাওয়ার পর থেকে সংস্থা (কনসোর্টিয়াম ব্যবস্থার আওতায় ৬টি প্রকল্পসহ) মোট ২২টি নতুন শিল্প প্রকল্পে ১০৩২ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করেছে, যার মধ্যে বৈদেশিক মুদ্রা ঋণের পরিমাণ ৬৮৩ মিলিয়ন টাকা। আলোচ্য সময়ে সেতু ঋণ খাতে সংস্থা ৪টি প্রকল্পে ৫১ মিলিয়ন টাকা এবং ডিবেঞ্চর খাতে ১টি প্রকল্পে ৪৮ মিলিয়ন টাকা প্রদান করেছে। এ সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ-এর কার্যক্রম অটোমেশন করার নিমিত্তে সরকারের নিকট থেকে ৮৪ মিলিয়ন টাকা গ্রহণপূর্বক তা উক্ত প্রতিষ্ঠানকে ঋণ হিসেবে প্রদান করেছে। সংস্থা এর জন্মলগ্নে পূর্বসূরী পিকিক কর্তৃক মঞ্জুরকৃত ৯৮টি প্রকল্প প্রাপ্ত হয়, যার বিপরীতে ৩৮৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছিল। পরবর্তীতে ১৯৭২ সাল হতে ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত সময়ে সংস্থা মোট ৩২৯টি প্রকল্পে ৫৩৯১ মিলিয়ন টাকা ঋণ অনুমোদন করেছে এবং অবলিখন অগ্রিম ও ডিবেঞ্চর ঋণ বাবদ ১২১ মিলিয়নসহ মোট ৫১৩০ মিলিয়ন টাকা বিতরণ করেছে। এ সময়ে সংস্থা কর্তৃক অর্থায়িত প্রকল্প থেকে প্রায় ৯৫৮০ মিলিয়ন টাকা ঋণ বাবদ আদায় করেছে। এছাড়া ১৯৭২ সাল হতে ৩০ জুন ২০০৫ পর্যন্ত সংস্থা ২২৪৪ মিলিয়ন টাকা করপূর্ব মুনাফা অর্জন করেছে, কর বাবদ ১৭২৯ মিলিয়ন টাকা সরকারকে

প্রদান করেছে এবং লভ্যাংশ বাবদ সরকারি কোষাগারে ১৯৮ মিলিয়ন টাকা প্রদান করেছে। সংস্থার একটি বড় সাফল্য হলো এ পর্যন্ত সংস্থা কখনও লোকসান-এর সম্মুখীন হয়নি। এছাড়াও জন্মলগ্ন হতে এ পর্যন্ত সরকারের নিকট থেকে অথবা সরকারের মাধ্যমে গৃহীত ঋণের বিপরীতে সংস্থা সরকারকে নির্ধারিত সুদসহ ৬০১৬ মিলিয়ন টাকা এবং দাতা সংস্থাসমূহকে নির্ধারিত সুদসহ ৩৫০ মিলিয়ন টাকা পরিশোধ করেছে। বিএসআরএস সম্প্রতি সরকারের সকল পাওনা পরিশোধ করে একটি সম্পূর্ণ দায়মুক্ত প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

২০০৪-'০৫ অর্থ বছরে সংস্থা দু'টি বাণিজ্যিক ব্যাংকিং শাখার মাধ্যমে SOD এবং Consumer Credit Scheme-এর আওতায় প্রায় ৭ মিলিয়ন টাকাসহ মোট ৫৮ মিলিয়ন টাকা (যার মধ্যে একটি প্রকল্পের অনুকূলে কনসোর্টিয়াম ব্যবস্থায় বিতরণকৃত প্রায় ৫২ মিলিয়ন টাকাও আছে) ঋণ বিতরণ করেছে এবং মেয়াদি ঋণসহ ৩১৩ মিলিয়ন টাকা আদায় করেছে। ২০০৫-'০৬ অর্থ বছরের ৩১ মার্চ পর্যন্ত সময়ে মেয়াদি ঋণ বাবদ ১০ মিলিয়ন টাকা এবং SOD এবং Consumer Credit Scheme-এর আওতায় ৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং মেয়াদি ঋণসহ মোট ২২৫ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ৩১ মার্চ ২০০৬ তারিখের সাময়িক হিসাবে সংস্থার মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২৪০৫ মিলিয়ন টাকা।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ
 দেয়া হলো।
 বিএসআরএস-এর শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-

৩, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং
 সুদের শতকরা হার সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী			সারণি-৩ (মিলিয়ন টাকায়)
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	৩২৬ ৫৩৫৬	৩ ৩৫	৩২৯ ৫৩৯১
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	২ ১২১	- -	২ ১২১
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৬* তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	৩২৬ ৫৩৫৬	৩ ৩৫	৩২৯ ৫৩৯১
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬* পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	- -	- -	- -
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬** পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	১ ৫০	- -	১ ৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য	৩১৪৩ - ৩১৪৩	১২৭৬ - ১২৭৬	১০১৩ - ১০১৩	১০৩৩ - ১০৩৩
২।	শিল্প ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	২৪৫৬ ২৪৫৬ -	১২৪১ ১২৪১ -	১০৭৩ ১০৭৩ -	১১০৫ ১১০৫ -
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেস্তোরা/ হোটেল	৪৩	৬	২	২
৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	-	-	-	-
৫।	পরিবহন ও যোগাযোগ	১৬৩	৯৭	৩৮	৩৮
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ক) দারিদ্র্য বিমোচন খ) অন্যান্য কর্মসূচি	- - -	- - -	- - -	- - -
৭।	অন্যান্য	৩৭৪	৩৩১	২৭৯	৩২২
	সর্বমোট	৬১৭৯	২৯৫১	২৪০৫	২৫০০

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৩-০৪	৪.৫০	৪.০০	৭.০০	৫.১৬	১২.০০	১১.০০	১২.৫০	১১.৮০
২০০৪-০৫	৪.৫০	৪.০০	৭.০০	৫.১৬	১০.০০	১১.৫০	১২.৫০	১১.৩০
৩১ মার্চ ২০০৬*	৪.৫০	৪.০০	৭.০০	৫.১৬	১০.০০	১১.৫০	১২.৫০	১১.৩০
৩০ জুন ২০০৬**	৪.৫০	৪.০০	৭.০০	৫.১৬	১০.০০	১১.৫০	১২.৫০	১১.৩০

* সাময়িক। ** প্রাক্কলিত।

বেসিক ব্যাংক লিমিটেড

বেসিক (BASIC) ব্যাংক লিমিটেড ১৯৮৯ সালের ২১ জানুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে মোট ৮০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন (বিসিসি ফাউন্ডেশনের ৭০% শেয়ার এবং বাংলাদেশ সরকারের ৩০% শেয়ার) নিয়ে কার্যক্রম শুরু করে। ৬ জুন ১৯৯১ তারিখে বিশ্বব্যাপী বিসিসিআই বিলুপ্তির কারণে বাংলাদেশ সরকার ৪ জুন ১৯৯২ তারিখে এ ব্যাংকটি অধিগ্রহণ করে। ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা, যার মধ্যে ২০০৫ সালের শেষ নাগাদ পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল ৮১০ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ড ৯৩৬ মিলিয়ন টাকা।

২০০৬ সালের মার্চ শেষে ব্যাংকটির শাখা সংখ্যা দাঁড়ায় ২৭টিতে এবং মোট জনশক্তি ৬০৯ জন, যার মধ্যে ৩১৫ জন কর্মকর্তা এবং ২৯৪ জন কর্মচারী।

বেসিক ব্যাংক লিমিটেড উন্নয়ন এবং বাণিজ্যিক ব্যাংকের এক সংমিশ্রণ। ব্যাংকটি ক্ষুদ্র শিল্প খাত প্রসারের জন্য মধ্য ও দীর্ঘ মেয়াদি ঋণ সরবরাহ এবং অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের দায়িত্বে নিয়োজিত। সংঘ স্মারক ও সংঘ বিধি অনুযায়ী ব্যাংকটির মোট ঋণদানযোগ্য তহবিলের অন্তত শতকরা ৫০ ভাগ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অর্থায়নে ব্যবহার করতে হয়।



ব্যাংকের সহায়তায় গড়ে ওঠা স্পিনিং মিল-এর একাংশ।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৩-'০৪	২০০৪-'০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
২।	পরিশোধিত মূলধন	৬৭৫	৮১০	৮১০	৮২৬
৩।	রিজার্ভ ফান্ড	৭৫৭	৯৩৬	৯৩৬	৯৩৬
৪।	আমানত	১৫৫০৯	২২৩২৬	২০০১৩	২৭৩৭৮
	(ক) তলবি আমানত	২৫২৫	২৮৬৪	২৪৪৬	৩০৫০
	(খ) মেয়াদি আমানত	১২৯৮৪	১৯৪৬২	১৭৫৬৭	২৪৩২৮
৫।	ঋণ ও অগ্রিম	১২০০০	১৫৩৩৯	১৫৬৭১	১৭৬৪৪
৬।	বিনিয়োগ	২২৫৩	৪৫৪১	৩১৮৯	৬৮১১
৭।	মোট পরিসম্পদ	১৯৪৩৭	২৭১৩৬	৩৩৩৮২	৩২৫৬৩
৮।	মোট আয়	১৭৬৯	২২২৯	৭৫৫	১৩৩৭
৯।	মোট ব্যয়	১০৮৫	১৩৫৫	৫০৭	৮১৩
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	১৯২৭১	২৩৩৩৩	৬৬১৩	১৪৫৪৯
	(ক) রপ্তানি	৭০৭১	৮৫৪৪	৩২৫৩	৬৯৯৩
	(খ) আমদানি	১১৫৮৬	১৩৯৩০	৩৩৬০	৭৩৯২
	(গ) রেমিট্যান্স	৬১৪	৮৫৯	৭৮	১৬৪
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৫৭৭	৬০১	৬০৯	৬০৯
	(ক) কর্মকর্তা	৩৪৭	৩০৭	৩১৫	৩১৫
	(খ) কর্মচারী	২৩০	২৯৪	২৯৪	২৯৪
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	১৮	২২	২২	২২
১৩।	শাখা (সংখ্যায়)				
	(ক) বাংলাদেশে	২৭	২৭	২৭	২৭
	(খ) বিদেশে	০	০	০	০

ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০৪ সালের ডিসেম্বর শেষের ১৫৫০৯ মিলিয়ন টাকা থেকে শতকরা ৪৪ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৫ সালের ডিসেম্বর শেষে ২২৩২৬ মিলিয়ন টাকা দাঁড়ায়, যা ২০০৬ সালের মার্চ শেষে ২০০১৩ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ব্যাংকটির মোট অগ্রিম এবং বিনিয়োগ ২০০৫ সালের ডিসেম্বর শেষে পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় যথাক্রমে শতকরা ২৮ ভাগ এবং ১০২ ভাগ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৫৩৩৯ মিলিয়ন এবং ৪৫৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৬ সালের মার্চ শেষে অগ্রিম ও বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১৫৬৭১ মিলিয়ন টাকা এবং ৩১৮৯ মিলিয়ন টাকা।

ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ২০০৪ সালের তুলনায় ৪০৬২ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০০৫ সালে ২৩৩৩৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। তন্মধ্যে আমদানির পরিমাণ ২০০৪ সালের ১১৫৮৬ মিলিয়ন টাকা থেকে শতকরা ২০ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৫ সালে ১৩৯৩০ মিলিয়ন টাকায় দাঁড়ায় এবং ২০০৬ সালের জানুয়ারি-মার্চ সময়ে এর পরিমাণ দাঁড়িয়েছে ৩৩৬০ মিলিয়ন টাকা। অন্যদিকে, রপ্তানির পরিমাণ ২০০৪ সালের ৭০৭১ মিলিয়ন টাকা থেকে শতকরা ২১ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৫ সালে ৮৫৪৪ মিলিয়ন টাকায় এবং ২০০৬ সালের জানুয়ারি-মার্চ সময়ে তা ৩২৫৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বেসিক ব্যাংক

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	-	৮৯৬	৫১৩৮#	৬০৩৪	৪০২৫	১০০৫৯
আদায়	-	৬১৫	-	৬১৫	-	৬১৫
২০০৫						
বিতরণ	-	১১৬৪	৩৭৮৮	৪৯৫২	-	৪৯৫২
আদায়	-	৮৫৭	২৪৬৮	৩৩২৫	-	-
৩১ মার্চ ২০০৬*						
বিতরণ	-	৯৩	১৫৯৯	১৬৯২	-	১৬৯২
আদায়	-	২৫৮	১১৫৯	১৪১৭	-	১৪১৭
৩০ জুন ২০০৬ **						
বিতরণ	-	১৮৫	৩৩০০	৩৪৮৫	-	৩৪৮৫
আদায়	-	৫০০	২৪০০	২৯০০	-	২৯০০

* সাময়িক। ** প্রাক্কলিত। # স্থিতি পরিমাণ।

লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি-১-এ দেয়া হলো।

শিল্প ঋণ বিতরণ এবং আদায়

বেসিক ব্যাংক লিমিটেডের মেয়াদি ঋণ বিতরণ এবং আদায়ের পরিমাণ ২০০৪ সালের যথাক্রমে ৮৯৬ মিলিয়ন এবং ৬১৫ মিলিয়ন টাকার তুলনায় ২৬৮ মিলিয়ন এবং ২৪২ মিলিয়ন বৃদ্ধি পেয়ে ২০০৫ সালে ১১৬৪ মিলিয়ন এবং ৮৫৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০০৬ সালের প্রথম তিন মাস শেষে যথাক্রমে ৯৩ মিলিয়ন ও ২৫৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্যাদি সারণি-২-এ দেয়া হলো।

আকারভিত্তিক শিল্প ঋণের অনুমোদন

ব্যাংকটি শুরু থেকে ২০০৬ সালের মার্চ পর্যন্ত ৫৫৮টি প্রকল্পের আওতায় মোট ৪৯২৪ মিলিয়ন টাকা মেয়াদি ঋণ অনুমোদন করে, যার মধ্যে ৪৪১৭ মিলিয়ন টাকা (৮৯.৭%) ক্ষুদ্র ও কুটির শিল্পে এবং বাকি ৫০৭ মিলিয়ন টাকা (১০.৩%) বৃহৎ ও মাঝারি শিল্পে। প্রকল্পের ধরন হচ্ছে গার্মেন্টস ও টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ, ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল, সিনথেটিক লেদার, এমব্রয়ডারি, পেপার প্রিন্টিং এন্ড

প্যাকেজিং, হার্ডবোর্ড, মৎস্য ও চিংড়ি, ফিশিং নেট, খাদ্য প্রক্রিয়া, ব্লেড, লুব্রিকেটিং, সিএনজি ইত্যাদি। ২০০৫ সালে ব্যাংক ৪৩টি নতুন প্রকল্পের আওতায় মোট ২৫৯ মিলিয়ন টাকা অনুমোদন করে। শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

বিশেষ ঋণ কর্মসূচি এবং খাতভিত্তিক ঋণের স্থিতি

শহুরে দরিদ্র জনগোষ্ঠীর জন্য বেসিক ব্যাংক ক্ষুদ্র ঋণ কর্মসূচি (Micro Credit Scheme) নামে একটি কর্মসূচি চালু রেখেছে। এ কর্মসূচির আওতায় দরিদ্র ঋণগ্রহীতাদের সরাসরি বা এনজিও-এর মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা রয়েছে। ২০০৫ সালের ডিসেম্বর মাস নাগাদ ব্যাংক ২৩৩৭৮০ জন দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে মোট ৯৮৬.৪২ মিলিয়ন টাকা বিতরণ করে। ঋণ আদায়-এর হার ১০০%। ২০০৫ সালের ডিসেম্বর এবং ২০০৬ সালের মার্চ শেষে ব্যাংকের মোট ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ১৫৩৩৯ মিলিয়ন টাকা ও ১৫৬৭১ মিলিয়ন টাকা। অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

ব্যাংকের বিভিন্ন আমানত ও ঋণের সুদের শতকরা হার সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	১০ ৫০৭	৪৯১ ৩৫৪৫	৫০১ ৪০৫২
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৫ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	২ ৬৯	৪১ ১৯০	৪৩ ২৫৯
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ^৩ প্রকল্প সংখ্যা পরিমাণ	১০ ৫০৭	৫৪৮ ৪৪১৭	৫৫৮ ৪৯২৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ^৩ প্রকল্প সংখ্যা পরিমাণ	৩৪ ৫২৩	২৩ ৩৪৯	৫৭ ৮৭২
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬* পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	৫১ ৬৪৭	৩৯ ৪৮৮	৯০ ১১৩৫

^৩ সাময়িক। * প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
০১।	কৃষি ও মৎস্য (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য	- - -	- - -	- - -	- - -
০২।	শিল্প (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	৭৬৯১ ১১১৯ ৬৫৭২	৯৯৮৭ ৩৯৫১ ৬০৩৬	১০৩৩৯ ৪০৬৫ ৬২৭৪	১২২১৫ ৪০৬৫ ৮১৫০
০৩।	পাইকারি, খুচরা ব্যবসা এবং রেস্তোরা/হোটেল	৩৬৮৬	৪৫৯৩	৪৬০২	৪৬২২
০৪।	বীমা, রিয়েল এস্টেট ও ব্যবসা সেবা	-	-	-	-
০৫।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
০৬।	বিশেষ ঋণ কর্মসূচি (ক) দারিদ্র্য বিমোচন (খ) অন্যান্য	- ২৮৪ -	- ৬২ -	- ৬৩ -	- ৬৭ -
০৭।	অন্যান্য	৩৩৯	৩৪৮	৩১০	৩৬৩
	সর্বমোট	১২০০০	১৫৩৩৯	১৫৬৭১	১৭৬৪৪

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৫.০০	৩.০০	৬.০০-৭.০০	৫.০০	৯.০০	৯.৫০-১২.০০	১২.০০	১০.৫০
২০০৫	৫.০০	৩.০০	৬.০০-৭.০০	৫.০০	৯.০০	৯.৫০-১২.০০	১২.০০	১০.৫০
৩১ মার্চ ২০০৬*	৫.০০	৩.০০	৬.০০-৭.০০	৫.০০	৯.০০	৯.৫০-১২.০০	১২.০০	১০.৫০
৩০ জুন ২০০৬**	৫.০০	৩.০০	৬.০০-৭.০০	৫.০০	৯.০০	৯.৫০-১২.০০	১২.০০	১০.৫০

* সাময়িক। ** প্রাক্কলিত।

আর্থিক প্রতিষ্ঠান

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, ব্যাংক আইন ১৯৯৫-এর অধীনে স্থাপিত সরকার নিয়ন্ত্রিত একটি বিশেষায়িত ব্যাংক ও সংবিধিবদ্ধ সংস্থা। নভেম্বর ১৯৯৬ সালে ঢাকাস্থ লোকাল অফিস খোলার মাধ্যমে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়। মার্চ ২০০৬ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ১৯১ মিলিয়ন টাকায় দাঁড়ায় (ব্যাংকটির পরিশোধিত মূলধনের ১৩ শতাংশ শেয়ার সরকারের এবং অবশিষ্ট ৮৭ শতাংশ শেয়ার আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা ও

কর্মকর্তা/কর্মচারী এবং আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের)। মার্চ ২০০৬ শেষে ব্যাংকের শাখার সংখ্যা ৮১টিতে দাঁড়ায়। ১৭ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ ও ৫ সদস্য বিশিষ্ট পর্ষদের নির্বাহী কমিটির সার্বিক তত্ত্বাবধানে পল্লী ঋণ কার্যক্রমে দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন পেশাভিত্তিক ব্যাংক কর্মকর্তাদের মাধ্যমে এ ব্যাংক পরিচালিত হচ্ছে।

৪৬ লক্ষ আনসার ও ভিডিপি সদস্য/সদস্যদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন, স্বনির্ভর করে



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত দেশীয় প্রযুক্তি নির্ভর হালকা ইঞ্জিনিয়ারিং প্রকল্প দেশের অভ্যন্তরীণ যন্ত্র ব্যবহার বৃদ্ধিতে সহায়তা করেছে।

গড়ে তোলা এবং তাদের জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে এ ব্যাংক বহুমুখী ক্ষুদ্র ঋণ কর্মসূচি চালু করেছে, যা সরকারের দারিদ্র্য বিমোচন কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বর্তমানে অত্র ব্যাংকের বহুমুখী ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় গরু-ছাগল মোটাতাজাকরণ, গাভী পালন, হাঁস-মুরগীর খামার, মৎস্য চাষ ও চিংড়ি চাষ, কুটির শিল্প স্থাপন, হাক্কা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, মুদি-মনোহারী মালের ব্যবসা, সেলাই মেশিন ক্রয়, কৃষিজাত পণ্যের বাজারজাতকরণ ইত্যাদিসহ গ্রামীণ অর্থনীতি নির্ভর আয়বর্ধক ৬০টি খাতে ৫ জনকে নিয়ে গঠিত গ্রুপের মাধ্যমে মাথাপিছু সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা ঋণ প্রদান করা হচ্ছে। ইকুইটি এবং সহায়ক জামানত ব্যতিরেকে ব্যক্তিগত এবং গ্রুপ গ্যারান্টির বিপরীতে ব্যাংক

এ ঋণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক শুরু থেকে মার্চ ২০০৬ পর্যন্ত মোট ৫১৮৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং বিতরণকৃত ঋণের বিপরীতে সুদসহ আদায় হয়েছে মোট ৪৯০৯ মিলিয়ন টাকা। গ্রুপ সঞ্চয় হিসাবে বর্তমান স্থিতি ১৭৫ মিলিয়ন টাকা। ২০০৫-'০৬ অর্থ বছরের মার্চ পর্যন্ত ব্যাংকের মুনাফার পরিমাণ দাঁড়ায় ৫৬ মিলিয়ন টাকা। আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যসমূহ সারণি- ১-এ দেয়া হলো।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩ এবং সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-১					
অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	১৬০	১৭৯	১৯১	১৯৯
৩।	রিজার্ভ ফান্ড	৩০	৩২	৩২	৫০
৪।	আমানত	-	১৫১	১৮৪	২১৫
	ক) তলবি আমানত	-	১৪২	১৭৫	২০৫
	খ) মেয়াদি আমানত	-	৯	৯	১০
৫।	ঋণ ও অগ্রিম	৫২০	৬৭৮	৮৮৮	৯২০
৬।	বিনিয়োগ	৪০৬	৩০৮	১০৬	৭১
৭।	মোট পরিসম্পদ	১০২০	১০৬৮	১০৮৭	১১১৫
৮।	মোট আয়	২০১	১৮২	১৪১	২২৬
৯।	মোট ব্যয়	১৪১	১২৫	৮৫	১২১
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৪৪	৪৫৩	৪৫৪	৪৫৯
	ক) কর্মকর্তা	১৪৫	১৪৫	১৪৬	১৫১
	খ) কর্মচারী	২৯৯	৩০৮	৩০৮	৩০৮
১১।	শাখা (সংখ্যায়)	৭৬	৮১	৮১	১১০

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪	বিতরণ আদায়	- -	- -	- -	- -	৮২৪ ৯১৪
২০০৫	বিতরণ আদায়	- -	- -	- -	- -	৯৪৪ ৯১৮
৩১ মার্চ ২০০৬*	বিতরণ আদায়	- -	- -	- -	- -	৯৭৩ ৮৮৩
৩০ জুন ২০০৬**	বিতরণ আদায়	- -	- -	- -	- -	১৪০০ ১২২৪

* সাময়িক। ** প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য	- - -	- - -	- - -	- - -
২।	শিল্প ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	- - -	- - -	- - -	- - -
৩।	চলতি মূলধন অর্থায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৮।	অন্যান্য	৫২০	৬৭৮	৮৮৮	৯২০
	সর্বমোট	৫২০	৬৭৮	৮৮৮	৯২০

সুদের হার (শতকরা হার)

সারণি-৪

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৭.০	-	-	-	-	-	-	-
২০০৫	৭.০	-	-	-	-	-	-	-
৩১ মার্চ ২০০৬*	৭.০	-	৬.৭৫	-	-	-	-	-
৩০ জুন ২০০৬**	৭.০	-	৬.৭৫	-	-	-	-	-

* সাময়িক। ** প্রাক্কলিত।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

কৃষি খাতে অর্থায়নের মৌলিক উদ্দেশ্যে ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত পূর্ব পাকিস্তান প্রাদেশিক সমবায় ব্যাংক লিমিটেড ১৯৭১ সালে স্বাধীনতার পর বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড (বিএসবিএল) নামে আত্মপ্রকাশ করে। মূলত কৃষি ও অন্যান্য সমবায় ঋণ সম্পর্কিত প্রতিষ্ঠানসহ সকল শ্রেণীর সমবায় প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য পদ লাভ করতে পারে। ৩০ জুন ২০০৫ পর্যন্ত মোট ৫০০টি প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য হয়েছে। এসব সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা প্রায় ৩.৫ মিলিয়ন। মার্চ ২০০৬ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৩৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বর্তমানে ১২ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদ ব্যাংক পরিচালনার দায়িত্বে

নিয়োজিত আছে।

জুন ২০০৫ শেষে এ ব্যাংকের আমানতের পরিমাণ ছিল ৩৮ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে বৃদ্ধি পেয়ে ৫০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৪-'০৫ অর্থ বছরে এ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ১১৭ মিলিয়ন টাকা ও ১২৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ১০৩ মিলিয়ন এবং ১২৯ মিলিয়ন টাকা। ২০০৪-'০৫ অর্থ বছর শেষে ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২৯৭৩ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষে ২৪৯৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বিনিয়োগের পরিমাণ ২০০৪-'০৫ অর্থ বছরে ছিল ৪৯৭ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৬ শেষেও অপরিবর্তিত থাকে।

সারণি-১

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০	১০০	১০০	১০০
২।	পরিশোধিত মূলধন	৩৩	৩৩	৩৩	৩৩
৩।	রিজার্ভ ফান্ড	১১০৪	১২১৪	১০৭৬	১০৯৬
৪।	আমানত	৪২	৩৮	৫০	৬০
	ক) তলবি আমানত	৩১	২৭	৪০	৪৫
	খ) মেয়াদি আমানত	১১	১১	১০	১৫
৫।	ঋণ ও অগ্রিম	২৯৫৫	২৯৭৩	২৪০৯	২৪৯৫
৬।	বিনিয়োগ	৪৮৭	৪৯৭	৪৯৭	৪৯৮
৭।	মোট পরিসম্পদ	৩৫৫০	৩৫৮৯	৩০০৮	৩০২৮
৮।	মোট আয়	১০৮	৭২০	৩৪৬	৫৭৬
৯।	মোট ব্যয়	৩৪	৩১৪	২৩৪	৩৯০
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	১২৭	১২৮	১২৮	১২৮
	ক) কর্মকর্তা	৮০	৮৩	৮৩	৮৩
	খ) কর্মচারী	৪৭	৪৫	৪৫	৪৫

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

	বিবরণ	কৃষি ঋণ	অন্যান্য	সর্বমোট
২০০৪	বিতরণ আদায়	১৯ ৫১	৮৪ ৭৮	১০৩ ১২৯
২০০৫	বিতরণ আদায়	২১ ৪১	৯৬ ৮৫	১১৭ ১২৬
৩১ মার্চ ২০০৬ *	বিতরণ আদায়	৭ ২৩	৮১ ৬৯	৮৮ ৯২
৩০ জুন ২০০৬ **	বিতরণ আদায়	৬৩ ২৪	১৬৯ ১০৩	২৩২ ১২৭

* সাময়িক। ** প্রাক্কলিত।

ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেখানো হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক

ঋণ বিতরণ ও আদায়

সমবায় ব্যাংক মূলত সদস্যভুক্ত কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতিসমূহের মাধ্যমে সমবায়ী কৃষকদের মধ্যে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি কৃষি ঋণ বিতরণ করে থাকে। তবে প্রয়োজনে কৃষি ব্যতীত অন্যান্য গ্রামীণ কর্মকাণ্ডেও সমবায় ব্যাংক অর্থায়ন করে থাকে। এ ব্যাংক ২০০৩-'০৪ ও ২০০৪-'০৫ অর্থ বছরে নিজস্ব তহবিল থেকে স্বল্প ও দীর্ঘ মেয়াদি ঋণদান কর্মসূচির আওতায় যথাক্রমে ১০৫ মিলিয়ন

ও ১০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। ব্যাংকটি স্বর্ণ ও সমবায় জমি বন্ধক রেখেও ঋণ প্রদান করে থাকে। ১৯৯১ সালে সরকার কর্তৃক ৫০০০ টাকা পর্যন্ত কৃষি ঋণ সুদসহ মওকুফ ঘোষণা করায় অন্যান্য ব্যাংকের ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে তা প্রযোজ্য হলেও সমবায়ী কৃষকেরা এ সুবিধা থেকে বঞ্চিত হয়। ফলে সমবায়ী কৃষকদের মধ্যে অসন্তোষ বিরাজ করায় তারা পুরাতন ঋণ পরিশোধ করছে না। ফলে ব্যাংকের ঋণ আদায়ের অবস্থা স্থবির হয়ে আছে। ব্যাংকটির খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২ এবং অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

এ ব্যাংকের সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য	২৮০০	২৮৪৪	২২৮৩	২৩১৮
	ক) শস্য	২৪৭৮	২০৪৮	১৮০৩	১৮৫৫
	খ) শস্য ব্যতীত অন্যান্য	৩২২	৭৯৬	৪৮০	৪৬৩
	(গ) মৎস্য	-	-	-	-
	(ঘ) বনায়ন	-	-	-	-
২।	শিল্প (চলতি মূলধনে অর্থায়ন ব্যতীত)	-	-	-	-
	ক) বৃহৎ ও মাঝারি	-	-	-	-
	খ) ক্ষুদ্র ও কুটির	-	-	-	-
৩।	চলতি মূলধনে অর্থায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুত, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	ব্যবসা-বাণিজ্য	-	-	-	-
	ক) পাইকারি ও খুচরা	-	-	-	-
	খ) রপ্তানি	-	-	-	-
	গ) আমদানি	-	-	-	-
	ঘ) হোটেল ও রেস্টোরা	-	-	-	-
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	১৫৫	১২৯	১২৬	১৭৭
	সর্বমোট	২৯৫৫	২৯৭৩	২৪০৯	২৪৯৫

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৪.৫০	-	৬.২৫	-	১০.০০	-	-	-
২০০৫	৩.৫০	-	৬.২৫	-	১০.০০	-	-	-
৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩.৫০	-	৬.২৫	-	১০.০০	-	-	-
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)	৩.৫০	-	৬.২৫	-	১০.০০	-	-	-

গ্রামীণ ব্যাংক

১৯৭৬ সালে পরীক্ষামূলকভাবে চালুকৃত একটি প্রকল্পের মাধ্যমে গ্রামীণ ব্যাংকের সূচনা। প্রকল্পটির আশাব্যঞ্জক সাফল্যের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে বাংলাদেশ কৃষি ব্যাংকসহ রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক এ প্রকল্পকে ১৯৭৯ সালে আনুষ্ঠানিকভাবে তাদের নিজস্ব প্রকল্প হিসেবে গ্রহণ করে। ১৯৮১ সালে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এ প্রকল্পে ঋণ দানের জন্য এগিয়ে আসে। ১৯৮৩ সালে রাষ্ট্রপতির এক অধ্যাদেশ বলে গ্রামীণ ব্যাংক একটি বিশেষ ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। ২০০৬ সালের ৩১ মার্চ শেষে গ্রামীণ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৩১৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংক তার সদস্যদের গৃহ নির্মাণ ঋণ, উচ্চ শিক্ষা ঋণসহ বিভিন্ন ঋণ

এবং ঋণ বীমা সঞ্চয় তহবিল সুবিধা প্রদান করছে।

গ্রামীণ ব্যাংকের প্রধান উদ্দেশ্য

- বিত্তহীন পুরুষ ও মহিলাদের জন্য জামানতবিহীন ব্যাংকিং সুবিধা প্রদান করা;
- গ্রামীণ মহাজনদের ঋণদান সংক্রান্ত;
- শোষণ হতে দরিদ্র মানুষকে অবমুক্ত করা;
- বেকার জনশক্তির জন্য স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে এমন একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় সংঘবদ্ধ করা, যা তারা বুঝতে এবং নিজেরা পরিচালনা করতে পারেন; এবং
- স্বল্প আয়, স্বল্প সঞ্চয়, স্বল্প বিনিয়োগভিত্তিক বহু



ধান ভাঙার মেশিন ত্রুয়ে অর্থায়ন করেছে গ্রামীণ ব্যাংক।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫ (সাময়িক)*	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০	৫০০	৫০০	৫০০
২।	পরিশোধিত মূলধন	৩১৮	৩১৮	৩১৮	৩১৮
৩।	রিজার্ভ ফান্ড	৪৩৯৬	৪৩৯৬	৪৩৯৬	৪৩৯৬
৪।	আমানত	২০৮৩৪	৩১৭৭১	৩৫৮১৮	৩৯৮৭৯
	ক) চলতি	১০৮৫০	১৫৪৩০	১৭৪০৬	১৯৩৯৬
	খ) মেয়াদি	৯৯৮৪	১৬৩৪১	১৮৪১২	২০৪৮৩
৫।	ঋণ ও অগ্রিম	২০০০৮	২৭৯৭০	৩০৬৭৪	৩৩২৮৩
৬।	বিনিয়োগ	৭২২৬	৯৯৮৭	১০৪৩৮	১০৯৩৬
৭।	মোট পরিসম্পদ	৩৩৬৫৩	৪৪৬৮৫	৪৫১৭৫	৪৭৮৭৫
৮।	মোট আয়	৪৬৯৬	৭৩৯৫	১৬৪২	৩২৮৫
৯।	মোট ব্যয়	৪২৭৪	৬৩৫০	১০৫৩	২১০৬
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	১২২৮৯	১৪১০৮	১৬০০০	১৭৩০০
	ক) কর্মকর্তা	৫৬৪৫	৫৬৩৮	৬০০০	৬৩০০
	খ) কর্মচারী	৬৬৪৪	৮৪৭০	১০০০০	১১০০০
১১।	শাখা (সংখ্যায়)	১৩৫৮	১৭৩৫	১৯৫৯	২০৯৭

* ২০০৪ সালের বার্ষিক হিসাব চূড়ান্ত না হওয়ার কারণে সাময়িক তথ্য দেয়া হলো।

পুরনো দুইচক্রকে ভেঙে দিয়ে বিনিয়োগের মাধ্যমে নতুন ঋণ, নতুন বিনিয়োগ ও অধিক আয়ভিত্তিক একটি বিকাশমান অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া শুরু করা।

ডিসেম্বর ২০০৫ পর্যন্ত গ্রামীণ ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ১৭৩৫টিতে। ডিসেম্বর ২০০৫ পর্যন্ত ৫৯৯১২টি গ্রাম গ্রামীণ ব্যাংকের কার্যক্রমের আওতায় আনা হয়েছে। এ পর্যন্ত গ্রামীণ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২৫৬৫০ মিলিয়ন টাকা ও ২২৮৫৩ মিলিয়ন টাকায়। গ্রামীণ ব্যাংকের মোট ঋণগ্রহীতার সংখ্যা ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত দাঁড়ায় ৫.৭৭ মিলিয়ন; এদের মধ্যে শতকরা ৯৬ ভাগ মহিলা। তবে ঋণগ্রহীতাদের মধ্যে শতকরা ৫৮ ভাগ ইতোমধ্যে দারিদ্র্য সীমা অতিক্রম করেছেন।

গ্রামীণ ব্যাংকের মোট আমানত ২০০৪ সালের ২০৮৩৪ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৫ সালে ৩১৭৭১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বিনিয়োগ ২০০৪ সালের ৭২২৬ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৫ সালে ৯৯৮৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। উক্ত সময়ে গ্রামীণ ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০০০৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২৭৯৭০ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের মোট জনশক্তি ২০০৪ সালের তুলনায় ১৮১৯ জন বৃদ্ধি পেয়ে ২০০৫ সালে মোট ১৪১০৮ জনে দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩ এবং সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	সাধারণ ঋণ	মৌসুমী ঋণ	লিজিং	সহজ ঋণ	চুক্তি ঋণ	গৃহ নির্মাণ ঋণ	অন্যান্য ঋণ	সর্বমোট
২০০৪								
বিতরণ	-	-	-	২৪৪০৭	১১০৩	২৮২	৮২	২৫৮৭৪
আদায়	-	-	-	২০৬২৮	৬৯৯	৫৪২	১৪	২১৮৮৩
২০০৫								
বিতরণ	-	-	-	৩৮১৭৮	৬৭১	১৮৭	১৪৮	৩৯১৮৪
আদায়	-	-	-	২৯৬২৪	৮৫৮	৭০৮	৩১	৩১২২১
৩১ মার্চ ২০০৬ সাময়িক								
বিতরণ	-	-	-	১১০১৭	১৯৮	২০০	৫৮৩	১১৯৯৮
আদায়	-	-	-	৮৯৫৮	২২৫	৭৭	৩৪	৯২৯৪
৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত) (এপ্রিল-জুন '০৬)								
বিতরণ	-	-	-	২১৯৩৩	১৪৯	৩০৫	৫৯২	২২৯৭৯
আদায়	-	-	-	১৯৬৭৫	১৬৪	৮৯	৪৪৩	২০৩৭১

নোটঃ সহজ ও চুক্তি ঋণ কর্মসূচি চালু হওয়ায় ২০০৪ ও ২০০৫ সালে সাধারণ, মৌসুমী ও লিজিং খাতে ঋণ বিতরণ হয়নি।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	ধাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	সহজ ঋণ	১৭১২৫	২৫৬৭৯	২৭৭৩৭	২৯৯৯৬
২।	চুক্তি ঋণ	১৬১৯	১৪৩২	১৪০৬	১৩৯১
৩।	গৃহ নির্মাণ ঋণ	১১৩৪	৬১৩	৭৩৬	৯৫২
৪।	অন্যান্য ঋণ	১৩০	২৪৫	৭৯৫	৯৪৪
	সর্বমোট	২০০০৮	২৭৯৭০	৩০৬৭৪	৩৩২৮৩

সুদের হার (শতকরা হার)

সময়	আমানত				ঋণ প্রদান @			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	৮.৫০	০-৩.০	৯.০-১২.০	৯.৯৮	২০.০	৮.০	৫.০	১৮.৯৩
২০০৫	৮.৫০	০-৩.০	৯.০-১২.০	১০.১২	২০.০	৮.০	৫.০	১৯.২৭
৩১ মার্চ ২০০৬*	৮.৫০	০-৩.০	৯.০-১২.০	১০.১৮	২০.০	৮.০	৫.০	১৯.৪২
৩০ জুন ২০০৬**	৮.৫০	০-৩.০	৯.০-১২.০	১০.২৫	২০.০	৮.০	৫.০	১৯.৫০

* সাময়িক। ** প্রাক্কলিত। @ ঋণ প্রদান :

- শিক্ষা ঋণের হার শিক্ষাকালে গণ্য। শিক্ষা সমাপ্তির পর ৫%।
- সকল সুদের হার declining balance-এর উপর করা হয়।

কর্মসংস্থান ব্যাংক

দেশের ক্রমবর্ধমান বেকার যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ঋণ সহায়তা প্রদানের জন্য ১৯৯৮ সালে কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। এটি সরকার নিয়ন্ত্রিত একটি আর্থিক প্রতিষ্ঠান। ৩০০ কোটি টাকা অনুমোদিত মূলধন ও ১০০ কোটি টাকা পরিশোধিত মূলধন নিয়ে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়েছে। উৎপাদনমুখী এবং আয়বর্ধক কর্মকাণ্ডে বেকারদেরকে স্বল্প সুদে এবং সহজ শর্তে ঋণ প্রদানই এ ব্যাংকের মূল লক্ষ্য। কর্মসংস্থান ব্যাংক হাঁস-মুরগী ও গবাদি পশু পালন, মৎস্য চাষ, কম্পিউটার সেবা, তাঁত, বাঁশ ও বেত শিল্প, লন্ড্রি, বিউটি পার্লার, ক্ষুদ্র ব্যবসা, ওয়ার্কসপ সহ ৩৬টি সুনির্দিষ্ট খাতে ঋণ প্রদান করে। এছাড়াও উৎপাদনমুখী এবং অর্থনৈতিকভাবে টিকে থাকতে সক্ষম

অন্য যে কোনো খাতেও ঋণ সহায়তা দেয়া হয়।

বর্তমানে ব্যাংকটি ১টি করে ৬৪টি এবং উপজেলা পর্যায়ে ২৮টি সহ মোট ৯২ শাখার মাধ্যমে সমগ্র দেশব্যাপী ব্যাংক ঋণ কার্যক্রম পরিচালনা করছে। কর্মসংস্থান ব্যাংক নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত ১০০৭১ জন বেকারের মধ্যে ৩৯ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। ব্যাংকের নিজস্ব তহবিল বহির্ভূত সরকারের দারিদ্র্য বিমোচন কর্মসূচির অধীন বিশেষ তহবিলের আওতায় ব্যাংক বর্তমানে নিম্নোক্ত কর্মসূচিগুলো বাস্তবায়ন করছেঃ

➤ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন কর্মসূচি : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংগে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক এ কর্মসূচির আওতায় দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে অর্থ বছর ২০০৫



ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত বাঁশ-বেত সামগ্রী তৈরির প্রকল্প।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাকলিত)
০১।	অনুমোদিত মূলধন	৩০০০	৩০০০	৩০০০	৩০০০
০২।	পরিশোধিত মূলধন	৯৮৫	৯৮৫	৯৮৫	১৪০০
০৩।	রিজার্ভ ফান্ড	১৫১	১৫৩	১৫৩	১৫৭
০৪।	আমানত (ক) তলবি আমানত (খ) মেয়াদি আমানত	-	-	-	-
০৫।	ঋণ ও অগ্রিম*	৬৩৬	১১০৭	১২৯৮	১৩৭৩
০৬।	বিনিয়োগ	-	-	-	-
০৭।	মোট পরিসম্পদ	১৩৯৬	১৭২৬	১৮৪৪	২০৬২
০৮।	মোট আয়	১২৪	১২১	১০৯	১৪৫
০৯।	মোট ব্যয়	৭৯	৯৫	৮৬	১১৪
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা (ক) রপ্তানি (খ) আমদানি (গ) রেমিট্যান্স	-	-	-	-
১১।	মোট জনশক্তি (সংখ্যায়) (ক) কর্মকর্তা (খ) কর্মচারী	১৩৯ ৩৮৮*	১৪৫ ৪৭৫**	১৯২ ৫১১***	১৯৪ ৫২৩***
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	শাখা (সংখ্যায়) (ক) বাংলাদেশে (খ) বিদেশে	৮৬ ৮৬	৯২ ৯২	৯২ ৯২	৯২ ৯২

* সুদসহ।

পর্যন্ত ৫০০০ জন ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুর পিতা-মাতাকে ৩.৫৬ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়। যে সকল শিশুর পিতা-মাতা ঋণ গ্রহণোত্তর সম্পূর্ণ ঋণ পরিশোধ করেছেন তাদের মধ্য হতে ৫৬৯ জনের বরাবরে ০.৫৬ কোটি টাকা ঋণ পুনঃবিতরণ করা হয়।

➤ শিল্প কারখানা/প্রতিষ্ঠানের স্বেচ্ছা অবসর প্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/কর্মচারীদের কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ সহায়তা কর্মসূচি : শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংগে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক

কর্মসংস্থান ব্যাংক এ কর্মসূচি বাস্তবায়ন করছে। শিল্প কারখানা/প্রতিষ্ঠানের স্বেচ্ছা অবসর প্রাপ্ত/চাকরীচ্যুত শ্রমিক/কর্মচারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুনঃ কর্মসংস্থানের জন্য ২০০৫ অর্থ বছরে ১৭.৪৫ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। বরাদ্দকৃত অর্থ হতে ৩৬৭৮ জন শ্রমিক/কর্মচারীর অনুকূলে ১৭.৪৬ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়। ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত সর্বমোট ৩৮৭০ জন স্বেচ্ছা অবসরপ্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/কর্মচারীর অনুকূলে ১৮.৩৪ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৪						
বিতরণ	৯৭	৩৯	-	৩৯	১২৬	২৬২
আদায়	৯১	৩৪	-	৩৪	১৫৩	২৭৮
২০০৫						
বিতরণ	২০৩	১২৫	-	১২৫	৪০৯	৭৩৭
আদায়	৯৪	৩৯	-	৩৯	২০৭	৩৪০
৩১ মার্চ, ২০০৬*						
বিতরণ	১৬৭	৭২	-	৭২	২২২	৪৬১
আদায়	১০৫	৬৪	-	৬৪	২৮৪	৪৫৩
৩০ জুন, ২০০৬**						
বিতরণ	২৬৫	১৪৩	-	১৪৩	৪৯২	৯০০
আদায়	১৯৫	৯০	-	৯০	৩২৫	৬১০

* সাময়িক। ** প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপুঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর, ২০০৫ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	-	৯০০২	৯০০২
পরিমাণ	-	৩১৬	৩১৬
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	-	২৪৪৬	২৪৪৬
পরিমাণ	-	১৫২	১৫২
ক্রম পুঞ্জীভূতঃ মার্চ ৩১, ২০০৬ তারিখে			
প্রকল্প সংখ্যা	-	৯৪৩৮	৯৪৩৮
পরিমাণ	-	৩৩৩	৩৩৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত*			
প্রকল্প সংখ্যা	-	৪৫৬	৪৫৬
পরিমাণ	-	১৮	১৮
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৬ পর্যন্ত**			
প্রকল্প সংখ্যা	-	১৪৯৪	১৪৯৪
পরিমাণ	-	১২৮	১২৮

* সাময়িক। ** প্রাক্কলিত।

➤ কৃষিভিত্তিক শিল্পে ঋণ সহায়তা কর্মসূচি : কর্মসংস্থান ব্যাংকের অনুকূলে অর্থ বছর ২০০৫-এ ছাড়কৃত ১০ কোটি টাকা (যা আবর্তক তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে) হতে ফেব্রুয়ারি ২০০৬ পর্যন্ত ৭৩৮ জন উদ্যোক্তার অনুকূলে ১০.১২ কোটি টাকা বিতরণ করা হয়েছে। এ ঋণের আদায়যোগ্য ৩.১০ কোটি টাকার

মধ্যে ২.৭৩ কোটি টাকা আদায় হয়েছে। কর্মসংস্থান ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ, ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ এবং সুদের হার সম্পর্কিত তথ্য সারণী -৫-এ দেখানো হলো।

সারণি-৪					
অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নম্বর	খাত	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
০১।	কৃষি, মৎস্য (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য	- ২১১	- ৩৩৮	- ৩৯৫	- ৪১৬
০২।	শিল্প (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	- ৬৭	- ১৫৯	- ১৮৬	- ১৯৬
০৩।	পাইকারি, খুচরা ব্যবসা এবং রেন্টোরা/হোটেল	২০৮	৩০১	৩৫২	৩৭০
০৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	-	-	-	-
০৫।	পরিবহন ও যোগাযোগ	৫	৭	৮	৯
০৬।	বিশেষ কর্মসূচি (ক) দারিদ্র্য বিমোচন (খ) অন্যান্য	- -	- ১২৩	- ১৪৫	- ১৫১
০৮।	অন্যান্য	১১৬	১৫৩	১৮০	১৮৪
	সর্বমোট**	৬০৭	১০৮১	১২৬৬	১৩২৬

** সুদ ছাড়া।

সারণি-৪								
সুদের হার (শতকরা হার)								
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৪	-	-	-	-	১০.০	১০.০	১০.০	১০.০
২০০৫	-	-	-	-	১০.০	১০.০	১০.০	১০.০
৩১ মার্চ ২০০৬*	-	-	-	-	১০.০	১০.০	১২.০	১১.০
৩০ জুন ২০০৬ **	-	-	-	-	১০.০	১০.০	১২.০	১১.০

* সাময়িক। ** প্রাক্কলিত। বিঃদ্রঃ সরল হার পদ্ধতিতে সুদ ধার্য করা হয়।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালে “দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অর্ডিন্যান্স, ১৯৭৬” (নং-৪০, ১৯৭৬)-এর বলে প্রতিষ্ঠিত হয়। দেশে দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে কর্পোরেশনের প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে গঠিত শিল্প প্রতিষ্ঠানসমূহের মূলধন স্বল্পতা পূরণে প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদানের লক্ষ্যে কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। প্রান্তিক সঞ্চয়ের হার ও বিনিয়োগ বৃদ্ধির জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে আইসিবির ভূমিকা অপরিহার্য ও অতীব গুরুত্বপূর্ণ। দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (নং-২৪, ২০০০) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবি ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার এনেছে। আইসিবি-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা। বর্তমানে পরিশোধিত মূলধনের পরিমাণ ৫০০ মিলিয়ন টাকা।

উদ্দেশ্যসমূহ

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ;
- পুঁজিবাজার উন্নয়ন;
- সঞ্চয় সংগ্রহ;
- ব্যবসা বিস্তারের জন্য সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও উন্নয়ন; এবং
- প্রাসংগিক সকল প্রকার সহায়তা প্রদান।

ব্যবসা সংক্রান্ত নীতি

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থ বিবেচনাপূর্বক বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
- অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই করে আর্থিক সহায়তা প্রদান;
- প্রকল্পে ইকুইটি তহবিল সরবরাহের নিমিত্তে মার্চেন্ট ব্যাংকিংসহ আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়াম গঠন;
- উদ্যোক্তা সৃষ্টি এবং তাদের উৎসাহ প্রদান;
- বিনিয়োগ বৈচিত্রকরণ;

ইনভেস্টরস্ স্কীম কার্যক্রমের বিবরণী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-২০০৬ (মার্চ ২০০৬ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৬ (প্রাক্কলিত)	২০০৫-২০০৬ (প্রাক্কলিত)
১। নীট চালু হিসাবের সংখ্যা	৪৯৬৮৭	৪৮৮৮০	৪৮৫০৩	-	-
২। আমানত গ্রহণের পরিমাণ	২৭৩	২২৮	১২০	৮০	২০০
৩। ঋণ অনুমোদন	৫৮৭	১৫৯৫	২৩৭	১৩	২৫০
৪। বিনিয়োগ	৬২৯	১১৮৩	৬৫১	৪৯	৭০০
৫। মার্জিন ঋণ আদায়	১০৩১	১৭৯৬	৫৪২	২০৮	৭৫০

ইস্যুকৃত মিউচুয়াল ফান্ডসমূহের বিবরণ

(মিলিয়ন টাকায়)

ফান্ডসমূহ	ফান্ডের পরিমাণ (মিলিয়ন টাকায়)	৩১ মার্চ ২০০৬ তারিখে ফান্ডের বাজার মূল্য (মিলিয়ন টাকায়)	৩১ মার্চ ২০০৬ তারিখে ১০০ টাকা মূল্যের প্রতিটি সার্টিফিকেটের বাজার মূল্য (টাকায়)	২০০৪-২০০৫ অর্থ বছরে সার্টিফিকেট প্রতি প্রদত্ত লাভ্যাংশ (টাকায়)
প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ড	৫	১১০	২৬০০	২১০
দ্বিতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	৫	২৮	৭২৫	৫৫
তৃতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	১০	৩৫	৫৫২	৫২
চতুর্থ আইসিবি মিউচুয়াল ফান্ড	১০	৪০	৫০০	৪৮
পঞ্চম আইসিবি মিউচুয়াল ফান্ড	১৫	৬৭	৩৩০	২৭
ষষ্ঠ আইসিবি মিউচুয়াল ফান্ড	৫০	৮৮	১৮৫	১৯
সপ্তম আইসিবি মিউচুয়াল ফান্ড	৩০	১০৫	১৮৫	১৬
অষ্টম আইসিবি মিউচুয়াল ফান্ড	৫০	১০৬	১৭৬	১৫
মোট	১৭৫	৫৭৯		

- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা; এবং
- কৃষিভিত্তিক ও তথ্য-প্রযুক্তি খাতে বিনিয়োগে উদ্বুদ্ধ করা।

কার্যক্রম

- প্রেসমেন্ট ও ইকুইটি পার্টিসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চর ক্রয়;
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ;
- বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা;
- স্টক এক্সচেঞ্জ কার্যক্রমে অংশগ্রহণ;
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ;
- মিউচুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা;
- এককভাবে অথবা সিন্ডিকেট গঠনের মাধ্যমে লীজ অর্থায়ন;
- বিদ্যমান বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা;
- পোর্টফোলিও ব্যবস্থাপনা;
- ট্রাস্টি ও হেফাজতকারীর দায়িত্ব পালন;
- ভোগ্য পণ্যে ঋণ প্রদান;

- আইসিবি ইউনিট ফান্ড এবং মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান;
- কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা;
- বাজার চাহিদার সংগে সংগতি রেখে নতুন ব্যবসার উদ্ভাবন;
- পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদন;
- ব্যাংক গ্যারান্টি প্রদান; এবং
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান;
- সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ;

আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি প্রতিষ্ঠা

এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সরকারের উদ্যোগে সূচিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (CMDP)-এর আওতায় এবং আইসিবি অধ্যাদেশ, ১৯৭৬ সংশোধনকল্পে The Investment Corporation of Bangladesh (amendment) Act 2000 (২০০০ সালের ৪০ নং আইন)-এর ক্ষমতা বলে আইসিবি'র অধীনে তিনটি সাবসিডিয়ারি কোম্পানি যথা আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট

ইউনিট ফান্ড কার্যক্রমের বিবরণ

বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-২০০৬ (মার্চ ২০০৬ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৬ (প্রাক্কলিত)	২০০৫-২০০৬ (প্রাক্কলিত)
১। মোট বিক্রয়	১৮৭	১৭১	-	-	-
২। পুনঃক্রয়	২০৮	২৩৫	১০৭	১৪	১২০
৩। নীট বিক্রয়	-২১	-৬৪	-১০৭	-১৪	১২০
৪। লভ্যাংশ প্রদান (ইউনিট প্রতি টাকায়)	১২	১২	-	-	-

কোম্পানি লিমিটেড এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড যথাক্রমে মার্চেন্ট ব্যাংকিং, মিউচুয়াল ফান্ড পরিচালনা এবং সিকিউরিটিজ লেনদেন কার্যক্রমের জন্য গঠিত হয়েছে। আলোচ্য তিনটি সাবসিডিয়ারি কোম্পানি ইতোমধ্যে তাদের স্ব-স্ব কার্যক্রম শুরু করেছে। ফলে সাবসিডিয়ারি কোম্পানিগুলোর কার্যক্রম শুরুর তারিখ হতে আইসিবি সংশ্লিষ্ট খাতে নতুন ব্যবসা পরিচালনা বন্ধ রেখেছে।

প্রকল্পে আর্থিক সহায়তা কার্যক্রম

প্রতিষ্ঠার পর হতে ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত আইসিবি ৪৩৩ টি প্রকল্পে মোট ৪১৭৪ মিলিয়ন টাকার আর্থিক সহায়তা প্রদানের অঙ্গীকার করেছে। এছাড়া উক্ত সময় পর্যন্ত আইসিবি ১৭টি কোম্পানির ১৮৪২ মিলিয়ন টাকার ডিবেঞ্চর ইস্যুর ট্রাস্টি ও ৪১টি কোম্পানির ১০৫০ মিলিয়ন টাকার সিকিউরিটিজ ইস্যুর ম্যানেজার হিসেবে কাজ করেছে। ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ৩০৮টি প্রকল্পে ডিবেঞ্চর ও ব্রীজিং লোন বাবদ ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণ করেছে ১১৪৫ মিলিয়ন টাকা।

লীজ ফাইন্যান্সিং

দেশের দ্রুত শিল্পায়ন এবং ব্যবসায়িক কার্যক্রম আরো গতিশীল ও বহুমুখীকরণের পদক্ষেপ হিসেবে আইসিবি ১৯৯৯ সাল থেকে লীজ ফাইন্যান্সিং কার্যক্রম অব্যাহত রেখেছে। ৩১ মার্চ ২০০৬ তারিখ পর্যন্ত ২০টি প্রকল্পে মোট ক্রমপুঞ্জীভূত লীজ অর্থায়নের পরিমাণ দাঁড়িয়েছে ৭৩৭ মিলিয়ন টাকা।

আইসিবি'র পোর্টফোলিও বিনিয়োগ

আইসিবি'র একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে পত্রকোষ ব্যবস্থাপনা (Portfolio Management)-এর মাধ্যমে আইসিবি দেশের পুঁজিবাজার উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে আসছে। ২০০৪-'০৫ অর্থ বছরে আইসিবি'র নিজস্ব পোর্টফোলিও বিনিয়োগের পরিমাণ ৫৪৬ মিলিয়ন টাকা এবং ৩০ জুন, ২০০৫ তারিখে নীট বিনিয়োগের পরিমাণ ৪০৮৩ মিলিয়ন টাকা। ৩১ মার্চ, ২০০৬ তারিখে কর্পোরেশনের নীট বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৩৫৯৫ মিলিয়ন টাকা।

ইউনিট ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদানের বিবরণী (মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-২০০৬ (মার্চ ২০০৬ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৬ (প্রাক্কলিত)	২০০৫-২০০৬ (প্রাক্কলিত)
১। বিতরণ	৪২	৪৭	৩১	৫	৩৬
২। সুদ খাতে আয়	৩	৪	৩	১	৪
৩। আদায়	৩৭	৩৯	২৯	৩	৩২
৪। নীট স্থিতি	২৯	৪১	৪৫	৩	৪৮

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৫০০	৫০০	৫০০	৫০০
৩।	রিজার্ভ ফান্ড	৬৯১	৮৪১	৮৪১	৯৮৬
৪।	আমানত	৮৫১৯	৯৪২৮	৬২২২	১১৪২৮
৫।	ঋণ ও অগ্রিম	৪১৩০	৩৪২৮	৩০৮৪	৩৫০০
৬।	লীজ অর্থায়ন	১৭৪	২২৬	৭৩৭	৪২৬
৭।	বিনিয়োগ	৪০৩৪	৪৮১৬	৩৫৯৫	৫৩১৫
৮।	মোট আয়	১৩৭৬	১৭০৪	১১২১	১৫৪৫
৯।	মোট ব্যয়	১২১০	১৪৮৫	১০০৮	১৩৪৪
১০।	মুনাফা	১৬৭	২১৯	১১৩	২০১
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৬৫	৩৯৬	৪০০	৪৪৭
	ক) কর্মকর্তা	২৩৪	২৫৪	২৬৩	২৮৯
	খ) কর্মচারী	১৩১	১৪২	১৩৭	১৫৮
১২।	শাখা (সংখ্যায়)	৭	৭	৭	৭
১৩।	সাবসিডিয়ারি কোম্পানি	৩	৩	৩	৩

* বিআরপিডি, বাংলাদেশ ব্যাংক সার্কুলার নং-০২ তারিখ ১৩-১-২০০৩-এর ভিত্তিতে মন্দ ঋণের বিপরীতে রক্ষিত সঞ্চিতি হতে সম্ভাব্য অংক অবলোপন করার পর।

মার্চেন্টাইজিং কার্যক্রম

ইনভেস্টরস্ স্কীম : দেশের ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীদের সংরক্ষণ সংগ্রহপূর্বক মূলধন বাজারে বিনিয়োগের মাধ্যমে দেশের দ্রুত শিল্পায়নের লক্ষ্যে ১৯৭৭ সালে ইনভেস্টরস্ স্কীম চালু করা হয়। এ স্কীমের আওতায় আইসিবি'র প্রধান কার্যালয়সহ শাখা অফিসসমূহে (ঢাকা লোকাল অফিস এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও বগুড়া শাখা) ৪৮৫০৩টি বিনিয়োগ হিসাব পরিচালিত হচ্ছে। ইনভেস্টরস্ স্কীমের অধীনে উন্নত ও ত্বরিত সেবা প্রদানের লক্ষ্যে সম্প্রতি বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যার মধ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ অন্যতমঃ

- সকল কার্যক্রমকে কম্পিউটার-এর আওতায় আনয়ন;
- বিনিয়োগ হিসাব পরিচালনা ম্যানুয়েল প্রবর্তন;

- মার্চেন্টাইজিং অপারেশন ম্যানেজমেন্ট সফটওয়্যার স্থাপন।

এ সকল কার্যক্রম গ্রহণের ফলে হিসাবের বিবরণী, পত্রকোষ এবং বিনিয়োগ হিসাবের স্থিতির বিবরণ তাৎক্ষণিকভাবে বিনিয়োগকারীদের সরবরাহ করা সম্ভব হচ্ছে। বর্তমানে প্রাথমিক বাজার হতে শেয়ার ক্রয়ের ক্ষেত্রে ইনভেস্টরস্ স্কীমে সাধারণত ১ঃ১ অনুপাতে এবং দ্বিমাত্রিক বাজার হতে শেয়ার ক্রয়ের ক্ষেত্রে ১ঃ২ অনুপাতে সর্বোচ্চ ৩ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হচ্ছে। বিনিয়োগ হিসাবধারীদের বিনিয়োগ ঝুঁকি হ্রাস ও সর্বোচ্চ আয় নিশ্চিত করার লক্ষ্যে এবং আইসিবি'র মার্জিন ঋণের নিরাপত্তা ও আদায় নিশ্চিতকরণকল্পে শুধু মৌল ভিত্তিসম্পন্ন সিকিউরিটিজ ক্রয়ের জন্য মার্জিন ঋণ প্রদান করা হচ্ছে। মার্জিন ঋণ প্রদানের জন্য কোনো সহজামানত গ্রহণ করা হয় না। ঋণের প্রাপ্যতা কর্পোরেশনের প্রচলিত নীতিমালা অনুযায়ী নির্ধারিত

ঋণ বিতরণ/লীজ অর্থায়ন

মিলিয়ন টাকায়

বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-২০০৬ (মার্চ ২০০৬ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৬ (প্রাক্কলিত)	২০০৫-২০০৬ (প্রাক্কলিত)
ক) প্রকল্প ঋণ	-	-	-	-	-
খ) লীজ অর্থায়ন	৬৪	-	৫১১	-৩১১	২০০
গ) মার্জিন ঋণ	৫৮৭	১৫৯৫	২৩৭	১১৩	৩৫০
ঘ) ইউনিটের বিপরীতে অগ্রিম	৪২	৪৭	৩	২৯	৩২
মোট	৬৯৩	১৬৪২	৭৫১	১৬৯	৫৮২

হয়। মার্জিন ঋণের উপর সুদের হার ১২.৫০%, যা ত্রৈমাসিক ভিত্তিতে (Quarterly) ধার্য করা হয়। ১৯৯৬-'৯৭ এবং তৎপরবর্তী অস্বাভাবিক বাজার পরিস্থিতিতে সিকিউরিটিজ ক্রয়ের ফলশ্রুতিতে ক্ষতিগ্রস্ত বিনিয়োগ হিসাবসমূহ পুনর্বাসনের জন্য বর্তমানে শর্ত সাপেক্ষে সুদ রিবেট প্রদান করা হচ্ছে। আইসিবি'র মার্জিন ঋণ পুনর্বাসন কর্মসূচির আওতায় ৩০ জুন ২০০৫ পর্যন্ত সর্বমোট ১৫০০৪ জন বিনিয়োগ হিসাবধারী রিবেট সুবিধা গ্রহণ করেছে এবং ২০০৫-'০৬ অর্থ বছরে ৮০৫ জন বিনিয়োগ হিসাবধারী রিবেট সুবিধার জন্য আবেদন করেছেন।

উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ ১ জুলাই ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় উক্ত তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি)-এর ইনভেস্টরস্ স্কীমের আওতায় নতুন করে হিসাব খোলা বন্ধ রয়েছে। তবে বিদ্যমান বিনিয়োগ হিসাবসমূহ পূর্বনিয়মে যথারীতি পরিচালিত হচ্ছে। বর্তমানে নতুন বিনিয়োগকারীগণ আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ কর্তৃক পরিচালিত "ইনভেস্টরস্ স্কীম"-এর

আওতায় বিনিয়োগ হিসাব খুলতে পারবেন।

মিউচুয়াল ফান্ড

বর্তমানে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ১৩টি মিউচুয়াল ফান্ডের মধ্যে আইসিবি ১৭৫ মিলিয়ন টাকা মূলধন সম্বলিত ৮টি মিউচুয়াল ফান্ড বাজারজাত করেছে। আইসিবি পরিচালিত মিউচুয়াল ফান্ডসমূহ নিয়মিতভাবে আকর্ষণীয় হারে লভ্যাংশ প্রদান করে আসছে। ২০০৪-'০৫ অর্থ বছরে আইসিবি পরিচালিত মিউচুয়াল ফান্ডসমূহে ১৫% হতে ২১০% পর্যন্ত লভ্যাংশ প্রদান করে আসছে। সর্বাধিক ২১০ শতাংশ লভ্যাংশ প্রদান করা হয়েছে প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ডে যার পরেই রয়েছে ৫৫ শতাংশ নিয়ে দ্বিতীয় এবং তৃতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড এবং সর্বনিম্ন ১৫ শতাংশ লভ্যাংশ প্রদান করা হয়েছে অষ্টম আইসিবি মিউচুয়াল ফান্ডে। আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়াল ফান্ডের প্রতিটি অভিহিত মূল্যের চেয়ে অধিক মূল্যে স্টক এক্সচেঞ্জসমূহে লেনদেন হচ্ছে। নিয়মিত আয়ের উৎস এবং মূলধনী মুনাফা অর্জনের সুযোগ থাকায় আইসিবি পরিচালিত

ঋণ আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-২০০৬ (মার্চ ২০০৬ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৬ (প্রাক্কলিত)	২০০৫-২০০৬ (প্রাক্কলিত)
ক) প্রকল্প ঋণ	১০৭	১৪১	৪১	১৩০	১৭০
খ) লীজ অর্থায়ন	২৯	৫১	১১৪	৩৪	১৪৮
গ) মার্জিন ঋণ	১০৩১	১৭৯৬	৫৪২	-৯৯	৪৪৪
ঘ) ইউনিটের বিপরীতে অগ্রিম	৩৭	৩৯	২৯	৩	৩২
মোট	১২০৪	২০২৭	৭২৫	৬৮	৭৯৪

মিউচুয়াল ফান্ডসমূহ বিনিয়োগকারীদের নিকট জনপ্রিয় বিনিয়োগ মাধ্যম হিসাবে সমাদৃত হয়েছে। ৩০ জুন ২০০৫ তারিখ পর্যন্ত আইসিবি কর্তৃক পরিচালিত মিউচুয়াল ফান্ডসমূহে প্রায় ৩১৩৭২ বিনিয়োগকারী রয়েছেন, যা মালিকানা বিস্তৃতকরণে আইসিবি'র উদ্দেশ্যের সফল্যের পরিচায়ক।

উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ১ জুলাই ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় আইসিবি (হোল্ডিং কোম্পানি) নতুন কোনো মিউচুয়াল ফান্ড বাজারজাত করবে না। তবে আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়াল ফান্ড যথারীতি পূর্বের নিয়মে পরিচালিত হচ্ছে।

আইসিবি ইউনিট ফান্ড

ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীদের সঞ্চয়কে সংগ্রহ করে তা পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে ১০ এপ্রিল ১৯৮১ তারিখে আইসিবি কর্তৃক দেশের প্রথম এবং একমাত্র অ-মেয়াদি মিউচুয়াল ফান্ড (Open-end Mutual Fund) আইসিবি ইউনিট ফান্ড স্কীম চালু করা হয়। এ স্কীম শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের মূলধন এবং ঋণের সম্ভাব্য উৎস হিসেবে দেশের শিল্পোন্নয়নে সহায়তা করে থাকে। এ ফান্ড একটি সুসংহত ও বহুমুখী পত্রকোষে বিনিয়োগের সুযোগ সৃষ্টি করে। ইউনিট ফান্ড একটি নিরাপদ বিনিয়োগ মাধ্যম, যা থেকে প্রতি বছর একটি গ্রহণযোগ্য মুনাফা অর্জন করার সুযোগ রয়েছে।

উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ ১ জুলাই, ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় উক্ত তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি) কর্তৃক ইউনিট সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে। তবে ইউনিট সার্টিফিকেট পুনঃক্রয়সহ আইসিবি ইউনিট ফান্ড পূর্বের নিয়মে যথারীতি

পরিচালিত হচ্ছে।

অন্যান্য কার্যাবলী

ইউনিট ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম : আইসিবি ১৯৯৮ সাল হতে ইউনিটের বিপরীতে অগ্রিম প্রদান স্কীম শুরু করে। এ স্কীমের আওতায় ইউনিট হোল্ডারগণ স্বল্পকালীন প্রয়োজনে সহজ শর্তে ইউনিট সার্টিফিকেট লিয়েন রেখে অগ্রিম গ্রহণ করতে পারে। ২০০৪-২০০৫ অর্থ বছর থেকে আইসিবি মিউচুয়াল ফান্ড এবং আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ (এএমসিএল)-এর ইউনিট ফান্ড সার্টিফিকেট এর বিপরীতে অগ্রিম প্রদান স্কীম চালু করা হয়েছে।

স্টক এক্সচেঞ্জসমূহে আইসিবি'র লেনদেন

পুঁজিবাজারের উন্নয়নের জন্য আইসিবি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। ২০০৪-'০৫ অর্থ বছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর শীর্ষ সক্রিয় সদস্য হিসেবে আইসিবি সিকিউরিটিজ লেনদেন কার্যক্রমে অংশগ্রহণ করেছে। ২০০৪-'০৫ অর্থ বছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ-এ মোট লেনদেনের পরিমাণ ছিল ৭৫২২৫ মিলিয়ন টাকা, যার মধ্যে আইসিবি'র লেনদেনের পরিমাণ ৭৯৬৯ মিলিয়ন টাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর মোট লেনদেনকৃত ১৬৬৭৯ মিলিয়ন টাকার মধ্যে আইসিবি'র লেনদেনের পরিমাণ ছিল ২৬৮৭ মিলিয়ন টাকা। ২০০৫-'০৬ অর্থ বছরের মার্চ ২০০৬ পর্যন্ত উভয় স্টক এক্সচেঞ্জে আইসিবি'র মোট লেনদেনের পরিমাণ ছিল ২৬৮৭ মিলিয়ন টাকা। আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি-আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ১৩ আগস্ট ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় উক্ত তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি) সরাসরি স্টক এক্সচেঞ্জে লেনদেন কার্যক্রমে অংশগ্রহণ করছে না।

সারণি-৪					
বিনিয়োগের বিপরীতে লভ্যাংশ ও সুদ আদায়					
মিলিয়ন টাকায়					
বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-২০০৬ (মার্চ ২০০৬ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৬ (প্রাক্কলিত)	২০০৫-২০০৬ (প্রাক্কলিত)
ক) লভ্যাংশ	৫১৫	৪৯৮	২৫৪	১৯৭	৪৫০
খ) ডিবেঞ্চারের সুদ	২৬	১৫	৮	৩৮	৪৭
মোট	৫৪১	৫১৩	২৬২	২৩৫	৪৯৭

বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ

সারণি-৫

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণী	৩০ জুন ২০০৪	৩০ জুন ২০০৫	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	মেয়াদোত্তীর্ণ বকেয়া ক) ব্রীজিং ঋণ খ) ডিবেঞ্চর ঋণ	১৩৯৬ ১১৭৮ ২১৮	৫০০ ৩৭৪ ১২৬	৫৩৬ ৪৬২ ৭৪
২।	মেয়াদ অনুত্তীর্ণ ক) ব্রীজিং ঋণ খ) ডিবেঞ্চর ঋণ	১৮৯ ১৮৯ -	৩৩২ ৩২৯ ৩	২০৪ ১৩৮ ৬৬
	মোট প্রকল্প ঋণ	১৫৮৫*	৮৩২*	৭৪০*

* বিআরপিডি, বাংলাদেশ সার্কুলার নং ২ তারিখ ১৩-১-২০০৩-এর ভিত্তিতে মন্দ ঋণের বিপরীতে রক্ষিত সঞ্চিতি হতে সম্ভাব্য অংশ অবলোপন করার পর।

অন্যান্য বিষয়াদি

আইসিবি'র তথ্য প্রযুক্তি ও ব্যবস্থাপনা

আইসিবি তার কম্পিউটার সেট-আপ-এর সাহায্যে ব্যবসায়িক কর্মকাণ্ডের অধিকাংশই কম্পিউটারাইজেশনের আওতায় এনেছে। আইসিবি প্রধান প্রধান ব্যবসায়িক এবং ব্যবস্থাপনা কার্যক্রমের সহায়ক বেশ কিছু সফটওয়্যার উন্নয়ন করেছে। নিজস্ব ওয়েব সাইটও উদ্বোধন করা হয়েছে। যার মাধ্যমে দেশ ও বিদেশের আগ্রহী বিনিয়োগকারীগণ আইসিবি'র বিভিন্ন স্কীমসহ অন্যান্য তথ্যাদি জানতে পারছেন। ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-এর সংগে স্ক্রীন বেইজড অন লাইন ট্রেডিং সিস্টেম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। আইসিবি'র বিনিয়োগকারীদের উন্নত সেবা প্রদানের লক্ষ্যে টেলিফোনিক ট্রানজেকশন এন্ড ইনকোয়ারি সিস্টেম (TTIS) চালু করা হয়েছে; এর মাধ্যমে বিনিয়োগকারীগণ ঘরে বসে তাদের পোর্টফোলিওর তথ্য, বর্তমান ব্যালেন্স এবং অন্যান্য তথ্য জানতে পারবেন। আইসিবি'র প্রধান কার্যালয়ের অধিকাংশ বিভাগ ও সকল শাখাসমূহকে ইন্টারনেট সুবিধা প্রদানের লক্ষ্যে ব্রড ব্যান্ড ইন্টারনেট সংযোগ নেয়া হয়েছে।

সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF)-এ আইসিবি'র সম্পৃক্ততা

১৯৯৬ সালের জুন মাসে ঢাকায় অনুষ্ঠিত সার্কভুক্ত সদস্য দেশসমূহের সভায় সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF) প্রতিষ্ঠার আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হয়। তিন প্রকোষ্ঠ বিশিষ্ট SADF হচ্ছে একটি Umbrella ফান্ড। প্রকোষ্ঠ তিনটি হচ্ছে: (১) প্রকল্প সনাক্তকরণ ও উন্নয়ন, (২) ২৬৪

প্রাতিষ্ঠানিক ও মানব সম্পদ উন্নয়ন এবং (৩) সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন। Nodal DFI হিসেবে আইসিবি SADF-এর গভর্নিং বোর্ডে প্রতিনিধিত্ব করেছে এবং আনুপাতিক তহবিলের যোগান দিচ্ছে। SADF-এর প্রথম প্রকোষ্ঠের আওতায় এ পর্যন্ত ১৬টি প্রকল্প সনাক্ত ও সম্ভাব্যতা যাচাই করা হয়েছে, যার মধ্যে ৭টি প্রকল্প বাংলাদেশের। SADF-এর দ্বিতীয় প্রকোষ্ঠের আওতায় ভারতে ১টি প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন হয়েছে।

সাউথ এশিয়ান রিজিওনাল ফান্ড (SARF)-এ বিনিয়োগ

সার্কভুক্ত দেশসমূহে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৭ সালে কমনওয়েলথ সম্মেলনে সাউথ এশিয়া রিজিওনাল ফান্ড (SARF) নামে ২০০ মিলিয়ন মার্কিন ডলারের একটি উন্নয়ন তহবিল গঠনের ঘোষণা দেয়া হয়। কমনওয়েলথ ডেভেলপমেন্ট কর্পোরেশন (CDC)-এর সম্পূর্ণ মালিকানাধীন সাবসিডিয়ারি কর্তৃক পরিচালিত এই ফান্ড মরিশাসে নিবন্ধিত হয়েছে। এছাড়া CDC এই ফান্ডে মূলধন হিসেবে ৫০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। সার্কভুক্ত দেশসমূহের বেসরকারি খাতের প্রকল্পের ইকুইটিতে এবং ইকুইটি সংশ্লিষ্ট খাতে দীর্ঘমেয়াদি বিনিয়োগ করা এ তহবিলের উদ্দেশ্য। আইসিবি ইউনিট ফান্ড হতে SARF-এ ১০০০টি সাধারণ 'এ' শেয়ার এবং ১০০০টি ৮% অগ্রাধিকার শেয়ারেও মোট ১ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে।

আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম

- (১) আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল)

সারপি-৬					
আইসিবি'র সহায়তাপ্রাপ্ত কোম্পানিসমূহ কর্তৃক শেয়ার বাজারজাতকরণ (মিলিয়ন টাকায়)					
বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-২০০৬ (মার্চ ২০০৬ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৬ (প্রাক্কলিত)	২০০৩-২০০৬ (প্রাক্কলিত)
শেয়ার					
কোম্পানির সংখ্যা	৭	৮	১৬	৪	২০
টাকার পরিমাণ	১৭৩৭	১৫৬৪	২২১৮	২০০	২৪১৮
মোট চাঁদার পরিমাণ	৫৯০১	৯৮৪৭	১৭৩৪১	১০০০	১৮৩৪১

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড ১ জুলাই ২০০২ তারিখ হতে কার্যক্রম শুরু করেছে। আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড কর্তৃক পরিচালিত বিনিয়োগ হিসাবে ৩০ জুন ২০০৫ তারিখ পর্যন্ত আমানত ও বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ৬১৮ মিলিয়ন টাকা এবং ৫৮৯ মিলিয়ন টাকা। এছাড়া ১ জুলাই ২০০৫ থেকে ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত ৪টি কোম্পানির ৫৫ মিলিয়ন টাকার অবলেখন সহায়তা প্রদান এং ২টি কোম্পানির ৫৪৯ মিলিয়ন টাকার ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করেছে।

(২) আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
(আইসিবিএএমসিএল)

২০০৪-'০৫ অর্থ বছরে আইসিবি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ-এর ব্যবস্থাস্বীনে পরিচালিত ৪টি মেয়াদি মিউচুয়াল ফান্ডের পত্রকোষের বিপরীতে মোট ৩০০ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে। ২০০৫-'০৬ অর্থ বছরের মার্চ পর্যন্ত কোম্পানির ব্যবস্থাস্বীনে পরিচালিত ২টি মেয়াদি ও ২টি অমেয়াদি মিউচুয়াল ফান্ড পত্রকোষের বিপরীতে মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৫৯ মিলিয়ন

টাকা।

(৩) আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
(আইএসটিসিএল)

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ১৩ আগস্ট, ২০০২ তারিখ হতে কার্যক্রম শুরু করেছে। কার্যক্রম শুরুর পর হতে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড উভয়ই এককভাবে লেনদেনের পরিমাণ বিবেচনায় শীর্ষ ব্রোকার হিসেবে আত্মপ্রকাশ করেছে। ২০০৫ পর্যন্ত স্টক এক্সচেঞ্জসমূহে মোট লেনদেনের পরিমাণ ছিল ৯১৯০৪ মিলিয়ন টাকা। তন্মধ্যে আইসিটিসিএল-এর লেনদেনের পরিমাণ ১২০২৩ মিলিয়ন টাকা।

আইসিবি-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ/লীজ অর্থায়ন, ঋণ আদায়, বিনিয়োগের বিপরীতে লভ্যাংশ ও সুদ আদায়, বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ, সহায়তাপ্রাপ্ত কোম্পানিসমূহ কর্তৃক শেয়ার বাজারজাতকরণ ও বিনিয়োজিত মূলধন এবং সুদের হার যথাক্রমে সারপি ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮-এ দেখানো হলো।

সারপি-৭				
বিনিয়োজিত মূলধন (মিলিয়ন টাকায়)				
ক্রমিক নং	বিবরণী	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	২০০৫-২০০৬ (মার্চ ২০০৬ পর্যন্ত)
১।	পরিশোধিত মূলধন	৫০০	৫০০	৫০০
২।	রিজার্ভ ফান্ড	৬৯১	৮৪১	৮৪১
৩।	দীর্ঘ মেয়াদি সরকারি ঋণ	৫৩	৫৩	৫৩
৪।	ডিবেন্ডগার ঋণ	৭৬০	৬১৮	৬১৮
৫।	অন্যান্য	৩০৬	২৪৯	২৪৯
	মোট	২৩১০	২২৬১	২২৬১

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

দেশের শহর এলাকায় গৃহায়ন সমস্যা সমাধানের লক্ষ্যে আবাসিক বাড়ী নির্মাণ, সংস্কার এবং নির্মিত বাড়ীর কাঠামোগত পরিবর্তনের জন্য ঋণ সুবিধা প্রদানের উদ্দেশ্যে ১৯৭৩ সালে জারীকৃত রাষ্ট্রপতির এক আদেশ বলে ১৯৫২ সালে প্রতিষ্ঠিত হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনকে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন হিসেবে

পুনর্গঠিত করা হয়। ৩১ মার্চ ২০০৬ পর্যন্ত কর্পোরেশনের অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১১০০ মিলিয়ন ও ৯৭৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রায়ত্ত্ব ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক এবং বীমা কর্পোরেশনের নিকট সরকার কর্তৃক গ্যারান্টিযুক্ত ঋণপত্র বিক্রয়ের মাধ্যমে কর্পোরেশন চলতি মূলধন সংগ্রহ করে থাকে। ৩০ জুন

২০০৫ পর্যন্ত ডিবেঞ্চার বিক্রয়লব্ধ তহবিলের মোট স্থিতির পরিমাণ ছিল ১৮৭২০ মিলিয়ন টাকা। বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ও সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত পরিচালনা পর্ষদ দ্বারা কর্পোরেশন পরিচালিত হয়ে থাকে। সবক'টি বিভাগীয় সদরে একটি করে মোট ৯টি জোনাল অফিস এবং বিভিন্ন জেলা সদরে কর্পোরেশনের ১৩টি আঞ্চলিক অফিস ও ১টি ক্যাম্প অফিস চালু রয়েছে।

কর্পোরেশনের ঋণের প্রকারভেদ

কর্পোরেশন থেকে বর্তমানে নিম্নোক্ত ছয় প্রকার দীর্ঘ মেয়াদি ঋণ এবং এক ধরনের স্বল্প মেয়াদি ঋণ প্রদান করা হয়ে থাকে :

- সাধারণ ঋণ- একক বা স্বামী ও স্ত্রীর যৌথ নামে;
- গ্রুপ ঋণ- একাধিক ব্যক্তির মালিকানাধীন প্লটে ফ্ল্যাটভিত্তিক গ্রুপ ঋণ;
- ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট ঋণ- নির্মাণাধীন ফ্ল্যাট/ এ্যাপার্টমেন্ট ক্রয়ের জন্য;
- সমন্বিত ঋণ- ঋণ গ্রহীতার পূর্বের ঋণ সম্পূর্ণ সমন্বয়পূর্বক নকশা মোতাবেক বাড়ীর বাকী অংশের কাজ সম্পন্ন করার জন্য;



কর্পোরেশনের আর্থিক সহায়তায় নির্মিত একটি আধুনিক বাড়ী।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৪	২০০৫	৩১ মার্চ ২০০৬ মার্চ পর্যন্ত (সাময়িক)	৩০ জুন ২০০৬ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১১০০	১১০০	১১০০	১১০০
২।	পরিশোধিত মূলধন	৯৭৩	৯৭৩	৯৭৩	৯৭৩
৩।	রিজার্ভ ফান্ড	৯৫৩৬	৯৯৬৩	১০৭৪২	১১০০২
৪।	আমানত	১২৪৯	১৭৩১	১৯২১	১৫৭৮
	(ক) তলবি আমানত	-	-	-	-
	(খ) মেয়াদি আমানত	১২৪৯	১৭৩১	১৯২১	১৫৭৮
৫।	ঋণ ও অগ্রিম	২৮৯৪৫	২৭৮৪৬	২৭০৯৭	২৬৮৪৮
৬।	মোট পরিসম্পদ	৩০৭৪৫	৩০৪৮৬	৩০২৬৮	৩০৫২৮
৭।	মোট আয়	১৮৬৫	২০০৭	১৫৪৩	২০৫৮
৮।	মোট ব্যয়	১০০২	১০৩১	৭৬৪	১০১৯
৯।	মোট জনশক্তি (সংখ্যায়)	৫২৭	৫১১	৪৯২	৪৮৯
	ক) কর্মকর্তা	২৮৫	২৭৯	২৬৪	২৬৪
	খ) কর্মচারী	২৪২	২৩২	২২৮	২২৫
১০।	শাখা (সংখ্যায়)				
	জোনাল	৯	৯	৯	৯
	রিজিওনাল	১৩	১৩	১৩	১৩
	ক্যাম্প অফিস	২	২	১	১

- মধ্যবিত্ত ও নিম্নবিত্তদের স্বল্প আয়তনের বাড়ী নির্মাণের জন্য;
- সেমি পাকা বাড়ী নির্মাণের জন্য এবং
- বিশেষ ঋণ- প্রায় সমাপ্ত বাড়ীর কাজ সমাপ্ত করার জন্য স্বল্প মেয়াদি ঋণ।

ঋণদান কার্যক্রম

